# প্রাক্‌কথন

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্নাতক শ্রেণির জন্য যে পাঠক্রম প্রবর্তিত হয়েছে, তার লক্ষণীয় বৈশিষ্ট্য হ'ল প্রতিটি শিক্ষার্থীকে তাঁর পছন্দমত কোনও বিষয়ে সাম্মানিক (honours) স্তরে শিক্ষাগ্রহণের সুযোগ করে দেওয়া। এ-ক্ষেত্রে ব্যক্তিগতভাবে তাঁদের গ্রহণ ক্ষমতা আগে থেকেই অনুমান করে না নিয়ে নিয়ত মূল্যায়নের মধ্য দিয়ে সেটা স্থির করাই যুক্তিযুক্ত। সেই অনুযায়ী একাধিক বিষয়ে সাম্মানিক মানের পাঠ-উপকরণ রচিত হয়েছে ও হচ্ছে—যার মূল কাঠামো স্থিরীকৃত হয়েছে একটি সুচিন্তিত পাঠক্রমের ভিত্তিতে। কেন্দ্র ও রাজ্যের অগ্রগণ্য বিশ্ববিদ্যালয়সমূহের পাঠক্রম অনুসরণ করে তার আদর্শ উপকরণগুলির সমন্বয়ে রচিত হয়েছে এই পাঠক্রম। সেই সঙ্গে যুক্ত হয়েছে অধ্যেতব্য বিষয়ে নতুন তথ্য, মনন ও বিশ্লেষণের সমাবেশ।

দূর সঞ্চারী শিক্ষাদানের স্বীকৃত পদ্ধতি অনুসরণ করেই এইসব পাঠ-উপকরণ লেখার কাজ চলছে। বিভিন্ন বিষয়ের অভিজ্ঞ পণ্ডিতমণ্ডলীর সাহায্য এ-কাজে অপরিহার্য এবং যাঁদের নিরলস পরিশ্রমে লেখা, সম্পাদনা তথা বিন্যাসকর্ম সুসম্পন্ন হচ্ছে তাঁরা সকলেই ধন্যবাদের পাত্র। আসলে, এঁরা সকলেই অলক্ষ্যে থেকে দূরসঞ্চারী শিক্ষাদানের কার্যক্রমে অংশ নিচ্ছেন; যখনই কোনো শিক্ষার্থী এই পাঠ্যবস্তুনিচয়ের সাহায্য নেবেন, তখনই তিনি কার্যত একাধিক শিক্ষকমণ্ডলীর পরোক্ষ অধ্যাপনার তাবৎ সুবিধা পেয়ে যাচ্ছেন।

এইসব পাঠ-উপকরণের চর্চা ও অনুশীলনে যতটা মনোনিবেশ করবেন কোনও শিক্ষার্থী, বিষয়ের গভীরে যাওয়া তাঁর পক্ষে ততই সহজ হবে। বিষয়বস্তু যাতে নিজের চেষ্টায় অধিগত হয়, পাঠ-উপকরণের ভাষা ও উপস্থাপনা তার উপযোগী করার দিকে সর্বস্তরে নজর রাখা হয়েছে। এর পর যেখানে যতটুকু অস্পষ্টতা দেখা দেবে, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পাঠকেন্দ্রে নিযুক্ত শিক্ষা-সহায়কগণের পরামর্শে তার নিরসন অবশ্যই হ'তে পারবে। তার ওপর প্রতি পর্যায়ের শেষে প্রদত্ত অনুশীলনী ও অতিরিক্ত জ্ঞান অর্জনের জন্য গ্রন্থ-নির্দেশ শিক্ষার্থীর গ্রহণ-ক্ষমতা ও চিন্তাশীলতা বৃদ্ধির সহায়ক হবে।

এই অভিনব আয়োজনের বেশ কিছু প্রয়াসই এখনও পরীক্ষামূলক—অনেক ক্ষেত্রে একেবারে প্রথম পদক্ষেপ। স্বভাবতই ত্রুটি-বিচ্যুতি কিছু কিছু থাকতে পারে, যা অবশ্যই সংশোধন ও পরিমার্জনার অপেক্ষা রাখে। সাধারণভাবে আশা করা যায়, ব্যাপকতর ব্যবহারের মধ্য দিয়ে পাঠ-উপকরণগুলি সর্বত্র সমাদৃত হবে।

**অধ্যাপক (ড.) শুভ শঙ্কর সরকার**
উপাচার্য

ষষ্ঠ পুনর্মুদ্রণ : জানুয়ারি  2019

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের দূরশিক্ষা ব্যুরোর বিধি অনুযায়ী মুদ্রিত।
Printed in accordance with the regulations of the Distance Education
Bureau of the University Grants Commission.

# পরিচিতি

**বিষয় : ঐচ্ছিক বাণিজ্য** **সাম্মানিক স্তর**

**পাঠক্রম ঃ পর্যায় ঃ ECO : 04 : 24**

| | রচনা | সম্পাদনা |
|---|---|---|
| একক 106 | অধ্যাপক অশোক কুমার দত্ত | অধ্যাপক ধ্রুব রঞ্জন দন্ডপট |
| একক 107 | ঐ | ঐ |
| একক 108 | ঐ | ঐ |
| একক 109 | ঐ | ঐ |
| একক 110 | ঐ | ঐ |

**পাঠক্রম ঃ পর্যায় ঃ ECO : 04 : 25**

| | রচনা | সম্পাদনা |
|---|---|---|
| একক 111 | অধ্যাপক উত্তম কুমার দত্ত | অধ্যাপক নিখিলরঞ্জন বর্দ্ধন |
| একক 112 | ঐ | ঐ |
| একক 113 | ঐ | ঐ |
| একক 114 | ঐ | ঐ |

**পাঠক্রম ঃ পর্যায় ঃ ECO : 04 : 26**

| | রচনা | সম্পাদনা |
|---|---|---|
| একক 115 | অধ্যাপক উত্তম কুমার দত্ত | অধ্যাপক শুভাশিস করণ |
| একক 116 | ঐ | ঐ |

**প্রজ্ঞাপন**

এই পাঠ-সংকলনের সমুদয় স্বত্ব নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের দ্বারা সংরক্ষিত। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের লিখিত অনুমতি ছাড়া এর কোনও অংশের পুনর্মুদ্রণ বা কোনওভাবে উদ্ধৃতি সম্পূর্ণ নিষিদ্ধ।

**ড. অসিত বরণ আইচ**

কার্যনির্বাহী নিবন্ধক

# নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়

## ECO–4

### বাণিজ্য বিষয়ের ঐচ্ছিক পাঠ্যক্রম

পর্যায়

**24**

## যৌথ মূলধনী ব্যবসার হিসাব নিকাশ


একক 106 ❑ ঋণপত্র বিক্রয়ের প্রস্তাব 7–19

একক 107 ❑ ঋণপত্র পরিশোধ 20–33

একক 108 ❑ পরিশোধযোগ্য অগ্রাধিকার যুক্ত শেয়ার পরিশোধ 34–43

একক 109 ❑ অধিদের/বোনাস শেয়ার বিলি 44–53

একক 110 ❑ কোম্পানি সমূহের বার্ষিক হিসাব এবং ৬ নং তপশীল 54–112


পর্যায়

**25**


একক 111 ❑ একত্রীকরণ 115–174

একক 112 ❑ গ্রসন 175–191

একক 113 ❑ পুনর্গঠন 192–207

একক 114 ❑ মূলধন হ্রাস 208–228


পর্যায়

**26**


একক 115 ❑ হোল্ডিং কোম্পানি 231–235

একক 116 ❑ সংবদধ উদ্বর্তপত্র 236–288

# একক ১০৬ ❑ ঋণপত্র বিক্রয়ের প্রস্তাব

গঠন

১০৬.০ উদ্দেশ্য

১০৬.১ ঋণ গ্রহণ করবার ক্ষমতা

১০৬.২ ঋণপত্র এবং ঋণপত্রের স্টকের সংজ্ঞা

১০৬.৩ ঋণপত্র এবং ঋণপত্রের স্টকের মধ্যে পার্থক্য

১০৬.৪ ঋণপত্রের প্রকারভেদ

১০৬.৫ ঋণপত্র বিলি পদ্ধতি

১০৬.৬ ঋণপত্র বিলির দাখিলা

১০৬.৭ ঋণপত্র বিলির ব্যয়

১০৬.৮ সহায়ক অথবা অতিরিক্ত জামিন হিসাবে ঋণপত্র বিলি

১০৬.৯ ঋণপত্র বিলির সময়ে অবহার এবং ঋণপত্র পরিশোধকালীন অধিহার বাবদ লোকসান

১০৬.১০ ঋণপত্রের উপর সুদ

১০৬.১১ উদাহরণ

১০৬.১২ সারাংশ

## ১০৬.০ উদ্দেশ্য

এই এককটি পাঠ সমাপ্ত করে আপনি নিম্নলিখিত বিষয়গুলির ব্যাখ্যা করতে পারবেন :

- কোম্পানির ক্ষেত্রে যার ঋণগ্রহণ করবার ক্ষমতা আছে।
- ঋণপত্র এবং ঋণপত্রের স্টক কাকে বলে।
- ঋণপত্র এবং ঋণপত্রের স্টকের পার্থক্য কী।
- ঋণপত্র কত প্রকারের হয়।
- ঋণপত্র কীভাবে বিলি করা হয়।
- ঋণপত্র বিলির জন্য কী কী দাখিলা প্রয়োজন হয়।
- ঋণপত্র বিলির ব্যয় কী এবং এর উদ্বর্তপত্রে কীভাবে দেখানো হয়।
- সহায়ক অথবা অতিরিক্ত জামিন হিসাবে ঋণ-পত্র বিলি কাকে বলে এবং তার হিসাবভুক্ত করণ।
- ঋণপত্রের বিলির সময়ে অবহার এবং ঋণপত্র পরিশোধকালীন বাবদ লোকসান কীভাবে হিসাবে দেখানো হয়।
- ঋণপত্রের উপর সুদ কীভাবে হিসাবে দেখানো হয়।

## ১০৬.১ ঋণ গ্রহণ করবার ক্ষমতা

ব্যবসায়ের ঋণগ্রহণ করা স্বভাবিক ঘটনা। ব্যবসায়ের প্রয়োজনে ঋণ গ্রহণ করতেই হয়। **ঋণ গ্রহণের ক্ষমতা** মুনাফা অর্জনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ব্যবসায় পরিচালন গত কার্যে অন্তর্নিহিত (Implied) থাকে। কিন্তু অমুনাফাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ঋণ গ্রহণ করবার ক্ষমতা পরিচালনগত কার্যে অন্তর্নিহিত (Implied) থাকে না। কোম্পানির ক্ষেত্রে পরিমেলবন্ধ (Memorandum of Association) এবং পরিমেল বিধিতে (Articles of Association) পরিচালক মণ্ডলীকে ঋণ গ্রহণ করবার ক্ষমতা দেওয়া হয়। ঋণ গ্রহণ ক্ষমতা কেবলমাত্র পরিচালক মণ্ডলী (Board of Directors) প্রয়োগ করতে পারে।

## ১০৬.২ ঋণপত্র এবং ঋণপত্রের স্টকের সংজ্ঞা

যে সমস্ত উপায়ে দীর্ঘমেয়াদি ঋণের সংস্থান করা যায় তার মধ্যে সাধারণত ঋণপত্র (Debenture) বিলিদ্বারা ঋণের সংস্থান সমধিক প্রচলিত। ঋণ গ্রহণ করে ঋণদাতার নামে ঋণের স্বীকৃতি স্বরূপ যে লিখিত দলিল (Written document) দেওয়া হয় তাকে ঋণপত্র বলা হয়। ১৯৫৬ সালের কোম্পানি আইন অনুসারে ঋণপত্র বলতে ঋণপত্রের স্টক (Debenture Stock), ঋণপত্রের বণ্ড (Debenture Bond) কোনও জামিন পত্র (Instrument of Securities) বুঝায়।

## ১০৬.৩ ঋণপত্র এবং ঋণপত্রের স্টকের মধ্যে পার্থক্য

ঋণপত্রের (Debenture) মধ্যেই ঋণপত্রের স্টক ধরা হলেও উভয়ের মধ্যে কিছু পার্থক্য দেখা যায়। যেমন পার্থক্য দেখা যায় শেয়ার এবং শেয়ার স্টকের ক্ষেত্রে। ঋণপত্র ঋণের স্বীকৃতির একটি দলিল। যার প্রতিটি দলিলের একটি নির্দিষ্ট মূল্য থাকে। কিন্তু ঋণপত্রের স্টক বলতে কতিপয় ঋণপত্র একত্র করে যে মূল্য দাঁড়ায় তাকে বুঝায়। যেমন একটি ঋণপত্র যদি ৯০০ টাকা মূল্যের হয় তার ১০টি ঋণপত্র একত্র করলে ৯০০০ টাকার ঋণপত্রের স্টক (Debenture Stock) ধরা হবে।

একটি ঋণপত্রকে বিভাজন করা সম্ভব নয় কিন্তু একটি ঋণপত্রের স্টককে বিভাজন করা যায়।

ঋণপত্রের স্টক সকল ক্ষেত্রেই কোনও জামিন যুক্ত ঋণপত্রকে (Secured Debenture) বুঝায়। কিন্তু ঋণপত্রের দ্বারা ঋণের স্বীকৃতির বিবরণ বুঝায়। ঋণপত্রের মধ্যে ঋণপত্রের মূল্য ঋণপত্রের উপর প্রদেয় সুদের হার, সুদ প্রদানের তারিখ প্রভৃতির উল্লেখ থাকে। যেমন 6% Debenture of Rs 100 each, Interest payable half yearly on 30th June and 31st December —এক্ষেত্রে বুঝা যায় যে প্রতিটি ১০০ টাকা মূল্যের ঋণপত্রের উপর বার্ষিক শতকরা ৬ টাকা হিসাবে প্রতিবছর ৩০শে জুন ও ৩১শে ডিসেম্বর সুদ প্রদেয়। সাধারণত ঋণপত্রের উপর প্রদেয় সুদ প্রতি ৬ মাস অন্তর দিতে হয়।

কোনও ঋণপত্র (Debenture) একক হিসাবেই হস্তান্তর করতে হয়। কিন্তু ঋণপত্রের স্টক বিভাজন করে হস্তান্তর করা যায়। যেমন যদি একখানা ঋণপত্রের মূল্য ১০০ টাকা হয় তা হলে তা ক্ষুদ্র ক্ষুদ্র অংশে ভাগ করে বিক্রয় করা যায় না। কিন্তু যদি (ধরা যাক) একখানা ঋণের স্টক ১০০০০ টাকার হয় তা হলে তা ১০০ টাকা অংশে ভাগ করেও হস্তান্তর করা যায়।

## ১০৬.৪ ঋণপত্রের প্রকারভেদ (Types of Debenture)

ঋণপত্রকে নিম্নলিখিত শ্রেণীতে ভাগ করা যায় :

১) **পঞ্জীকৃত ঋণপত্র (Registered Debenture)** — যে ঋণপত্র কোম্পানির হিসাবে পঞ্জীকৃত (Registered) তাকে পঞ্জীকৃত ঋণপত্র বলে। এই প্রকার ঋণপত্র আইনের লিখিত পদ্ধতি অনুসরণ করে হস্তান্তর করতে হয়। এটা সম্প্রদেয় দলিল (Negotiable Instrument) নয়। অর্থাৎ ঋণপত্রের পিছনে সই করেই এর হস্তান্তর সম্ভব নয়। আইন অনুসারে হস্তান্তর না হলে এর বাহক ঋণপত্রের মূল্য ফেরত পেতে পারে না।

২) **বাহক ঋণপত্র (Bearer Debenture)** —এই প্রকার ঋণপত্র যে কোনও সম্প্রদেয় দলিলের (যেমন Bill of Exchange/Promissory Note) মতোই কেবলমাত্র পিছনে সই করে হস্তান্তর করা যায় এবং এই প্রকার ঋণপত্রের অর্থ যে ব্যক্তির নামে হস্তান্তর করা হয় সেই ব্যক্তিই পেয়ে থাকে। যে ব্যক্তির অনুকূলে ঋণপত্রের পিছন সই করে হস্তান্তরিত হয় সেই ব্যক্তিকেই বাহক বলা হয়।

৩) **বন্ধকি ঋণপত্র (Mortgage) অথবা (Secured Debenture)** — কোম্পানির (ঋণ গ্রহীতার) কোনও সম্পদ বন্ধক বা জামিন রেখে যে ঋণ গ্রহণ করা হয়, সেই প্রকার ঋণপত্রকে বন্ধকি ঋণপত্র (Mortgage/Secured) বলা হয়। ঋণপত্রে উল্লিখিত অর্থ ফেরত দেওয়ার শর্ত খেলাপ করলে ঋণ পত্রের অধিকারী বন্ধকি সম্পদ বিক্রয়ে ঋণ আদায় করতে পারে। বন্ধক স্থির অথবা ভাসমান (Fixed or floating) হতে পারে অর্থাৎ যে সম্পদ বন্ধক রেখে ঋণ গ্রহণ করা হয়, ঋণ গ্রহীতা ঋণ পরিশোধের শর্ত খেলাপ করলে সেই বন্ধকি সম্পদের উপর ঋণদাতার অগ্রাধিকার থাকে। যদি বন্ধকি সম্পদ বিক্রয় করে সম্পূর্ণ ঋণ পরিশোধ না হয় তা হলে ঘাটতি ঋণের জন্য ঋণদাতার দাবি খারিজ হয় না।

৪) **অবন্ধকি ঋণপত্র (Simple/Naked/Unsecured Debenture)** — যে ঋণপত্রের জন্য কোনও সম্পদ বন্ধক থাকে না তাকেই অবন্ধকি ঋণপত্র বলা হয়। দায় পরিশোধ পর্যায়ে এই প্রকার ঋণপত্রের মালিক সাধারণ উত্তমর্ণ (Ordinary Creditors) -এর পর্যায়ে পড়ে।

৫) **পরিশোধযোগ্য বা পরিশোধনীয় ঋণপত্র (Redeemable Debenture)** — এই প্রকার ঋণপত্রের ঋণ একটি নির্দিষ্ট সময় অন্তে পরিশোধ করা হয়। কত বৎসর পরে এবং কী শর্তে এই ঋণ শোধ করা হবে তাহা ঋণপত্র বিলি করার সময়ই জানিয়ে দেওয়া হয়।

৬) **অপরিশোধযোগ্য বা অপরিশোধনীয় ঋণপত্র (Irredeemable/Perpetual Debenture)** — এই প্রকার ঋণপত্রের ঋণ কোম্পানি চলিত থাকার সময় মধ্যে পরিশোধ করা হয় না। কোম্পানির অবলোপন অথবা অবসায়ন করা হলে শোধ করা হয়। এইজন্য এই প্রকার ঋণপত্রকে আবহমান ঋণপত্র অথবা স্থায়ী ঋণপত্রও বলা হয়। অবসায়ন অথবা অবলোপন ব্যতীত কোম্পানি কোনও মুল্যবান শর্ত (যেমন সুদ পরিশোধের শর্ত) খেলাপ করলেও এই প্রকার ঋণপত্রের ঋণ পরিশোধ করতে হয়।

৭) **পরিবর্তনীয় ঋণপত্র (Convertible Debenture)** — এই প্রকার ঋণপত্র নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট বিনিময় হারে ঐ কোম্পানির শেয়ার পত্রে রূপান্তর করা হতে পারে।

## ১০৬.৫ ঋণপত্র বিলি (Issue of Debenture) পদ্ধতি

ঋণপত্র বিলির পদ্ধতি শেয়ারপত্র বিলির পদ্ধতিরই অনুরূপ। শেয়ারপত্র বিলি করবার পূর্বে জনসাধারণকে জানাবার জন্য যেমন একটি অনুষ্ঠান পত্র (Prospectus) প্রকাশ করতে হয়, তেমনি ঋণপত্র বিলি করবার পূর্বে একটি অনুষ্ঠানপত্র (Prospectus) প্রকাশ করতে হয়। কী শর্তে ঋণপত্র বিলি করা হবে তা অনুষ্ঠান পত্রে উল্লেখ করতে হয়। শেয়ারপত্রের মূল্যের মতো ঋণপত্রের মূল্যও একবারে শেয়ার ক্রয়ের আবেদন পত্রের সঙ্গে অথবা শেয়ারপত্রের মূল্যের মতোই আবেদন পত্রের সঙ্গে (alongwith application), আবণ্টন (Allotment) এবং তলবে (Calls) -এর সঙ্গে কিস্তিবন্ধীতে প্রদান করা যায়।

ঋণপত্র কী মূল্যে বিক্রয় হবে তা কোনও আইন দ্বারা সীমাবদ্ধ করা হয় নি। সুতরাং ঋণপত্র, সমহারে (At par), অধিহারে (At premium) অথবা অবহারে (At discount) বিলি করা যায়। ঋণপত্র অধিহারে বিক্রয় হলে অধিহারের পরিমাণ কত হবে তা কোনও আইন দ্বারা সীমাবদ্ধ করা হয় নি কিন্তু ঋণপত্র অবহারে (at a discount) বিলি হলে অবহারের ঊর্ধ্বসীমা শতকরা ১০ শতাংশ হিসাবে সীমাবদ্ধ করা হয়েছে।

## ১০৬.৬ ঋণপত্র বিলির দাখিলা (Entries on Issue of Debenture)

ক) পূর্বে উল্লেখ করা হয়েছে যে ঋণপত্র বিলির পদ্ধতি শেয়ারপত্র বিক্রয়ের পদ্ধতির অনুরূপ। অধিহারে অথবা অবহারে শেয়ার বিলি হলে অধিহার অথবা অবহার যেমন সাধারণত আবণ্টনের কিস্তির সঙ্গে সমন্বয় (Adjustment) করা হয়, ঋণপত্রের উপর অধিহার অথবা অবহারও তেমনি আবণ্টন কিস্তির সঙ্গে সমন্বয় করা হয়। অবশ্য এই পদ্ধতি যদি সমন্বয়ের অন্য কোনও পদ্ধতির উল্লেখ না থাকে তবেই প্রযোজ্য হয়।

খ) সমহারে ঋণপত্রে বিলি এবং সমহারে পরিশোধনীয় (Debenture Issued at par and Redeemable at par)

১. ঋণপত্রের বেলায় যদি এককালীন পূর্ণমূল্য পাওয়া যায়

দাখিলা —

Bank A/c (ব্যাঙ্ক হিসাব). Dr.
  To Debenture A/c (ঋণ হিসাব) Cr.
(ঋণপত্রের পূর্ণমূল্য)

২. ঋণপত্র অধিহারে বিলি কিন্তু সমহারে পরিশোধনীয় (Debenture Issued at a premium repayable at par) —

দাখিলা —

Bank A/c (ব্যাঙ্ক হিসাব) Dr. প্রাপ্ত অর্থ (পূর্ণমূল্য এবং অধিহার)
  To Debenture A/c (ঋণপত্র হিসাব) Dr.(ঋণপত্রের আঙ্কিক মূল্য Face Value) ঋণপত্রের উপর প্রদেয়।
  To Premium on Some of Debenture A/c (অধিহারের পরিমাণ) Cr.

৩. যদি ঋণপত্র সমহারে বিলি কিন্তু অধিহারে পরিশোধনীয় হয় (Debenture Issued at par and

Repayable at a premium) —

দাখিলা —

Bank A/c (ব্যাঙ্ক হিসাব) Dr. প্রাপ্তঅংক (Face Value)

Loss on some of

Debenture (ঋণপত্র বিলির লোকসান হিসাব) Dr.

(পরিশোধকালীন প্রদেয় অধিহারের পরিমাণ)

To (Debenture A/c) (ঋণপত্রের হিসাব) ঋণপত্রের আঙ্কিক মূল্য (Face Value)

To Premium Payable on Redemption

of debenture A/c (ঋণপত্রর পরিশোধকালীন অধিহার)

৪. ঋণপত্র অবহারে বিলি কিন্তু সমহারে পরিশোধনীয় (Debenture Issued at a discount but repayble at par) —

দাখিলা —

Bank A/c (ব্যাঙ্ক হিসাব) Dr. প্রাপ্ত অংক

Discount on Issue of Debenture Dr. (ঋণপত্র বিলিকালীন অবহার )

To Debenture A/c (ঋণপত্র হিসাব) বিলিকৃত ঋণপত্রের আঙ্কিক মূল্য

৫. অবহারে বিলিকৃত কিন্তু অধিহারে পশোধনীয় ঋণপত্র (Debenture Issued at a discount but repayable at Premium) —

Bank A/c Dr. প্রাপ্ত অংক

Loss on Issue of Debnture A/c Dr. ঋণপত্র বিলিকালীন অবহারের পরিমাণ + পরিশোধকালীন প্রদেয় অধিহার

To Debenture A/c বিলিকৃত ঋণপত্রের অঙ্কিক মূল্য

To Premium Payable on Redemption

of Debenture A/c ঋণপত্র পরিশোধকালীন অধিহারের পরিমাণ।

**এটা স্মরণ রাখা প্রয়োজন যে ঋণপত্র বিলির সময় অধিহার (Premium on Issue of Debenture) এবং ঋণপত্র পরিশোধকালীন অধিহার (Premium of Redemption of Debentue) সমর্থক নয় যদিও উভয়ের জেরই ক্রেডিট ঋণপত্র বিলির অধিহার (Premium on Issue of Debenture) একটি মূলধনী লাভ (Capital Gain)। কিন্তু ঋণপত্র পরিশোধকালীন অধিহার ঋণপত্র পরিশোধকালীন দায়ের ভবিষ্যৎ ব্যবস্থা (Provision for a liability payable at the time of redemption)।**

উভয়ই উদ্বর্তপত্রের দায়ের দিকে (Liabilites) চলতি দায় এবং ভবিষ্যৎ ব্যবহার (Current Liabilities and Provisions) -এর নীচে দেখানো হয়। ঋণপত্র বিলিকালীন অবহার (Discount on Issue of Debenture) এবং ঋণপত্র পরিশোধকালীন অধিহার (Premium on Redemption of Debenture) হল মূলধনী লোকসান।

উদ্বর্ত পত্রে সম্পদ দিকে (Assets Side) বিবিধ খরচের (Miscellaneous Expenditure) নীচে 'Loss on Issue of Debenture' খাতে এই লোকসানের অঙ্ক দেখানো হয়। এই লোকসান ক্রমে ক্রমে লাভক্ষতির হিসাবে ডেবিট এবং Loss on Issue of Debenture হিসাবে ক্রেডিট করে সমন্বয় করতে হয়। ঋণপত্র বিলিকালীন অবহার বা পরিশোধকালে প্রদেয় অধিহার যতদিন সম্পূর্ণভাবে লাভক্ষতির হিসাবের মাধ্যমে সমন্বয় করা না হয় ততদিন উদ্বর্তপত্রে দেখাতে হয়। এই খরচ অথবা লোকসান যত শীঘ্র সম্ভব ঋণপত্র পরিশোধের পূর্বেই লাভক্ষতির হিসাবের মাধ্যমে সমন্বয় করা সমীচীন। এই প্রকার মূলধনী লোকসান শেয়ারের অধিহার হিসাবে (Share Premium A/c) অথবা মূলধনী সঞ্চয় (Capital Reserve) হিসাবে ডেবিট করেও সমন্বয় করা যায়।

## ১০৬.৭ ঋণপত্র বিলির ব্যয়

ঋণপত্র বিলি করতে কোম্পানিকে কতিপয় ব্যয় করতে হয়। ঋণপত্রের পরিমাণের অনুসারে দলিল সমূহ দাখিল করবার জন্য দাখিল ব্যয় (Filing Fee), শুল্ক (Duty), দালালী (brokerage), ছাপা খরচ (Printing), বিজ্ঞাপন (Advertisement) ইত্যাদি বাবদে ব্যয় করতে হয়। এই ব্যয় সমূহ ঋণপত্র বিলির ব্যয় (Expenses on Issue of Debenture) খাতে ডেবিট (Debit) করে দাখিলা দিতে হয়। যে হিসাব বর্ষে এই প্রকার ব্যয় করা হয় কেবলমাত্র সেই হিসাব বর্ষেই তা লাভ লোকসান হিসাবে স্থানান্তর করা হয় না। অর্থাৎ লাভ লোকসান হিসাবে খরচ দেখানো হয় না। এই ব্যয়কে বিলম্বিত রাজস্ব ব্যয় (Deferred Revenue Expenditure) হিসাবরূপে গণ্য করা হয় এবং উদ্বর্তপত্রে সম্পদ দিকে বিবিধ খরচ (Miscellaneous Expenditure) -এর নীচে এই ব্যয়ের সমন্বয় না করা অংশ দেখানো হয়। যত সত্বর সম্ভব পরবর্তী কয়েকটি হিসাব বর্ষের মধ্যে তা লাভ লোকসান হিসাবে সমন্বয় করাই সঙ্গত। প্রতি হিসাব বর্ষের শেষে এই খরচের যে অংশ সমন্বয় করা বাকি থাকে তা উদ্বর্ত পত্রে সম্পদের দিকে বিবিধ খরচ (Miscellaneous Expenditure) এর নীচে দেখাতে হয়।

## ১০৬.৮ সহায়ক অথবা অতিরিক্ত জামিন হিসাবে ঋণপত্র বিলি

অনেক সময় দেখা যায় যে কোম্পানি ব্যাঙ্ক থেকে অথবা অন্য কোনও সংস্থার নিকট থেকে সম্পদ জামিন বা বন্ধক রেখে ঋণ নিয়ে থাকলে ঐ ঋণের জন্য সহায়ক অথবা অতিরিক্ত জামিন হিসাবে ঋণপত্র বিলি করে থাকে। এই প্রকার ঋণপত্রকেই সহায়ক অথবা অতিরিক্ত জামিন স্বরূপ ঋণপত্র বলা হয়। এই ঋণপত্র কোম্পানির অন্যান্য ঋণের (Loan) -এর সঙ্গে যোগ করা হয় না। একে প্রকৃত পক্ষে কোম্পানির ঋণও বলা যায় না। উদ্বর্ত পত্রে যে ঋণের (Loan) জন্য এই সহায়ক অথবা অতিরিক্ত জামিন দেওয়া হল উদ্বর্তপত্রের সেই ঋণের নীচে লিখতে হয়। এই ঋণপত্রও পরিশোধ করার প্রশ্ন উঠে না। এই ঋণপত্রের উপর কোনও সুদ দেওয়া হয় না। যে ঋণের জন্য সহায়ক অথবা অতিরিক্ত জামিন দেওয়া হয় সেই ঋণের উপর সুদ দিতেই হয় এবং ঋণ শোধ হলেই এই অতিরিক্ত জামিন ঋণপত্রও শোধ হয়ে যায়। সহায়ক অথবা অতিরিক্ত জামিনের জন্য ঋণপত্র হিসাব বইতে না লিখলেও চলে।

তবে যদি কোনও কোম্পানি এটা নথিভুক্ত করতে ইচ্ছা করে তা হলে ঋণপত্র আবদ্ধ (Debenture Suspense) হিসাব খুলে ঐ হিসাবকে ডেবিট (Debit) করে ঋণপত্র (Debenture) হিসাবে ক্রেডিট (Credit) করতে পারে। Debenture Suspense Account উদ্বর্তপত্রের সম্পদ দিকে এবং ঋণপত্র হিসাব (Debenture A/c) উদ্বর্ত পত্রের দায় দিকে দেখাতে হয়।

যে ঋণের জন্য অতিরিক্ত অথবা সহায়ক ঋণপত্র দেওয়া হয়, সেই ঋণ শোধ হলে ঋণপত্র আবদ্ধ (Debenture Suspense) এবং ঋণপত্র (Debenture) হিসাবে বিপরীত দাখিলা (Reverse Entry) দিয়া এই দুইটি হিসাব বন্ধ করতে হয়।

## ১০৬.৯ ঋণপত্রের বিলির সময়ে অবহার এবং ঋণপত্র পরিশোধকালীন অধিহার বাবদ লোকসান

ঋণপত্র বিলি বাবদ লোকসান (ঋণপত্র বিলির উপর অবহার এবং ঋণপত্র পরিশোধ কালীন অধিহার) যে হিসাব বর্ষের মধ্যে ঋণপত্র বিলি করা হয়েছে সেই হিসাব বর্ষের মধ্যেই লাভ লোকসান হিসাবে সম্পূর্ণ লোকসান লাভ-ক্ষতির হিসাবে দেখানো হয় না। ঋণপত্র পরিশোধ করবার শর্ত অনুসারে প্রতিবৎসর ঋণপত্রের যত পরিমাণ অর্থ অপরিশোধ্য থাকে তার অনুপাতে লোকসানের অংশ লাভক্ষতির হিসাবে ডেবিট করা হয়। যদি ঋণপত্র একটি নির্দিষ্ট সময় অন্তে পরিশোধ করতে হয় তা হলে ঋণপত্রের উপর নির্দিষ্ট লোকসান প্রতি বৎসরের হিসাবের লাভ/লোকসান হিসাবে আনুপাতিক হিসাবে লোকসান দেখাতে হয়। আর যদি প্রতি হিসাব বর্ষে কিস্তি বন্ধীতে ঋণপত্র পরিশোধ করতে হয় তা হলে প্রতি বৎসর অন্তে যে ঋণপত্র পরিশোধ বাকি থাকবে তার উপর পরবর্তী বৎসরে সুদ দিতে হয় এবং ঐ সুদ সেই বৎসরের লাভ লোকসান হিসাবে লোকসান হিসাবে দেখানো হয়। একটি উদাহরণ দ্বারা ঋণপত্রে বিলির লোকসানের হিসাব দেখানো যাক— মনে করা যাক — 1980 সালে একটি কোম্পানি শতকরা 6% হারে প্রদেয় সুদে 1,00,000 টাকার ঋণপত্র শতকরা 10 শতাংশ হিসাবে অবহার (Discount) এবং 10 বৎসর পর পরিশোধ কালে 10 শতাংশ হিসাবে অধিহার দেওয়া হবে এই শর্তে ঋণপত্র বিলি করল। তা হলে ঋণপত্র বিলির সময় লোকসান $\frac{10}{100} \times 1,00,000 + \frac{10}{100} \times 1,00,000 = 20,000$ টাকা। যেহেতু ঐ ঋণপত্র 10 বৎসর পর পরিশোধ করতে হবে সেই হেতু প্রতি বৎসর 2,000 টাকা হিসাবে লাভ লোকসান হিসাবে (Debit) লোকসান দেখাতে হবে। আর যদি ঐ ঋণপত্র-এর ঋণ প্রতি বৎসর 20,000 টাকা করিয়া 5 বৎসরে শোধ করতে হয় তা হলে ঋণপত্রের উপর যে লোকসান হবে তা 5 : 4 : 3 : 2 : 1 অনুপাতে ভাগ করে লাভক্ষতির হিসাবে প্রথম বৎসর হতে পঞ্চম বৎসর পর্যন্ত দেখাতে হবে।

## ১০৬.১০ ঋণপত্রের উপর সুদ

ঋণপত্রের উপর প্রদেয় সুদ একটি প্রতিষ্ঠানের লোকসান অথবা খরচ। কোম্পানির লাভ হোক বা লোকসান হোক ঋণপত্রের উপর সুদ প্রদান করতেই হয়। প্রতি বৎসর লাভ লোকসান হিসাবে বকেয়া ঋণপত্রের উপর নির্দিষ্ট হারে সুদ লোকসান হিসাবে দেখাতে হয়।

উপরের উদাহরণটি ধরলে দেখা যাবে যে প্রথম বৎসর 1,00,000 টাকার উপর শতকরা ৬ টাকা হিসাবে সুদ দিতে হবে, দ্বিতীয় বৎসরে ৪0,000 টাকার উপর, তৃতীয় বৎসরে 60,000 টাকার উপর, চতুর্থ বৎসরে 40,000 টাকার উপর এবং পঞ্চম বৎসরে 20,000 টাকার উপর সুদ দিতে হবে। আর যদি প্রতি বৎসর 20,000 টাকা কিস্তির পরিবর্তে 5 বৎসর পর এককালীন শোধ করতে হয় তা হলে ঐ 5 বৎসরের প্রত্যেক বৎসরেই 1,00,000 টাকার উপর শতকরা 6 টাকা হিসাবে সুদ দিতে হবে। ঋণপত্রের উপর সুদ দেওয়ার সময় সুদের হিসাবে ডেবিট এবং ব্যাঙ্ক হিসাব ক্রেডিট করতে হয়। প্রদেয় সুদ হতে সরকারের পাওনা আয়কর কেটে রাখতে হয় এবং ঐ কর সরকারের ঘরে জমা দিতে হয়।।

## ১০৬.১১ উদাহরণ

**উদাহরণ :**

১) A Co. Ltd. issued 20000, 6% Debentures of Rs. 100 each at a premium of 10% payable as Rs. 25 on application, Rs. 35 on allotment (including Premium) and the balance on a first and final call.

Applications were received for 25000 Debentures. All allotments were made proportionately, over rule scriptions being applied to the amount due on allotment. All sums due were received by the company in due course.

**Journalise the above transactions in the books of A-Co. Ltd.**

**সমাধান :**

**Solution :** **A Co. Ltd.**

**Journal**

| Date | Particulars | L.F. | Dr. | Cr. |
|---|---|---|---|---|
| ? | Debenture Application Account ........... Dr. | | 6,25,000 | |
| | To 6% Debentures A/c | | | 5,00,000 |
| | To Debenture Allotment A/c | | | 1,25,000 |
| | (Being Application money on 20,000 Debentures transferred to Debenture Account and on 5,000 Debentures adjusted towards amount due on allotment as per Board's Resolution dated ....) | | | |

| Date | Particulars | L.F. | Dr. | Cr. |
|---|---|---|---|---|
| | Debenture Allotment A/c .................. Dr. | | 7,00,000 | |
| | To 6% Debentures A/c | | | 5,00,000 |
| | To Debenture Premium A/c | | | 2,00,000 |
| | (Being Allotment money of Rs. 35 per debenture Rs. 10 thereof being premium, due on 2.000 shares as per Board's Resolution dated ..... ) | | | |
| | Debenture First and Final Call A/c....... Dr. | 1,00,0000 | | |
| | To 6% Debentures A/c | | | 1,00,0000 |
| | (Being First and Final call money of Rs. 50 per Debentures due on 20,000 Debentures as per Board's Resolution dated.....) | | | |

Dr. **Cash Book (Bank Column) includes** Cr.

| Date | Particulars | Rs. | Date | Particulars | Rs. |
|---|---|---|---|---|---|
| | To Debenture Application A/c. | 6,25,000 | | | |
| | (Being Application money on 25,000 Debentures @ Rs.) | | | | |
| | To Debenture Allotment A/c. | 5,75,000 | | | |
| | (Being balance of Allotment money received on 20,000 Debentures) | | | | |
| | To Debenture First and Final Call A/c. | 1,00.0000 | | | |
| | (Being First and Final call money received on 20,000 Debentures @ Rs. 50) | | | | |

উদাহরণ :

২) Show by means of journal entries how you will record the following issues. Also show how they will appear in the respective Balance Sheet.

i) A Ltd. issues at par 6,000, 6% Mortgage Debentures of Rs.100 each repayable also at par.

ii) B Ltd. issues 10,000, 10% Secured Debentures of Rs.100 each at a discount of 5% to be repaid at par at the end of 5 years.

iii) C Ltd. issues 10% Debentures of the total face value of Rs. 5,00,000 at 105% to be redeemed at par.

iv) D Ltd. issues Rs. 5,00,000, 5% Debentures at par, but redeemable at the end of 10 years at 105%. The Debentures carry a charge on fixed assets.

v) E Ltd. issues Rs. 10,00,000, 8% Debentures at a discount of 5% repayable at a premium of 10% at the end of 5 years.

সমাধান :

**Solution (i) Journal of A Ltd.**

| Date | Particulars | L.F. | Dr. | Cr. |
|---|---|---|---|---|
| | Bank Account......... .............Dr. | | 6,00,000 | |
| | To 6% Debentures A/c | | | 6,00,000 |
| | (Being issue of 6000, 6% Debentures of Rs.100 each at par as per Board's Resolution Dated.....) | | | |

**Balance Sheet of A Ltd. as at.............(includes)**

| Liabilities | Rs. | Assets | Rs. |
|---|---|---|---|
| Secured Loans : | | Current Assets : | |
| 6% Debentures | 6,00,000 | Cash at Bank | 6,00,000 |

**(ii) Journal of B Ltd.**

| Date | Particulars | L.F. | Dr. | Cr. |
|---|---|---|---|---|
| | Bank Account......... .............Dr | | 9,50,000 | |
| | (10,000 x Rs. 95) | | | |
| | Discount on Debentures A/c.....Dr. | | 50,000 | |
| | To 10% Debentures A/c. | | | |
| | (Being issue of 10,000, 10% Debentures of | | | 10,00,000 |
| | Rs.100 each at a discount of 5% as per | | | |
| | Board's Resolution dated.............) | | | |

**Balance Sheet of B Ltd. as at.............(includes)**

| Liabilities | Rs. | Assets | Rs. |
|---|---|---|---|
| **Secured Loans :** | | **Current Assets :** | |
| 10% Debentures | 10,00,000 | Cash at Bank | 9,50,000 |
| | | **Miscellaneous Expenditure** | |
| | | Discount on Debentures | 50,000 |

**(iii) Journal of C Ltd.**

| Date | Particulars | L.F. | Dr. | Cr. |
|---|---|---|---|---|
| | Bank A/c............................Dr. | | 5,25,000 | |
| | To 10% Debentures A/c | | | 5,00,000 |
| | To Premium on Debentures A/c | | | 25,000 |
| | (Being issue of Rs. 5,00,000, 10% Debentures at a premium of 5% as per Board's Resolution dated...................) | | | |

**Balance Sheet of C Ltd. as at.............(includes)**

| Liabilities | Rs. | Assets | Rs. |
|---|---|---|---|
| **Reserve & Surplus** | | **Current Assets :** | |
| Premium on Debentures | 25,000 | Cash at Bank | 5,25,000 |
| **Secured Loans :** | | | |
| 10 % Debentures | 5,00,000 | | |

**(iv) Journal of D. Ltd.**

| Date | Particulars | L.F. | Dr. | Cr. |
|---|---|---|---|---|
| | Bank A/c............................Dr. | | 6,00,000 | |
| | Loss on issue of Debentures A/c...........Dr. | | 30,000 | |
| | To 5% Debentures A/c | | | 6,00,000 |
| | To Premium Payble on Redemption of Debentures A/c. | | | 30,000 |
| | (Being issue of Rs. 6,00,000, 5% Debentures at par redeemale at 105% as per Board's Resolution dated.......) | | | |

**Balance Sheet of D. Ltd. as at..............(includes)**

| Liabilities | Rs. | Assets | Rs. |
|---|---|---|---|
| Secured Loans : | | Current Assets : | |
| 5% Debentures | 6,00,000 | Cash at Bank | 6,00,000 |
| Current Liability & Provision | | Miscellaneous Expenditure | |
| Premium Payable on | | Loss on issue of | |
| Redemption of Debentures | 30,000 | Debentures | 30,000 |

(v) **Journal of E Ltd.**

| Date | Particulars | L.F. | Dr. | Cr. |
|---|---|---|---|---|
| | Bank A/c............................Dr. | | 9,50,000 | |
| | Loss on issue of Debentures A/c. .......Dr. | | 1,50,000 | |
| | To 8% Debentures A/c | | | 10,00,000 |
| | To Premium Payable on Redemption of Debentures A/c | | | 1,00,000 |
| | (Being issue of Rs. 10,00,000, 8% Debentures at a discount of 5% and repayable at a premium of 10% as per Board's Resolution dated............) | | | |

**Balance Sheet of E Ltd. as at..............(includes)**

| Liabilities | Rs. | Assets | Rs. |
|---|---|---|---|
| Secured Loans | | Current Assets | |
| 8% Debentures | 10,00,000 | Cash at Bank | 9,50,000 |
| Current Liabilities & Provision | | Miscellaneous Expenditure | |
| Premium Payble on | | Loss on issue of | |
| Redemption of Debentures | 1,00,000 | Debentures | 1,50,000 |

## ১০৬.১২ সারাংশ

আমরা আশা করি এই একক পাঠ করে আপনি শিক্ষা পেয়েছেন যে—

- কোম্পানির ক্ষেত্রে ঋণগ্রহণ করতে পারে।
- ঋণপত্র এবং ঋণপত্রের স্টকের সংজ্ঞা এবং পার্থক্য।

- কতপ্রকারের ঋণপত্র হয়।
- ঋণপত্র বিলির পদ্ধতি কী।
- ঋণপত্র বিলির জন্য দাখিলাগুলি কী কী?
- ঋণপত্র বিলির ব্যায় কাকে বলে এবং উদ্বর্তপত্রে কীভাবে দেখানো হয়।
- অতিরিক্ত জামিন হিসাবে ঋণ কী এবং তার হিসাবভুক্তকরণ কীভাবে করা হয়।
- ঋণপত্রের বিলির সময়ে অবহারে এবং ঋণপত্র পরিশোধকালীন বাবদ লোকশানের হিসাবভুক্তকরণ কীভাবে করা হয়।
- ঋণপত্রের পর সুদের হিসাবভুক্ত করণ কীভাবে করা হয়।
- উদাহরণের সাহায্যে এই এককের সববিষয় বোঝানো হয়েছে। এই উদাহরণের সাহায্যে আপনি অনুশীলনীর প্রশ্ন সমাধান করতে পারবেন।

# একক ১০৭ ❑ ঋণপত্র পরিশোধ


গঠন

১০৭.০ উদ্দেশ্য

১০৭.১ ঋণপত্র পরিশোধের উপায়

১০৭.২ ঋণপত্র পরিশোধ করবার পদ্ধতি

১০৭.৩ ঋণপত্র পরিশোধের জন্য তহবিল গঠন

১০৭.৪ তহবিল গঠন এবং বিনিয়োগ সম্পর্কিত দাখিলা

১০৭.৫ ঋণপত্র পরিশোধ তহবিল এবং সম্পদ প্রতিস্থাপন তহবিলের মধ্যে পার্থক্য

১০৭.৬ রূপান্তর ঘটিয়ে ঋণ পরিশোধ

১০৭.৭ কোম্পানি কর্তৃক নিজ ঋণপত্র ক্রয় করে ঋণপত্র পরিশোধ করা —যে ক্ষেত্রে ঋণপত্র পরিশোধ তহবিল নেই

১০৭.৮ কোম্পানি কর্তৃক নিজ ঋণপত্র ক্রয় করে ঋণপত্র পরিশোধ করা যখন ঋণপত্র পরিশোধ তহবিল আছে

১০৭.৯ উদাহরণ

১০৭.১০ সারাংশ


## ১০৭.০ উদ্দেশ্য

এই এককটি পাঠ সমাপ্ত করে আপনি নিম্নলিখিত বিষয়গুলির ব্যাখ্যা করতে পারবেন :

- ঋণপত্র পরিশোধ কীভাবে করা যায়।
- কোন কোন পদ্ধতিতে ঋণপত্র পরিশোধ করা যায়।
- ঋণপত্র পরিশোধের জন্য কীভাবে তহবিল গঠন করা যায়।
- তহবিল গঠন সম্পর্কিত দাখিলাগুলি।
- ঋণপত্র পরিশোধ তহবিল এবং সম্পদ প্রতিস্থাপন তহবিলের মধ্যে পার্থক্য কী।
- রূপান্তর করে কীভাবে ঋণ পরিশোধ করা যায়।
- যে ক্ষেত্রে ঋণপত্র পরিশোধ তহবিল নেই সেক্ষেত্রে কোম্পানির কীভাবে নিজ ঋণপত্র পরিশোধ করা যায়।
- যে ক্ষেত্রে ঋণপত্র পরিশোধ তহবিল আছে সেক্ষেত্রে কোম্পানির কীভাবে নিজ ঋণপত্র পরিশোধ করা যায়।

## ১০৭.১ ঋণপত্র পরিশোধের উপায়

ঋণপত্র যদি অপরিশোধনীয় (Irredeemable) না হয় তা হলে ঋণপত্রের শর্ত অনুসারে পরিশোধ করতে হয়। নিম্নলিখিত যে কোনও উপায় ঋণপত্র পরিশোধ করা যায় :

১) একটি নির্দিষ্ট সময় অন্তে অথবা একটি সময়ের মধ্যে কোম্পানির ইচ্ছা অনুসারে ঋণপত্রে ঋণ অবহারে অথবা অধিহারে পরিশোধ করা যায়।

২) ঋণপত্রের মোট ঋণ প্রতিবৎসর আংশিকভাবে ক্রমে ক্রমে (By drawing lots) পরিশোধ করা যায়।

## ১০৭.২ ঋণপত্র পরিশোধ করবার পদ্ধতি

ঋণপত্র পরিশোধ করবার নিম্নলিখিত পদ্ধতিই বর্তমান :

১) **মূলধন থেকে পরিশোধ (Payment out of Capital)** : এই উক্তির তাৎপর্য এই যে ঋণপত্র ব্যাংক তহবিল থেকেই দেওয়া হয়। অর্থাৎ এই পদ্ধতিতে কার্যকরী মূলধন কমে যায়।

(২) **মুনাফা থেকে পরিশোধ (Payment out of profits)** : এই পদ্ধতিতে কোম্পানির মুনাফা থেকে ঋণ শোধ করা হয়। অর্থাৎ যে পরিমাণ ঋণপত্র পরিশোধ করা হয় তার মোট আঙ্কিক মূল্য (Face value/ Nominal Value) লাভক্ষতির হিসাবে (Profit & Loss A/c) অথবা সাধারণ সঞ্চিতি (General Reserve) হিসাবে ডেবিট দেখিয়ে এবং ঋণ পরিশোধ সঞ্চিতি হিসাবে (Debenture Redemption Reserve) ক্রেডিট দাখিলা দিতে হয়। ঋণপত্র পরিশোধ সঞ্চিতি হিসাব (Debenture Redemption Reserve A/c) উদ্বর্ত পত্রে দায় দিকে সঞ্চিতি এবং উদ্বৃত্ত (Reserves and Surpluses) -এর নিম্নে দেখানো হয়। সাধারণ সঞ্চিতি যে সকল উদ্দেশ্যে ব্যবহার করা যায় এই সঞ্চিতিও সেই সকল উদ্দেশ্যে ব্যবহার করা যায়।

## ১০৭.৩ ঋণপত্র পরিশোধের জন্য তহবিল গঠন

ঋণপত্র পরিশোধের জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান করবার জন্য তহবিল গঠন করা হয়। অর্থাৎ সম্পদ তৈরী করা হয়। যখন ঋণপত্র শোধ করতে হয় তখন ঐ সম্পদ বিক্রয় করে ঋণ পরিশোধ করা হয়। এই পদ্ধতিতে প্রতি বৎসর একটি নির্দিষ্ট অঙ্ক চক্রবৃদ্ধি সুদ হারে (at Compound interest) বিনিয়োগ করা হয়। প্রতি বৎসর ঐ নির্দিষ্ট পরিমাণ অর্থের উপর আদায়ী সুদও পরবর্তী বৎসরে বিনিয়োগ করা হয়। কিন্তু শেষ বৎসর অর্থাৎ যে বৎসরে ঋণ পরিশোধ করা হয় সেই বৎসরের নির্দিষ্ট কিস্তি বিনিয়োগ করা হয় না। এই তহবিলকে ঋণপত্র পরিশোধ তহবিলও (Debenture Redemption Fund) বলা হয়।

## ১০৭.৪ এই তহবিল গঠন এবং বিনিয়োগ সম্পর্কিত দাখিলা

প্রথম বর্ষ (চূড়ান্ত হিসাবের সময়— বর্ষশেষে)

(১) লাভ লোকসান বণ্টন হিসাব (Profit & Loss Appropriation A/c.) Debit

ঋণ পরিশোধ তহবিল হিসাব (Debenture Redemption/Sinking fund A/C) Credit

(২) বিনিয়োগ করবার সময়— ঋণ পরিশোধ তহবিল বিনিয়োগ হিসাব (Debenture Redemption Investment Sinking Fund) –Debit । উপরিলিখিত কিস্তির ব্যাঙ্ক হিসাব (Bank A/c.) Credit দাখিলা দিতে হয়।

পরবর্তী বৎসরের শেষে উপরোক্ত (১) নং দাখিলাটি করবার পর নিম্নলিখিত দাখিলাগুলি করতে হয় —

(১) প্রথম বর্ষের অনুরূপ

(২) আদায়ী সুদের জন্য— ব্যাঙ্ক হিসাব (Bank A/c.) ডেবিট এবং ঋণ পরিশোধ তহবিলের বিনিয়োগের সুদ (Interest on Debenture redemption Investment) হিসাব ক্রেডিট করতে হয়।

(৩) ঋণ পরিশোধ বিনিয়োগের উপর সুদ (Interest on Debenture Redemption Investment) হিসাব ডেবিট (Debenture Redemption Fund/Sinking Fund A/c). ঋণ পরিশোধ তহবিল হিসাব ক্রেডিট করে প্রাপ্ত সুদের অঙ্ক পরিশোধ তহবিলে স্থানান্তর করতে হয়।

(৪) বিনিয়োগের দাখিলা — Debenture Redemption Fund/Sinking Fund A/c. Debit / To Bank A/c

দ্রষ্টব্য : দ্বিতীয় ও পরবর্তী বৎসরের বিনিয়োগ করবার সময় মনে রাখিতে হবে যে, লাভক্ষতি বণ্টনের হিসাব হতে প্রতিবৎসর যে সমপরিমাণ অর্থ পরিশোধ তহবিলের জন্য সরিয়ে রাখা হয় সেই অঙ্ক এবং প্রতি বৎসরের শেষে প্রাপ্ত সুদ —এই দুই খাতের মোট অঙ্ক বিনিয়োগ করা হবে, এই প্রসঙ্গে মনে রাখা প্রয়োজন অন্তিমবর্ষে কোনও বিনিয়োগ হয় না। অর্থাৎ যে বৎসর ঋণ পরিশোধ করা হবে সেই বৎসর আর কোনও বিনিয়োগ করা হবে না অর্থাৎ উপরের ৪ নং দাখিলা দিতে হবে না। কারণ সেই বৎসরের শেষে বিনিয়োগ বিক্রয় করে ঋণ পরিশোধ করা হবে। তবে এই বৎসরের শেষেও অন্যান্য দাখিলাগুলি (১-৩ নং) করতে হবে, উপরন্ত যে বৎসর ঋণ পরিশোধ করতে হবে সেই বৎসর ঋণ পরিশোধ তহবিল বিনিয়োগ পত্র বিক্রয় করতে হবে। এবং বিক্রয় হতে প্রাপ্ত অর্থ দ্বারা ঋণ পরিশোধ করতে হবে। বিনিয়োগপত্র বিক্রয় হতে প্রাপ্ত লাভ ঋণ পরিশোধ তহবিলে হিসাবে (Debenture Redemption / Sinking Fund A/c.) ক্রেডিট এবং বিনিয়োগ পত্র বিক্রয়জনিত ক্ষতির জন্য Redemption Fund A/c. ডেবিট করতে হয়। ঋণ পরিশোধ হবার পর ঋণ পরিশোধ তহবিলের জের সাধারণ সঞ্চিতি হিসাবে স্থানান্তর করতে হয়। এই সম্পর্কিত দাখিলা সমূহ নিম্নরূপ—

(ক) ঋণ পরিশোধ বিনিয়োগপত্র বিক্রয় — (Sale of Sinking Fund Investment) : ব্যাঙ্ক হিসাব (Bank A/c.) Debit ঋণপত্র পরিশোধ তহবিল বিনিয়োগ হিসাব (Debenture Redemption Fund Investment A/c./Sinking Fund Investment A/c.) Credit

(খ) বিক্রয়ে লাভ হলে

ঋণ পরিশোধ বিনিয়োগ হিসাব ডেবিট (Sinking Fund Investment A/c. Debit)

ঋণ পরিশোধ তহবিল হিসাব ক্রেডিট (Sinking Fund A/c. Credit) (লাভের পরিমাণ)

(গ) বিনিয়োগকৃত সম্পদ বিক্রয়ে লোকসান হলে —

ঋণ পরিশোধ তহবিল হিসাব ডেবিট (Sinking Fund A/c Debit)

ঋণ পরিশোধ তহবিল বিনিয়োগ হিসাব ক্রেডিট (Sinking Fund Investment A/c. Credit)

(ঘ) ঋণপত্র পরিশোধ কালীন দাখিলা

ঋণপত্র হিসাব ডেবিট Debenture A/c. Debit

ব্যাঙ্ক হিসাব ক্রেডিট Bank A/c. Credit

যদি ঋণপত্র অধিহারে (Redemption at a premium) শোধ করা হয় :

যদি ঋণপত্র অধিহারে শোধ করতে হয় তা হলে ঐ অধিহারের পরিমাণ বস্তুত পক্ষে মূলধনী লোকসান। সুতরাং তা মূলধন অথবা মূলধন তুল্য হিসাবে ডেবিট। এক্ষেত্রে ঋণ পরিশোধ তহবিল Debenture Redemption Fund Account-এ ডেবিট এবং ঋণপত্র পরিশোধ হিসাবে Debenture holders Account -এ ক্রেডিট করতে হবে।

দ্রষ্টব্য : আর যদি ঋণপত্র অবহারে পরিশোধ করা হয় তা হলে উহা মূলধনী আয় সেক্ষেত্রে অধিহারে পরিশোধের বিপরীত দাখিলা দিতে হয়। অর্থাৎ —

ঋণপত্র পরিশোধ হিসাব (Debenture Redemption) অথবা

ঋণপত্রের মালিকের হিসাব (Debenture holders A/c.) এ ডেবিট এবং ঋণপত্র পরিশোধ তহবিল (Sinking Fund A/c.) হিসাবে ক্রেডিট করতে হবে।

যখন ঋণপত্র পরিশোধ হয় তখন দাখিলা —

ঋণপত্র পরিশোধ হিসাব (Debenture Redemption) ডেবিট অথবা ঋণপত্রে মালিক হিসাব (Debenture Holders A/c.) ডেবিট এবং ব্যাঙ্ক হিসাব- (Bank A/c.) ক্রেডিট।

(ঘ) ঋণপত্র পরিশোধের পর ঋণপত্র পরিশোধ তহবিলের (Sinking Fund A/c.) জের সাধারণ সঞ্চিতি (General Reserve) হিসাবে স্থানান্তর করা হয়। এর জন্য ঋণ পত্র পরিশোধ তহবিল হিসাবে ডেবিট ((Siking Fund A/c. Debit) এবং সাধারণ সঞ্চিতি হিসাবে ক্রেডিট (General Reserve A/c. Credit) করতে হয়।

## ১০৭.৫ ঋণ পরিশোধ তহবিল এবং সম্পদ প্রতিস্থাপনের তহবিল -এর মধ্যে পার্থক্য

ঋণপত্র পরিশোধের জন্য যেমন ঋণ পরিশোধ তহবিল (Sinking Fund) গঠন করা হয় সেইমতোই কোনও সম্পদ ব্যবহার শেষ হলে তা প্রতিস্থাপনের জন্যও তহবিল গঠন করা এবং বিনিয়োগের ব্যবস্থা করবার প্রয়োজন হয়। কিন্তু উভয়ের মধ্যে কতিপয় পার্থক্য দেখা যায় :

(১) প্রতিবৎসর সম্পদ প্রতিস্থাপন তহবিলে অর্থ সংস্থান প্রকৃত পক্ষে প্রতি বৎসর সম্পদের উপর যে মূল হ্রাস (Depreciation) তারই সমতুল্য। সুতরাং মূল্য হ্রাস দাখিলা যে ভাবে করতে হয় মূল্য হ্রাস সঞ্চিতি হিসাবে সেই ভাবে দাখিলা দিতে হয়। অর্থাৎ তা লাভক্ষতির হিসাবে লোকসান দেখাতে হয় ফলে লাভক্ষতির হিসাবকে ডেবিট এবং মূল্য হ্রাস সঞ্চিতির হিসাবকে (Depreciation Reserve A/c) ক্রেডিট করতে হয়। কিন্তু ঋণপত্র পরিশোধ তহবিল (Debenture Redemption Fund) তৈরী করতে লাভ লোকসান বণ্টন হিসাবের লাভ হতে স্থানান্তর করা হয়। লাভ লোকসান বণ্টন হিসাবে (Profit & Loss Appropriation A/c.) ডেবিট এবং ঋণপরিশোধ তহবিল হিসাবে (Sinking Fund A/c.) ক্রেডিট করা হয়।

(২) উদ্বর্তপত্রে ঋণপত্র পরিশোধ তহবিল (Debenture Redemption Fund) -এর হিসাব দায় দিকে (Liabilities Side) 'সঞ্চিতি এবং উদ্বৃত্ত' (Reserves & Surpluses) -এর নীচে দেখানো হয়। কিন্তু মূল্য হ্রাস সঞ্চিতি হিসাবের জের (Depreciation Reserve A/c) সম্পদ দিকে যে সম্পদের উপর মূল্যহ্রাস সঞ্চিতি (Depreciation Reserve) গঠন করা হয়েছে সেই সম্পদের ক্রয়মূল্য থেকে বাদ দিয়ে দেখানো হয়।

(৩) সম্পদ প্রতিস্থাপনের জন্য তহবিল যে সম্পদে বিনিয়োগ করা হয়, ঐ সম্পদ বিক্রয় করে যে অর্থ পাওয়া যায় তা দ্বারা নূতন সম্পদ ক্রয় করা হয়। ঋণপত্র পরিশোধের জন্য বিনিয়োগ (Sinking Fund Investment) বিক্রয় করে যে অর্থ পাওয়া যায় তা দ্বারা ঋণ পরিশোধ করা হয়।

## ১০৭.৬ রূপান্তর ঘটিয়ে ঋণ পরিশোধ

শেয়ারে অথবা নতুন ঋণপত্রে রূপান্তর (Conversion) ঘটিয়েও ঋণপত্র নির্দিষ্ট সময় অন্তে ঋণ পত্র অধিকারীর ইচ্ছা হলে ঋণপত্র পরিশোধ করা হয়। কিন্তু এইরূপ রূপান্তর করিয়ে ঋণপত্র পরিশোধ করতে হলে কোম্পানির সাধারণ সভায় একটি বিশেষ সিদ্ধান্ত (Special Resolution) পাশ করাতে হয় এবং কেন্দ্রীয় সরকারের অনুমতির প্রয়োজন হয়। কী শর্তে রূপান্তর হবে তা নতুন শেয়ার অথবা নতুন ঋণপত্র বিলির শর্তের উপর নির্ভর করে।

## ১০৭.৭ কোম্পানি কর্তৃক নিজ ঋণপত্র ক্রয় করে ঋণপত্র পরিশোধ করা— যে ক্ষেত্রে ঋণপত্র পরিশোধ তহবিল নাই

কোম্পানির নিজস্ব ঋণপত্র ক্রয় করার উপর আইনত কোনও বাধা নেই। খোলা বাজার হতে কোম্পানি নিজস্ব ঋণপত্র ক্রয় করতে পারে, যদি তা ঋণপত্র বিলির শর্তের পরিপন্থী না হয়। নিজস্ব ঋণপত্র ক্রয় করা হলে উহা কোম্পানির সম্পদ হিসাবে গণ্য হতে পারে। অথবা যে ঋণপত্র ক্রয় করা হয় সম পরিমাণ ঋণ শোধ হয়ে যায়, ফলে ঐ পরিমাণ ঋণপত্র বাতিল করা যেতে পারে এবং ঋণপত্রের হিসাবখাতে দায়ের পরিমাণ হ্রাস পায়।

যদি সুদ প্রদানের অব্যবহিত পরই ঋণপত্র ক্রয় করা হয় অর্থাৎ সুদ প্রদানের তারিখ 30শে জুন এবং ক্রয়ের তারিখ যদি 1লা জুলাই হয় তা হলে কোনও সমস্যার উদ্ভব হয় না। এই ক্ষেত্রে ঋণ পত্র হিসাবে ক্রীত ঋণ পত্রের আঙ্কিক মূল্য (Face/Nominal value) ডেবিট এবং ব্যাঙ্ক হিসাবকে ক্রয় মূল্য দ্বারা ক্রেডিট করতে হয়। ঋণপত্রের মূল্য যা পরিশোধ করা হয় তা থেকে যদি ঋণপত্র ক্রয় মূল্য কম হয় তা হলে উভয়ের ব্যবধান লাভ। ঐ লাভ সাধারণ সঞ্চিতি (General Reserve) অথবা মূলধন সঞ্চিতি (Capital Reserve) হিসাবে স্থানান্তর করা যায় এই লাভ দ্বারা ঋণপত্র ক্রয় জনিত লোকসান মেটাতে অথবা ঋণপত্র বিলির উপর অবহার মিটাইতে ও ব্যবহার করা যায়। ঋণপত্র পরিশোধ জনিত লোকসান ঋণপত্র পরিশোধ জনিত লাভেরই সঙ্গে অথবা শেয়ারের অধিহার (Share Premium) হিসাবের সঙ্গে সমন্বয় (Adjust) করতে পারা যায়। যদি এ রকম কোনও হিসাব না থাকে তা হলে এই লোকসান লাভক্ষতির বণ্টন হিসাবে (PL. APP A/c) দেনা এবং সাধারণ সঞ্চিতি হিসাবে (General Reserve A/c) ক্রেডিট করে সমন্বয় করা যায়। এই পদ্ধতিতে কোম্পানির কার্যকরী মূলধন কমে যায় না।

ঋণপত্রের উপর সুদ প্রদানের তারিখের পরবর্তীকালে ঋণপত্র ক্রয় করা হলে ক্রয়মূল্য সুদ-সহ (Cum-Interest) অথবা সুদ-ব্যতীত/সুদ-বহির্ভূত (ex-Interest) হতে পারে। সুদ-সহ ক্রয়মূল্যের মধ্যে ক্রয়ের দিন পর্যন্ত প্রদেয় সুদ যুক্ত থাকে। ঋণপত্র ধারককে আলাদাভাবে আর সুদ প্রদান করতে হয় না কিন্তু সুদ-বহির্ভূত (ex-interest) ক্রয়মূল্যের ক্ষেত্রে ঋণপত্রের মূল্য ছাড়াও আলাদাভাবে সুদের জন্য অর্থ প্রদান করতে হয়।

## ১০৭.৮ কোম্পানি কর্তৃক নিজ ঋণপত্র ক্রয় করে ঋণপত্র শোধ— যখন ঋণপত্র পরিশোধ তহবিল (Debenture Redemption Fund) আছে :

অনেক সময়ে ঋণপত্র পরিশোধ তহবিল বিনিয়োগপত্র ঋণপত্র পরিশোধের শর্তানুসারে সময়ের পূর্বেই ক্রয় করে ঋণপত্র শোধ করা হয়। এই প্রকার অবস্থায় নিম্নলিখিত বিষয়সমূহের উপর লক্ষ্য রাখতে হয় :

(১) বিনিয়োগ পত্র বিক্রয় করে যে লাভ বা লোকসান হবে তা ঋণপত্র পরিশোধ তহবিলে (Sinking Fund A/c এ) স্থানান্তর করতে হয়। তবে বিনিয়োগ পত্র যদি সুদ সমেত (Cum-Interest) বিক্রয় হয় তা হলে বিনিয়োগ পত্র বিক্রয়ের দিন পর্যন্ত সুদ (Interest Receivable upto the date of Sale) এবং বিক্রয়ে লাভ পৃথক ভাবে বন্টন করতে হয় না। কারণ বিক্রয়ের লাভ এবং প্রাপ্য সুদ উভয়ই ঋণপত্র পরিশোধ তহবিলে (Sinking Fund Account-এ) স্থানান্তর করতে হয়।

(২) যদি ঋণপত্র সুদ সমেত ক্রয় করা হয় (Cum Interest) তা হলে ঋণপত্র ক্রয়ের দিন পর্যন্তও প্রাপ্য সুদ এবং প্রকৃত ক্রয় মূল্য হিসাব করে দাখিলা দিতে হয়। কারণ এই ক্ষেত্রে সুদ 'প্রাপ্য সুদ হিসাবে' (Accrued Interest A/c এ) এবং প্রকৃত ক্রয় মূল্য 'ঋণপত্র হিসাবে' (Debenture A/c এ) ডেবিট এবং ব্যাঙ্ক হিসাবকে ক্রেডিট দাখিলা দিতে হয়।

(৩) ঋণপত্র যা পরিশোধ করা হল তার অঙ্কিক মূল্য এবং প্রকৃত মূল্য উভয়ের ব্যবধান লাভ অথবা লোকসান। ঐ লাভ বা লোকসান ঋণপত্র পরিশোধ তহবিল হিসাবে (Sinking Fund-এ) স্থানান্তর করতে হয়।

(৪) ক্রীতঋণ পত্রের উপর প্রদেয় সুদ ঋণপত্র পরিশোধ তহবিলের নগদান-হিসাব (Sinking Fund Cash A/c) হতে পরিশোধ করা হয় কিন্তু উহা পরবর্তী সময়ে সাধারণ নগদান হিসাব (General Cash A/c) হতে পূরণ করা হয়। যখন তা সাধারণ নগদান তহবিল হতে পূরণ করা হয়, তখন ঋণপত্র পরিশোধ তহবিলে হিসাবে (Sinking Fund Cash A/c) ডেবিট এবং সাধারণ নগদান তহবিল হিসাবে (General Cash A/c) ক্রেডিট দেখাইয়া দাখিলা দিতে হয়।

(৫) এই প্রক্রিয়ায় যে পরিমাণ ঋণপত্র পরিশোধ করা হয় তার আঙ্কিক মূল্য ঋণপত্র পরিশোধ তহবিল হিসাবে (Sinking Fund A/c-এ) ডেবিট এবং সাধারণ সঞ্চিতি হিসাবে (General Reserve A/c-এ) ক্রেডিট দেখিয়ে দাখিলা দিতে হয়।

## ১০৭.৯ উদাহরণ

**Redemption of Debentures.**

On 1st January, 1998, Chloride Limited issued 2,000, 8% Debentures of Rs. 100 each at a discount of 6%.

The terms of issue provided.

a) That interest shall be payable on 30th June and 31st December every year and

b) That on the 31st December every year, one-fifth of the debentures shall be redeemed.

Pass relevant Journal entries in the books of the company including cash transactions for the years 1998 and 1999.

সমাধান :

**Solution :**

**Journal of Chloride Limited**

| Date | Particulars | L.F. | Dr. | Cr. |
|---|---|---|---|---|
| 1998 Jan. 1 | Bank A/c........................................ Dr. | | 1,88,000 | |
| | Discount on Debentures A/c .......... Dr. | | 12,000 | |
| | To 8% Debentures A/c | | | 2,00,000 |
| | (Being issue of 2,000, 8% Debentures of Rs.100 each at a discount of 6%) | | | |
| June 30 | Debenture Interest A/c..................... Dr. | | 8,000 | |
| | To Bank A/c .............................. | | | 8,000 |
| | (Being Debenture Interest for 6 months paid on Rs. 2,00,000 @ 8%) | | | |
| Dec. 31 | Debenture Interest A/c..................... Dr. | | 8,000 | |
| | To Bank A/c .............................. | | | 8,000 |
| | (Being Debenture Interest for 6 months paid on Rs. 2,00,000 @ 8%) | | | |
| | 8% Debenture A/c .......................... Dr. | | 40,000 | |
| | To Bank A/c .............................. | | | 40,000 |
| | (Being Redemption of 1/5 of the Debentures) | | | |
| | Profit & Loss A/c .......................... Dr. | | 20,000 | |
| | To Debenture Interest A/c | | | 16,000 |
| | To Discount on Debentures A/c. (5/15 × Rs. 12,000) | | | 4,000 |
| | (Being Interest for the year and proportionate discount transferred to Profit & Loss A/c) | | | |
| | Profit and Loss Appropriation A/c..... Dr. | | 40,000 | |
| | To General Reserve A/c. | | | 40,000 |
| | (Being transfer of an amount equal to the face value of debentures redeemed) | | | |

| Date | Particulars | L.F. | Dr. | Cr. |
|---|---|---|---|---|
| 1999 June 30 | Debentures Interest A/c .................. Dr.<br>To Bank A/c.<br>(Being Debenture Interest for 6 monhs paid on Rs. 1,60,000 @ 8%) | | 6,400 | 6,400 |
| | Debentures A/c ................................ Dr.<br>To Bank A/c.<br>(Being Debentures Interest for 6 months paid on Rs. 1,60,000 @ 8%) | | 6,400 | 6,400 |
| Dec. 31 | 8% Debenture A/c ........................... Dr.<br>To Bank A/c.<br>(Being redemption of 1/5th of Debentures) | | 40,000 | 40,000 |
| | Profit and Loss A/c ......................... Dr.<br>To Debenture Interest A/c.<br>To Discount of Debentures A/c (4/15 × Rs. 12,000)<br>(Being interest for the year and proportionate discount transferred to Profit & Loss A/c) | | 16,000 | 12,800<br>3,200 |
| | Profit and Loss Appropriation A/c ....... Dr.<br>To General Reserve A/c.<br>(Being transfer of an amount equal to the face value of debentures redeemed) | | 40,000 | 40,000 |

উদাহরণ : The following balances appeared in the books of Y Ltd. on 1.4.1999

| | Rs. |
|---|---|
| Sinking Fund A/c | 50,000 |
| Sinking Fund Investment A/c. | |
| (10% Govt. Securities, Nominal value Rs. 45,000) | 48,000 |
| 12% Debentures | 1,00,000 |

The Company sold Rs. 30,000 Government Securities at 110% on 2.4.99 and utilised the amount to redeem part of the Debentures at a premium of 10%.

Show Debentures Account, Sinking Fund Account and Sinking Fund Investment Account.

সমাধান :

**Solution :**

**Y Ltd.**

**12% Debentures Account**

Dr. Cr.

| Date | Particulars | Rs. | Date | Particulars | Rs. |
|---|---|---|---|---|---|
| 1.4.99 | To Bank A/c (redemption of Rs. 30,000 Debentures at a premium of 10%) | 33,000 | 1.4.99 | By Balance b/f | 1,00,000 |
| | Balance c/f | 70,000 | | " Sinking Fund A/c (Premium on redemption) | 3,000 |
| | | 1,03,000 | | | 1,03,000 |

**Sinking Fund Account**

Dr. Cr.

| Date | Particulars | Rs. | Date | Particulars | Rs. |
|---|---|---|---|---|---|
| 1.4.99 | To 12% Debentures A/c (premium payable on redemption) | 3,000 | 1.4.99 | By Balance b/f | 50,000 |
| | " General Reserve A/c (transferred) | 30,000 | | " Sinking Fund Investment A/c (Profit on sale) | 1,000 |
| | " Balance c/f | 18,000 | | | |
| | | 51,000 | | | 51 000 |

**Sinking Fund Investment Account**

Dr. Cr.

| Date | Particulars | Nominal | Capital | Date | Particulars | Nominal | Capital |
|---|---|---|---|---|---|---|---|
| 1.4.99 | To Balance b/f | 45,000 | 48,000 | 2.4.99 | By Bank A/c -Sale | 30,000 | 33,000 |
| | " Sinking Fund A/c. -Profit on sale | — | 1,000 | | " Balance b/f | 15,000 | 16,000 |
| | | 45,000 | 49,000 | | | 45,000 | 49,000 |

**Working Notes :**

1. Profit on Sale of Investments :

| | | |
|---|---|---|
| Sale Proceeds | $\frac{110}{100} \times$ Rs. 30,000 | = 33,000 |
| Cost of Investment sold | $\frac{30000}{45000} \times$ Rs. 48,000 | = 32,000 |
| Profit | | Rs. 1,000 |

2. Nominal value of debentures redeemed :

$$\frac{100}{110} \times \text{Rs. } 33,000 = \text{Rs. } 30,000$$

3. Premium payable on redemption :

$$\frac{110}{100} \times \text{Rs. } 30,000 = \text{Rs. } 3,000$$

উদাহরণ : ৩

On January 1, 1999, a company issued 400, 5% Debentures of Rs. 1,000 each @ Rs. 980. Holders of these debentures had an option to convert their holding into 8% preference shares of Rs. 100 each at a premium of Rs. 20 per share at any time within 5 years.

On December 31, 1999, one year's interest had accrued on the debentures and remain unpaid. A holder of 24 debentures notified his intention to exercise the above option.

Pass the necessary journal entries and show how the items affected would appear in the company's Balance Sheet.

**Solution** :

**..... Co. Ltd.**

**Journal**

| Date | Particulars | L.F. | Dr. | Cr. |
|---|---|---|---|---|
| 1999 Jan. 1 | Bank A/c (400 × Rs. 980)............... Dr.<br>Discount on Debentures A/c (400 × Rs. 20)<br>To 5% Debentures A/c.<br>(Being issue of 400, 5% debentures of Rs. 1000 each @ Rs. 980 as per Board Resolution dated...) | | 3,92,000<br>8,000 | <br><br>4,00,000 |

| Date | Particulars | L.F. | Dr. | Cr. |
|---|---|---|---|---|
| Dec. 31 | Debenture Interest A/c ..................... Dr. | | 20,000 | |
| | To Accrued Debenture Interest A/c. | | | 20,000 |
| | (Being Accrued debenture interest for 1 year) | | | |
| | 5% Debentures A/c ........................ Dr. | | 24,000 | |
| | To 8% Preference share capital A/c. $\left(\frac{100}{120} \times \text{Rs. } 24{,}000\right)$ | | | 20,000 |
| | To Share Premium A/c. $\left(\frac{20}{120} \times \text{Rs. } 24{,}000\right)$ | | | 4,000 |
| | (Being conversion by a holder of Rs. 24000 debentures into Preference shares of Rs. 100 each at a premium of Rs. 20 per share) | | | |
| | Profit and Loss A/c ......................... Dr. | | 480 | 480 |
| | To Discount on Debentures A/c $\left(\frac{\text{Rs. } 24{,}000}{\text{Rs. } 4{,}00{,}000} \times \text{Rs. } 8{,}000\right)$ or Rs. 480 | | | |
| | (Being proportionate discount on debentures written off) | | | |

**Balance Sheet as at 31st December, 1999 (includes)**

| Liabilities | Rs. | Assets | Rs. |
|---|---|---|---|
| **Share Capital** | | **Miscellaneous Expenditure** | |
| 200, 8% Preference share of | 20,000 | Discount on Debentures | |
| Rs. 100 each, fully paid | | (Rs. 8,000 – Rs. 480) | 7,520 |
| **Reserve & Surplus** | | | |
| Share Premium | 4,000 | | |
| **Secured Loans** | | | |
| 5% Debentures | | | |
| (Rs. 4,00,000 – Rs. 24,000) | 3,76,000 | | |
| **Current Liabilities & Provisions** | | | |
| Accrued Debenture Interest | 20,000 | | |

**উদাহরণ : 8**

J.K.Ltd. issued Rs. 100000, 6% Debentures of Rs. 100 each at par in 1989 redeemable at Rs. 101 on December, 31st 1999. Under the terms of a debentures trust

deed, a sinking Fund had been built up by annual appropriations out of profits which were invested together with any income which had arisen on the fund, in guilt-edged investments on December 31st, in each year. The trustees have power to purchase, for immediate cancellation, any debentures available at a manket price below par and to realise Sinking Fund investments for this purpose.

On January 1st, 1999, there were the following balances :

i) Debentures outstanding Rs. 80,000.

ii) Sinking Fund Account Rs. 79,350 represented by an equivalent amount of gilt-edged securities standing in the books at cost.

During the twelve months ended December, 31st 1999, the undernoted transactions took place :

i) On June 30th, the half year's debentures interest to date was paid.

ii) On July 1st, Rs. 5,000 debentures were purchased in the market at Rs. 99 and cancelled. To provide funds for this purpose investments costing Rs. 5,650 were sold and realised Rs. 5,500.

iii) Interest was received on the Sinking Fund investments amounting to Rs. 3,850 which was not invested in view of the impending sale of the investments of the fund.

iv) On December 28th, Rs. 72,100 was received representing the proceeds of sale of the remaining investments of the Sinking Fund.

v) On December 31st, the Debentures were repaid together with the half year's interest thereon.

You are required to write up the following Ledger Accounts for the twelve months ended December 31st, 1999.

a) 6% Debentures Account, (b) Sinking Fund Account, (c) Sinking Fund Investments Account.

**J.K. Ltd.**

Dr. **6% Debentures Account** Cr.

| Date | Particulars | Rs. | Date | Particulars | Rs. |
|---|---|---|---|---|---|
| 1999 July 1 | To Bank A/c (Purchase and Cancellation of Rs. 5,000 Debentures) | 4,950 | 1999 Jan. 1 | By Balance b/f | 80,000 |
| | " Sinking Fund A/c (Profit on Cancellation) | 50 | Dec. 31 | " Sinking Fund A/c (Premium of 1% on redemtion of Rs. 75000 Debenture) | 750 |
| Dec. 31 | " Bank A/c (Redemption of 750 debentures at Rs.101) | 75,750 | | | |
| | | 80,750 | | | 80,750 |

Dr. **Sinking Fund Account** Cr.

| Date | Particulars | Rs. | Date | Particulars | Rs. |
|---|---|---|---|---|---|
| 1999 July 1 | To Sinking Fund Investments A/c (Loss on Sale) | 150 | 1999 Jan. 1 | By Balance b/f | 79.350 |
| | " General Reserve A/c (Transfer) | 5,000 | July1 | " 6% Debentures A/c (Profit of Cancellation) | 50 |
| Dec. 28 | " Sinking Fund Investments A/c (Loss on sale) | 1,600 | | " Interest on Investment A/c | 3,850 |
| Dec. 31 | " 6% Debentures A/c (Premium on redemption) | 750 | | | |
| | " General Reserve A/c (Transfer) | 75,750 | | | |
| | | 83,250 | | | 83.250 |

| Dr. | | Sinking Fund Investments A/c | | | Cr. |
|---|---|---|---|---|---|
| **Date** | **Particulars** | **Rs.** | **Date** | **Particulars** | **Rs.** |
| 1999 July 1 | To Balance b/f | 79,350 | 1999 July 1 | By Bank A/c-Sale Proceeds | 5,500 |
| | | | | " Sinking Fund A/c – Loss on Sale | 150 |
| | | | Dec. 28 | " Bank A/c – Sale Proceeds | 72,100 |
| | | | | " Sinking Fund A/c Loss on Sale | 1,600 |
| | | 79,350 | | | 79,350 |

## ১০৬.১০ সারাংশ

আমরা আশা করি এই একক পাঠ করে আপনি শিখতে পেরেছেন যে—

- ঋণপত্রের পরিশোধের উপায়।
- ঋণপত্র পরিশোধ কীভাবে করা যায়।
- কীভাবে ঋণপরিশোধের জন্য তহবিল গঠন করা হয়।
- তহবিল গঠন সম্পর্কিত দাখিলাগুলি কী কী।
- ঋণপত্র পরিশোধ তহবিল এবং সম্পদ প্রতিষ্ঠা তহবিলের মধ্যে পার্থক্য।
- রূপান্তর পরিশোধ তহবিল ব্যতীত কীভাবে কোম্পানি নিজ ঋণপত্র পরিশোধ করিবে।
- ঋণপত্র পরিশোধ তহবিল থাকিলে কোম্পানি কীভাবে নিজ ঋণপত্র পরিশোধ করিবে।
- উদাহরণের সাহায্যে এই এককের সব বিষয় বোঝানো হয়েছে। এই উদাহরণের সাহায্যে আপনি অনুশীলনীর প্রশ্ন সমাধান করতে পারবেন।

# একক ১০৮ ❑ পরিশোধযোগ্য অগ্রাধিকারযুক্ত শেয়ার পরিশোধ


গঠন

১০৮.০ উদ্দেশ্য

১০৮.১ পরিশোধযোগ্য অগ্রাধিকার যুক্ত শেয়ারের সংজ্ঞা

১০৮.২ শেয়ার পরিশোধের শর্ত

১০৮.৩ মূলধন পরিশোধ সঞ্চিতি হিসাবে পরিশোধকৃত শেয়ারের অঙ্কিত-মূল্য স্থানান্তর করবার গুরুত্ব

১০৮.৪ অগ্রাধিকার শেয়ার পরিশোধের জন্য হিসাবের দাখিলা

১০৮.৫ উদাহরণ

১০৮.৬ সারাংশ


## ১০৮.০ উদ্দেশ্য

এই এককটি পাঠ সমাপ্ত করে আপনি নিম্নলিখিত বিষয়গুলির ব্যাখ্যা করতে পারবেন:

- পরিশোধনীয় অগ্রাধিকার যুক্ত শেয়ার কাকে বলে।
- এইরূপ শেয়ার পরিশোধের শর্তগুলি কী কী।
- মূলধন পরিশোধ সঞ্চিতি হিসাবে পরিশোধ কৃত মূলধনের অঙ্কিতমূল্য কেন স্থানান্তরিত করা হয়।
- অগ্রাধিকার শেয়ার পরিশোধের জন্য কী কী দাখিলা প্রয়োজন।

## ১০৮.১ পরিশোধযোগ্য অগ্রাধিকার যুক্ত শেয়ারের সংজ্ঞা

পরিশোধ যোগ্য/পরিশোধনীয় অগ্রাধিকারযুক্ত শেয়ার বলতে সেই অগ্রাধিকার যুক্ত শেয়ারকেই বুঝায় যে অগ্রাধিকার যুক্ত শেয়ার ভবিষ্যতে একটি নির্দিষ্ট দিনে অথবা কোম্পানির ইচ্ছা অনুসারে পরিশোধিত হবার যোগ্য। এই প্রকার অগ্রাধিকার যুক্ত শেয়ার লভ্যাংশ বণ্টনের ক্ষেত্রে অথবা কোম্পানির অবলোপনের ফলে মূলধন ফেরত পাওয়ার যে অধিকার আছে তা ছাড়া ভবিষ্যতে একটি নির্দিষ্ট সময়ের শেষে এই শেয়ারের মূল্য ফেরত পাওয়ার অধিকারও থাকে। কোম্পানি এই প্রকার শেয়ার বিক্রয় করতে পারে যদি কোম্পানির উপবিধি (By-laws) অথবা নিয়মাবলী (Articles of Association) দ্বারা কোম্পানিকে এই অধিকার দেওয়া থাকে।

কোম্পানি আইন মোতাবেক পরিশোধযোগ্য অগ্রাধিকারযুক্ত শেয়ার পরিশোধের শর্তাবলী, এবং সর্বনিম্ন কতদিন পরে এই প্রশ্নের শেয়ার পরিশোধ হবে, সেই তথ্য উদ্বর্তপত্রে উল্লেখ করতে হয়।

## ১০৮.২ শেয়ার পরিশোধের শর্ত

কোম্পানির আইনের ৮০ ধারা মতে এই প্রকার শেয়ার পরিশোধ করতে হলে নিম্নলিখিত শর্তসমূহ পূরণ করতে হয়।

১। যে পরিশোধযোগ্য অগ্রাধিকারযুক্ত শেয়ার পরিশোধ করা হবে তা অবশ্যই পূর্ণ আদায়ী (Fully Paid up) শেয়ার হতে হবে। আংশিক আদায় শেয়ার পরিশোধ করতে হলে সেই শেয়ার পূর্ণ আদায় শেয়ারে পরিণত করিয়ে নিতে হয়।

২। এই প্রকার শেয়ার (ক) যে মুনাফা (অবণ্টিত) (Undistributed Profit/Distributable Profit) শেয়ার হোল্ডারগণকে লভ্যাংশ হিসাবে বণ্টন করা যায়, তা থেকে (Redemption out of profits otherwise divisible as profit) অথবা (খ) নতুন শেয়ার বিক্রয় করে বিক্রয়লব্ধ অর্থ থেকে (Out of proceeds of fresh issue) পরিশোধ করতে হবে।

৩। শেয়ার যদি অধিহারে (at a premium) পরিশোধ করতে হয় তা হলে সেই অধিহার (Premium), কোম্পানির শেয়ার অধিহার হিসাব (Share Premium) অথবা কোম্পানির লাভ অথবা সাধারণ সঞ্চিতি হিসাব থেকে মেটাতে হয়।

৪। যদি শেয়ার মুনাফা (অবণ্টিত) হিসাব থেকে পরিশোধ করা হয় তা হলে পরিশোধকৃত (Redeemed) শেয়ারের আঙ্কিকমূল্যের সমপরিমাণ মূল্য মূলধন পরিশোধ সঞ্চিতি (Capital Redemption Reserve) হিসাবে স্থানান্তর করতে হয়। অন্যভাবে একে মুনাফার মূলধনীকরণ (Capitalisation of profits) বলা যায়। এই সঞ্চিতি (Capital Redemption Reserve) পূর্ণ আদায়ীকৃত বোনাস শেয়ার বণ্টনের জন্য ব্যবহার করা যাইতে পারে।

অগ্রাধিকার যুক্ত শেয়ার পরিশোধের 30 দিনের মধ্যে কোম্পানি নিবন্ধককে (Registrar of Companies) জানাতে হয়। যখন পরিশোধযোগ্য অগ্রাধিকার যুক্ত শেয়ার বণ্টনযোগ্য মুনাফা হতে পরিশোধ করা হয় তখন অবণ্টিত মুনাফা (Credit balance in Profit & Loss A/c) এবং সাধারণ সঞ্চিতি (General Reserve) হিসাবের জের অগ্রাধিকার যুক্ত শেয়ার পরিশোধ করবার জন্য প্রয়োগ করা যায়। কিন্তু মূলধন সঞ্চিতি হিসাব (Capital Reserve A/c) থেকে এই শেয়ার পরিশোধ করা যায় না।

## ১০৮.৩ মূলধন পরিশোধ সঞ্চিতি হিসাবে পরিশোধকৃত শেয়ারের অঙ্কিত মূল্য স্থানান্তর করবার গুরুত্ব

বণ্টনযোগ্য মুনাফা হতে পরিশোধ যোগ্য অগ্রাধিকার যুক্ত শেয়ার পরিশোধ হলে, পরিশোধকৃত অগ্রাধিকার যুক্ত শেয়ারের অঙ্কিত মূল্য স্থানান্তর করবার উদ্দেশ্য হল যাতে ঐ বণ্টিত মুনাফা শেয়ার মালিকগণ লভ্যাংশ (Dividend) হিসাবে তুলে নিতে না পারে এবং যাতে উত্তমর্ণদের অধিকার রক্ষিত হয় (Interest of Creditors is protected)। পূর্বেই উল্লেখ করা হয়েছে যে এই উপায়ে অবণ্টিত মুনাফার মূলধনীকরণ (Capitalisation of profit) হয়। অর্থাৎ উত্তমর্ণদের কোম্পানির সম্পদের উপর যে অধিকার ছিল তা কমে যায় না।

## ১০৮.৪ অগ্রাধিকার যুক্ত শেয়ার পরিশোধের জন্য হিসাবে দাখিলা

পরিশোধকালীন যে পরিমাণ অর্থ শেয়ার মালিককে দেওয়া হয় :

১। (ক) মুনাফা অথবা সাধারণ সঞ্চিতি থেকে যদি অধিহারে শোধ করা হয় —

পরিশোধ যোগ্য অগ্রাধিকার যুক্ত মূলধন হিসাব ডেবিট :

Redeemable Preference Share Capital A/c Dr.

(শেয়ারের আঙ্কিক মূল্য)

শেয়ারের উপর অধিহার হিসাব অথবা লাভ লোকসান হিসাব ডেবিট : অধিহার পরিমাণ

(Share Premium A/c or Profit & Loss A/c. or General Reserve A/c. Dr)

অগ্রাধিকার যুক্ত শেয়ার মালিক পাওনা (Credit)

To Redeemable Preferance Share holders A/c

(খ) অগ্রাধিকার যুক্ত শেয়ার মালিক হিসাব ডেবিট

(Redeemable Preference Share holders) A/c. (Dr.)

ব্যাঙ্ক হিসাব ক্রেডিট (Cr.)

To Bank Account

২। **মূলধন পরিশোধ সঞ্চিতি হিসাব স্থানান্তরের জন্য :**

লাভ লোকসান বণ্টন হিসাব

Profit & Loss A/c Dr

অথবা and/or

সাধারণ সঞ্চিতি অথবা অনুরূপ তহবিল-ডেবিট

General Reserve A/c Dr or Reserve of Similar nature– Dr.

মূলধন পরিশোধ সঞ্চিতি হিসাব ক্রেডিট

To Capital Redemption Reseve A/c Cr.

৩। যদি নতুন শেয়ার বিলি করে পূর্বাধিকার যুক্ত শেয়ার অধিহারে পরিশোধ করা হয় :

(ক) যদি নতুন শেয়ার অধিহারে বিলি হয়—

ব্যাঙ্ক হিসাব ডেবেট

Bank A/c ... Dr.

বিলিকৃত আঙ্কিক মূল্য + অধিহার (Face value of Shares issued + Premium received)

To Share Capital A/c

To share Premium A/c.

শেয়ার মূলধন হিসাব ... ক্রেডিট (আঙ্কিক মূল্য) যে শেয়ারের মূল্য অধিহার

শেয়ার অধিহার হিসাব... ক্রেডিট (অধিহার)

(খ) উপরিলিখিত ১ (ক) এবং ১ (খ) দাখিলা দুটি দিতে হবে।

৪ অগ্রাধিকার যুক্ত শেয়ার যখন সমহারে পরিশোধ করা হয় তখন দাখিলা—

(১) পরিশোধ যোগ্য অগ্রাধিকার যুক্ত শেয়ার মূলধন হিসাব — ডেবিট

পরিশোধ্য অগ্রাধিকার যুক্ত শেয়ার মালিক হিসাব — ক্রেডিট

Redeemable Preference Share Capital A/c..... (Dr)

To Redeemable Preference Share holders A/c

(২) পরিশোধ যোগ্য অগ্রাধিকার যুক্ত শেয়ার মালিক — ডেবিট

ব্যাঙ্ক হিসাব — ক্রেডিট

Redeemable Preference Shareholders A/c ... (Dr)

To Bank A/c

দ্রষ্টব্য : উপরে উল্লেখ করা হয়েছে অগ্রাধিকারযুক্ত শেয়ার পরিশোধ করবার অধিহার (Premium Payable on Redemption), কোম্পানির লাভ লোকসান হিসাব অথবা সাধারণ সঞ্চিতি থেকে শোধ করা যায় কিন্তু সাধারণ হিসাবরক্ষণ নীতি হিসাবে শেয়ার অধিহার (Share Premium A/c) হিসাবের অর্থ পুরোপুরি প্রয়োগ করা না হলে লাভ লোকসান হিসাব অথবা সাধারণ সঞ্চিতি হিসাব থেকে শেয়ার পরিশোধের উপর অধিহার পূরণ করা হয় না।

যদি পরিশোধ্য অগ্রাধিকার যুক্ত শেয়ারের মূল্য পরিশোধ করবার জন্য নগদ অর্থ সংস্থান করবার জন্য কোনও বিনিয়োগ পত্র অথবা কোনও সম্পদ বিক্রয় করা হয় তা হলে নিম্নলিখিত দাখিলা দিতে হয় : ব্যাঙ্ক হিসাব — (ডেবিট) (বিক্রয় মূল্য), বিনিয়োগ পত্র অথবা সম্পদ হিসাব — ক্রেডিট (Investment/Asset) A/c (Cr.) বিক্রয়মূল্য

Bank A/c. ........ Dr

To Investment/Asset A/c.

বিনিয়োগপত্র অথবা সম্পদ বিক্রয় করে কোনও লাভ অথবা লোকসান হলে তা লাভ লোকসান হিসাবে (Profit & Loss A/c) স্থানান্তর করতে হয়। লাভ হলে লাভ লোকসান হিসাবে ক্রেডিট আর লোকসান হলে লাভ লোকসান হিসাবে ডেবিট দাখিলা দিতে হয়।

কোম্পানি আইনের 80 ধারায় বলা আছে যে পরিশোধ যোগ্য অগ্রাধিকার যুক্ত শেয়ার অবণ্টিত লাভ (Undistributed Profit) অতবা নতুন শেয়ার বিলি করে বিক্রয় লব্ধ অর্থ (Proceeds out of new issues) থেকে পরিশোধ করা যায়। এক্ষেত্রে বিক্রয় লব্ধ অর্থ বলিতে কী বুঝায় তা আইনে ব্যাখ্যা করা হয় নি। সুতরাং যদি নতুন শেয়ার অধিহারে বিক্রয় করা হয় তা হলে বিক্রয় লব্ধ অর্থ কি শেয়ারের আঙ্কিক মূল্যের সঙ্গে প্রাপ্ত অধিহার (Face Value + Premium) ধরতে হবে অথবা কেবলমাত্র শেয়ারের আঙ্কিক মূল্যই

ধরা হবে তা আইনে বলা হয়নি। এই ক্ষেত্রে যদি শেয়ার বিক্রয় লব্ধ অর্থের মধ্যে অধিহার ধরা হয় সেক্ষেত্রে লাভক্ষতির হিসাব (Profit & Loss A/c) থেকে অথবা 'সাধারণ সঞ্চিতি' থেকে কম অর্থ মূলধন পরিশোধ সঞ্চিতি (Capital Redemption Reserve A/c) হিসাবে স্থানান্তরিত অর্থ কম হবে। অর্থাৎ 'মূলধন পরিশোধ সঞ্চিতি' (Capital Redemption Reserve) হিসাবে 'শেয়ার অধিহার' (Share Premium) থেকে যা পাওয়া যায় সেই পরিমাণ অর্থ কম স্থানান্তর হবে। এইরূপ ক্ষেত্রে 'শেয়ার অধিহার' শেয়ার অধিকার করতে প্রয়োগ হয়েছে বুঝায়। এতদ্ব্যতীত কোম্পানি আইনে 80 ধারায় মূলধন পরিশোধ সঞ্চিতি (Capital Redemption Reserve A/c.) হিসাব রক্ষা করার উদ্দেশ্য মূলধন পরিশোধ করবার ফলে যে মূলধন কমে যায় তা প্রতিস্থাপন করা, যাতে উত্তমর্ণদের অধিকার পূর্ণ রক্ষিত হয়। সুতরাং রক্ষণশীল পদ্ধতি হিসাব রক্ষণ হলেও নীতিগত ভাবে এবং যৌক্তিকতার দিক থেকে নতুন শেয়ার বিক্রয় লব্ধ অর্থ থেকে প্রাপ্ত অধিহার বাদ দেওয়া সঙ্গত। মূলত মূলধন পরিশোধ সঞ্চিতি (Capital Redemption Reserve A/c.) হিসাব মূলধন হিসাবের পরিবর্ত হিসাব বলে গণ্য করা হয়।

আবার কোম্পানি আইনের 78 ধারায় বলা হয়েছে যে, 'শেয়ারের উপর অধিহার হিসাব' (Share Premium Account) হতে শেয়ার পরিশোধ করবার অধিহার অথবা ঋণপত্র পরিশোধের উপর অধিহার (Premium on Redemption of Shares or Premium of Redemption of Debenture) মেটাতে প্রয়োগ করা হবে।

কিন্তু যদি নতুন শেয়ার অবহারে বিলি (Issue of Share at a discount) করতে হয় তা হলে শেয়ার বিলি হতে লব্ধ অঙ্ক যে পরিমাণ মূলধন পরিশোধ করা হবে তার আঙ্কিক মূল্যের সমান হতে হবে। উদাহরণ ধরা যাক 10,000/- টাকা শেয়ার পরিশোধ করবার জন্য শতকরা 5 অবহারে নতুন শেয়ার বিক্রয় করতে হবে। এই ক্ষেত্রে 95 টাকা শোধ করতে 100 টাকার শেয়ার বিলি করতে হবে। তা হলে $\frac{100}{95} \times 10{,}000$ = 10,526 টাকার শেয়ার বিক্রয় করতে হবে

| | | |
|---|---|---|
| এক্ষেত্রে মোট শেয়ার বিলির পরিমাণ (আঙ্কিক মূল্য) | = 10,526 | টাকা |
| অবহারের পরিমাণ $\left(\frac{5}{100} \times 10{,}526\right)$ | 526 | টাকা |
| শেয়ার বিলি হতে প্রাপ্ত অর্থের পরিমাণ | 10,000 | টাকা |

## ১০৮.৫ উদাহরণ

X & Co. Ltd. issued 50,000 Equity Shares of Rs. 10 each and 3,000, 10% Preference shares of Rs. 100 each, all shares being fully called and paid up. On 31.3.1999 Profit and Loss Account showed an undistributed profit of Rs. 50,000 and General Reserve Account stood at Rs. 1,20,000. On 2.4.1999 the directors decided to issue 1,500, 6% Preference shares of Rs. 100 each for cash and to redeem the existing Preference shares at Rs. 105 utilising as much profits as would be required for the purpose.

Show the journal entries to record these transactions. Prepare also a summarised Balance Sheet showing the position of the company on completion of the redemption. On 31.3.1999 cash balance amounted to Rs. 1,85,000 and Sundry Creditors stood at Rs. 87,000.

সমাধান :

**Solution** : **Journal of X & co. Ltd.**

| Date | Particulars | L.F. | Dr. | Cr. |
|---|---|---|---|---|
| 1999 April 2. | Bank A/c.......................................... Dr.<br>To 6% Preference share Capital A/c.<br>(Being amount received on issue of 1500 6% Preference Shares of Rs. 100 each made for the purpose of redemption of existing Preference shares as per Board's Resolution dated......) | | 1,50,000 | 1,50,000 |
| | 10% Preference Share Capital A/c. .... Dr.<br>Premium on Redemption of Preference Share Capital A/c..... (Dr.)<br>To Preference shares holders A/c.<br>(Being amount payable on redemption of 3000 Preference shares, Premium being provided out of General Reserve.) | | 3,00,000<br>15,000 | 3,15,000 |
| | Preference Share holders A/c ... Dr.<br>To Bank A/c.<br>(Being amount due to Preference holders paid off) | | 3,15,000 | 3,15,000 |
| | General Reserve A/c.... Dr.<br>To Premium on Redemption of Preference Shares A/c.<br>(Being amount of Premium on Redemption provided out of General Reserve) | | 15,000 | 15,000 |
| | General Reserve A/c. ........... Dr.<br>Profit and Loss Appropriation A/c. ... Dr.<br>To Capital Redemption Reserve A/c<br>(Being transfer of an amount equal to the nominal value of shares redeemed otherwise than out of the proceeds of fresh issue.) | | 1,15,000<br>45,000 | 1,60,000 |

**Balance Sheet as at 2nd April, 1999 (includes)**

| Liabilities | Rs. | Assets | Rs, |
|---|---|---|---|
| **Share Capital :** | | **Current Assets, Loans and Advances :** | |
| Authorised | ? | Cash at Bank | |
| Issued and subscribed–50,000 Equity shares of Rs. 10 each fully paid up | 5,00,000 | (Rs. 1,85,000+1,50,000 – Rs.3,15,000) | 20,000 |
| 1,500. 6% Preference shares of Rs. 100 each fully paid | 1,50,000 | | |
| **Reserve and Surplus** | | | |
| Capital Redemption Reserve | 1,50,000 | | |
| Profit and Loss Account (Rs. 50000 – 45000) | 5,000 | | |
| **Current Liabilities and Provision** | | | |
| Sundry Creditors | 87,000 | | |

2. The following is the Balance Sheet of A Co. Ltd. as at 31st March, 1999 :

| Liabilities | Rs. | Assets | Rs. |
|---|---|---|---|
| **Share Capital :** | | Fixed Assets | 7,00,000 |
| Authorised : | | Current Assets | 4,00,000 |
| 80,000 Equity Shares of Rs 10 each | 8,00,000 | | |
| 20,000, 8% Preference shares of Rs. 10 each | 2,00,000 | | |
| | 1,00,0000 | | |
| Issued : | | | |
| 40,000 Equity Shares of Rs.10 each fully paid | 4,00,000 | | |
| 18,000, 8% Preference shares of Rs.10 each fully paid up | 1,80,000 | | |
| **Reserves and Surplus :** | | | |
| Profit and Loss A/c | 4,80,000 | | |
| **Current Liabilities** | | | |
| Sundry Creditors | 40,000 | | |
| | 11,00,000 | | 11,00,000 |

The Preference shares were redeemed on April 1,1999 at a premium of Rs. 5/- per shares, the whereabouts of the holders of 1,500 such shares not being known. At the same time, a bonus issue of equity shares was made at par, one share being issued for every four held out of the Capital Redemption Reserve Account.

Draw up the journal entries to record the above transactions in the books of A Co. Ltd. and show the Balance Sheet as it would appear after such transactions have been completed.

সমাধান :

**Solution :** **Journal of A Co. Ltd.**

| Date | Particulars | L.F. | Dr. | Cr. |
|---|---|---|---|---|
| 1999 April 1. | 8% Preference shares Capital Account ... Dr.<br>Premium on Redemption of Preference Shares Account .. Dr.<br>To Preference shareholders Account<br>(Being amount payable on 18,000 Preferende shares on redemption transferred) | | 1,80,000<br>90,000 | 2,70,000 |
| | Preference Share holders A/c ..... Dr.<br>To Bank A/c<br>(Being amount due to Preference shareholders paid off, except to the owners of 1,500 shares) | | 2,47,500 | 2,47,500 |
| | Profit and Loss A/c. .... Dr.<br>To Premium on Redemption of Preference Shares A/c<br>(Being premium on redemption of Preference shares provided out of profit & Loss Account) | | 90,000 | 90,000 |
| | Profit and Loss A/c. .... Dr.<br>To Capital Redemption Reserve A/c<br>(Being transfer out of Profits of an amount equal to the nominal value of shares redeemed) | | 1,80,000 | 1,80,000 |
| | Capital Redemption Reserve A/c ... Dr.<br>To Bonus Dividend A/c<br>(Being bonus dividend declared as per share-holders resolution dated...) | | 1,00,000 | 1,00,000 |

| Date | Particulars | L.F. | Dr. | Cr. |
|---|---|---|---|---|
| | Bonus Dividend A/c ... Dr. | | 1,00,000 | |
| | To Equity share Capital A/c | | | 1,00,000 |
| | (Being utilisation of bonus dividend towards issue of 10,000 shares of Rs. 10 each to be distributed to the holders of equity shares in the ratio of one share for every four held) | | | |

**Balance Sheet as at 1st April, 1999**

| Liabilities | Rs. | Assets | Rs. |
|---|---|---|---|
| Share Capital | | Fixed Assets | 7,00,000 |
| Authorised– | | Current Assets | 1,52,500 |
| 80,000 Equity shares of Rs.10 each. | 8,00,000 | (Rs.4,00000 – Rs. 2,47,500) | |
| 20,000, 8% Preference shares of Rs.10 each. | 2,00,000 | | |
| | 10,00,000 | | |
| **Issued and Paid up** | | | |
| 50,000 Equity Shares of Rs.10 each, fully paid (of the above shares, 10,000 shares have been allotted as fully paid up by way of bonus shares) | 5,00,000 | | |
| **Reserve and Surplus** | | | |
| Capital Redemption Reserve A/c. (Rs. 1,80,000 – 1,00,000) | 80,000 | | |
| Profit & Loss A/c (Rs. 4,80,000 – 1,80,000 – 90,000) | 2,10,000 | | |
| **Current Liabilities & Provisions** | | | |
| Sundry Creditors | 40,000 | | |
| Preference shareholders | 22,500 | | |
| | 8,52,500 | | 8,52,500 |

## ১০৮.৬ সারাংশ

আমরা আশা করি এই একক পাঠ করে আপনি শিখতে পেরেছেন যে—

- পরিশোধনীয় অগ্রাধিকারযুক্ত শেয়ার কী।
- অগ্রাধিকারযুক্ত শেয়ার পরিশোধের শর্তগুলি কী কী।
- মূলধন পরিশোধ সঞ্চিতি হিসাবে পরিশোধকৃত মূলধনের অঙ্কিত মূল্য স্থানান্তরিত করার কারণ কী।
- অগ্রাধিকার শেয়ার পরিশোধের জন্য দাখিলাগুলি।
- উদাহরণের সাহায্যে এই এককের সব বিষয় বোঝানো হয়েছে। এই উদাহরণের সাহায্যে আপনি অনুশীলনীর প্রশ্ন সমাধান করতে পারবেন।

# একক ১০৯ ❑ অধিদেয় বোনাস শেয়ারবিলি


গঠন

১০৯.০ উদ্দেশ্য

১০৯.১ মুনাফার মূলধনী করণের সংজ্ঞা

১০৯.২ অধিদেয় শেয়ার বিলির সুবিধা

১০৯.২.১ কোম্পানির দৃষ্টিকোণ

১০৯.২.২ শেয়ার মালিকের দৃষ্টিকোণ

১০৯.৩ অধিদেয় শেয়ারের বিলির অসুবিধা

১০৯.৩.১ কোম্পানির দৃষ্টিকোণ

১০৯.৩.২ শেয়ার মালিকের দৃষ্টিকোণ

১০৯.৪ অধিদেয় শেয়ার বিক্রয় সম্বন্ধে ভারতীয় প্রত্যয়পত্র এবং বিনিয়োগ বোর্ডের নির্দেশাবলী

১০৯.৫ অধিকার শেয়ার

১০৯.৬ অধিদেয় শেয়ার এবং অধিকার শেয়ারের মধ্যে পার্থক্য

১০৯.৭ অধিদেয় লভ্যাংশ শেয়ার উদ্বর্ত পত্রে যেভাবে দেখানো হয়

১০৯.৮ বোনাস শেয়ার বিলি সম্বন্ধে হিসাবের দাখিলা

১০৯.৯ উদাহরণ

১০৯.১০ সারাংশ


## ১০৯.০ উদ্দেশ্য

এই এককটি পাঠ সমাপ্ত করে আপনি নিম্নলিখিত বিষয়গুলির ব্যাখ্যা করতে পারবেন :

- মুনাফার মূলধনীকরণ কাকে বলে।
- অধিদেয় শেয়ার বিলির সুবিধা ও অসুবিধা কী কী।
- অধিহার শেয়ার বিক্রয় সম্বন্ধে ভারতীয় প্রত্যয়পত্র এবং বিনিয়োগ বোর্ডের কী কী নির্দেশ আছে।
- অধিকার শেয়ার কাকে বলে।
- অধিদেয় শেয়ার এবং অধিকার শেয়ারের মধ্যে পার্থক্য কী কী।
- অধিদেয় লভ্যাংশ শেয়ার উদ্বর্তপত্রে কীভাবে দেখানো হয়।
- বোনাস শেয়ার বিলি সম্বন্ধে কী কী দাখিলার প্রয়োজন হয়।

## ১০৯.১ মুনাফার মূলধনীকরণের সংজ্ঞা

সকল কোম্পানি ভবিষ্যতে ব্যবসায়ের পরিধি বাড়াবার জন্য মূলধনের প্রয়োজন হলে যাতে বাজারের উপর নির্ভর করতে না হয় সেইজন্য নিজের ব্যবসায়ে সম্পদ তৈরী করবার ব্যবস্থা নেয় যাতে পরবর্তীকালে সেই

সম্পর্ককে মূলধন হিসাবে প্রয়োগ করা যায়। এই ব্যবস্থার মাধ্যমে মূলধনের জন্য বাজারের অবস্থার উপর অথবা বহির্সূত্রের উপর নির্ভর করতে হয় না। মুনাফার মূলধনীকরণ (Capitalisation of profits) একটি পদ্ধতি যা দ্বারা মুনাফাকে চিরকালীন মূলধন হিসাবে ব্যবহার করা যায়। এটা একটি পদ্ধতি যা দ্বারা মুনাফা অবণ্টিত রাখা হয় এবং সেই মুনাফা কোম্পানির অর্থ সংস্থানের জন্য ব্যবহৃত হয়। এরই অপর নাম "মুনাফাকে পিছনের দিকে নিয়ে যাওয়া" (Ploughing back of profit)।

যে মুনাফা অবণ্টিত রাখা হয় তা শেয়ার মূলধনের সঙ্গে চিরকালীনের জন্য যোগ করা হয়। এই প্রকার শেয়ার (লভ্যাংশ শেয়ার) যে মুনাফা সাধারণ শেয়ার মালিকদের (Equity share holders) মধ্যে লভ্যাংশ হিসাবে বণ্টন করা যায়, অবণ্টিত-মুনাফা থেকেই নগদ লভ্যাংশের পরিবর্তে অধিদেয় শেয়ার দেওয়া হয়। অনেকের মনে এমন ধারণা আছে যে লভ্যাংশ শেয়ার কোম্পানি দান (gift) হিসাবে দেয় কিন্তু এই ধারণা বিভ্রান্তিকর। কারণ এই প্রকার অধিদেয় শেয়ার বণ্টনের ফলে কোম্পানির কার্যকরী মূলধনের কোনও পরিবর্তন হয় না। কারণ অবণ্টিত মুনাফা যা বিভিন্ন প্রকার সঞ্চিতি হিসাবে (Reserve A/c) থাকে তাও মূলধন হিসাবে ব্যবহৃত হয়। অন্য দিকে এই প্রকার মূলধনী করণের ফলে শেয়ার মালিকদের ব্যবসায়ে স্বার্থের উন্নতি হয় না। এর দ্বারা বুঝতে হয় কোম্পানি স্বীকার করে নিল যে এই অবণ্টিত মুনাফা ভবিষ্যতে লভ্যাংশ হিসাবে বণ্টন করা যায় না এবং কোম্পানির শেয়ার মূলধনকে প্রকৃতপক্ষে ব্যবহৃত মূলধন হিসাবে পরিগণিত করা।

## ১০৯.২ অধিদেয় শেয়ার বিলির সুবিধা

### ১০৯.২.১ কোম্পানির দৃষ্টিকোণ

১। নগদ সম্পদ ব্যবহার না করে অথবা কোম্পানির নগদ অবস্থার কোনও পরিবর্তন না ঘটিয়েই লভ্যাংশ বিতরণ করা যায়।

২। ব্যবহৃত মূলধন এবং প্রকৃত মূলধনের মধ্যে পার্থক্য দূর হয়। এর ফলে উদ্বর্ত পত্রে কোম্পানির প্রকৃত অবস্থাই প্রতিফলিত হয়।

৩। লভ্যাংশের হার একটি সাধারণ স্তরে নিয়ে আসা যায় কারণ অবণ্টিত মুনাফা বর্ধিত মূলধনের উপর বণ্টন করা যায়। এর ফলে কোম্পানির কর্মী এবং কর্মচারীর মজুরি বৃদ্ধির দাবি অথবা ক্রেতা সাধারণের দ্রব্যের মূল্য হ্রাস করবার দাবি নাকচ করে দেওয়ার সুযোগ ঘটে। কারণ এই প্রকার দাবি উচ্চহারে লভ্যাংশ বণ্টনের জন্যই উত্থাপন করা হয়। সুতরাং যদি বোনাস শেয়ার বণ্টনের ফলে লভ্যাংশের হার কমে যায় তা হলে কর্মী/কর্মচারীর মজুরি বৃদ্ধির দাবি অথবা ক্রেতা সাধারণের দ্রব্য মূল্য হ্রাসের দাবি কম জোরদার হয়।

### ১০৯.২.২ শেয়ার মালিকের দৃষ্টিকোণ

১। শেয়ার মালিকগণ ইচ্ছা করলে প্রাপ্ত বোনাস শেয়ার বাজারে বিক্রয় করে নগদান অর্থের সংস্থান করতে পারে। এই প্রকার শেয়ার সাধারণত উচ্চ অধিহারে (at a high premium) বিক্রয় হয়।

২। বোনাস শেয়ার বাবদে প্রাপ্ত লভ্যাংশের উপর শেয়ার মালিককে কোনও আয়কর দিতে হয় না।

## ১০৯.৩ অধিদেয় শেয়ারের বিলির কিছু অসুবিধাও আছে। তা নিম্নে বর্ণনা করা হল :

### ১০৯.৩.১ কোম্পানির দৃষ্টিকোণ :

১। কোম্পানি যদি বোনাস শেয়ার বিক্রয়ের পর ও পূর্ববর্তী বছরের লভ্যাংশ হারের সমান হারে লভ্যাংশ দিতে ইচ্ছা করে তা হলে কোম্পানিকে অতিরিক্ত মুনাফা আয় করতে হবে।

### ১০৯.৩.২ শেয়ার মালিকদের দৃষ্টিকোণ :

১) যদি কোম্পানির মুনাফা না বাড়ে তা হলে লভ্যাংশের হার কমে যাওয়ার সম্ভাবনাই প্রবল। যদিও শেয়ার মালিকের মোট মুনাফার পরিমাণ কমে না।

২) যদি কোম্পানি লভ্যাংশের হার বজায় রাখতে না পারে তা হলে শেয়ারের বাজার মূল্য কমে যায়।

৩) বোনাস শেয়ার বিক্রয়ের ফলে কোম্পানির শেয়ারের ফাটকা (Speculation) বাড়তে পারে। এটা অনেক সময়ই বিনিয়োগকারীগণ অপছন্দ করেন (অর্থাৎ সুনজরে দেখেন না।)

## ১০৯.৪ অধিদেয় শেয়ার বিক্রয় সম্বন্ধে ভারতীয় প্রত্যয়পত্র এবং বিনিয়োগ বোর্ডের নির্দেশাবলী

বোনাস শেয়ার বিলি সম্বন্ধে মূলধন বিলি নিয়ন্ত্রণ আইন [Capital Issues (Control) Act] বাতিল হওয়ার ফলে মূলধন বিলি নিয়ামকের (Controller of Capital issues) নির্দেশাবলীও বাতিল হয়। এর পরিবর্তে ভারতীয় প্রত্যয় পত্র এবং বিনিময় বোর্ড (Security & Exchange Board of India) কর্তৃক প্রকাশিত নিয়মাবলী প্রযোজ্য হয়। এই নিয়মাবলী অনুসারে বোনাস শেয়ার বিলি করবার জন্য সাধারণ অথবা ঘরোয়া কোম্পানিকে ঐ বোর্ডের কোনও অনুমতি প্রয়োজন হয় না যদিও উক্ত বোর্ড কর্তৃক নির্ধারিত নির্দেশাবলী অনুসরণ করে বোনাস শেয়ার বিলি করতে হয়। সেই নতুন নির্দেশাবলী নিম্নরূপ: সাধারণের মধ্যে বিলি (Public Issues) অথবা কোনও অধিকার যুক্ত শেয়ার বিলি করবার 12 মাসের মধ্যে কোনও বোনাস শেয়ার বিক্রয় করা যাবে না এবং কোম্পানিকে বোনাস শেয়ার বিলির সময়ে নিম্নলিখিত বিষয়সমূহ সুনিশ্চিত করতে হবে।

(১) বোনাস বাবদে যে লভ্যাংশ বণ্টন করা হবে তা প্রকৃত লভ্যাংশ থেকে গঠিত অবন্ধকী (মুক্ত) সঞ্চিতি (Free Reserves) থেকে অথবা নগদে আদায়ীকৃত শেয়ার অধিহার হিসাব (Share Premium Collected in Cash) থেকে সংস্থান করতে হবে।

(২) কোনও সম্পদ পুনর্মূল্যায়ন জনিত লাভ থেকে বোনাস শেয়ার বিলি করা যাবে না।

(৩) উন্নতির জন্যে ছাড় সঞ্চিতি (Development Reserves A/c) হিসাবে এবং বিনিয়োগ ছাড় সঞ্চিতি (Investment Allowance A/c) হিসাবে সঞ্চিতির পরিমাণ অবশিষ্ট সঞ্চিতির পরিমাণ (Residual Reserves A/c) হিসাব করতে মুক্ত/অবদ্ধক সঞ্চিতি (Free Reserves) হিসাবে গণ্য হবে।

(৪) নিরীক্ষিত উদ্বৃত্তপত্রে নিট মুনাফার উপর অনিশ্চিত দায়ের (Contingent Liabilities) যে প্রতিক্রিয়া আছে অবশিষ্ট সঞ্চিতি হিসাবে করণের সময়ে তার উপর লক্ষ রাখতে হবে।

(৫) মূলধনীকরণের জন্য লভ্যাংশ বিলির ফলে যে আদায়ীকৃত মূলধন বৃদ্ধি পাবে তার উপর শতকরা 40 ভাগ অবশিষ্ট সঞ্চিতি হিসাবে থাকতে হবে।

(৬) বিগত তিন বৎসরের আয়করের পরিমাণের পূর্বের গড় মুনাফার শতকরা 30 ভাগ এমন ভাবে বিনিয়োগ করতে হবে যাতে বর্ধিত মূলধনের উপর শতকরা 10 টাকা হিসাবে লভ্যাংশের সংস্থান হয়।

(৭) অধিদেয় শেয়ার বিলির উদ্দেশ্যে অবশিষ্ট সঞ্চিতি শতকরা 40 ভাগ হিসাব করতে মূলধনী সঞ্চিতি (Capital Reserves) হিসাবে সম্পদ পূর্ণ মূল্যায়ন জনিত লাভ অথবা যে লাভের ফলে কোম্পানিতে নতুন নগদান আসে নাই সেই প্রকার লাভ ধরা যাবে না।

(৮) আংশিক পরিশোধ শেয়ার (Partly paid-up Share) পূর্ণ পরিশোধ না হলে তার জন্য কোনও বোনাস শেয়ার বিলি করা যায় না। অর্থাৎ অধিদেয় লভ্যাংশ (Bonus Dividend) দ্বারা আংশিক আদায়ী শেয়ার পূর্ণ আদায়ী শেয়ারে পরিবর্তন করা যাবে না।

(৯) (ক) কোম্পানিতে রক্ষিত কোনও মেয়াদি জমার (Fixed Deposit) উপর সুদ, অথবা মেয়াদি জমা অথবা ঋণপত্রের বকেয়া অর্থের উপর সুদ, অথবা যে ঋণপত্র পরিশোধ করা হয়েছে সেই প্রাপ্য অর্থ প্রদান করা সম্বন্ধে নিশ্চিত করা।

(খ) কোম্পানির জ্ঞান বিশ্বাস মতে কর্মচারীগণের বিধিবদ্ধ পাওনা যেমন প্রভিডেন্ট তহবিলে কোম্পানির প্রদেয় অংশ, গ্রাচুইটি, বোনাস ইত্যাদি বকেয়া নেই।

(১০) কোম্পানি যে অধিদেয় শেয়ার (Bonus Shares) প্রদানের জন্য প্রায়োজনীয় অনুমতি পেয়েছে সেই শেয়ার অনুমতি পাওয়ার 6 মাসের মধ্যে অবশ্যই বিলি করতে হবে। এবং কোম্পানির অধিদেয় শেয়ার বিলির সিদ্ধান্ত পরিবর্তন করবার অধিকার থাকবে না।

(১১) কোম্পানির নিয়মাবলী অথবা উপবিধিতে (Articles of Association) সঞ্চিতি মূলধনীকরণ (Capitalisation of Reserves) -এর শর্ত থাকা প্রয়োজন, যদি ঐরূপ শর্ত উপবিধিতে না থাকে, তাহা হলে কোম্পানির সাধারণ সভায় অনুমোদিত মূলধন বৃদ্ধির সিদ্ধান্ত নিতে হবে।

(১২) যদি অধিদেয় শেয়ার (Bonus shares) বিলির ফলে বিলিকৃত এবং আদায়ীকৃত মূলধনের যোগফল অনুমোদিত মূলধনের বেশি হয় তা হলে অনুমোদিত মূলধন বৃদ্ধি করার জন্য কোম্পানির সাধারণ সভায় সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

(১৩) অধিদেয় শেয়ার (Bonus Shares) বিলি করবার জন্য কোম্পানির সাধারণ সভায় প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করতে হবে এবং ঐ সিদ্ধান্তে অধিদেয় শেয়ার বিলির পরবর্তী বৎসরে কী হারে লভ্যাংশ দেওয়া হবে তারও উল্লেখ থাকা প্রয়োজন।

(১৪) অধিদেয় শেয়ার (Bonus Shares) বিলির ফলে পরিবর্তন যোগ্য (Convertible) অথবা আংশিক আদায়ীকৃত (Partly Paid Debentures) ঋণপত্র অধিকারীর অধিকার ক্ষুণ্ণ হলে অধিদেয় শেয়ার বিলি করা যাবে না।

## ১০৯.৫ অধিকার শেয়ার

কোম্পানি আইনের 81 (1) ধারায় বলা হয়েছে যে কোম্পানি যদি অতিরিক্ত শেয়ার বিলি করে শেয়ার মূলধন বাড়াতে ইচ্ছা করে তা হলে প্রথমে বর্তমান শেয়ার অধিকারীগণের মধ্যে সেই অতিরিক্ত শেয়ার, শেয়ার মালিকানার আনুপাতিক হারে বণ্টন করতে হবে। কোম্পানিটিকে পত্রদ্বারা শেয়ার মালিকগণকে অধিকার সম্বন্ধে জানাতে হবে। এই প্রকার শেয়ারকে অধিকার শেয়ার (Rights Shares) বলা হয়। কোনও শেয়ার মালিক ঐ অধিকার প্রয়োগ করতে অর্থাৎ 'অধিকার শেয়ার' ক্রয় করতে না চাইলে তিনি তা কোম্পানিকে জানিয়ে দেবেন। তবে অধিকার শেয়ার গ্রহণে অনিচ্ছুক কোনও শেয়ার মালিক কোম্পানির উপবিধি অথবা নিয়মাবলীতে কোনও বিধিনিষেধ না থাকলে তার অধিকার তার কোনও মনোনীত ব্যক্তির পক্ষে অর্পণ করতে পারেন। একে অধিকার প্রত্যর্পণ পত্র (Letter of Renunciation) বলা হয়। যে পত্রদ্বারা কোম্পানিকে অধিকার প্রত্যর্পণ করা হয় এবং কোনও মনোনীত ব্যক্তিকে সেই 'অধিকার শেয়ার' বিলি করণের অধিকার দেওয়া হয় তাকে অধিকার প্রত্যর্পণ পত্র (Letter of Renunciation) বলে। কোম্পানি আইনে শেয়ার মূলধন বাড়াবার উদ্দেশ্যে বর্তমান শেয়ার বহির্ভূত ব্যক্তিগণের মধ্যেও নতুন শেয়ার বিলি করতে পারা যায়। সেইক্ষেত্রে কোম্পানি আইনের 81(1A) ধারায় বর্ণিত নিয়ম পালন করতে হবে। সেই নিয়ম —

(১) কোম্পানির বর্তমান শেয়ার বহির্ভূত ব্যক্তিগণের মধ্যে নতুন শেয়ার বিলি করবার ক্ষমতার জন্য কোম্পানির সাধারণ সভায় একটি বিশেষ সিদ্ধান্ত (Special Resolution) পাশ করতে হবে, অথবা

(২) কোম্পনির সাধারণ সভায় একটি সাধারণ সিদ্ধান্ত (Ordinary Resolution) পাশ করিয়ে এবং বর্তমান সদস্য বহির্ভূত ব্যক্তিগণের নিকট নতুন শেয়ার বিলি করা যে কোম্পানির স্বার্থের বিশেষ অনুকূল কেন্দ্রীয় সরকারের নিকট এই মর্মে একটি বিবৃতি দিয়ে কেন্দ্রীয় সরকারের অনুমতি নিতে হবে।

## ১০৯.৬ অধিদেয় শেয়ার (Bonus Share) এবং অধিকার শেয়ারের (Right Share) মধ্যে পার্থক্য :

অধিদেয় শেয়ার এবং অধিকার শেয়ারের মধ্যে পার্থক্য নিম্নে বিবৃত করা হল —

(১) অধিদেয় শেয়ার বিনামূল্যে বিলি করা হয় কিন্তু অধিকার শেয়ার মূল্যের পরিবর্তে বণ্টন করা হয়।

(২) অধিদেয় শেয়ারে কোম্পানির আর্থিক সম্পদ বৃদ্ধি পায় না কিন্তু অধিকার শেয়ার কোম্পানির আর্থিক সম্পদ বৃদ্ধি পায়। আবার অধিদেয় শেয়ারের ক্ষেত্রে লভ্যাংশ (Dividend) প্রদানের দায়িত্ব বাড়ে কিন্তু অধিকার শেয়ারে যেমন কোম্পানির সম্পদ বাড়ে তেমনি লভ্যাংশ প্রদানের দায়িত্বও বাড়ে।

(৩) অধিদেয় শেয়ারের ক্ষেত্রে যদি একই হারে লভ্যাংশ বণ্টন করা না হয় তা হলে শেয়ার মালিকগণ কোনও অতিরিক্ত লাভ পায় না।

(কারণ অধিদেয় শেয়ারের ক্ষেত্রে কোনও সম্পদ বাড়ে না ফলে কোনও মুনাফাও বাড়ে না) কিন্তু অধিকার শেয়ারের ক্ষেত্রে কোম্পানির সম্পদ বাড়ে এবং সেই বাড়তি সম্পদ খাটাইয়া অতিরিক্ত মুনাফা আয় করে সেই জন্য অধিকার শেয়ারের মালিকগণ অতিরিক্ত লাভের অংশ পায়।

(৪) অধিদেয় শেয়ার বিলি সম্বন্ধে কোম্পানির উপবিধি অথবা নিয়মাবলীতে অধিকার থাকার প্রয়োজন কিন্তু 'অধিকার শেয়ার' বিলির ক্ষেত্রে উপবিধি অথবা নিয়মাবলীতে সেই প্রকার কোনও অধিকার থাকার প্রয়োজন নেই।

## ১০৯.৭ অধিদেয় লভ্যাংশ শেয়ার যেভাবে উদ্বর্ত পত্রে দেখানো হয়

**উদ্বর্ত পত্র..........................................অন্যান্য বিষয়ের মধ্যে**

| দায় | টাকা |
|---|---|
| **অনুমোদিত শেয়ার মূলধন :** | |
| 1,00,000 সাধারণ শেয়ার প্রতি শেয়ারের মূল্য 10 টাকা | 10,00,000 |
| **বিলিযোগ্য এবং বিলিকৃত মূলধন :** | |
| 80,000 সাধারণ শেয়ার প্রতি শেয়ারের মূল্য 10 টাকা — | 80,000 |
| (উপরিলিখিত শেয়ারের মধ্যে 20,000 শেয়ার সাধারণ সঞ্চিতি হতে বোনাস শেয়ার হিসাবে বিলি করা হয়েছে।) | |

## ১০৯.৮ বোনাস শেয়ার বিলি সম্বন্ধে হিসাবের দাখিলা

১। যখন লভ্যাংশ ঘোষণা করা হয় (on declaration of dividend)

লাভ লোকসান বণ্টন হিসাব — ডেবিট (P&L Appropriation A/c. Dr.)

অধিদেয় লভ্যাংশ হিসাব — ক্রেডিট (Bonus Dividend A/c Cr.)

২। যদি অধিদেয় লভ্যাংশর জন্য সমহারে শেয়ার বিলি করা হয় —

অধিদেয় লভ্যাংশ হিসাব — ডেবিট (Bonus Dividend A/c Dr.)

শেয়ার মূলধন হিসাব — ক্রেডিট (Share Capital A/c Cr.)

৩। যদি অধিদেয় লভ্যাংশের জন্য অধিহারে শেয়ার বিলি করা হয় —

অধিদেয় লভ্যাংশ হিসাব — ডেবিট (Bonus Dividend A/c Dr.)

শেয়ার মূলধন হিসাব — ক্রেডিট (Share Capital A/c Cr.)

শেয়ারে অধিদেয় হিসাব — ক্রেডিট (Share Premium A/c Cr.)

অধিদেয় লভ্যাংশের সংস্থান এবং হিসাবে দাখিলা

(Provision of Bonus Dividend and Accounting entries)

সাধারণ সঞ্চিতি হিসাব — ডেবিট (General Reserve A/c Dr.)

অথবা

বিশেষ সঞ্চিতি (I) ডেবিট (Specific Reserve A/c Dr.)

অথবা

মূলধন পরিশোধ সঞ্চিতি হিসাব ডেবিট (Capital Redemption Reserve A/c Dr.)

অধিদেয় লভ্যাংশ হিসাব — ক্রেডিট (Bonus Dividend A/c Cr.)

(I) উপরে ভারতীয় প্রত্যয়পত্র এবং বিনিময় পত্র নিয়ামক বোর্ড অধীন (i), (ii), (iii) নম্বর দ্রষ্টব্য।

## ১০৯.৯ উদাহরণ

**Issue of Bonus Shares**

X Ltd. has the following balances :

Share Capital Account :

| | | |
|---|---|---|
| 1,000 shares of Rs. 100 each, fully paid up | | Rs. 1,00,000 |
| 500 shares of Rs. 100 each, Rs. 80 per share paid up | | Rs. 40,000 |
| General Reserve Account – | Rs. 50,000 | |
| Profit and Loss Account – | Rs. 20,000 | |

The Company decides to issue one fully paid share for every five shares held at a premium of 20% without payment and for this purpose the General Reserve is to be utilised as far as necessary. The Company further decides to make the party paid shares fully paid out of Profit and Loss Account.

Show the Journal entries

সমাধান :

**Solution :** **X Ltd Journal**

| Date | Particulars | L.F. | Dr. | Cr. |
|---|---|---|---|---|
| | General Reserve A/c .......................... Dr. | | 24,000 | |
| | To Bonus Dividend A/c | | | 24,000 |
| | (Being bonus dividend declared for fully paid shareholders as per company's resolution dated.....) | | | |
| | Bonus Dividend A/c .......................... Dr. | | 24,000 | |
| | To Equity Share Capital A/c | | | 20,000 |
| | To Share Premium A/c | | | 4,000 |
| | (Being 200 fully paid bonus shares issued at one for every five fully paid shareholder) | | | |

| Date | Particulars | L.F. | Dr. | Cr. |
|---|---|---|---|---|
| | Profit and Loss A/c. .............................. Dr | | 10,000 | |
| | To Bonus Dividend Account | | | 10,000 |
| | (Being bonus declared for partly paid share holders as per company's resolution dated...) | | | |
| | Equity Shares Final Call A/c................. Dr. | | 10,000 | |
| | To Equity Share Capital A/c | | | 10,000 |
| | (Being the final call @Rs.20 per share on 500 shares made as per Company's resolution dated...) | | | |
| | Bonus Dividend A/c............................... Dr. | | 10,000 | |
| | To Equity Share Final Call A/c | | | 10,000 |
| | (Being bonus adjusted against final call dues) | | | |

**The following are the extracts from the Balance Sheet of Metco Ltd. as at 31st March, 1999 :**

**Authorised Capital**

| | |
|---|---|
| 20,000, 6% Preference Shares of Rs. 5 each | Rs. 1,00,000 |
| 20,000 Equity Shares of Rs. 10 each | Rs. 2,00,000 |
| | Rs. 3,00,000 |

**Issued and Subscribed Capital :**

| | |
|---|---|
| 6,000, 6% Preference Shares of Rs. 5 each fully paid | 30,000 |
| 10,000 Equity Shares of Rs. 10 each | 1,00,000 |
| General Reserve | 50,000 |
| Profit and Loss Account | 20,000 |

The following resolutions were duly passed:

i) A resolution converting the Preference Shares into Preference Shares of Re. 1 each.

ii) A resolution declaring bonus of 25% on Equity shares to be provided as to Rs. 15,000 out of General Reserve and as to the remainder out of the balance of Profit and Loss Account.

The bonus was to be satisfied by the issue of one fully paid equity share for every four equity shares held.

Set out the journal entries to give effect to the above resolutions and show how they would affect the Balance sheet of the Company.

**Metco. Ltd Journal**

| Date | Particulars | L.F. | Dr. | Cr. |
|---|---|---|---|---|
| 1999 March 31 | 6% Preference Share Capital (Rs. 5) A/c ... Dr. | | 30,000 | |
| | To 6% Preference share capital (Rs. 1) A/c | | | 30,000 |
| | (Being conversion of 6,000, 5% Preference shares each fully paid into 30,000, 5% Preference shares of Re 1 each fully paid as per special resolution dated....) | | | |
| | General Reserve A/c........... Dr. | | 15,000 | |
| | Profit and Loss Appropriation A/c..... Dr. | | 10,000 | |
| | To Bonus Dividend A/c. | | | 25,000 |
| | (Being Bonus dividend of 25% on equity share capital declared as per General Resolution dated....) | | | |
| | Bonus Dividend A/c .................. Dr. | | 25,000 | |
| | To Equity share capital A/c | | | 25,000 |
| | (Being utilisation of bonus dividend towards issue of 2,500 equity shares of Rs. 10 each to be distributed in the ratio of one share for every four held) | | | |

**Balance Sheet as at 31st March, 1999 (includes)**

| | Rs. |
|---|---|
| **Liability Side** | |
| **Share Capital :** | |
| Authorised – | |
| 1,00,000, 6% Preference shares of Re. 1 each | 1,00,000 |
| 20,000 Equity Shares of Rs.10 each | 2,00,000 |
| | 3,00,000 |
| **Issued and Subcribed :** | |
| 30,000, 6% Preference shares of Re. 1 each, fully paid | 30,000 |
| 12,500 Equity shares of Rs.10 each fully paid | 1,25,000 |
| (Of the above Equity Shares, 2,500 Equity share, have been allotted as fully paid up by way of bonus shares out of General Reserve and Profit and Loss Account) | |
| **Reserve and Surplus** | |
| General Reserve (Rs. 50,000 – 15,000) | 35,000 |
| Profit and Loss Accout (Rs. 20,000 – 10,000) | 10,000 |

## ১০৯.১০ সারাংশ

আমরা আশা করি এই একক পাঠ করে আপনি শিখিতে পেরেছেন যে—

- মুনাফার মূলধনীকরণ কী এবং কীভাবে এই মূলধনীকরণ করা হয়।
- কোম্পানির দৃষ্টিকোণ থেকে এবং শেয়ার মালিকের দৃষ্টিকোণ থেকে অধিদেয় শেয়ার বিলির সুবিধা ও অসুবিধাগুলি কী কী।
- অধিহার শেয়ার বিক্রয় সম্বন্ধে ভারতীয় প্রত্যয়পত্র এবং বিনিয়োগবোর্ড কী কী নির্দেশ দিয়েছে।
- অধিকার শেয়ার কী।
- অধিকার শেয়ার এবং অধিদেয় শেয়ারের মধ্যে পার্থক্য।
- অধিদেয় লভ্যাংশ শেয়ার উদ্বর্ত পত্রে যেভাবে দেখানো হয়।
- বোনাস শেয়ার বিলি সম্বন্ধে যে যে দাখিলাগুলি করা হয়।
- উদাহরণের সাহায্যে এই এককের সব বিষয় বোঝানো হয়েছে। ওই উদাহরণের সাহায্যে আপনি অনুশীলনীর প্রশ্ন সমাধান করতে পারবেন।

# একক ১১০ ❑ কোম্পানি সমূহের বার্ষিক হিসাব এবং 6নং তপশীল


গঠন

১১০.০ উদ্দেশ্য

১১০.১ কোম্পানির বার্ষিক হিসাবের দলিল

১১০.২ উদ্বর্ত পত্র

১১০.৩ উদ্বর্ত পত্রের আড়াআড়ি ফরম

১১০.৪ উদ্বর্ত পত্রের উলম্ব ফরম

১১০.৫ আড়াআড়ি ফরম অনুসারে একটি সংক্ষিপ্ত আকারের উদ্বর্ত পত্র

১১০.৬ ষষ্ঠ তপশীল অনুসারে সম্পদ ও দায়ের সংবাদ পরিবেশন সম্বন্ধীয় নির্দেশিকা

১১০.৬.১ শেয়ার মূলধন

১১০.৬.২ সঞ্চিতি ও উদ্বৃত্ত

১১০.৬.৩ বন্ধকী ঋণ

১১০.৬.৪ অবন্ধকী ঋণ

১১০.৬.৫ চলতিদায় এবং চলতি ভবিষ্যৎ ব্যবস্থা

১১০.৬.৬ অনিশ্চিত দায়

১১০.৬.৭ স্থায়ী সম্পদ

১১০.৬.৮ বিনিয়োগ লগ্নী সমূহ

১১০.৬.৯ চলতি সম্পদ, ঋণ এবং অগ্রিম

১১০.৬.১০ সম্ভার

১১০.৬.১১ অধমর্ণ সমূহ

১১০.৬.১২ নগদ ও ব্যাংকে জমা

১১০.৬.১৩ ঋণ ও অগ্রিম

১১০.৬.১৪ বিবিধ ব্যয়

১১০.৭ লাভ-লোকসান হিসাব

১১০.৭.১ বিক্রয়

১১০.৭.২ ব্যবহৃত কাঁচামাল, ক্রয়, সম্ভার এবং আংশিক প্রস্তুত দ্রব্য

১১০.৭.৩ কর্মচারীগণের বেতন

১১০.৭.৪ অন্যান্য ব্যয়

১১০.৭.৫ অবচিতি

১১০.৭.৬ ঋণপত্র এবং ঋণের উপর সুদ

১১০.৭.৭ ভবিষ্যৎ ব্যবস্থাসমূহ

১১০.৭.৮ বিনিয়োগ থেকে আয়

১১০.৭.৯ বিনিয়োগ পত্র বিক্রয় জনিত লাভ বা লোকসান

১১০.৭.১০ বিবিধ আয়

১১০.৭.১১ বিশিষ্ট আয়

১১০.৭.১২ হিসাব পদ্ধতির পরিবর্তন

১১০.৭.১৩ আয়ের উপর কর

১১০.৭.১৪ সঞ্চিতি

১১০.৭.১৫ লভ্যাংশ

১১০.৭.১৬ পরিচালনার পারিশ্রমিক

১১০.৭.১৭ নিরিক্ষকের পারিশ্রমিক

১১০.৮ উৎপাদনের ক্ষমতা এবং উৎপাদনের পরিমাণগত সংবাদ

১১০.৯ বৈদেশিক মুদ্রা আয় এবং ব্যয়

১১০.১০ তুলনামূল্য পরিসংখন

১১০.১১ উদাহরণ

১১০.১২ সারাংশ

১১০.১৩ অনুশীলনী

১১০.১৪ গ্রন্থপঞ্জী

## ১১০.০ উদ্দেশ্য

এই এককটি পাঠ সমাপ্ত করে আপনি নিম্নলিখিত বিষয়গুলির ব্যাখ্যা করতে পারবেন :

- কোম্পানির বার্ষিক হিসাবের দলিল কী কী।
- উদ্বর্ত পত্র কাকে বলে।
- 6নং তপশীলের 1নং অংশ হিসাব অনুসারে উদ্বর্তপত্রের আড়াআড়ি ফরম কীরকম হয়।
- 6নং তপশীলের 1নং অংশ অনুসারে উদ্বর্তপত্রের উলম্ব ফরম কীরকম হয়।
- আড়াআড়ি ফরম অনুসারে সংক্ষিপ্ত আকারের উদ্বর্তপত্র কীরকম হয়।
- 6নং তপশীল অনুসারে উদ্বর্তপত্রে সম্পদের সংবাদ কীভাবে পরিবেশন করা হয়।
- 6নং তপশীল অনুসারে উদ্বর্তপত্রে দায়ের সংবাদ কীভাবে পরিবেশন করা হয়।
- লাভ-লোকসান হিসাব কাকে বলে।
- লাভ-লোকসান হিসাবে কী কী বিষয় দেখানো হয় এবং কীভাবে দেখানো হয়।
- উৎপাদনের ক্ষমতা এবং উৎপাদনের পরিমাণগত সংবাদ কীভাবে পরিবেশন করা হয়।
- বৈদেশিক মুদ্রার আয় ও ব্যয় কীভাবে দেখানো হয়।

## ১১০.১ কোম্পানির বার্ষিক হিসাবের দলিল

কোনও কোম্পানির বার্ষিক হিসাবের অন্তর্ভুক্ত দুইটি দলিল হল উদ্বর্তপত্র এবং লাভলোকসান হিসাব। অমুনাফা সন্ধানী কোম্পানির পক্ষে লাভ লোকসান হিসাবের পরিবর্তে আয় ব্যয় হিসাব (Income & expenditure A/c.) তৈয়ার করতে হয়। উদ্বর্তপত্র এবং লাভলোকসান হিসাব 1956 -এর কোম্পানি আইনের 211 ধারা এবং 6নং তপশীল অনুসারে তৈয়ার করতে হয়। 6নং তপশীলের 1নং অংশ অনুসারে তৈয়ার করতে হয় উদ্বর্তপত্র আর 2নং অংশ অনুসারে লাভলোকসান হিসাব তৈয়ার করতে হয়।

## ১১০.২ উদ্বর্তপত্র (Balance Sheet)

কোম্পানির আইনের 211(1) ধারায় বলা হয়েছে যে উর্দ্বর্তপত্রে কোম্পানির সত্য এবং স্পষ্ট (True and Fair) অবস্থা প্রতিফলিত হতে হবে। ব্যাঙ্কিং কোম্পানি, বিমা কোম্পানি, বিদ্যুৎ সরবরাহ কোম্পানির ক্ষেত্রে যাদের জন্য পৃথক পৃথক আইন করা হয়েছে এবং অন্যান্য যে সকল কোম্পানির জন্য কেন্দ্রীয় সরকার বিশেষ আইন প্রণয়ন করেছে সেই সব কোম্পানির ক্ষেত্রে কোম্পানি আইনের 211(1) ধারা প্রযোজ্য হবে না অর্থাৎ এই সকল কোম্পানিকে 211(1) ধারায় বর্ণিত পদ্ধতিতে উদ্ধর্তপত্র প্রণয়ন করতে হবে না। জনসাধারণের স্বার্থে 6নং তপশীলে উল্লিখিত কোনও পদ্ধতির প্রয়োগ হতে রেহাই দিয়ে সরকারি বিজ্ঞপ্তি জারি করতে পারে। কোনও কোম্পানি উদ্বর্তপত্র আড়াআড়ি (Horizontal) অথবা উল্লম্ব (Vertical) পদ্ধতিতে প্রণয়ন করিতে পারে। ঐ উভয় প্রকার পদ্ধতি অনুসারে 6নং তপশীলের 1নং অংশ অনুসারে উদ্বর্তপত্রের নমুনা সংক্ষিপ্ত আকারে নিম্নে বর্ণিত হল :—

## ১১০.৩ আড়াআড়ি ফরম (Horizontal Form)

এর উদ্বর্তপত্র ........................................... তারিখ : .........................................

.....................................................................................................................

| বিগত বৎসরের মূল্য | দায় | বিগত বৎসরের মূল্য | সম্পদ |
|---|---|---|---|
| টাকা | **শেয়ার মূলধন**<br>অনুমোদিত (Authorised).... শেয়ার প্রতিটি টাকা<br>বিলিযোগ্য : (Issued) ... শেয়ার প্রতি শেয়ার ... টাকা<br>বিলিকৃত : (Subscribed) ... শেয়ার-দাবিকৃত (Called up) টাকা ( )<br><br>উপরিলিখিত বিলিকৃত শেয়ারের মধ্যে ... শেয়ার কোনও চুক্তিকৃত শর্ত পূরণের জন্য মূল্য নগদে না পেয়ে পূর্ণ আদায়ী শেয়ার হিসাবে বিলি করা হয়েছে। উপরিলিখিত বিলিকৃত শেয়ারের মধ্যে বোনাস শেয়ার হিসাবে পূর্ণ আদায় শেয়ার বিলি করা হয়েছে।<br>**বাদ** অনাদায়ী মূলধন —<br>(i) সঞ্চালকগণের নিকট পাওনা<br>(ii) অন্যান্য শেয়ার মালিকের নিকট পাওনা<br>যোগ : বাজেয়াপ্ত শেয়ারের উপর প্রদত্ত মৌলিক আদায়ী মূলধন।<br>(Of the above shares .... shares are allotted as fully paid up for a contract without payment received in cash of the above shares ... shares are allotted as fully paid bonus shares) | টাকা | **স্থায়ী সম্পদ** (নিম্নলিখিত হিসাব সমূহের জন্য ব্যয় যতদূর সম্ভব পৃথক পৃথক ভাবে দেখাতে হয়)<br>(ক) সুনাম— (Goodwill)<br>(খ) জমি —(Land)<br>(গ) বাড়ি — (Building)<br>(ঘ) লিজ গৃহীত সম্পদ —<br>(Leasehold properties)<br>(ঙ) রেলে পার্শ্ববর্তী জমি —<br>(Railway Sidings)<br>(চ) যন্ত্রপাতি—<br>(Plant & Machinery)<br>(ছ) আসবাবপত্র —<br>(Furniture & Fixtures)<br>(জ) সম্পত্তি উন্নয়ন —<br>(Development of property)<br>পেটেন্ট ব্যবসায় চিহ্ন ইত্যাদি<br>(Patents and Trade Marks)<br>(ঞ) পশু সম্পদ — (Live stock)<br>(ট) গাড়ী — (Vehicles)<br>প্রভৃতি |

| বিগত বৎসরের মূল্য | দায় | বিগত বৎসরের মূল্য | সম্পদ |
|---|---|---|---|
| | Less : calls in Arrear<br>Add : Forfeited shares (Amount orginally paid up)<br>**সঞ্চিতি এবং উদ্বর্ত**<br>(Reserves & Surplus)<br>(i) মূলধন সঞ্চিতি (Capital Reserve)<br>(ii) মূলধন পরিশোধ সঞ্চিতি (Capital Redemption Reserve)<br>(iii) শেয়ার প্রিমিয়াম হিসাব (অধিদেয়)<br>(Share Premium) | | বিনিয়োগ — (Investments)<br>বিনিয়োগের প্রকৃতি এবং বিনিয়োগের মূল্যায়ন পদ্ধতি অর্থাৎ ক্রয় মূল্য অথবা বাজার দর বিনিয়োগের প্রকার অনুসারে — (Nature of Investments and mode of Valuation: for example cost or market distinguishing between–) |
| | (iv) অন্যান্য সঞ্চিতি, প্রতিটি প্রকার সঞ্চিতির নাম উল্লেখ এবং পরিমাণ —<br>(other Reserves specifying their names and amount in respect there -of) | | ১। সরকারি ঋণপত্র অথবা ন্যাস ঋণপত্র (Government Securities & Trust Securities)<br>২। শেয়ার ঋণপত্র অথবা ঋণবণ্ড<br>৩। স্থাবর সম্পত্তি (Immovable property)<br>৪। অংশীদারি কারবারের মূলধনে বিনিয়োগ (Investment in Capital of partnership firm) |
| | (v) উদ্বৃত্ত যথা লাভ লোকসান হিসাবের লাভ থেকে প্রস্তাবিত লভ্যাংশ অধিদেয় অথবা প্রস্তাবিত সঞ্চিতি তহবিলে স্থানান্তর করবার পরের উদ্বৃত্ত। (Surplus after proposed dividend, proposed Bonus dividend and proposd transfer to Reserves.) | | চলতি সম্পদ, ঋণ এবং অগ্রিম<br>(Current Assts, Loans and Advances)<br>**চলতি সম্পদ :**<br>(১) বিনিয়োগের উপর প্রাপ্য সুদ — (Interest Accrued on Investments) |
| | (vi) সঞ্চিতি তহবিলে প্রস্তাবিত বৃদ্ধি (Proposed addition to Reserves) | | |

| বিগত বৎসরের মূল্য | দায় | বিগত বৎসরের মূল্য | সম্পদ |
|---|---|---|---|
| | **বন্ধকী ঋণ** (Secured Loan)<br>(১) ঋণপত্র (Debenture)<br>(২) ব্যাঙ্ক থেকে ঋণ এবং অগ্রিম — Loans and advances from banks<br>অধীনস্থ অথবা সহায়ক কোম্পানি হতে ঋণ (Loans from Subsidiary Companies)<br>(৪) অন্যান্য ঋণ এবং অগ্রিম<br>(Other loans and Advances)<br><br>**অবন্ধকী ঋণ**<br>(Unsecured Loans)<br>(১) মেয়াদি আমানত (Fixed Deposit)<br>(২) সমপর্যায় কোম্পানির/সহায়ক কোম্পানির নিকট থেকে ঋণ এবং অগ্রিম (Loans and Advances from Subsidiaries) | | (২) যন্ত্রাংশ ইত্যাদি (Stores & Spare parts)<br>(৩) অসমাপ্ত উৎপাদন মূল্য — Works in progress<br>(৪) খুচরা যন্ত্রাংশ — (Loose tools)<br>(৫) অন্তিম সম্ভার— (Closing stock & stock in trade)<br>(৬) অধমর্ণ — (Debtors)<br>(i) ৬ মাসের উর্ধ্বের পাওনা<br>(Debts over a period of 6 months)<br>(ii) অন্যান্য পাওনা বাদ ভবিষ্যৎ ব্যবস্থা<br>(Otherdebts, Less Provisions)<br>(৭) (ক) নগদ তহবিল (Cash in hand)<br>(খ) ব্যাঙ্কে জমা (Cash at Bank)<br>(i) তপশীল ভুক্ত ব্যাঙ্কে (Scheduled Bank)<br>(ii) অন্যান্য ব্যাঙ্ক (Other Banks) |

| বিগত বৎসরের মূল্য | দায় | বিগত বৎসরের মূল্য | সম্পদ |
| --- | --- | --- | --- |
| | | | **ঋণ এবং অগ্রিম** (Loans and Advances) |
| | | | ৮। (ক) সহায়ক প্রতিষ্ঠানে ঋণ এবং অগ্রিম (Loans and Advances to Subsidiaries) |
| | | | (খ) কোনও অংশীদারি কারবার, কোম্পানি অথবা সমপর্যায়ের সহায়ক প্রতিষ্ঠানে অংশীদার হলে সেই অংশীদারি কারবারে প্রদত্ত ঋণ এবং অগ্রিম (Advances and Loans to partnership firm which the company is a partner.) |
| | | | ৯। প্রাপ্য বিনিময় পত্র (Bills Receivable) |
| | | | ১০। নগদ আদায় যোগ্য অগ্রিম অথবা প্রাপ্তব্যের মূল্য- যেমন স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর, কর, বিমা ইত্যাদি (Advances recoverable in cash or kind or for value to be received Rates, Taxes, insurance etc.) |
| | | | ১১। মক্কেলদের নিকট থেকে বকেয়া পাওনা, পোর্ট ট্রাস্টের কাছ থেকে পাওনা — Balances with Customers, Port-Trusts |
| | | | (যখন দাবি মাত্র আদায়যোগ্য) |
| | | | (When payable on demand) |
| | (৩) স্বল্প মেয়াদী ঋণ এবং অগ্রিম (Short term Loans and Advances) | | |
| | (ক) ব্যাঙ্ক থেকে (From Banks) | | |
| | (খ) অন্যান্য সূত্র থেকে (From others) | | |

| বিগত বৎসরের মূল্য | দায় | বিগত বৎসরের মূল্য | সম্পদ |
|---|---|---|---|
| | (৪) অন্যান্য ঋণ এবং অগ্রিম | | |
| | (Other Loans and Advances) | | |
| | (ক) ব্যাঙ্ক থেকে (from Banks) | | |
| | (খ) অন্যান্য সূত্র থেকে (from other sources) | | |
| | **চলতি দায় এবং ভবিষ্যৎ ব্যবস্থা** | | |
| | (Current Liabilities & Provisions) | | |
| | **চলতি দায়** (Current Liabilities) | | |
| | (১) গৃহীত বিনিময় পত্র (Bills payable) | | |
| | (২) উত্তমর্ণ — (Creditors) | | |
| | (৩) সমপর্যায় কোম্পানির নিকট দায় — (Liabilities to Subsidiaries) | | |
| | (৪) অগ্রিম আদায় এবং মূল্য পরিশোধ হয় নি এরূপ অথচ বাট্টা পাওয়া গেছে (Advance payments and unexpired discount for the portion for which value has not yet been given) | | |
| | (৫) অদাবিকৃত লভ্যাংশ — (Unclaimed Dividend) | | |
| | (৬) যদি অন্য কোনও দায় থাকে— (other liabilities if any) | | |
| | (৭) ঋণের উপর অনাদায়ী সুদ — (Interest accrued on loans) | | |
| | ভবিষ্যৎ ব্যবস্থা : (Provisions) | | |
| | (৮) করের জন্য (For taxes) | | |
| | (৯) প্রস্তাবিত লভ্যাংশ (Proposed Dividend) | | |
| | (১০) অনিশ্চিত ব্যয়ের জন্য ভবিষ্যৎ ব্যবস্থা — (Provision for Contingencies) | | |
| | (১১) প্রভিডেন্ট ফান্ড স্কিম | | |
| | (Provident fund Scheme) | | |

| বিগত বৎসরের মূল্য | দায় | বিগত বৎসরের মূল্য | সম্পদ |
|---|---|---|---|
| | (১২) কর্মচারীগণের সুযোগ সুবিধার জন্য কৃতভবিষ্যৎ ব্যবস্থা (Provision for staff benefit Schemes)<br>(১৩) অন্যান্য ভবিষ্যৎ ব্যবস্থা (Other Provisions) নিম্নলিখিত বিষয়গুলি পৃথক পৃথকভাবে দেখিয়ে একটি পাদটীকা দিতে হয়। (A footnote may be added to show the following)<br>(১) কোম্পানির উপর দাবি ঋণ হিসাবে কোম্পানি কর্তৃক স্বীকৃত নয়। (Claims against Company not acknowledged as debt)<br>(২) আংশিক আদায়ীকৃত শেয়ারের উপর অতলবী দায় (Uncalled Liability upon partly paid up shares)<br>(৩) স্থির পুঞ্জীকৃত অগ্রাধিকার লভ্যাংশ বকেয়া (Arrear Cumulative Preference Dividend)<br>(৪) চুক্তির উপর অসম্পাদিত মূলধনী হিসাবে আনুমানিক দায় যার জন্য ভবিষ্যৎ ব্যবস্থা করা হয় নি।<br>(Estimated amount of Contracts remaining to be executed on Capital Account not provided)<br>(৫) অন্যান্য অনিশ্চিত দায় (Contingent liabilities) সাধারণ নিয়ম অনুসারে, যদি কোনও দফায়, অথবা উপদফা বাবদ বিবরণ উপরিলিখিত উদ্বর্তপত্রে সুবিধা জনক ভাবে দেওয়া সম্ভব না হয় তা হলে পৃথক পৃথক তপশীলে সেই বিবরণ দেখাইয়া সেই তপশীল সমূহ উদ্বর্তপত্রের সহিত সংযোজন করতে হবে এবং ঐ তপশীল সমূহ উদ্বর্তপত্রের অংশ হিসাবে গণ্য হবে। | | **বিবিধ খরচ** (Miscellaneous Expenditure)<br>যা এ পর্যন্ত খরচ হিসাবে ধরা হয় নি অথবা সমন্বয় করা হয় নি।<br>(১) কোম্পানি গঠন ব্যয় প্রারম্ভিক ব্যয় (Preliminary Expenses)<br>(২) শেয়ার অথবা ঋণপত্র অবলেখনের জন্য অথবা শেয়ার ক্রয় বাবদ কমিশন, দালালি বাবদ ব্যয়। (Under writing Commission. brokerage etc.)<br>(৩) শেয়ার এবং ঋণপত্র বিলির উপর অবহার (Discount of Issue of Shares and Debentures)<br>(৪) কোম্পানি গঠন সময় (কার্যারম্ভের পূর্বের বাবদ) মূলধন থেকে প্রদত্ত সুদ (সুদের হার উল্লেখ করা প্রয়োজন) (Interest paid on Capital during Construction)<br>(৫) উন্নয়ন ব্যয় যা এখনও সমন্বয় করা হয় নি। (Unadjusted development expenses)<br>(৬) অন্যান্য দফা (প্রকৃতি নির্দেশ করা কর্তব্য)। (Other items specifying nature)<br>লাভ-ক্ষতির হিসাব (ডেবিট জের): (Profit & Loss A/c) – Loss in Debit balance |

## ১১০.৪ উদ্বর্তপত্র উল্লম্ব ফরম (Vertical Form of Balance Sheet)

কোম্পানির নাম ..........................................................................................

উদ্বর্তপত্র ........................................ তারিখ : ........................................

| | তপশীল নং | বর্তমান আর্থিক বৎসরের শেষের অঙ্ক | বিগত বৎসরের আর্থিক বৎসরের শেষের অঙ্ক |
|---|---|---|---|
| **I তহবিলের উৎস** | | | |
| **(Sources of Fund)** | | | |
| ১। শেয়ার মালিকদের তহবিল | | | |
| (Shareholders Fund) | | | |
| (ক) মূলধন (Capital) | | | |
| (খ) সঞ্চিতি এবং উদ্বৃত্ত | | | |
| (Reseves & Surplus) | | | |
| ২। ঋণ তহবিল (Loan Fund) | | | |
| (ক) বন্ধকী ঋণ | | | |
| (Secured Loan) | | | |
| (খ) অবন্ধকী ঋণ | | | |
| (Unsecured Loans) | | | |
| মোট | | | |
| **II তহবিলের প্রয়োগ** | | | |
| **(Application of Funds)** | | | |
| ১। স্থায়ী সম্পদ | | | |
| (Fixed Assets) | | | |
| মোট মূল্য (ক্রয় মূল্য) | | | |
| (Gross Block) | | | |
| বাদ অবচিতি | | | |
| (Less Depreciation) | | | |

| | ফিরিস্তি নং | বর্তমান আর্থিক বৎসরের শেষের অঙ্ক | বিগত বৎসরের আর্থিক বৎসরের শেষের অঙ্ক |
|---|---|---|---|
| নিট-সম্পদ | | | |
| (খ) অসমাপ্ত মূলধনী মূল্য (Capital Work in Progress) | | | |
| (২) বিনিয়োগ (Investments) | | | |
| (৩) চলতি সম্পদ, ঋণ এবং অগ্রিম (Current Assets, Loans and Advances) | | | |
| (ক) মজুত সম্ভার (Inventories) | | | |
| (খ) অধমর্ণ (Debtors) | | | |
| (গ) নগদে ও ব্যাঙ্ক তহবিল (Cash & Bank Balance) | | | |
| (ঘ) অন্যান্য চলতি সম্পদ— (Other Current Assets) | | | |
| (ঙ) ঋণ ও অগ্রিম (Loans & Advances) | | | |
| **বাদ চলতি দায় এবং ভবিষ্যৎ ব্যবস্থা (Less Current Liabilities and provisions)** | | | |
| (ক) দায় (Liabilities) | | | |
| (খ) ভবিষ্যৎ ব্যবস্থা (Provisions) | | | |
| নিট চলতি সম্পদ — (Net Current Assets) | | | |

| | ফিরিস্তি নং | বর্তমান আর্থিক বৎসরের শেষের অঙ্ক | বিগত আর্থিক বৎসরের শেষের অঙ্ক |
|---|---|---|---|
| (ক) বিবিধ ব্যয় যা লাভ লোকসান হিসাবে বাদ দেওয়া হয় নি অথবা সমন্বয় করা হয় নি। (Miscellaneous expenses not yet adjusted or Written off) | | | |
| (খ) লাভ ক্ষতির হিসাব (ডেবিট জের): (Profit & Loss A/c Debit Balance) | | | |
| মোট — | | | |

**দ্রষ্টব্য :**

(১) উদ্বর্তপত্রে উল্লিখিত সম্পদ বা দায়ের প্রত্যেক দফার জন্য পৃথক তপশীল প্রস্তুত করতে হয়। প্রলম্ব উদ্বর্তপত্রে যে তথ্যাদি দেখানো প্রয়োজন এবং যে সকল বিশ্লেষণ প্রয়োজন তা উল্লম্ব উদ্বর্তপত্রে তপশীলের মধ্যে দেখাইতে হয়।

(২) তপশীল সমূহ এবং বিশ্লেষণ মূলক তথ্য সমূহ উদ্বর্ত পত্রের অংশ হিসাবে গণ্য হয়।

(৩) উদ্বর্তপত্রে যে সংখ্যা দেওয়া হয় তা ০০০ অথবা ০০ পরিমাপে দেওয়া প্রয়োজন অথবা সংখ্যা সমূহ সহস্রের দশমিক বিন্দু দ্বারাও দেখানোযেতে পারে।

(৪) অনিশ্চিত দায় সমূহ একটি পাদটীকায় দেখিয়ে, ঐ পাদটীকা উদ্বর্তপত্রে সংযোজন করতে হয়।

## ১১০.৫ আড়াআড়ি ফরম অনুসারে প্রস্তুত একটি সংক্ষিপ্ত আকারের উদ্বর্তপত্র

| দায় | সম্পদ |
|---|---|
| শেয়ার মূলধন (Share Capital) | স্থায়ী সম্পদ (Fixed Assets) |
| সঞ্চিতি এবং উদ্বৃত্ত (Reserves & Surplus) | বিনিয়োগ (Investments) |
| বন্ধকী ঋণ (Secured Loans) | চলতি সম্পদ-ঋণ এবং অগ্রিম (Current Assets & Advances) |
| অবন্ধকী ঋণ (Unsecured Loans) | (ক) চলতি সম্পদ (Current Assets) |
| চলতি দায় এবং ভবিষ্যৎ ব্যবস্থা (Current Liabilities & Provisions) | (খ) ঋণ এবং অগ্রিম (Loans and Advances) |
| (ক) চলতি দায় (Current Liabilites) | **বিবিধ ব্যয়** (Miscellaneous Expenditure) |
| (খ) ভবিষ্যৎ ব্যবস্থা (Provisions) | লাভ ক্ষতির হিসাব (ডেবিট জের) (Profit & Loss A/c. Debit Balance) |
| অনিশ্চিত দায়ের জন্য পাদটীকা ( A Foot note for Contingent liabilities) | |

**Note :** (1) Details of each of the abovementioned items shall be given in separate schedules.

The Schedules shall incorporate all information required to be given under Horizontal Form read with notes containing general instructions for preparation of Balance Sheet.

(2) The Schedules referred to above, accounting policies and explanatory notes that may be attached shall form part of the Balance sheet.

(3) The figures in the Balance sheet may be rounded off to the nearest '000' or '00' as may be convenient or may be expressed in terms of decimals of thousand.

(4) A footnote to the Balance sheet may be added to show separately Contingent liabilities.

## ১১০.৬ ষষ্ঠ তপশীল অনুসারে সম্পদ এবং দায়ের প্রকাশ সম্বন্ধীয় নির্দেশিকা

প্রথম অংশের ষষ্ঠ তালিকায় প্রত্যেক সম্পদ এবং দায়ের প্রকাশ সম্বন্ধীয় নির্দেশাবলী নিম্নে বর্ণনা করা হল :

### ১১০.৬.১ শেয়ার মূলধন :

১। বিভিন্ন শ্রেণীর শেয়ারের সংখ্যা এবং প্রতি শেয়ারের নামিক/আঙ্কিক মূল্য পৃথক ভাবে উল্লেখ করে অনুমোদিত মূলধনের পরিমাণ (Authorised Capital) উল্লেখ করতে হবে।

২। বিভিন্ন শ্রেণীর শেয়ারের সংখ্যা এবং প্রতি শেয়ারের আঙ্কিক নামিক মূল্য পৃথকভাবে উল্লেখ করে বিলিকৃত শেয়ারের পরিমাণ উল্লেখ করতে হবে। (Subscribed Capital)

৩। বিভিন্ন শ্রেণীর শেয়ারের সংখ্যা, প্রতি শেয়ারের আঙ্কিক মূল্য এবং তার মধ্যে বিভিন্ন শ্রেণীর প্রতি শেয়ারের উপর তলবী অংশের উল্লেখ করতে হবে। (Called up Capital)

৪। যদি কোনও শেয়ার নগদ অর্থ ভিন্ন অন্য কোনও চুক্তি শর্ত পূরণ করবার জন্য বিলি করা হয় তা হলে তা বিলিকৃত মূলধনের (Subscribed Captial) অধীনে পৃথকভাবে দেখাতে হবে।

৫। যদি কোনও শেয়ার পূর্ণ আদায়ীকৃত বোনাস শেয়ার (Fully paid up Bonus Shares) হিসাবে বিলি করা হয়ে থাকে তা হলে তার সংখ্যা বিলিকৃত মূলধনের অধীনে পৃথকভাবে দেখাতে হবে এবং ঐ বোনাস শেয়ার কোন তহবিল থেকে সংস্থান করা হয়েছে তাও উল্লেখ করতে হবে।

৬। তলবী মূলধনের মধ্যে অনাদায়ী মূলধন থাকলে (Unpaid Capital) তা তলবী মূলধন থেকে বাদ দিয়ে দেখাতে হবে। অনাদায়ী মূলধনের (Unpaid Captial) মধ্যে পরিচালক মণ্ডলীর সদস্যের অনাদায়ী এবং অপর সদস্যদের অনাদায়ী মূলধন পৃথকভাবে দেখাতে হবে।

৭। বাজেয়াপ্তকৃত শেয়ারের উপর আদায়ীকৃত অর্থ আদায়ীকৃত মূলধনের সঙ্গে যোগ করে দেখাতে হবে, কিন্তু যদি ঐ শেয়ার পুনরায় বিলি (Reissue) করা হয় তা হলে পুনর্বিলি জনিত মুনাফা মূলধনী সঞ্চিতি (Capital Reserve) হিসাবে দেখাতে হবে।

৮। অবিলিকৃত শেয়ার মূলধনের উপর কোম্পানির কোনও বিশেষ অধিকার (Option) থাকলে তার বিশদ বিবরণ দিতে হবে। উদাহরণ স্বরূপ উল্লেখ করা যেতে পারে যে যদি ঋণপত্রের অধিকারীগণের (Debenture holders) কোম্পানির অবিলিকৃত শেয়ার (Equity Share) নির্দিষ্ট সময়ের মধ্যে ক্রয় করবার বিকল্প অধিকার থাকলে ঐ নির্দিষ্ট সময় অতিক্রান্ত হবার পূর্বে ঐ প্রকার অবিলিকৃত শেয়ার বিলি করা যাবে না। উদ্বর্তপত্রে একটি পাদটীকা দিয়ে এইরূপ বিকল্প অধিকারের কথা উল্লেখ করতে হবে।

৯। পরিশোধযোগ্য অগ্রাধিকার যুক্ত শেয়ারের (Redeemable Preference Shares) ক্ষেত্রে পরিশোধের অথবা ঐ প্রকার শেয়ার রূপান্তর (Conversion) করবার শর্ত থাকলে তা উল্লেখ করতে হবে এবং পরিশোধযোগ্য অগ্রাধিকার যুক্ত শেয়ার কতদিন নাগাদ পরিশোধ করা হবে অথবা অন্য কোনও প্রকার শেয়ারে রূপান্তর করা যাবে তার উল্লেখ করতে হবে।

১০। যদি বিভিন্ন শ্রেণীর অগ্রাধিকার যুক্ত শেয়ার বিলি করা হয়ে থাকে তা হলে প্রতি শ্রেণীর শেয়ারের বিশদ বিবরণ পৃথকভাবে দিতে হবে।

১১। সহায়ক অথবা অধীনস্থ কোম্পানির ক্ষেত্রে (Subsidiaries) হোল্ডিং কোম্পানি (Holding Company) কর্তৃক অধিকৃত শেয়ারের সংখ্যা পৃথকভাবে দেখাতে হবে।

## ১১০.৬.২ সঞ্চিতি এবং উদ্বৃত্ত (Reserve & Surplus)

সঞ্চিতি এবং উদ্বৃত্ত সম্বন্ধে নিম্নলিখিত তথ্য উদ্বর্তপত্রে প্রকাশ করতে হবে :

১। সঞ্চিতি এবং উদ্বৃত্তকে নিম্নলিখিত ভাবে ভাগ করে দেখতে হয় :

(i) মূলধনী সঞ্চিতি (Capital Reserve), (ii) মূলধন পরিশোধ সঞ্চিতি (Capital Redemption Reserve), (iii) শেয়ার অধিহার হিসাব (Share Premium Account), (iv) অন্যান্য সঞ্চিতি, তাদের প্রকৃতি এবং তাদের মধ্যে কোন হিসাবে কত পরিমাণ অর্থ আছে তার উল্লেখ করতে হয়, (v) উদ্বৃত্ত (Surplus) : এর মধ্যে লাভ লোকসান হিসাবে (Profit & Loss A/c) বণ্টন যোগ্য মুনাফা, (মুনাফা থেকে সাধারণ সঞ্চিতি হিসাবে স্থানান্তর করবার পর যা অবশিষ্ট থাকে তা) (vi) সাধারণ সঞ্চিতি হিসাবে বর্তমান বৎসরের মুনাফা থেকে কত স্থানান্তর করা হয়েছে, (vii) ঋণ পরিশোধ তহবিলে কত টাকা স্থানান্তর করা হয়েছে, উদ্বর্তপত্রে এদের উল্লেখ করতে হয়।

২। প্রত্যেক সঞ্চিতি হিসাবে বিগত বৎসরের উদ্বর্তপত্রের তারিখ থেকে সঞ্চিতির সংযোজন, সঞ্চিতি থেকে বাদ/ছাঁট (deduction) উদ্বর্তপত্রে দেখাতে হয়।

৩। শেয়ার অধিহার (Share Premium) হিসাবের অর্থ ব্যবহার করা হলে ব্যবহারের পূর্ণ বিবরণ ঐ বছরের উদ্বর্তপত্রে উল্লেখ করতে হয়।

৪। লাভ-ক্ষতির হিসাবে যদি হিসাব বর্ষে লোকসান হয়ে থাকে তা হলে ঐ লোকসান মুক্ত/সাধারণ সঞ্চিতি (General Reserve) অর্থাৎ যে সঞ্চিতি নির্দিষ্ট কোনও উদ্দেশ্যে ব্যয় হয় না, তা থেকে বাদ দিয়ে দেখাতে হয়।

তপশীল (vi) -এর (iii) নং অংশে সঞ্চিতির ব্যাখ্যা নেতিবাচক! এই অংশের (7) অনুচ্ছেদ অনুসারে লাভক্ষতির হিসাবে কোনও অবচিতি (Depreciation) অথবা অবচিতির ভবিষ্যৎ ব্যবস্থা (Provision for Depreciation) অথবা কোনও নির্দিষ্ট দায় পরিশোধের জন্য ভবিষ্যৎ ব্যবস্থা (Provision) হিসাবে স্থানান্তর করা বিষয়গুলি সঞ্চিতির অন্তর্ভুক্ত হবে না। উক্ত (7) অনুচ্ছেদ অনুসারে 'ভবিষ্যৎ ব্যবস্থা' বলতে অবচিতি পূরণ করবার জন্য, কোনও সম্পদ থেকে (পুনর্মূল্যায়ন জনিত) লোকসান পূরণ করবার জন্য অথবা কোনও নিশ্চিত দায় যার প্রকৃত পরিমাণ অনিশ্চিত তার জন্য পৃথকভাবে সরিয়ে রাখা টাকার অঙ্ককে বুঝায়। তবে যদি ভবিষ্যৎ ব্যবস্থার (Provision) পরিমাণ ন্যায় সঙ্গত পরিমাণের অতিরিক্ত মনে হয় সেই অতিরিক্ত পরিমাণ ভবিষ্যৎ ব্যবস্থা 'সঞ্চিতি' হিসাবে গণ্য করা হবে। সঞ্চিতি দুই প্রকার—মূলধনী সঞ্চিতি (Capital Reserve) এবং 'মুনাফাজাতীয় সঞ্চিতি' (Revenue Reserve)। 'মূলধনী সঞ্চিতি' লাভ লোকসান হিসাবের মাধ্যমে বণ্টন করা যাবে না। যা 'মূলধনী সঞ্চিতি' নয় তাই 'মুনাফাজাতীয় সঞ্চিতি' (Revenue Reserve)। কোনও সঞ্চিতির সঙ্গে তহবিল (Fund) শব্দটি যুক্ত থাকলে বুঝতে হবে সঞ্চিতির অর্থ বিনিয়োগ করা আছে।

## ১১০.৬.৩ জামানতী/বন্ধকী ঋণ (Secured Loan)

উদ্বর্তপত্রে যে ভাবে বন্ধকী ঋণ বা জামানতী ঋণ দেখাতে হয় তা নিম্নে উল্লেখ করা হল :

১। জামানতী/বন্ধকী ঋণ নিম্নলিখিত ভাগে ভাগ করা যায়— (i) ঋণপত্র (Debenture), (ii) ব্যাঙ্ক থেকে ঋণ এবং অগ্রিম (Bank Loan & Advances), (iii) সহায়ক অধীনস্থ কোম্পানি থেকে ঋণ এবং অগ্রিম (Loans and Advances from subsidiary Companies), (iv) অন্যান্য ঋণ এবং অগ্রিম (Other loans & Advances)।

২। পরিচালক মণ্ডলীর কোনও সদস্যের নিকট থেকে গৃহীত ঋণ অথবা অগ্রিম পৃথক ভাবে দেখাতে হয়, তবে ঐ ঋণ অথবা অগ্রিম যদি ঋণপত্রের বিনিময়ে হয় তা হলে পৃথক ভাবে দেখাতে হয় না।

৩। জামানতী অথবা বন্ধকী ঋণের উপর প্রদেয় বকেয়া সুদ 'জামানতী/বন্ধকী ঋণের শিরোনামের মধ্যে উপযুক্ত উপ-শিরোনামে দেখাতে হয়। যদি বকেয়া না হয় তা হলে ঐ প্রদেয় সুদ চলতি দায় হিসাবে দেখাতে হবে।

৪। প্রত্যেক জামানতী/বন্ধকী ঋণের জন্য যে সম্পদ জামানত/বন্ধক রাখা হয় তা বিশেষরূপে দেখাতে হবে।

৫। যদি কোনও ঋণের জন্য পরিচালক মণ্ডলীর কোনও সদস্য অথবা কোম্পানির ব্যবস্থাপক (Manager) জামিন দিয়ে থাকেন তা হলে ঐ জামিন যে ঋণের জন্য দেওয়া হয়েছে তা এবং জামিনের মোট পরিমাণ ঐ প্রকার ঋণের অধীনে দেখাতে হয়।

৬। উপরিলিখিত তথ্য ব্যতীত কোম্পানির বিলিকৃত ঋণপত্র সম্বন্ধে নিম্নলিখিত বিশেষ তথ্যের উল্লেখ করতে হয়।

(i) ঋণপত্র পরিশোধের অথবা ঋণপত্র রূপান্তরের (Conversion) কোনও শর্ত থাকলে এবং ঋণ কত সত্বর শোধ করা হবে তা বিলিকৃত ঋণপত্রের সঙ্গে উল্লেখ করতে হবে।

(ii) পরিশোধ কৃত ঋণপত্র (Redeemed Debenture) পুনরায় বিলি করবার অধিকার থাকলে তার বিশদ বিবরণ দিতে হয়।

(iii) ঋণপত্র যদি কোনও মনোনীত ব্যক্তি (Nominee) অথবা কোনও ন্যাস (Trust) দ্বারা অধিকৃত হয় তা হলে ঐ সকল ঋণপত্রের আঙ্কিক মূল্য এবং কোম্পানির হিসাবে (Accounts) তার মূল্য কী তা উল্লেখ করতে হয়।

(iv) কোনও ঋণের জন্য জামানত বাবদ কত টাকার ঋণপত্র জামিন রাখা হয়েছে তাও উল্লেখ করতে হয়।

## ১১০.৬.৪ জামানতহীন বা বন্ধকহীন (Unsecured Loans)

বন্ধকহীন ঋণ নিম্নলিখিত ভাগে দেখাতে হয়

১। (i) মেয়াদি আমানত (Fixed Deposit), (ii) সহায়ক কোম্পানি অথবা অধীনস্থ কোম্পানির (Subsidiary Company) কাছ থেকে ঋণ এবং অগ্রিম (Loans & Advances from

Subsidiaries), (iii) স্বল্পমেয়াদি ঋণ ও অগ্রিম— (ক) ব্যাঙ্কের থেকে, (খ) সহায়ক/অধীনস্থ কোম্পানির থেকে, (গ) অন্যান্য উৎস থেকে (স্বল্প মেয়াদি ঋণ এবং অগ্রিম বলতে উদ্বর্তপত্রের তারিখ থেকে এক বৎসরের মধ্যে পরিশোধীয় ঋণ এবং অগ্রিমকেই বুঝায়)।

২। কোম্পানি ব্যবস্থাপক (Manager) অথবা কোম্পানির পরিচালকমণ্ডলীর কোনও সভ্যের (a member of the Board of Directors) কাছ থেকে গৃহীত ঋণ এবং অগ্রিম পৃথকভাবে দেখাতে হয়।

৩। অজামানতী/অবন্ধকী ঋণের উপর সুদ যদি প্রদেয় এবং বকেয়া হয় তা হলে অজামানতী অথবা অবন্ধকী ঋণের অধীনে পৃথকভাবে উল্লেখ করতে হয়।— কিন্তু সুদ প্রদেয় কিন্তু বকেয়া নয় এরূপ সুদ চলতি দায়ের অধীনে দেখাতে হয়।

৪। যদি কোনও অজামানতী/অবন্ধকী ঋণের জন্য পরিচালকমণ্ডলীর কোনও সদস্য অথবা কোম্পানির ব্যবস্থাপক জামিন থাকেন তা হলে, ঐরূপ ঋণের পরিমাণ সহ মোট জামিনের উল্লেখ পৃথকভাবে দেখাতে হয়। মেয়াদি আমানতের (Fixed Deposit) বেলায় এই শর্ত প্রযোজ্য নয়।

## ১১০.৬.৫ চলতি দায় এবং চলতি ভবিষ্যৎ ব্যবস্থা (Current Liabilities & Provisions)

চলতি দায় এবং চলতি ভবিষ্যতের প্রকৃতি নির্ণয় করবার জন্য একে (চলতি দায় এবং চলতি ভবিষ্যৎকে) নিম্নলিখিত ভাগে ভাগ করে দেখাতে হয় : চলতি দায় (Current Liabilities) (i) গৃহীত বিনিময়পত্র/স্বীকৃত হুণ্ডি (Bills Payable/Acceptances), (ii) উত্তমর্ণগণের নিকট দায় (Creditors), (iii) সহায়ক কোম্পানি/অধীনস্থ কোম্পানির নিকট দায়, (iv) অগ্রিম প্রদত্ত অর্থ (Advance Payments Received) এবং অনুত্তীর্ণ বাট্টা (Unexpired Discounts), (v) অদাবিকৃত লভ্যাংশ, (vi) অন্যান্য দায় (যদি থাকে), (vii) ঋণের উপর প্রদেয় সুদ/ ভবিষ্যৎ ব্যবস্থা (provisions), (viii) করের জন্য ব্যবস্থা, (ix) প্রস্তাবিত লভ্যাংশ, (x) অনিশ্চিত দায়ের (Contingencies) জন্য ভবিষ্যৎ ব্যবস্থা, (xi) কর্মচারীগণের ভবিষ্য-নিধির জন্য সংস্থান (Contribution to Provident fund of Employees), (xii) কর্মচারীগণের অবসরকালীন সুযোগ (Post-Retirement Benefit) যেমন জীবন বিমার জন্য ব্যবস্থা (Provision for life Insurance of employees), অবসর কালীন ভাতা (Pension) এবং কর্মচারীগণের কল্যাণ তহবিলের জন্য সংস্থান (Staff benefit Scheme), (xiii) অন্যান্য ভবিষ্যৎ ব্যবস্থা (other provisions)।

কোনও সম্পদের উপর অবচিতি ব্যবস্থা (Provision for Depreciation), অথবা কোনও সম্পদের পূর্ণ মূল্যায়নজনিত লোকসান, সংশ্লিষ্ট সম্পত্তির মূল্য থেকে বাদ দিয়ে দেখানো হয়। কুঋণের জন্য ভবিষ্যৎ ব্যবস্থা (Provision for Bad Debet) অধমর্ণের কাছ থেকে পাওনা মূল্য থেকে বাদ দিয়ে দেখানো হয়।

## ১১০.৬.৬ অনিশ্চিত দায় : (Contingent Liabilities)

অনিশ্চিত দায় নিম্নলিখিত ভাবে দেখাতে হয়—

১। যে অনিশ্চিত দায়ের জন্য ভবিষ্যৎ ব্যবস্থা করা হয়েছে সেই অনিশ্চিত দায় উদ্বর্তপত্রের মূল (Main) অংশে ভবিষ্যৎ-ব্যবস্থার (Provisions) অধীন দেখাতে হয়।

২। যে সকল অনিশ্চিত দায়ের জন্য কোনও ভবিষ্যৎ ব্যবস্থা করা হয় নি তা উদ্বর্তপত্রে পৃথক পৃথকভাবে দেখিয়ে একটি পাদটীকা সমেত দেখাতে হয় : যেমন (i) কোম্পানি থেকে পাওনা কোনও দেনা যা কোম্পানি এখনও স্বীকার করে নি, (ii) সমস্ত আংশিক আদায়ী শেয়ারের উপর বাকি পরিমাণ মূল্য যা দাবি করা হয় নি, (iii) বকেয়া পুঞ্জীকৃত লভ্যাংশ (Unpaid Dividend on Cumulative Preference shares), (iv) মূলধনী হিসাবে অসম্পাদিত চুক্তির অনুমিত মূল্য (যার জন্য ভবিষ্যৎ ব্যবস্থা করা হয় নি), (v) কোম্পানির অন্যান্য প্রকার অনিশ্চিত দায়।

৩। পুঞ্জীকৃত অগ্রাধিকার শেয়ারের উপর বকেয়া লভ্যাংশের ক্ষেত্রে প্রাপ্য লভ্যাংশের পরিমাণ উল্লেখ করতে হয়। যদি বিভিন্ন প্রকার অগ্রাধিকার শেয়ার বিলি হয়ে থাকে তা হলে প্রত্যেক প্রকার অগ্রাধিকার শেয়ারের উপর বকেয়া লভ্যাংশের পরিমাণ পৃথক পৃথক ভাবে দেখাতে হয়। আয়করের পরিমাণ বাদ দেওয়ার পূর্বের লভ্যাংশ দেখাতে হয়। আয়কর মুক্ত লভ্যাংশের ক্ষেত্রে লভ্যাংশের পরিমাণ আয়কর মুক্ত এটা উল্লেখ করে লভ্যাংশের পরিমাণ দেখাতে হয়।

৪। যদি কোম্পানির পরিচালকমণ্ডলীর কোনও সদস্য অথবা কোম্পানির কোনও অধিকারিকের পক্ষে কোনও জামিন দেওয়া হয়ে থাকে তা হলে জামিনের পরিমাণ যদি উল্লেখযোগ্য হয় তা উল্লেখ করে অনিশ্চিত দায় হিসাবে অনিশ্চিত দায়ের অধীনে দেখাতে হয়।

## ১১০.৬.৭ স্থায়ী সম্পদ :

স্থায়ী সম্পদ সমূহ নিম্নলিখিতভাবে দেখাতে হয়—

১। স্থায়ী সম্পদসমূহের জন্য ব্যয় পৃথক পৃথক ভাবে শ্রেণীবদ্ধ করে দেখাতে হয়, (ক) সুনাম, (খ) জমি, (গ) বাড়ি, (ঘ) ইজারাধীন সম্পত্তি, (ঙ) রেলওয়ে সাইডিং, (চ) কলকব্জা ও যন্ত্রপাতি, (ছ) আসবাবপত্র, (জ) সম্পত্তি উন্নয়ন বাবদ ব্যয়, (ঝ) পেটেন্ট, পণ্যচিহ্ন, নমুনা ইত্যাদি, (ঞ) পশু সম্পদ এবং (ট) মোটর গাড়ি ইত্যাদি।

২। প্রত্যেকটি সম্পদের ক্রয় মূল্য, তার সঙ্গে হিসাব বর্ষে কত মূল্যের সম্পদ যোগ করা হয়েছে এবং তা থেকে কত মূল্যের সম্পদ অবচিতি বাবদ বাদ দেওয়া হয়েছে তা দেখাতে হয়।

৩। যখন সম্পদের ক্রয় মূল্য নির্ধারণ অত্যন্ত ব্যয়বহুল এবং অতিরিক্ত সময় সাপেক্ষ হয়, সেক্ষেত্রে কোম্পানি আইন বলবৎ হওয়ার দিনে সম্পদের যে মূল্য ছিল তা দেখাতে হয়। যদি এরূপ কোনও সম্পদ বিক্রয় হয়ে থাকে তা হলে সম্পূর্ণ বিক্রয় মূল্যই ঐ সম্পদ থেকে বাদ দিতে হয়।

৪। কোনও সম্পদ বিদেশ থেকে আমদানি করা হলে বিদেশি মুদ্রার বিনিময় হারের পরিবর্তনের ফলে কোম্পানির যে দায় দাঁড়াবে তা-ই দেখাতে হয়। কোনও সম্পদ অধিকারের জন্য বৈদেশিক ঋণ গ্রহণ করা হলে মুদ্রা বিনিময় হার অনুসারে কোম্পানির যে দায় বর্তাবে তা দেখাতে হয়।

৫। স্থায়ী সম্পদের ক্রয় মূল্য থেকে এ যাবৎ মোট অবচিতি অথবা অবচিতির জন্য ভবিষ্যৎ ব্যবস্থা সম্পূর্ণ বাদ দিয়ে সম্পদের মূল্য দেখাতে হয়। যদি অবচিতি অথবা অবচিতির ভবিষ্যৎ ব্যবস্থা অন্যায্য ভাবে বেশি দেখানো হয়ে থাকে তা হলে অতিরিক্ত অবচিতি অথবা অবচিতির ভবিষ্যৎ ব্যবস্থা মূলধনী সঞ্চিতি হিসাবে গণ্য করা হবে এবং অতিরিক্ত অবচিতি অথবা অবচিতির ভবিষ্যৎ ব্যবস্থা মূলধনী সঞ্চিতি হিসাবেই উদ্বর্তপত্রে দেখাতে হয়।

৬। মূলধন হ্রাস (Reduction of Capital) অথবা সম্পদ পুনর্মূল্যায়ন জনিত লোকসানের ক্ষেত্রে উদ্বর্তপত্রে সম্পদের ক্রয় মূল্যের পরিবর্তে মূলধন হ্রাস জনিত মূল্য অথবা পুনর্মূল্যায়ন পরবর্তী মূল্য দেখাতে হয়। অনুরূপ ভাবে সম্পদের পুনর্মূল্যায়ন জনিত সম্পদের মূল্য বৃদ্ধি ঘটলে উদ্বর্তপত্রে সম্পদের মূল্য ক্রয়মূল্যের পরিবর্তে বর্ধিত মূল্যেই দেখাতে হয়। সম্পদের মূল্য হ্রাস অথবা বৃদ্ধি পাওয়ার তারিখ উদ্বর্তপত্রে উল্লেখ করতে হয়।

৭। সম্পদের মূল্য হ্রাস অথবা বৃদ্ধি করবার পরবর্তী পাঁচ বছর প্রতি উদ্বর্তপত্রে সম্পদের মূল্যহ্রাসের অথবা মূল্যবৃদ্ধির পরিমাণ উল্লেখ করতে হয়।

## ১১০.৬.৮ বিনিয়োগ/লগ্নি সমূহ (Investments) :

কোম্পানির বিনিয়োগসমূহ উদ্বর্তপত্রে নিম্নলিখিতভাবে দেখাতে হয়।

১। বিনিয়োগ সমূহকে নিম্নলিখিত ভাবে শ্রেণীবদ্ধ করে দেখানো উচিত— (ক) সরকারি ঋণপত্র অথবা ন্যাস ঋণপত্র; (খ) শেয়ার, ঋণপত্র; (গ) অস্থাবর সম্পত্তি (Movable Property) এবং (ঘ) কোনও অংশীদারি ব্যবসায়ে বিনিয়োগ।

২। বিনিয়োগের প্রকৃতি স্পষ্টভাবে উল্লেখ করতে হয়। বিনিয়োগের মূল্যায়নের ভিত্তি ক্রয়মূল্য অথবা বাজার দর উল্লেখ করতে হয়।

৩। শেয়ার বাজারে নথিভুক্ত বিনিয়োগের পরিমাণ এবং উহার বাজারমূল্য এবং শেয়ারবাজারে নথিভুক্ত নয় এরূপ বিনিয়োগের মোট পরিমাণ পৃথকভাবে উল্লেখ করতে হয়।

৪। বিভিন্ন প্রকার শেয়ারে বিনিয়োগের পরিমাণ পৃথক পৃথক ভাবে দেখাতে হয় এবং তার মধ্যে পূর্ণ আদায়ীকৃত ও আংশিক আদায়ীকৃত শেয়ারের মূল্যও পৃথক পৃথক ভাবে উল্লেখ করতে হয়।

৫। সহায়ক কোম্পানি অথবা অধীনস্থ কোম্পানিতে বিনিয়োগের ক্ষেত্রে উপরোক্ত ৪ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্যাদির উল্লেখ করতে হয়।

৬। বিনিয়োগসমূহের একটি পূর্ণ বিবরণ উদ্বর্তপত্রের সঙ্গে যুক্ত করতে হয়।

এই বিবরণীতে নিম্নলিখিত তথ্য দিতে হয় —

(ক) বাণিজ্যিক বিনিয়োগ (Trade Investments) এবং অন্যান্য প্রকার বিনিয়োগ পৃথক ভাবে শ্রেণী বিভাগ করতে হয়। বাণিজ্যিক বিনিয়োগ বলতে এটাই বুঝায় যে কোম্পানি সহায়ক কোম্পানি অথবা অধীনস্থ কোম্পানি বাদে অন্যান্য কোম্পানি শেয়ারে বা ঋণপত্রে বাণিজ্যিক উদ্দেশ্যে বিনিয়োগ করা হয়েছে। এর দ্বারা বিনিয়োগকৃত কোম্পানি ব্যবসায়ের পরিধি এবং ব্যবসায়ের লাভ বাড়াবার জন্য অন্যান্য সম্পদে বিনিয়োগ করে থাকে।

(খ) উক্ত বিবরণ পত্রে যে কোম্পানির শেয়ারে অথবা ঋণপত্রে বিনিয়োগ করা হয়েছে সেই কোম্পানিসমূহের নাম উল্লেখ করতে হয়। একই পরিচালনাধীন একাধিক কোম্পানিতে বিনিয়োগ করা হয়ে থাকলে যে যে কোম্পানিতে বিনিয়োগ করা হয়েছে পৃথক পৃথক ভাবে তাদের নাম উল্লেখ করতে হয়।

(গ) উক্ত বিবরণ পত্রে উদ্বর্তপত্রের তারিখে বিনিয়োগগুলির অস্তিত্ব থাকুক বা নাই থাকুক হিসাব বর্ষের মধ্যে যে সকল কোম্পানিতে বিনিয়োগ করা হয়েছে তার নাম উল্লেখ করতে হয়। প্রত্যেকটি ক্ষেত্রে বিনিয়োগের প্রকৃতি এবং পরিমাণ উল্লেখ করা প্রয়োজন। বিনিয়োগপত্র ক্রয় বিক্রয় করাই কোম্পানির একমাত্র কাজ হলে সেই সকল কোম্পানির ক্ষেত্রে যে সকল কোম্পানির বিনিয়োগের উদ্বর্তপত্রের তারিখে অস্তিত্ব আছে সেই কোম্পানি সমূহের উল্লেখ করলেই চলে।

(ঘ) যদি কোনও অংশীদারি কারবারে মূলধন যোগাতে বিনিয়োগ করা হয় তা হলে সেই অংশীদারি কারবারের নাম, ঐ সকল অংশীদারি কারবারের অংশীদারগণের নাম, অংশীদারী কারবারের মালিকগণের নাম, সেই কারবারের মোট মূলধন এবং প্রত্যেক অংশীদারের লাভ/লোকসানের অংশের উল্লেখ করতে হয়।

## ১১০.৬.৯ চলতি সম্পদ, ঋণ এবং অগ্রিম (Current Assets, Loans and Advances)

চলতি সম্পদ, ঋণ এবং অগ্রিম নিম্নলিখিত পদ্ধতিতে উল্লেখ করতে হয়।

১। চলতি সম্পদ সমূহকে নিম্নলিখিতভাবে শ্রেণীবদ্ধ করে দেখাতে হয়। (ক) বিনিয়োগের উপর অর্জিত সুদ, (খ) খুচরা যন্ত্রাংশ, (গ) কারিগরণের জন্য যন্ত্রাংশ সমূহ, (ঘ) অন্তিম সম্ভার, (ঙ) অসমাপ্ত উৎপাদিত দ্রব্যের মূল্য (work in progress), (চ) অধমর্ণ সমূহ এবং (ছ) নগদ এবং ব্যাঙ্কে জমা।

**বিনিয়োগের উপর অর্জিত সুদ :** বিনিয়োগের উপর অর্জিত সুদের মধ্যে উদ্বর্তপত্রের তারিখের মধ্যে সহায়ক কোম্পানি অথবা অধীনস্থ কোম্পানি কর্তৃক ঘোষিত লভ্যাংশ ধরা হবে না। অবশ্য যদি সেই লভ্যাংশ উদ্বর্তপত্রের তারিখের পূর্ববর্তী সময়ের জন্য ঘোষিত হয়, তা হলে সেই অর্জিত সুদের সঙ্গে যোগ করা যায়।

### ১১০.৬.১০ সম্ভার (Inventories)

সম্ভারের বিভিন্ন উপাদান পৃথক পৃথক শ্রেণী বিভাগ করে দেখাতে হয় যেমন খুচরা সম্ভার এবং যন্ত্রাংশ, ছোটখাটো যন্ত্রপাতি, অন্তিম সম্ভার এবং অসমাপ্ত উৎপাদিত দ্রব্যের মূল্য। এই সম্পদসমূহের মূল্যায়নের ভিত্তি উল্লেখ করা প্রয়োজন, তবে খুচরা যন্ত্রাংশের ক্ষেত্রে এর উল্লেখ করতে হয় না। পরিচালকমণ্ডলীর মতে উদ্বর্তপত্রে দর্শিত মূল্য সম্পদ সমূহ হস্তান্তর করলে তার আদায় যোগ্য মূল্য থেকে কম হলে তা উল্লেখ করা প্রয়োজন। যে ক্ষেত্রে সম্ভব অন্তিম কাঁচামালের সম্ভার পৃথকভাবে উদ্বর্তপত্রে উল্লেখ করতে হয়।

### ১১০.৬.১১ অধমর্ণ সমূহ (Sundry Debtors) :

অধমর্ণগণের কাছ থেকে প্রাপ্যের পরিমাণে কেবল মাত্র দ্রব্য অথবা সেবার মূল্য অথবা অন্য প্রকার ব্যবসায়িক দায়ই দেখাতে হয়। অধমর্ণগণের নিকট প্রাপ্য অর্থের মধ্যে 6 মাসের অধিক সময়ের বকেয়া অধমর্ণ এবং অন্যান্য অধমর্ণের পরিমাণ পৃথক ভাবে উল্লেখ করতে হয়। অধমর্ণ গণের কাছ থেকে প্রাপ্য মোট পাওনা থেকে কুঋণ এবং সংশয়ী ঋণের ভবিষ্যৎ ব্যবস্থা (Provision for Bad and Doubtful Debts) বাদ দিয়ে দেখাতে হয়। এই ভবিষ্যৎ ব্যবস্থা সম্ভাব্য কুঋণ এবং সংশয়ী ঋণের পরিমাণের অধিক হবে না। যদি ঐ ভবিষ্যৎ ব্যবস্থার পরিমাণ, সম্ভাব্য কুঋণ অথবা সংশয়ী ঋণের পরিমাণের অধিক হয় তা হলে ভবিষ্যৎ ব্যবস্থায় যা অধিক হিসাবে ধরা হয় তা ভবিষ্যৎ ব্যবস্থা হিসাব থেকে বাদ দিয়ে উদ্বর্তপত্রের দায়ের দিকে 'সঞ্চিতি এবং উদ্বৃত্ত' (Reserves and Surplus) শিরোনামের অধীনে দেখাতে হয়। অধমর্ণ সমূহকে নিম্নলিখিতভাবে শ্রেণীবদ্ধ করতে হয় :—

(i) যে পাওনা সম্পূর্ণ আদায়যোগ্য এবং যার বাবদ কোনও সম্পদ জামানত আছে।

(ii) যে ঋণ সম্পূর্ণ আদায়যোগ্য এবং যার জন্য অধমর্ণের ব্যক্তিগত জামানত ব্যতীত অন্য কোনও জামানত নাই।

(iii) যে ঋণ অনাদায়ী এবং যে ঋণ আদায়ে সংশয় আছে।

উপরিউক্ত সংবাদ ব্যতীত অধমর্ণ সম্বন্ধে নিম্নোক্ত তথ্যও জানানো প্রয়োজন :

(ক) পরিচালকমণ্ডলীর কোনও সদস্য অথবা কোম্পানির কোনও আধিকারিকের কাছ থেকে পাওনা অথবা তাদের মধ্যে একজনের পৃথকভাবে অথবা যৌথভাবে অন্য কোনও ব্যক্তির কাছ থেকে পাওনার পরিমাণ উল্লেখ করতে হয়। অথবা কোনও অংশীদারি ব্যবসায় প্রতিষ্ঠানের অথবা ঘরোয়া কোম্পানির কাছ থেকে পাওনা থাকলে সেই অংশীদারি কারবার অথবা ঘরোয়া কোম্পানির ক্ষেত্রে উক্ত কোম্পানির পরিচালকমণ্ডলীর কোনও সদস্য অথবা কোম্পানির কোনও আধিকারিকের মালিকানা থাকলে তা পৃথকভাবে দেখাতে হয়।

(খ) কোম্পানি আইনের 370(1B) ধারা মোতাবেক একই পরিচালনাধীন অন্য কোনও কোম্পানির নিকট পাওনা থাকলে সংশ্লিষ্ট কোম্পানি অথবা কোম্পানি সমূহের নাম উল্লেখ করতে হয়।

(গ) একটি পাদটীকা সমেত কোম্পানির পরিচালকমণ্ডলীর কোনও সদস্য অথবা অন্য কোনও আধিকারিক সংশ্লিষ্ট হিসাব বর্ষের মধ্যে উচ্চতম কত টাকা ঋণ গ্রহণ করেছে তার উল্লেখ করতে হয়। যদি পরিচালকমণ্ডলীর মতে কোনও ঋণের আদায়ের সম্ভাব্যতা ঋণের দর্শিত পরিমাণের কম হয় তা হলে পরিচালকমণ্ডলীর যে সেই মত তাহা প্রকাশ করতে হয়।

## ১১০.৬.১২ নগদ ও ব্যাঙ্কে জমা (Cash and Bank Balances) :

নগদ এবং ব্যাঙ্কে জমা পৃথকভাবে দেখাতে হয়, ব্যাঙ্কে জমা আবার দুই ভাগে দেখাতে হয়—

(ক) তপশিলি ব্যাঙ্কে জমা এবং (খ) অন্যান্য ব্যাঙ্কে জমা।

ব্যাঙ্কে জমা সম্বন্ধে নিম্নলিখিত তথ্য বিবরণসহ দিতে হয়।

(ক) তপশিলি ব্যাঙ্কে চলতি হিসাব।

(খ) তপশিলি ব্যাঙ্কে তলবী জমা এবং মেয়াদি আমানত। তপশিলি ব্যাঙ্ক ব্যতিরেকে অন্যান্য ব্যাঙ্কে গচ্ছিত অর্থের মধ্যে চলতি হিসাব, তলবী আমানতের পরিমাণ এবং গত বার্ষিক বছরের মধ্যে অতপশীল ব্যাঙ্ক সমূহের কোনও ব্যাঙ্কে গচ্ছিত অর্থের সর্বাধিক পরিমাণ উল্লেখ করা প্রয়োজন।

(গ) উপরি উক্ত (খ) -এর মধ্যে তপশিলি ব্যাঙ্কসমূহ বাদে অন্যান্য ব্যাঙ্কে পরিচালক মণ্ডলীর কোনও সদস্য এবং তার কোনও আত্মীয়ের কোনও স্বার্থ থাকলে তা উল্লেখ করতে হয়।

## ১১০.৬.১৩ ঋণ ও অগ্রিম (Loans and Advances) :

ঋণ ও অগ্রিম নিম্নলিখিত ভাগে ভাগ করে দেখাতে হয় :

(১) সহায়ক অথবা অধীনস্থ কোম্পানিকে প্রদত্ত ঋণ ও অগ্রিমের পরিমাণ।

(২) কোনও অংশীদারি কারবারে কোম্পানি অথবা তার সহায়ক বা অধীনস্থ কোনও কোম্পানি অংশীদার হলে এরূপ প্রতিষ্ঠানে প্রদত্ত ঋণ বা অগ্রিমের পরিমাণ।

(৩) প্রাপ্য বিনিময় পত্র/হুণ্ডি।

(৪) কোম্পানি পরিচালনার জন্য খরচ বাবদ অগ্রিম প্রদত্ত খরচ যেমন খাজনা, ট্যাক্স, বিমা ইত্যাদি। যেমন আবগারি প্রতিষ্ঠান, বন্দর পরিচালন সংস্থা, ন্যাস (Trust) ইত্যাদির কাছ থেকে দাবি মাত্র ফেরত প্রাপ্য থাকিলে ঐ প্রতিষ্ঠানের নাম, উল্লেখ করতে হয়। উপরি লিখিত অধমর্ণ সম্পর্কে যে তথ্য সমূহ দেওয়া প্রয়োজন ঐ সকল তথ্য ঋণ এবং অগ্রিমের ক্ষেত্রেও প্রযোজ্য। অর্থাৎ ঋণ এবং অগ্রিমও নিম্নলিখিত ভাবে ভাগ করে দেখাতে হয় :

(১) যে ঋণ ও অগ্রিম সম্পূর্ণ আদায়যোগ্য এবং যে ঋণ ও অগ্রিম সম্পূর্ণ জামানত বদ্ধ।

(২) যে ঋণ এবং অগ্রিম সম্পূর্ণ আদায়যোগ্য এবং যার জন্য অধমর্ণের ব্যক্তিগত জামানত ব্যতীত কোনও জামানত নাই।

(৩) ঋণ এবং অগ্রিমের মধ্যে যা অনাদায় যোগ্য এবং যাহা আদায়ে সংশয় আছে।

এ ছাড়া নিম্নলিখিত তথ্যসমূহও দিতে হয়—

(১) কোম্পানির পরিচালকমণ্ডলীর কোনও সদস্যের কাছ থেকে অথবা কোম্পানির কোনও অধিকারিকের কাছ থেকে পাওনা ঋণ এবং অগ্রিম তার উল্লেখ করা প্রয়োজন। উপরন্তু কোনও অংশীদারী কারবার অথবা কোনও ঘরোয়া কোম্পানিতে উক্ত পরিচালকমণ্ডলীর সদস্য অথবা কোনও আধিকারিক অংশীদার বা ঘরোয়া কোম্পানির সদস্য হলে সেই সদস্য অথবা কোম্পানির আধিকারিকের নিকট হতে প্রাপ্য ঋণ এবং অগ্রিমের পরিমাণ পৃথক পৃথক ভাবে উল্লেখ করতে হয়।

(২) কোম্পানি আইনের 370(1B) অনুসারে পরিচালক ব্যবস্থার যে সংজ্ঞা দেওয়া আছে সেই সংজ্ঞা অনুসারে কোম্পানির ব্যবস্থাপনার অধীন কোনও কোম্পানির নিকট হতে প্রাপ্য ঋণ এবং অগ্রিমের পরিমাণ উল্লেখ করতে হয়।

(৩) একটি পাদটীকা সংযোজন করে কোম্পানির পরিচালনমণ্ডলীর কোনও সদস্য অথবা কোম্পানির কোনও আধিকারিকের কাছ থেকে হিসাববর্ষের মধ্যে প্রাপ্য ঋণ ও অগ্রিমের সর্বোচ্চ পরিমাণ উল্লেখ করা প্রয়োজন।

## ১১০.৬.১৪ বিবিধ ব্যয় (Miscellaneous Expenditure):

যে সমস্ত ব্যয় এ যাবৎ হিসাবের মাধ্যমে সমন্বয় করা হয় নি অথবা সম্পূর্ণ খরচ বাদ হিসাবে গণ্য করা হয় নি তা নিম্নলিখিত ভাগে ভাগ করে দেখাতে হয়। : যথা— (১) প্রারম্ভিক ব্যয় (Preliminary Expenses)। (২) কোম্পানির বিলিযোগ্য শেয়ার অথবা ঋণপত্র অবলেখনের দস্তুরী (Unwriting Commmision), (৩) বিলিকৃত শেয়ার বা ঋণপত্রের উপর অবহার (Discount on Shares and Debentures), (৪) কোম্পানি স্থাপন কালে ঋণের উপর প্রদত্ত সুদ এবং সুদের পরিমাণ, (৫) উন্নয়ন ব্যয়ের মধ্যে যা এখনও সমন্বয় করা হয় নি, (৬) অন্যান্য খরচ।

**লাভ লোকসান হিসাব (Profit & Loss Account) :**

লাভ-ক্ষতির হিসাবে দর্শিত লোকসান যদি কোনও সাধারণ সঞ্চিতি হিসাবে জমার পরিমাণের বেশি হয় তা হলে তাও উদ্বর্তপত্রে সম্পদের মধ্যে দেখাতে হয়।

## ১১০.৭ লাভ লোকসান হিসাব (Profit & Loss Account)

কোম্পানি আইনের 211(2) ধারা অনুসারে কোম্পানির আর্থিক বৎসরের লাভ লোকসান হিসাব সত্য এবং স্পষ্ট (True and Fair) অবস্থা প্রকাশ করবে। কোম্পানি আইনের 6নং তপশীলের 2নং অংশ যদি কোম্পানির উপর প্রযোজ্য হয় তা হলে 6 নং তপশীলের 2 নং অংশ অনুসারে লাভ লোকসান হিসাব তৈয়ার করতে হয়। এই ধারাটি [ 211 নং ধারার (2) নং উপধারা] ব্যাঙ্কিং কোম্পানি, বিমা কোম্পানি, বিদ্যুৎ উৎপাদন এবং সরবরাহ কোম্পানিতে প্রযোজ্য হবে না; অন্য কোনও প্রকার কোম্পানি যেখানে কেন্দ্রীয় সরকার এই ধারা প্রযোজ্য হবে না বলে ঘোষণা করবে, সেই সকল কোম্পানির ক্ষেত্রে উক্ত 211 ধারা এবং উপধারা (2) অনুসারে জনসাধারণের স্বার্থে প্রয়োজন হলে কেন্দ্রীয় সরকার যে কোনও প্রকার কোম্পানি 211 (2) ধারা প্রযোজ্য হবে না বলেও নির্দেশ জারি করতে পারে। কোম্পানি আইনে উদ্বর্তপত্র তৈরী করবার মতো লাভ লোকসান হিসাব তৈরী করবার জন্য নির্দিষ্ট ফরমের উল্লেখ নেই। 6 নং তপশীলে 2 নং অংশ-এ কোম্পানির লাভ লোকসান হিসাবে যে তথ্য দিতে হয় তার উল্লেখ আছে। এই অংশটি ক্ষেত্র বিশেষে আর ব্যয় হিসাবে তৈরী ক্ষেত্রে প্রযোজ্য হবে।

6 নং তপশীলের 2 নং অংশ অনুসারে লাভ লোকসান হিসাবে হিসাববর্ষের মধ্যে কোম্পানির কাজের ফলাফল পরিষ্কারভাবে দেখাতে হয়। 2 নং অংশ অনুসারে অপুনর্পৌনিক (Non-recurring) আয় অথবা ব্যয় বিশেষ বিশেষ ক্ষেত্রে দিতে হয়। লাভ লোকসান হিসাবে কোম্পানির আয় এবং ব্যয় সুবিধাজনকভাবে তৈরী করতে হয়। লাভ লোকসান হিসাবে নিম্নলিখিত তথ্যগুলি উল্লেখ করতে হয়।

### ১১০.৭.১ বিক্রয় (Turnover)

যে যে দ্রব্য নিয়ে কোম্পানি কারবার করে সেই সকল দ্রব্যের বিক্রয় মূল্য পৃথক পৃথক দেখাতে হয়। বিক্রীত দ্রব্য, বিক্রয়ের পরিমাণ এবং বিক্রয় মূল্য (বাজারে যে মূল্যে বিক্রয় হয়) উল্লেখ করা প্রয়োজন। এই প্রয়োজনীয় তথ্য যে সকল কোম্পানি দ্রব্য বিক্রয় করে সেই সকল কোম্পানির ক্ষেত্রে দেখাতে হয়।

এছাড়া বিক্রয়ের সঙ্গে সম্পৃক্ত নিম্নলিখিত তথ্যগুলির লাভ লোকসান হিসাবে পৃথক পৃথক ভাবে,দেখাতে হয়।

(১) কোম্পানি আইনের 294 ধারায়-বর্ণিত একমাত্র বিক্রয় প্রতিনিধিকে (Sole Selling Agent) প্রদত্ত দস্তুরি (Commission);

(২) অন্যান্য বিক্রয় প্রতিনিধিগণকে দেওয়া দস্তুরি;

(৩) ব্যবসায়িক বাট্টা (Trade Discount), বিক্রয়ের উপর অন্য কোনও প্রকার বাট্টা দেওয়া হলে তা ঝড়তি দ্রব্য সকল (Spares) যদি সংখ্যায় বেশি হয় এবং ঝড়তি দ্রব্যের বিক্রয় মূল্য যদি মোট বিক্রয় মূল্যের 90 শতাংশ -এর বেশি না হয় তা হলে লাভক্ষতির হিসাবে পৃথক পৃথক ভাবে এই জাতীয় পণ্যের পরিমাণ উল্লেখ না করলেও চলে। সেই ক্ষেত্রে কেবলমাত্র বিক্রয় মূল্যের পরিমাণ দেখালেই হয়।

সেবা প্রদায়ী কোম্পানিসমূহকে সেবা কার্য সরবরাহ বাবদ প্রাপ্ত মোট আয় বিক্রয়ের বদলে দেখাতে হয়। ব্যবসায়িক এবং সেবা প্রদায়ী কোম্পানি ব্যতীত অন্যান্য প্রকার কোম্পানির ক্ষেত্রে বিভিন্ন খাতে যা মোট প্রাপ্ত আয়ের পরিমাণ উল্লেখ করতে হয়।

## ১১০.৭.২ ব্যবহৃত কাঁচামাল, পণ্য ক্রয়, পণ্য সম্ভার এবং আংশিক দ্রব্য (Materials consumed, purchase, stock of goods and Work-in-progress)

উৎপাদক কোম্পানির ক্ষেত্রে উৎপাদনের জন্য ব্যয়িত কাঁচা মালের মূল্য এবং তার প্রকারভেদ করে প্রতিটি কাঁচামালের ব্যয়িত পরিমাণ এবং মূল্য উল্লেখ করে দেখাতে হয়। কোম্পানি আইনে ব্যয়িত কাঁচামালের শ্রেণী বিভাগের কোনও পদ্ধতির উল্লেখ করা হয় নি এবং কোম্পানিসমূহ যুক্তিসঙ্গত উপায়ে শ্রেণী বিভাগ করতে পারে। যে এককে বাজারে ক্রয় বিক্রয় হয়, সেই এককেই বিক্রয়ের পরিমাণ দেখাতে হয়। অন্যান্য উৎপাদক কোম্পানির কাছ থেকে উৎপাদনের জন্য প্রয়োজনীয় উপাদান সমূহ ক্রয় করা হলে সেই উপাদান সমূহও ব্যবহৃত কাঁচামালের খাতে দেখাতে হয়। এই সকল উপাদানের সংখ্যা বেশি হলে এদের ফিরিস্তি দেওয়া সম্ভব নাও হতে পারে। সেক্ষেত্রে যে কোনও একটি উপাদানের মূল্য ব্যবহৃত কাঁচামালের মূল্যের শতকরা 90 শতাংশের বেশি হলে ভিন্ন ভিন্ন শ্রেণীতে দেখাতে হয়। বিদেশ থেকে আমদানিকৃত কাঁচামাল, উৎপাদনের উপাদান এবং দেশীয় সূত্র থেকে সংগৃহীত কাঁচামাল এবং উৎপাদনের উপাদান, মোট ব্যবহৃত কাঁচামালের মূল্যের শতাংশ হিসাবে দেখাতে হয়।

উৎপাদন কোম্পানির ক্ষেত্রে উৎপাদিত দ্রব্যের শ্রেণীবিভাগ, উৎপাদিত দ্রব্য এবং উহার মধ্যে কাঁচামালের পরিমাণ উল্লেখ করে প্রারম্ভিক সম্ভার (Opening Stock) এবং অন্তিম সম্ভারের (Closing Stock) পরিমাণ দেখাতে হয়। এই বিষয়ে কোম্পানি যদি বিভিন্ন দ্রব্য উৎপাদনের জন্য পৃথক পৃথক অনুমতি পত্র পেয়ে থাকে, তা হলে ঐ অনুমতি পত্রের শ্রেণীবিভাগ অনুসারে উৎপাদিত দ্রব্যগুলি পৃথকভাবে দেখাতে হয়। যদি একই উৎপাদিত দ্রব্য উৎপাদনের জন্য একাধিক অনুমতি পত্র পেয়ে থাকে কিন্তু উৎপাদনের স্থান একটিই হয় তা হলে অনুমতি পত্র একাধিক হলেও উৎপাদিত দ্রব্য একটিই হবে।

উৎপাদিত দ্রব্য ক্রয় বিক্রয় করাই যে কোম্পানির কাজ সেইরূপ কোম্পানির বেলায় প্রারম্ভিক সম্ভার এবং অন্তিম সম্ভারে বিভিন্ন শ্রেণীতে ভাগ করে প্রত্যেক দ্রব্যের পরিমাণ এবং মূল্য দেখাতে হয়। যে সকল কোম্পানি উৎপাদন, ক্রয় বিক্রয়, সেবা প্রদানের মধ্যে একাধিক কার্যে নিযুক্ত আছে তাদের প্রারম্ভিক সম্ভার, অন্তিম সম্ভার ক্রয়, বিক্রয় এবং ব্যবহৃত কাঁচামালের পৃথক পৃথক ভাবে পরিমাণ এবং মূল্য উল্লেখ করে এবং সেবা প্রদান কার্য থেকে মোট আয় দেখাতে হয়।

কোম্পানির হাতে যদি অসমাপ্ত দ্রব্য (Work-in-progress) থাকে তা হলে তার প্রারম্ভিক মূল্য এবং অন্তিম মূল্য পৃথক ভাবে উল্লেখ করতে হয়।

### ১১০.৭.৩ কর্মচারীগণের বেতন (Remuneration of Employees)

কর্মচারীগণকে প্রদত্ত বেতন তিন ভাগে ভাগ করে দেখাতে হয়— (ক) বেতন, মজুরি এবং বোনাস , (খ) কর্মচারীগণের অবসরকালীন ব্যবস্থার জন্য তহবিলে প্রদত্ত চাঁদা, (গ) কর্মচারীগণের ভবিষ্যৎ মঙ্গলের (future benefits) জন্য যে ব্যয় কোনও সঞ্চিতি অথবা— ভবিষ্যৎ ব্যয় তহবিলে সমন্বয় বা মিলকরণ হয় নি।

লাভ লোকসান হিসাবে একটি টীকা সংযোজন করে পূর্ণ বছরের জন্য নিয়োগ করা কর্মচারীগণ যাদের বাছরিক বেতন 36,000 টাকার কম নয় এবং আংশিক সময়ের জন্য নিযুক্ত কর্মচারীগণ যাদের মাসিক বেতন 3,000 টাকার কম নয়— এরূপ খরচ পৃথক ভাবে উল্লেখ করতে হয়। উপরিলিখিত উভয় প্রকার কর্মচারীগণের সংখ্যাও উল্লেখ করতে হয়। কর্মচারীগণের বেতনের মধ্যে মূল বেতন এবং অন্যান্য সুবিধার আর্থিক মূল্য (Monetary Benefits) অন্তর্ভুক্ত হয়। অন্যান্য সুবিধার আর্থিক মূল্য ভারতীয় আয়কর আইনে যে ব্যাখ্যা দেওয়া আছে তদনুসারে মূল্যায়ন করতে হয়। কোনও কর্মচারীকে বেতন এবং অন্যান্য সুবিধা না দিয়ে যদি কোনও সাম্মানিক (Honorarium) দেয় হয় তা হলে লাভক্ষতির হিসাবে তার উল্লেখ করতে হয়।

### ১১০.৭.৪ অন্যান্য ব্যয় (Other Expenses)

নিম্নলিখিত খাতে ব্যয়ের পরিমাণ পৃথক পৃথক ভাবে দেখাতে হয়— (1) খুচরা এবং ঝড়তি দ্রব্যের ব্যবহার জনিত ব্যয়, (2) বিদ্যুৎ এবং কয়লার জন্য ব্যয়, (3) ভাড়া, (4) দালানের/বাড়ির মেরামতি ব্যয়, (5) যন্ত্রপাতির মেরামতি ব্যয়, (6) বিমার মাশুল বাবদ ব্যয়, (7) আয়কর বাদে অন্যান্য কর এবং স্বয়ংশাসিত সংস্থাকে দেয় কর এবং (৪) বিবিধ খরচ। বিবিধ ব্যয়ের মধ্যে কোনও ব্যয় যদি কোম্পানির মোট আয়ের শতকরা 1 ভাগ অথবা 5,000 টাকার মধ্যে যেটি বেশি তার অধিক হয়, সেই খাতে ব্যয় পৃথকভাবে দেখাতে হয় এবং ঐ ব্যয় অন্য কোনও ব্যয় খাতের সঙ্গে যুক্ত করা যাবে না।

### ১১০.৭.৫ অবচিতি (Depreciation) :

প্রত্যেক কোম্পানির স্থায়ী সম্পদের উপর অবচিতি, স্থায়ী সম্পদের সংযোজন অথবা স্থায়ী সম্পদের পুনর্মূল্যায়নজনিত ক্ষতির উল্লেখ করা বাধ্যতামূলক। যদি এই প্রকার ক্ষতি লাভ-ক্ষতির হিসাবের মাধ্যমে ব্যবস্থা না করে অন্য কোনও প্রকার ব্যবস্থার মাধ্যমে করা হয়ে থাকে তা হলে যে পদ্ধতিতে তার ব্যবস্থা করা হয়েছে সেই পদ্ধতির নাম, অবচয় সংস্থানের পরিমাণ এবং কোন হিসাব খাতে ঐ ক্ষতি দেখানো হয়েছে তাহা উল্লেখ করতে হয়। অবচিতি লাভক্ষতির হিসাবে না দেখানো হলে, অবিচিতি লাভ লোকসান খাতে দেখানো হয় নি এবং বকেয়া অবচিতির পরিমাণ কোম্পানি আইনের 205 (2) ধারা অনুসারে হিসাব করে একটি টীকার সঙ্গে উল্লেখ করতে হয়।

### ১১০.৭.৬ ঋণপত্র এবং ঋণের উপর সুদ (Interest on Debenture and Loan) :

ঋণপত্রের উপর প্রদেয় সুদ এবং কোম্পানির মেয়াদি ঋণের (Loan for a fixed period) উপর প্রদেয় সুদের পরিমাণ লাভ-ক্ষতির হিসাবে দেখাতে হয়। ব্যবস্থাপক সদস্য (Managing Director) এবং ব্যবস্থাপককে (Manager) প্রদেয় সুদ পৃথকভাবে দেখাতে হয়।

### ১১০.৭.৭ ভবিষ্যৎ ব্যবস্থাপনা (Provisions) :

কোনও নির্দিষ্ট দায়, অনিশ্চিত ব্যয়, অথবা অঙ্গীকারবদ্ধ কোনও খাতে ব্যয়ের জন্য (যদি ঐ ব্যয়সমূহ উল্লেখযোগ্য হয়) লাভ লোকসান হিসাবে পৃথক ভাবে দেখাতে হয়। এই প্রকার ভবিষ্যৎ ব্যবস্থা থেকে অর্থ তুলে নেওয়া হয়ে থাকলে (তার পরিমাণ যদি উল্লেখযোগ্য হয়) লাভ-ক্ষতির হিসাবে উল্লেখ করতে হয়। সহায়ক কোম্পানি অথবা অধীনস্থ কোম্পানির লোকসানের জন্য কোনও ভবিষ্যৎ ব্যবস্থা করা হয়ে থাকলে তাও পৃথকভাবে উল্লেখ করতে হয়।

### ১১০.৭.৮ বিনিয়োগ থেকে আয় :

বিনিয়োগ থেকে আয় নিম্নলিখিতভাবে লাভ-ক্ষতির হিসাবে পৃথক পৃথক ভাবে দেখাতে হয়।

(১) ব্যবসায়িক বিনিয়োগ থেকে আয়ের অঙ্ক এবং অন্যান্য প্রকার বিনিয়োগ থেকে আয়ের অঙ্ক পৃথক ভাবে দেখাতে হয়।

(২) সুদ ব্যতীত অন্যান্য আয় এবং উক্ত আয়ের প্রকৃতি উল্লেখ করে দেখাতে হয়।

(৩) কোনও অংশীদারী সংস্থার অংশীদার হিসাবে অর্জিত লাভ অথবা ক্ষতির অংশের পরিমাণ উল্লেখ করতে হয়।

যদি উপরিউক্ত কোনও আয় মোট আয় হিসাবে দেখানো হয় তা হলে ঐ আয়ের উপর আয়ের উৎস স্থলেই যে আয়কর কেটে রাখা হয় নি সে কথা উল্লেখ করতে হয়। সহায়ক অথবা অধীনস্থ কোম্পানি থেকে অর্জিত লভ্যাংশ পৃথকভাবে দেখাতে হয়।

### ১১০.৭.৯ বিনিয়োগ পত্র বিক্রয় জনিত লাভ অথবা লোকসান (Profit or Loss on Sale of Investments) :

বিনিয়োগপত্র বিক্রয়ে লাভ অথবা লোকসান কোনও ভবিষ্যৎ ব্যবস্থার হিসাবের মাধ্যমে সমন্বয় করা না হয়ে থাকলে, লাভ লোকসান হিসাবে পৃথক ভাবে উল্লেখ করতে হয়। এই লাভ লোকসানের বিবরণ উদ্বর্ত পত্রেও সংশ্লিষ্ট সঞ্চিতি অথবা ভবিষ্যৎ ব্যবস্থার অধীন দেখাতে হয়।

### ১১০.৭.১০ বিবিধ আয় (Miscellaneous Income) :

শেয়ার হস্তান্তর ফি, সম্পদ বিক্রয়ের উপর লাভ, ভাড়া আদায় ইত্যাদি বিবিধ আয়ের অধীনে লাভক্ষতির হিসাবে দেখাতে হয়। বিবিধ আয়ের উৎস পৃথক পৃথক ভাবে উল্লেখ করতে হয় না।

### ১১০.৭.১১ বিশিষ্ট আয় (Special Income) :

যে বিষয়ে কোম্পানি সাধারণ বাণিজ্যিক কার্য করে না, সেই সকল আদান প্রদান থেকে আয়, অথবা অবস্থা বিচারে কোম্পানির যে কাজ কোম্পানির উদ্দেশ্যের পরিধির মধ্যে গণ্য হয় না এবং যে লেনদেন অপুনর্পৌনিক (Non-recurring), যে লেনদেন বিশেষ ব্যতিক্রম, এরূপ উৎস থেকে আয়ের পরিমাণ উল্লেখযোগ্য হলে তা লাভ লোকসান হিসাবে পৃথক করে দেখাতে হয়।

### ১১০.৭.১২.হিসাব পদ্ধতির পরিবর্তন (Change in the basis of Accounting) :

হিসাব পদ্ধতির পরিবর্তন করবার ফলে লাভ লোকসান হিসাবের কোনও খাতে যদি পরিবর্তন জনিত লাভ অথবা লোকসান বাড়ে বা কমে তা হলে তা লাভ লোকসান হিসাবে উল্লেখ করতে হয়, অবশ্য যদি পরিবর্তনের ফলে হ্রাস বা বৃদ্ধির পরিমাণ উল্লেখযোগ্য হয়। হিসাব রক্ষণ পদ্ধতির পরিবর্তনের একটি উদাহরণ হল সম্পদের অবচিতির হার পরিবর্তন, অপর একটি উদাহরণ সম্ভারের মূল্যায়ন পদ্ধতির পরিবর্তন।

### ১১০.৭.১৩ আয়ের উপর কর (Taxes on Income) :

ভারতীয় আয়কর আইন এবং ভারতীয় অন্যান্য আইন অনুসারে লাভের উপর অন্যান্য কর লাভক্ষতির হিসাবে দেখাতে হয়। বিদেশে প্রদত্ত কোনও করের উপর দ্বৈত করের ছাড় পাওয়া গেলে উল্লেখ করতে হয়। আয়কর এবং অন্যান্য প্রকার কর যথাসম্ভব পৃথক করে দেখাতে হয়।

### ১১০.৭.১৪ সঞ্চিতি (Reserves) :

মুনাফা থেকে মূলধন পরিশোধ বাবদ অথবা ঋণ পরিশোধ বাবদ কোনও অর্থ পৃথক করে রাখা হলে তাও পৃথক পৃথক ভাবে উল্লেখ করে লাভক্ষতির হিসাবে দেখাতে হয়। এতদ্ব্যতীত সঞ্চিতি তহবিলে কোনও অর্থ স্থানান্তর করে থাকলে অথবা স্থানান্তরের প্রস্তাব থাকলে তাও লাভক্ষতির হিসাবে দেখাতে হয়, অবশ্য যদি তার পরিমাণ উল্লেখযোগ্য হয়। সঞ্চিতি তহবিল থেকে কোনও অর্থ ফেরত আনা হলে এবং তার পরিমাণ উল্লেখযোগ্য হলে, তাও লাভক্ষতির হিসাবে দেখাতে হয়।

### ১১০.৭.১৫ লভ্যাংশ (Dividend) :

আয়কর বাদ দেওয়া হয়েছে কিংবা হয় নি তা উল্লেখ করে বণ্টিত লভ্যাংশ এবং প্রস্তাবিত লভ্যাংশের পরিমাণ লাভ-লোকসান হিসাবে দেখাতে হয়।

## ১১০.৭.১৬ পরিচালনার পারিশ্রমিক (Managerial Remuneration) :

পরিচালকমণ্ডলীর সদস্যদের (এর মধ্যে পরিচালক ব্যবস্থাপককেও ধরতে হয়) অথবা ব্যবস্থাপককে কোম্পানি থেকে অথবা সহায়ক কোম্পানি থেকে অথবা কোনও ব্যক্তিকে নিম্নলিখিত হিসাব বাবদ কোনও অর্থ হিসাব বর্ষে দেওয়া হয়ে থাকলে অথবা তার জন্য লাভ লোকসান হিসাবে সংস্থান করা হয়ে থাকলে তাহা টীকা সমেত লাভ লোকসান হিসাবে উল্লেখ করতে হয়।

(ক) কোম্পানি আইনের 198 ধারা অনুসারে আর্থিক বৎসরে পরিচালকমণ্ডলীর সদস্যগণকে অথবা ব্যবস্থাপককে পারিশ্রমিক দেওয়া থাকলে অথবা তাদের পারিশ্রমিক প্রদেয় হলে;

(খ) অন্য কোনও ভাতা এবং কমিশন (দস্তরি);

(গ) পারিশ্রমিকের বদলে অন্য প্রকার আর্থিক সুযোগের সুবিধা;

(i) অবসরকালীন ভাতা;

(ii) অবসরকালীন স্বেচ্ছায় প্রদও কোনও অর্থ;

(i:i) কর্মচারীর লিজ দেওয়া অর্থের অতিরিক্ত অর্থ এবং ভবিষ্যৎ নিধির উপর সুদ;

(iv) কর্মচ্যুতির জন্য কোনও আর্থিক লোকসান পূরণ;

(vi) অবসর জনিত অন্য কোনও প্রকার আর্থিক সুযোগ;

এতদ্ব্যতীত কোম্পানি আইনের 349 ধারা অনুসারে প্রস্তুত পরিচালকমণ্ডলীর সদস্যগণকে এবং ব্যবস্থাপককে দেয় কমিশনের বিশদ বিবরণ দেখাতে হয়। উক্ত কমিশন মুনাফার শতাংশ হিসাবে বিশদ বিবরণের মাধ্যমে দেখাতে হয়।

## ১১০.৭.১৭ নিরীক্ষকের পারিশ্রমিক (Payments to Auditors) :

নিরীক্ষককে পারিশ্রমিক বাবদ প্রদত্ত অর্থ লাভ লোকসান হিসাবে দেখাতে হয়। উক্ত পারিশ্রমিকের মধ্যে নিরীক্ষকের নিরীক্ষা কাজের জন্য এবং অন্য কোনও কাজের জন্য পারিশ্রমিকের পরিমাণ পৃথকভাবে দেখাতে হয়।

---

# ১১০.৮ উৎপাদনের ক্ষমতা এবং উৎনপাদনের পরিমাণগত সংবাদ

---

উৎপাদন কোম্পানির বেলায় বিভিন্ন প্রকার উৎপাদিত দ্রব্যের সম্বন্ধে অনুজ্ঞা পত্রে (১) অনুমতির প্রদত্ত পরিমাণ (Licensed Capacity), (২) স্থাপনোত্তর পরিমাণ (Installed Capacity) এবং (৩) প্রকৃত উৎপাদনের পরিমাণ (Actual production) লাভক্ষতির হিসাবে দেখাতে হয় অথবা একটি টীকা দ্বারা প্রকাশ করতে হয়। হিসাব বর্ষের শেষ তারিখে উপরিলিখিত (১) এবং (২) -এর পরিমাণ দেখাতে হয়। এবং বিক্রয়োপযোগী উৎপাদনের পরিমাণ দেখাতে হয়। কোম্পানি যদি অর্ধসমাপ্ত, প্রায়-সমাপ্ত (Semi-procesed) দ্রব্য বিক্রয় করে তা হলে ঐ প্রায় সমাপ্ত দ্রব্যের (Semi-procesed) বিস্তারিত বিবরণ দিতে হয়।

কোনও দ্রব্য উৎপাদন করতে একাধিক অনুজ্ঞাপত্র পাওনা যদি যায় তা হলে সব কয়টি অনুজ্ঞাপত্রের পরিমাণ যোগ করে দেখাতে হয় এবং তা একই প্রকার প্রস্তুত দ্রব্যের অনুজ্ঞাপত্র হিসাবে ধরা হবে।

যদি ঐ একই দ্রব্য (অনুজ্ঞা প্রাপ্ত দ্রব্য) বিভিন্ন স্থানে উৎপাদনের জন্য পৃথক পৃথক অনুজ্ঞাপত্র পেয়ে থাকে অথবা অনুজ্ঞাপ্রাপ্ত দ্রব্যের পরিমাণ বৃদ্ধির জন্য অনুজ্ঞাপত্র পাওয়া হয়ে থাকে তা হলে ঐ অনুজ্ঞাপত্রে উল্লেখিত দ্রব্য একই প্রকার দ্রব্য হিসাবে গণ্য হবে।

## ১১০.৯ বৈদেশিক মুদ্রা আয় এবং ব্যয়

লাভ লোকসান হিসাবে একটি টীকা সংযোজন করে আমদানি রপ্তানির পরিমাণ এবং বৈদেশিক মুদ্রা অর্জন এবং বৈদেশিক মুদ্রা ব্যয় সংক্রান্ত বিভিন্ন তথ্যের উল্লেখ করতে হয়।

১। আমদানির বেলায় মূলধনী দ্রব্য, কাঁচামাল, আনুষঙ্গিক দ্রব্য বা খুচরা যন্ত্রপাতি আমদানির মূল্য, বিমা, বহন, মাশুল (CIF) পদ্ধতিতে হিসাব করে পৃথক পৃথক ভাবে দেখাতে হয়।

২। আর্থিক বৎসরের মধ্যে অন্যের স্বত্ব অধিকার (Royalty), কারিগরি জ্ঞান (Knowhow), বৃত্তি মূলক পরামর্শ বাবদ প্রদত্ত ফি, সুদ এবং অন্য কোনও কারণে প্রদত্ত অর্থের পরিমাণ লাভলোকসান হিসাবে দেখাতে হয়।

৩। ব্যবহৃত আমদানিকৃত কাঁচামালের, খুচরা যন্ত্রপাতির, আনুষঙ্গিক দ্রব্যের মূল্য লাভ লোকসান হিসাবে দেখাতে হয় এবং মোট উৎপাদনের পরিমাণের মধ্যে তাদের কার কত শতাংশ তারও উল্লেখ করতে হয়।

৪। অনাবাসিক ব্যক্তিদের (Non Residents) হিসাব বর্ষের মধ্যে কত টাকা লভ্যাংশ বৈদেশিক মুদ্রায় শোধ করা হয়েছে, অনাবাসিক শেয়ার অধিকারীর সংখ্যা এবং কত সংখ্যক শেয়ারের অধিকারী যার উপর লভ্যাংশ পাঠানো হয়েছে তার উল্লেখ করতে হয়।

৫। বৈদেশিক মুদ্রায় অর্জিত আয় নিম্নলিখিত পদ্ধতিতে পৃথক করে লাভ লোকসান হিসাবে দেখাতে হয়।

(ক) জাহাজে উত্তোলন পর্যন্ত ব্যয় ধরে (FOB) রপ্তানি কৃত দ্রব্যের মূল্য।

(খ) স্বত্বভাড়া, কারিগরী উপদেশ, বৃত্তিমূলক পরামর্শ দান বাবদ প্রাপ্ত আয়।

(গ) প্রাপ্ত সুদ এবং লভ্যাংশ এবং

(ঘ) প্রকৃতি অনুসারে অন্যান্য আয় বাবদ প্রাপ্ত আয়।

বৈদেশিক মুদ্রা আয়ের বিবরণ প্রকাশ করতে নগদ ভিত্তি অথবা প্রদেয় ভিত্তি যে ভিত্তিতে কোম্পানি হিসাব তৈয়ার করে সেই ভিত্তি অনুসরণ করতে পারে তবে প্রতিবৎসর একই প্রকার হিসাবের ভিত্তি অনুসরণ করতে হবে।

## ১১০.১০ তুলনামূলক পরিসংখ্যান (Comparative Figures)

কোম্পানি গঠনের পর প্রথম বৎসরের লাভ-ক্ষতির হিসাব ব্যতীত পরবর্তীকালে প্রতি বছরের লাভ-ক্ষতির হিসাবে আয় এবং ব্যয় খাতে অব্যবহিত পূর্ববর্তী বছরের আয় এবং ব্যয় দেখাতে হয়।

## ১১০.১১ উদাহরণ

**Final Accounts of Companies :**

(1) ABC Limited has an authorised Capital of Rs. 1,00,000 comprising 250 Preference Shares of Rs. 100 each and 7,500 equity shares of Rs. 10 each. Issued and subscribed share capital of the company is 5,000 equity shares of Rs. 10 each and 100, 6% Preference shares of Rs. 100 each.

From the following particulars, prepare their Manufacturing Accounts, Trading Account and Profit and Loss Account for the year ended on 31st December, 1999 and also their Balance Sheet as on that date.

| | Rs. | | Rs. |
|---|---|---|---|
| Opening Stock : | | Sales | 1,70,000 |
| Raw Materials & Stores | 27,000 | Miscellaneous Receipts | 1,750 |
| Work-in-Progress | 3,000 | Issued and Subscribed Capital: | |
| Finished Goods | 24,000 | 5000 Equity shares of | |
| Purchase of Materials & Stores | 1,20,000 | Rs. 10 each fully paid up. | 50,000 |
| Inward freight & duty | 10,500 | 100, 6% Preference shares | |
| Electricity, Power & Fuel | 3,000 | of Rs.100 each fully paid up | 10,000 |
| Wages, Salaries & Bonus | 30,000 | Dividend Equalisation Reserve | 3,000 |
| Rent, Rates & Taxes | 1,500 | Secured Loans (Against Fixed | |
| Insurance (Factory) | 750 | assets) | 20,000 |
| Directors' Remuneration | 1,300 | Bank Overdraft | 35,000 |
| Interest | 3,000 | Sundry Creditors | 10,000 |
| Sundry Expenses | 12,500 | Provision for Taxation | 1,950 |
| Calls-in-arrears : | | Unpaid Dividend | 8,500 |
| Equity Shares | 600 | Profit & Loss A/c. | 1,800 |
| Preference Shares | 150 | (Credit balance) | |
| Sundry Debtors | 26,000 | General Reserve | 10,000 |
| Cash at Bank Balance | 13,200 | | |
| Land & Building | 7,500 | | |
| Plant & Machinery | 29,000 | | |
| Other Factory Assets | 7,500 | | |
| Office Furniture | 1,500 | | |
| | 3,22,000 | | 3,22,000 |

The following additional information is available :

i) Closing stock : Raw Materials and Stores Rs. 33,000, Work-in-Progress Rs. 4,000, Finished Goods Rs. 40,000.

ii) Depreciation to be provided – (a) 2% on Land and Building, (b) 10% on Plant and Machinery (c) 3% on other Factory Assets and (d) 15% on Furniture.

iii) Outstanding and accrued expenses (a) Interest on Secured Loans Rs. 400, (b) Rent, Rates and Taxes, Rs. 300 and (c) Audit Fee Rs. 800.

iv) Insurance paid in advance Rs. 150.

v) Expenses on electricity and Salary, wages and Bonus should be apportioned between the factory and the office in the ratio of 2:1 respectively.

vi) The Board of Directors recommended the following appropriation of Profit which are to be incorporated in the final accounts :

Provision for Taxation Rs. 550, Transfer to General Reserve Rs. 1,100 Proposed dividend of Equity Shares @ 10% and on Preference shares @ 6% on respective nominal value.

vii) Out of the figure of Sundry Debtors Rs. 900 was considered doubtful and rest was considered good for which there was no Security other than the debtors' personal security. It was decided to provide a Bad and Doubtful Debt Reserve @ 4%.

viii) There was a pending law suits against the company for a sum of Rs. 500.

**(সমাধান) Solution :**

## ABC Limited

Manufacturing, Trading and Profit & Loss Account

for the year ended 31st December, 1999

**Dr.** **Cr.**

| | Rs. | Rs. | | Rs. | Rs. |
|---|---|---|---|---|---|
| To Opening Stock | | | By Closing Stock : | | |
| Raw Materials & Stores | 27,000 | | Raw materials | 33,000 | |
| Working-in-Progress | 3,000 | 30,000 | Work-in-Progress | 4,000 | 37,000 |
| " Purchase | | 1,20,000 | Trading A/c (Cost of goods manufactured transferred) (balancing figure) | | 1,46,100 |
| " Freight and duty | | 10,500 | | | |
| " Insurance (Factory) | 750 | | | | |
| Less : Prepaid | 150 | 600 | | | |
| " Electricity, Power & Fuel (2/3 of Rs. 3,000) | | 2,000 | | | |
| " Wages, Salaries & Bonus (2/3 of Rs. 30,000) | | 20,000 | | | |
| | | 1,83,100 | | | 1,83,100 |

| | | Rs. | Rs. | | | Rs. | Rs. |
|---|---|---|---|---|---|---|---|
| To | Manufacturing A/c (Cost of goods manufactured transferred from manufacturing A/c.) | | 1,46,100 | By | Sasles | | 1,70,000 |
| " | Opening Stock– (Finished goods) | | 24,000 | " | Closing Stock Finished goods | | 40,000 |
| " | Gross Profit C/d | | 39,900 | | | | |
| | | | 2,10,000 | | | | 2,10,000 |
| To | Wages, Salaries & Bonus | | 10,000 | By | Gross Profit b/d | | 39,900 |
| " | Electricity, Power & Fuel | | 1,000 | " | Miscellaneous Receipts | | 1,750 |
| " | Rent, Rates & Taxes | 1,500 | | | | | |
| | Add : Outstanding | 300 | 1,800 | | | | |
| " | Interest | 3,000 | | | | | |
| | Add : Outstanding | 400 | 3,400 | | | | |
| " | Directors' Remuneration | | 1,300 | | | | |
| " | Sundry Expenses | | 12,500 | | | | |
| " | Audit Fees | | 800 | | | | |
| " | Depreciation : | | | | | | |
| | Land & Building | 150 | | | | | |
| | Plant & Machinery | 2,900 | | | | | |
| | Other Factory Assets | 225 | | | | | |
| | Furniture | 225 | 3,500 | | | | |
| " | Reserve for Doubtful Debts | | 1,040 | | | | |
| " | Provision for Taxation | | 550 | | | | |
| " | Net Profit transferred to Profit & Loss Appropriation A/c. | | 5,760 | | | | |
| | | | 41,650 | | | | 41,650 |

**Dr.** **Profit and Loss Appropriation Account** **Cr.**

| | | Rs. | Rs. | | | Rs. | Rs. |
|---|---|---|---|---|---|---|---|
| To | General Reserve | | 1,100 | By | Balance b/d | | 1.800 |
| " | Proposed Dividend : | | | " | Net Profit transferred from Profit & Loss A/c. | | 5,760 |
| | Preference Shares | 600 | | | | | |
| | Equity Shares | 5,000 | 5,600 | | | | |
| " | Balance transferred to Balance Sheet | | 860 | | | | |
| | | | 7,560 | | | | 7,560 |

**ABC Ltd.**

Dr. **Balance Sheet as at 31st December, 1999** Cr.

| Liabilities | Rs. | Rs. | Assets | Rs. | Rs. |
|---|---|---|---|---|---|
| **Share Capital :** | | | **Fixed Assets :** | | |
| Authorised– | | | Land & Building | 7,500 | |
| 250 Preference shares | | | Less : Depreciation | | |
| of Rs.100 each | 25,000 | | (2%) | 150 | 7,350 |
| 7500 Equity Shares of | | | Plant & Machinery | 29,000 | |
| Rs. 10 each | 75,000 | 1,00,000 | Less : Depreciation | | |
| **Issued and Subscribed :** | | | (10%) | 2,900 | 26,100 |
| 5,000 Equity shares of | | | Other Fixed Assets | 7,500 | |
| Rs. 10 each | 50,000 | | Less : Depreciation | | |
| Less : Calls-in-arrear | 600 | | (3%) | 225 | 7,275 |
| **Reserve & Surplus** | | 49,400 | Office Furniture | 1,500 | |
| General Reserve | 10,000 | | Less : Depreciation | | |
| Add : Transfer from Profit | | | (15%) | 225 | 1,275 |
| & Loss Appropriation A/c. | 1,100 | 11,100 | | | NiL |
| Dividend Equalisation | | | **Investments** | | |
| Reserve | | 3,000 | Current Assets, Loans | | |
| Profit & Loss A/c | | 860 | and Advances | | |
| **Secured Loans** | | | A. Current Assets | | |
| (against Fixed Assets) | | | Closing Stock : | | |
| Balance | 20,000 | | Raw Materials & Stores | 33,000 | |
| Add : Outstanding Interest | | | Work-in-Progress | 4,000 | |
| thereon | 400 | 20,400 | Finished Goods | 40,000 | 77,000 |
| **Unsecured Loans** | | | Sundry Debtors | | |
| Bank Overdraft | | 35,000 | (a) Debtors consid– | | |
| **Current Liabuilities &** | | | ered good for | | |
| **Provisions** | | | which the company | | |
| A. Current Liabilities | | | holds no security | | |
| Sundry Creditors | 10,000 | | other than personal | | |
| Unpaid Dividend | 8,500 | | security | 25,100 | |
| Outstanding Expenses | | | (b) Doubtful Debts | 900 | |
| Rent, Rates & Taxes | 300 | | | 26,000 | |
| Audit Fee | 800 | 19,600 | Less : Provision for | | |
| B. Provision for Taxation | | | Doubtful Debts (4%) | 1,040 | 24,900 |
| Balance | 1,950 | | Cash and Bank | | |
| Add : Addition during | | | Balance | | 13,200 |
| the year | 550 | | B. Loans and Advances | | |
| | 2,500 | | Prepaid Insurance | | 150 |
| Proposed Dividend | 5,600 | 8,100 | | | |
| | | 1,57,310 | | | 1,57,310 |

Note : Contingent Liability : There was a pending law suit against the company for a sum of Rs. 500.

(2) Rising Engineers Limited have Authorised Capital of Rs. 50 lakhs, divided into 5,00,000 Equity Shares of Rs. 10 each. Their books show the following balances as on 31st December, 1999 :

| | Rs. | | Rs. |
|---|---|---|---|
| Stock as on 1.1.1999 | 6,65,000 | Bank Current Account | 20,000 |
| Discount and Rebates | 30,000 | Cash in hand | 8,000 |
| Carriage Inwards | 57,500 | Debenture Interest | |
| Patents | 3,75,000 | (For half year to 30.6.99) | 10,000 |
| Rates, Taxes & Insurance | 55,000 | Preliminary Expenses | 10,000 |
| Furniture & fixtures | 1,50,000 | Interest on Bank Overdraft | 91,000 |
| Materials Purchased | 12,32,500 | Calls-in arrear | 10,000 |
| Wages | 13,05,000 | Equity share Capital | |
| Coal & Coke | 63,000 | (200000 shares of | |
| Freehold Land | 12,50,000 | Rs.10 each) | 20,00,000 |
| Plant & Machinery | 7,50,000 | 4% Debentures | 5,00,000 |
| Engineering Tools | 1,50,000 | Bank Overdraft | 7,57,000 |
| Goodwill | 3,75,000 | Sundry Creditors | 2,40,500 |
| Sundry Debtors | 2,66,000 | (For Goods) | |
| Bills Receivable | 1,34,500 | Sales | 36,17,000 |
| Advertisement | 15,000 | Rent (Credit balance) | 30,000 |
| Commission & Brokerage | 67,500 | Transfer fees | 6,500 |
| Business Expenses | 56,000 | Profit & Loss A/c | 67,000 |
| Repairs | 46,500 | (Credit balance) | |
| Bad Debts | 25,500 | | |

The Stock (valued at cost or market value whichever is lower) as on 31st December, 1999 was Rs. 7,08,000. Outstanding liability for wages Rs. 25,000 and business expenses Rs. 25,000.

Dividend declared @ 10% on paid up Capital.

To charge depreciation : Plant & machinery @ 5%, Engineering Tools @ 20%, Patents @ 10% and Furniture and Fixtures @ 10%.

Provide 2% on debtors as doubtful debts after writing off Rs. 21,500 & bad debts. To write off Preliminary expenses Rs. 5000 and to create Debenture Redemption Reserve Rs. 50,000.

Provide Rs. 2,40,000 for Income Tax.

You are required to prepare :

i) Profit and Loss Account for the year ended 31st December, 1999.

ii) Vertical form Balance Sheet as on 31st December, 1999, in accordance with companies Act. 1956 giving as much information as necessary. Ignore previous years figures.

সমাধান : **Solution :**

## Rising Engineering Limited.

## Profit and Loss Account for the year ended 31st March, 1999

**Dr.** **Cr.**

| | Rs. | Rs. | | Rs. | Rs. |
|---|---|---|---|---|---|
| To Opening Stock | | 6,65,000 | By Sales | | 36,17,000 |
| " Materials Purchased | | 12,32,500 | " Closing Stock | | 7,08,000 |
| " Carriage Inwards | | 57,500 | " Rent | | 30,000 |
| " Wages | 13,05,000 | | " Transfer Fees | | 6,500 |
| Add: Outstanding | 25,000 | 13,30,000 | | | |
| " Coal & Coke | | 63,000 | | | |
| " Discount & Rebates | | 30,000 | | | |
| " Rates, Taxes & Insurance | | 55,000 | | | |
| " Advertisement | | 15,000 | | | |
| " Commissoion & Brokerage | | 67,500 | | | |
| " Business Expenses | 56,000 | | | | |
| Add: Outstanding | 25,000 | 81,000 | | | |
| " Repairs | | 46,500 | | | |
| Bad Debts | 25,500 | | | | |
| Add: Further Bad Debt | 21,500 | 47,000 | | | |
| " Debenture Interest | | 20,000 | | | |
| " Interest on Bank Overdraft | | 91,000 | | | |
| " Preliminary Expenses | | 5,000 | | | |
| " Depreciation on : | | | | | |
| Plant & Machinery | 37,500 | | | | |
| Engineering Tools | 30,000 | | | | |
| Patents | 37,500 | | | | |
| Furniture & Fixtures | 15,000 | 1,20,000 | | | |
| " Provision for Doubtful Debts | | 4,890 | | | |
| " Provision for income Tax | | 2,40,000 | | | |
| " Profit for the year c/d | | 1,90,610 | | | |
| | | 43,61,500 | | | 43,61,500 |

| | | | |
|---|---|---|---|
| To Debenture Redemption Reserve (Transfer) | 50,000 | By Balance as per last year | 67,000 |
| " Proposed Dividend (10%) | 1,99,000 | " Profit for the year b/d | 1,90,610 |
| " Balance transferred to Balance Sheet | 8,610 | | |
| | 2,57,610 | | 2,57,610 |

**Vertical Form:** **Rising Engineering Limited**

**Balance Sheet as at 31st December, 1999**

| | Schedule No. Rs. | Figures as at the end of current financial year Rs. | Rs. |
|---|---|---|---|
| I. **Sources of Funds :** | | | |
| 1. **Shareholders' Funds** | | | |
| a) Capital | 19,90,000 | | |
| b) Reserves and Surplus Rs. 50000 + Rs. 8610 | 58,610 | 20,48,610 | |
| 2. **Loan Funds** | | | |
| a) Secured Loans | 12,57,000 | | |
| b) Unsecured Loans | | 12,57,000 | |
| Total– | | | 33,05,610 |
| II. **Application of Funds :** | | | |
| 1. **Fixed Assets** | | | |
| a) Gross Block | 30,50,000 | | |
| Less : Depreciation | 1,20,000 | 29,30,000 | |
| Net Block | | | |
| b) Capital Work-in-Progress | | | 29,30,000 |
| 2. **Investments** | | | Nil |

| | | | |
|---|---|---|---|
| **3. Current Assets, Loans and Advances** | | | |
| a) Inventories | 7,08,000 | | |
| b) Sundry Debtors | 2,39,610 | | |
| c) Cash and Bank Balances | 28,000 | | |
| d) Other Current Assets | | | |
| e) Loans and Advances Bills Receivables | 1,34,500 | 11,10,110 | |
| Less : **Current Liabilities and Provisions** | | | |
| a) Current Liabilities | 3,00,500 | | |
| b) Provision | 4,39,000 | 7,39,500 | 3,70,610 |
| **4.** a) Miscellaneous Expenditure Preliminary Expenses to the extent of written off or adjusted (Rs. 10,000 – Rs. 5,000) | | | 5,000 |
| b) Profit and Loss Account | | | – |
| | | Total | 33,05,610 |

**Note :**

| 1. **Fixed Assets** | **Gross Block** Rs. | **Depreciation** Rs. | **Net Block** Rs. |
|---|---|---|---|
| Goodwill | 3,75,000 | – | 3,75,000 |
| Freehold Land | 12,50,000 | – | 12,50,000 |
| Plant and Machinery | 7,50,000 | 37,500 | 7,12,500 |
| Engineering Tools | 1,50,000 | 30,000 | 1,20,000 |
| Patents | 3,75,000 | 37,500 | 3,37,500 |
| Furniture and Fixtures | 1,50,000 | 15,000 | 1,35,000 |
| **Total** | 30,50,000 | 1,20,000 | 29,30,000 |

| | | |
|---|---|---|
| 2. | Sundry Debtors | Rs. 2,66,000 |
| | Less : Bad Debts | Rs. 21,500 |
| | | Rs. 2,44,500 |
| | Less : Reserve for Bad Debt @ 2% | Rs. 4,890 |
| | | Rs. 2,39,610 |
| 3. | Current Liabilities :– | |
| | Sundry Creditors | Rs. 2,40,500 |
| | Outstanding Liabilities for Wages | Rs. 25,000 |
| | Business Expenses | Rs. 25,000 |
| | Debenture Interest | Rs. 10,000 |
| | | Rs. 3,00,500 |
| 4. | Provisions :– | |
| | For Taxation | Rs. 2,40,000 |
| | For Proposed Dividend 10% on Rs. 19,90,000 | Rs. 1,99,000 |
| | | Rs. 4,39,000 |

## ১০৯.১২ সারাংশ

**আমরা আশা করি এই একক পাঠ করে আপনি শিখতে পেরেছেন যে—**

- কোম্পানির বার্ষিক হিসাবের দলিল কী কী।
- উদ্বর্তপত্র কী।
- উদ্বর্তপত্রের আড়াআড়ি ফরম কীভাবে তৈরি করা হয়।
- উদ্বর্তপত্রের উল্লম্ব ফরম কীভাবে তৈরি করা হয়।
- ৬নং তপশীল অনুসারে উদ্বর্তপত্র কী রকম হয়।
- উদ্বর্তপত্রে সম্পদের সংবাদ কীভাবে দেখানো হয়।
- উদ্বর্তপত্রে দায়ের সংবাদ কীভাবে দেখানো হয়।
- লাভ-লোকসান হিসাব কী।
- লাভ-লোকসানের হিসাবে কোন কোন বিষয় কীভাবে দেখানো হয়।
- উৎপাদনের ক্ষমতা এবং উৎপাদনের পরিমাণগত সংবাদ কীভাবে দেখানো হয়।
- বৈদেশিক মুদ্রার আয় ও ব্যয় কীভাবে হিসাবে পরিবেশন করা হয়।

## ১১০.১৩ অনুশীলনী

**সংক্ষিপ্ত আকারের উত্তর বিষয়ক প্রশ্ন**

১। ঋণপত্র কাকে বলে?

২। ঋণপত্রের অবলিখন বলতে কী বোঝেন?

৩। ঋণপত্র পরিশোধের জন্য অর্থের উপায় করবার জন্য কী ব্যবস্থা গ্রহণ প্রয়োজন?

৪। ঋণপত্র বাজারে বিক্রয় করবার কোনও নিয়ম আছে কী? থাকলে তার উল্লেখ করুন।

৫। অধিদেয় শেয়ার (Bonus Shares) কাকে বলে?

৬। কোন কোন উৎস থেকে অধিদেয় শেয়ার দেওয়া যায়?

৭। অধিদেয় শেয়ার বিলির উদ্দেশ্য কী?

৮। অধিদেয় শেয়ার বিলি করা হলে প্রাথমিক হিসাব বইতে তার দাখিলা যেভাবে দেওয়া হয় তার একটি উদাহরণ দিন।

৯। অধিদেয় শেয়ার বিলি করবার কোনও নির্দিষ্ট নিয়ম থাকলে তাহা উল্লেখ করুন।

১০। অগ্রাধিকার যুক্ত শেয়ার পরিশোধের নিয়ম কী?

১১। মুনাফার মূলধনী করণ বলতে কী বোঝেন?

১২। সঞ্চিতির মূলধনীকরণ কী?

১৩। প্রারম্ভিক ব্যয় এবং শেয়ার ঋণপত্র অবলিখনের দপ্তরী উদ্বর্তপত্রে কীভাবে দেখানো হয়?

১৪। অনুষ্ঠান পত্র কাকে বলে?

১৫। অনুষ্ঠান পত্র প্রচার করা কোন ক্ষেত্রে বাধ্যতামূলক?

১৬। ন্যূনতম চাঁদা কাকে বলে?

১৭। অনিশ্চিত দায় কাকে বলে?

| (i) মোট আদায়ীকৃত মূল্যের সমান অর্থ প্রদান করা হলে। | প্রেফারেন্স শেয়ার স্বত্বাধিকারীদের হিসাবকে ডেবিট এবং নগদ/ব্যাঙ্ক হিসাবকে ক্রেডিট করুন। | Preference Shareholders A/c ... Dr.<br>To Cash/Bank A/c.<br>(প্রাপ্য অংক এবং প্রদত্ত অংক) |
| (ii) প্রেফারেন্স শেয়ারের মোট আদায়ীকৃত মূল্যের সমান অঙ্ক অপেক্ষা কম অর্থ প্রদান করা হলে। | প্রেফারেন্স শেয়ার স্বত্বাধিকারীদের হিসাবকে ডেবিট এবং নগদ/ব্যাঙ্ক হিসাবকে ও আদায়করণ হিসাবকে ক্রেডিট করুন। | Pref. Shareholders A/c .... Dr.<br>( শেয়ারের মোট আদায়ীকৃত মূল্যে)<br>To Cash / Bank A/c (প্রদত্ত অর্থ)<br>To Realisation A/c (কম দেওয়া অর্থের পরিমাণ) |
| (iii) প্রেফারেন্স শেয়ারের মোট আদায়ীকৃত মূল্য অপেক্ষা বেশি অর্থ প্রদান করা হলে। | প্রেফারেন্স শেয়ার স্বত্বাধিকারীদের হিসাবকে ডেবিট, আদায়করণ হিসাবকে ডেবিট এবং নগদ/ব্যাঙ্ক হিসাবকে ক্রেডিট করুন। | Pref. Shareholders A/c .... Dr.<br>(শেয়ারের মোট আদায়ীকৃত মূল্যে)<br>Realisation A/c .... Dr.<br>[ বেশি দেওয়া অর্থের পরিমাণ]<br>To Cash/Bank A/c (প্রদত্ত অর্থ) |

| লেনদেনের কারণ | কী করা উচিত | জাবেদার আকারে |
|---|---|---|
| 14. শাশ্বত শেয়ার অথবা ইকুইটি শেয়ার-মূলধন, অবণ্টিত মুনাফা থেকে সাধারণ বা কোন বিশেষ ফান্ডে সরিয়ে রাখা অর্থ, লাভ-লোকসান হিসাবের ক্রেডিট জের প্রভৃতি ইকুইটি শেয়ার হোল্ডার-গণের প্রাপ্য বলে ঐগুলিকে তাদের ব্যক্তিক হিসাবে স্থানান্তরিত করার জন্য: | ইকুইটি শেয়ার মূলধন এবং তাদের প্রাপ্য অন্যান্য ফান্ড ও হিসাবকে ডেবিট করুন এবং ইকুইটি শেয়ার হোল্ডারদের হিসাবকে ক্রেডিট করুন। | Equity Share Capital A/c ... Dr.**<br>General Reserve A/c ....... Dr.<br>Capital Redemption Reserve A/c ...............Dr.<br>Debenture Redemption Fund A/c Dr.<br>Dividend Equalisation Fund A/c..Dr.<br>Contingency Fund A/c ...Dr.<br>Accident Compensation Fund A/c ....... Dr.<br>Workmen's Compensation Fund A/c .......Dr.<br>Insurance Fund A/c ..... Dr.<br>Profit / Loss A/c (Cr.) etc .... Dr.<br>To Equity Shareholders A/c. |

[ **উপরে জাবেদার ডেবিটে সব জায়গাতেই খতিয়ান বা লেজারে প্রদর্শিত অংককেই নিতে হবে এবং ক্রেডিটে, ডেবিটে নেওয়া সমস্ত হিসাবগুলির মোট অংককে নিতে হবে। এক্ষেত্রে মনে রাখতে হবে যে উপরিউক্ত ফান্ড (Fund) গুলির যদি শেয়ারহোল্ডাররা ছাড়াও অপর কোন পক্ষের দাবি থাকে তবে সংশ্লিষ্ট পক্ষকে তা মিটিয়ে দিতে হবে এবং তার পরে সংশ্লিষ্ট ফান্ডে (Fund) কোন অর্থ অবশিষ্ট থাকলে তা শেয়ারহোল্ডারদের প্রাপ্য বলে বিচার করা হয়। ]

| লেনদেনের কারণ | কী করা উচিত | জাবেদার আকারে |
|---|---|---|
| 15. লাভ-লোকসান হিসাবের ডেবিট জের বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয় অলীক সম্পত্তি প্রভৃতি ইকুইটি শেয়ার-হোল্ডারদের হিসাব থেকে বাদ দেবার জন্য। | ইকুইটি শেয়ারহোল্ডারদের হিসাবকে ডেবিট এবং লাভ-লোকসানের (Dr.) জের, প্রাথমিক খরচ, আনডার রাইটিং কমিশন, প্রেফারেন্স শেয়ার বিলিকৃত ক্ষতি ডিবেঞ্চার বিলিকৃত ক্ষতিকে ক্রেডিট করুন। | Equity Shareholders A/c ... Dr.<br>To Profit / Loss A/c (Dr.) .... Dr.<br>To Underwriting Commission ...Dr.<br>To Loss on Issue of Pref. Share<br>To Loss on Issue of Debentures. |

| লেনদেনের কারণ | কি করা উচিত | জাবেদার আকারে |
|---|---|---|
| 16. আদায়করণ (Realisation A/c) হিসাবের জেরকে ইকুইটি শেয়ারহোল্ডারদের ব্যক্তিক হিসাবে স্থানান্তরিত করার জন্য : | | |
| (ক) আদায়করণ হিসাবের ক্রেডিট জের থাকলে | আদায়করণ হিসাবকে ডেবিট এবং ইকুইটি শেয়ারহোল্ডারগণের হিসাবকে ক্রেডিট করুন। | Realisation A/c ...... Dr.<br>To Equity Shareholders A/c. |
| (খ) আদায়করণ হিসাবের ডেবিটজের থাকলে | ইকুইটি শেয়ারহোল্ডারগণের হিসাবকে ডেবিট এবং আদায়করণ হিসাবকে ক্রেডিট করুন। | Equity Shareholders A/c .... Dr.<br>To Realisation A/c |
| 17. ক্রয়-প্রতিদান বাবদ প্রাপ্য অর্থ ইকুইটি শেয়ারহোল্ডারগণের মধ্যে বণ্টন করার জন্য: | ইকুইটি শেয়ারহোল্ডারগণের হিসাবকে ডেবিট এবং ক্রয়কারী কোম্পানীর শেয়ার হিসাবকে ক্রয়কারী কোম্পানীর ডিবেঞ্চার নগদ/ব্যাঙ্ক হিসাবকে ক্রেডিট করুন। | Equity Shareholders A/c .... Dr.<br>To Shares in Purchasing Co. A/c.<br>To Debentures in Purchasing Co. A/c<br>To Cash/Bank A/c. |

উপরের লিখিত জাবেদাগুলি ছাড়াও বিক্রয়কারী কোম্পানীর বইতে আরও কতগুলি জাবেদা দাখিলার প্রয়োজন হতে পারে। তাদের নীচে আলোচনা করা হল।

বাইরের পাওনাদারদের দাবিযুক্ত Fund-গুলি সাধারণত ক্রয়কারী কোম্পানী গ্রহণ করে নেয়। তখন তাদের জন্য বিক্রয়কারী কোম্পানী নিম্নলিখিত দাখিলাগুলি লিপিবদ্ধ করুন।

| | | |
|---|---|---|
| এমপ্লইজ প্রভিডেন্ড ফান্ড হিসাব<br>(Employees Provident Fund A/c) | ডেবিট<br>Dr. | লেজারে প্রদর্শিত সংশ্লিষ্ট অঙ্ক। |
| এমপ্লইজ আনুপাতিক লাভ-ফান্ড হিসাব<br>(Employees Profit-sharing Fund A/c) | ডেবিট<br>Dr. | |
| এমপ্লইজ সুপারএনুয়েশন ফান্ড হিসাব<br>(Employees Superannuation Fund A/c) | ডেবিট<br>Dr. | |
| স্টাফ পেনশন ফান্ড হিসাব<br>(Staff Pension Fund A/c) | ডেবিট<br>Dr. | |
| আদায়করণ হিসাব<br>(To Realisation A/c) | ক্রেডিট (মোট অংক) | |

## ১১১.৪.২ ক্রেতা-কোম্পানীর বই

কোম্পানী অধিগ্রহণের পরে ক্রেতা কোম্পানীর বইয়ে একীকরণ সংক্রান্ত প্রারম্ভিক দাখিলাগুলি লিপিবদ্ধ করার আগে বিক্রয়কারী কোম্পানীগুলির কাছ থেকে প্রাপ্ত মোট সম্পত্তি এবং মোট দায়ের হিসাব থেকে নীট সম্পত্তির পরিমাণ বার করা হয়। যদি নীট সম্পত্তির পরিমাণ ক্রয়-প্রতিদান অপেক্ষা কম হয়, তাহলে এই পার্থক্যকে সুনাম বলা হয় অপরপক্ষে যদি নীট সম্পত্তির পরিমাণ ক্রয়-প্রতিদান অপেক্ষা বেশি হয় তবে তাকে মূলধন জাতীয় লাভ বলে গণ্য করা হয় । যদি নীট সম্পত্তি ও ক্রয়-প্রতিদান দুটির পরিমাণই সমান হয় তবে সেক্ষেত্রে কোন সুনাম (Goodwill) বা মূলধনজাতীয় লাভ (Capital Reserve) কিছুই সৃষ্টি হয় না। যাই হোক একীকরণের ক্ষেত্রে ক্রেতা-কোম্পানীর বইয়ে নিম্নের জাবেদাগুলি লেখা হবে।

বিক্রয়কারী কোম্পানীর কাছ থেকে প্রাপ্ত বিভিন্ন সম্পত্তি ও দায়ের জন্য :

(i) যদি সুনাম বা Goodwill-এর উদ্ভব হয়।

| | | |
|---|---|---|
| বিভিন্ন সম্পত্তিসমূহের হিসাবকে | ডেবিট | [ প্রদত্ত সম্পত্তির ক্রয়মূল্য] |
| সুনামকে | ডেবিট | [ ক্রয়-প্রতিদান নীট সম্পত্তির অংক] |
| বিভিন্ন দায়সমূহের হিসাবকে | ক্রেডিট | [ গৃহীত দায় অংক] |
| লিকুইডেটর অফ ভেনডর কোম্পানী | ক্রেডিট | [ ক্রয়-প্রতিদানের অংক] |

**(ইংরাজি আকারে)**

Various Assets A/c ....... Dr.

Goodwill A/c ........ Dr.

To Various Liabilities A/c

To Liquidator of Vendor

Company Account

(ii) মূলধন জাতীয় লাভ সৃষ্টি (Capital Reserve) হলে :

বিভিন্ন সম্পত্তিসমূহের হিসাবকে ডেবিট [ প্রাপ্ত সম্পত্তিগুলির ক্রয়মূল্য]

বিভিন্ন দায়সমূহের হিসাবকে ক্রেডিট [গৃহীত দায় এর অঙ্ক]

লিকুইডেটর অফ ভেনডর কোম্পানীর হিসাবকে ক্রেডিট [ ক্রয়-প্রতিদানের অর্থ ]

মূলধন জাতীয় লাভকে ক্রেডিট [ নীট সম্পত্তি — ক্রয়প্রতিদানের অঙ্ক ]

**(ইংরাজি আকারে)**

Various Assets A/c ..... Dr.

To Various Liabilities A/c

To Liquidator of Vendor

Company A/c

To Capital Reserve A/c

(iii) যদি সুনাম (Goodwill) অথবা মূলধনজাতীয় লাভ (Capital Reserve) না থাকে।

| | |
|---|---|
| বিভিন্ন সম্পত্তিসমূহের হিসাবকে | ডেবিট [ প্রাপ্ত সম্পত্তির ক্রয়মূল্যে ] |
| বিভিন্ন দায়সমূহের হিসাবকে | ক্রেডিট [ গৃহীত দায়ের অঙ্ক ] |
| লিকুইডেটর অফ ভেনডর কোম্পানীর হিসাবকে | ক্রেডিট [ ক্রয়-প্রতিদানের অঙ্কে ] |

**(ইংরাজি আকারে)**

Various Assets A/c ..... Dr.

To Various Liabilities A/c

To Liquidator of Vendor Co. A/c

(iv) বিক্রয়কারী কোম্পানীকে শেয়ার ডিবেঞ্চার ও নগদ অর্থ ইত্যাদি ক্রয় -প্রতিদান বাবদ প্রদান করার জন্য :

| | |
|---|---|
| লিকুইডেটর অফ ভেনডর কোম্পানীর হিসাবকে | ডেবিট |
| শেয়ার মূলধন হিসাবকে | ক্রেডিট |
| ডিবেঞ্চার/ঋণপত্র হিসাবকে | ক্রেডিট |
| নগদ/ব্যাঙ্ক হিসাবকে | ক্রেডিট |

**ইংরাজি আকারে**

Liquidator of Vendor Company A/c .... Dr.

To Share Capital A/c.

To Debentures A/c

To Cash/Bank A/c.

এক্ষেত্রে মনে রাখতে হবে যে উপরিউক্ত শেয়ারগুলি যদি অধিহারে (At a Premium) অথবা অবহারে (At a discount) বিলি করা হয়, তাহলে অধিহারের অঙ্ককে শেয়ার প্রিমিয়ামের হিসাবকে ক্রেডিট (Share Premium A/c) এবং অবহারের জন্য শেয়ার-প্রিমিয়ামের হিসাবকে ডেবিট করতে হবে।

3. বিক্রয়কারী কোম্পানীর সমাপন সংক্রান্ত খরচাদি ক্রয়কারী কোম্পানী শোধ করতে রাজি হলে এবং ঐ খরচ আগেই ক্রয়-প্রতিদানে অন্তর্ভুক্ত হয়ে থাকলে তার জন্য ক্রয়কারী কোম্পানী ক্রয়-প্রতিদান সংক্রান্ত দাখিলাটিই শুধু করবে, কিন্তু যদি তা ক্রয়-প্রতিদানে অন্তর্ভুক্ত না হয় তবে ক্রয়কারী কোম্পানীকে ঐ সমস্ত খরচের জন্য নীচের দাখিলা করতে হবে।

সুনাম হিসাবকে ডেবিট [ সুনাম-বাবদ মূল্য প্রদান করলে ]

বা

মূলধন জাতীয় লাভকে ডেবিট [ ক্রয়ের ফলে লাভ হলে ]

নগদ / ব্যাঙ্ক হিসাবকে ক্রেডিট [ সমাপন সংক্রান্ত খরচ ]

**ইংরাজি আকারে**

Goodwill Account ............. Dr.

or

Capital Reserve Account .......... Dr.

To Cash / Bank Account

**ক্রয়কারী কোম্পানীর বইতে হিসাব লেখার (বিকল্প পদ্ধতি)**

কোম্পানীগুলিকে অধিগ্রহণের ফলে ক্রেতা কোম্পানীর লাভ বা লোকসানের পরিমাণ কি, তা নীচের হিসাবের দ্বারা নির্ণয় করা যায়।

| | |
|---|---|
| অধিগৃহীত সম্পত্তিগুলোর লিখিত মূল্য | |
| অথবা | |
| অধিগৃহীত সম্পত্তিগুলোর পুনর্নির্ধারিত মূল্য | **** |
| **বাদ**—অধিগৃহীত দায়সমূহের লিখিত অথবা পুনর্নির্ধারিত মূল্য | *** |
| অধিগৃহীত নীট সম্পত্তির পরিমাণ | **** |

(Value of Net Assets)

**বিকল্প পদ্ধতিতে জাবেদার আকার**

এক্ষেত্রে ক্রয়কারী কোম্পানী তার বইতে ব্যবসা ক্রয়ের হিসাব বা Business Purchase Account নামে একটি অতিরিক্ত হিসাব খুলে দাখিলাগুলি করা হয়।

**২. ক্রয় প্রতিদানের অঙ্কের জন্য**

ব্যবসা ক্রয়ের হিসাব ডেবিট

(Business Purchase A/c ............ Dr.)

(To Liquidator of Vendor Co. Account)

লিকুইডেটর অফ ভেনডর কোম্পানীর হিসাবকে ক্রেডিট

**অধিগৃহীত সম্পত্তিগুলির জন্য :**

বিভিন্ন সম্পত্তিগুলি ডেবিট (সুনামের মূল্য ছাড়া)

Various Assets A/c....... Dr.

ব্যবসা ক্রয়ের হিসাব ক্রেডিট

To Business Purchase A/c ........

ক্রয়কারী কোম্পানী বিক্রয়কারী কোম্পানীর যে সকল দায় পরিশোধ করার দায় গ্রহণ করেছে তার স্বীকৃত অঙ্কে —

ব্যবসা ক্রয়ের হিসাব ডেবিট
(Business Purchase A/c ..... Dr.)

বিভিন্ন দায়সমূহের হিসাব ক্রেডিট
(Various Liabilities A/c credit)

ব্যবসা ক্রয়ের হিসাব বা Business Purchase A/c. এর জেরকে স্থানান্তরিত করার জন্য—

(i) যদি ক্রেডিট জের থাকে তাহলে ব্যবসা ক্রয় হিসাব ডেবিট
(Business Purchase A/c Dr.)

মূলধন সঞ্চিতির হিসাবকে ক্রেডিট
(To Capital Reserve A/c)

অথবা

(ii) Debit balance বা ডেবিট জের থাকলে—

সুনামের হিসাবকে ডেবিট
(Goodwill A/c Dr.)

ব্যবসা ক্রয়ের হিসাবকে ক্রেডিট
(Business Purchase A/c Credit)

ক্রয়-প্রতিদানবাবদ বিক্রয়কারী কোম্পানীকে প্রদত্ত শেয়ার, ডিবেঞ্চার ও নগদ অর্থ ইত্যাদির জন্য।

**লিকুইডেটর অফ ভেনডর**

কোম্পানী হিসাব ডেবিট

শেয়ার মূলধন হিসাব ক্রেডিট

ডিবেঞ্চার হিসাব ক্রেডিট

ডিবেঞ্চার হিসাব ক্রেডিট

নগদ/ব্যাঙ্ক হিসাব ক্রেডিট

ইংরাজি আকারে

Liquidator of Vendor
Co. Account ..... Dr.

To Share Capital A/c.

To Debenture A/c.

To Cash / Bank A/c.

শেয়ার মূলধনের দাখিলা করার সময় অধিহার (Premium) এবং অবহার (Discount)-কে শেয়ার প্রিমিয়াম হিসাবে ক্রেডিট ও ডেবিট করতে হবে।

## ১১১.৫ উদাহরণমালা

উদাহরণ — 1.

'এ' লিমিটেড এবং 'বি' লিমিটেড একত্রিত হবার জন্য সিদ্ধান্ত গ্রহণ করে। তাদের সম্পত্তি ও দায় অধিগ্রহণের জন্য 'সি' লিমিটেড নামে একটি নতুন কোম্পানি গঠিত হল এবং ঠিক হল যে বিক্রয়মূল্য হিসাবে 'এ' লিমিটেড ও 'বি' লিমিটেডকে যথাক্রমে 1,75,000 টাকা ও 1,10,000 টাকা দেওয়া হবে। উভয়ক্ষেত্রে ক্রয়মূল্য নতুন কোম্পানীর সম্পূর্ণ আদায়ীকৃত 100 টাকা মূল্যের শেয়ারের দেওয়া হবে।

উভয় কোম্পানীর একত্রিত হবার পূর্বে তাদের আর্থিক অবস্থা নিম্নরূপ ছিল। সকল পক্ষের হিসাবে জাবেদা দাখিলাগুলি এবং একত্রীকরণের পরে 'সি' লিমিটেডের উর্দ্বতপত্রটি দেখান।

**'এ' লিমিটেডের উর্দ্বতপত্র**

| দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| ইকুইটি শেয়ার মূলধন [Equity Share Capital] 5000 ইকুইটি শেয়ার প্রতিটি 25 টাকা মূল্যে | 1,25,000 | সুনাম [Goodwill] | 10,000 |
| | | জমি ও বাড়ি [Land & Building] | 47,500 |
| | | কলকব্জা ও যন্ত্রপাতি [Plant and Machinery] | 62,500 |
| সাধারণ সঞ্চিতি [Reserve Fund] | 25,000 | মজুত [Stock] | 30,000 |
| লাভ ও ক্ষতির হিসাব [ Profit & Loss A/c] | 20,000 | দেনাদার [Debtors] | 42,500 |
| | | ব্যাঙ্কজমা [Cash at Bank] | 15,000 |
| পাওনাদারগণ [Sundry Creditors] | 45,000 | প্রাথমিক খরচসমূহ [Preliminary expenses] | 7,500 |
| | 2,15,000 | | 2,15,000 |

'বি' লিমিটেডের উদ্বৃত্তপত্র

| দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| ইকুইটি শেয়ার মূলধন | | সুনাম [Goodwill] | 5,000 |
| 2500 ইকুইটি শেয়ার প্রতিটি 45 টাকা | | জমি ও বাড়ি [Land & Building] | 45,000 |
| দামে | 1,12,500 | কলকব্জা ও যন্ত্রপাতি | 40,000 |
| সাধারণ সঞ্চিতি [Reserve Fund] | 5,000 | [Plant & Machinery] | |
| লাভ ও ক্ষতির হিসাব [ Profit & | 7,500 | মজুত [Stock] | 20,000 |
| Loss A/c] | | দেনাদারগণ [Debtors] | 17,500 |
| পাওনাদারগণ [Sundry Creditors] | 12,500 | ব্যাঙ্ক জমা [Cash at Bank] | 10,000 |
| | 1,37,500 | | 1,37,500 |

**সমাধান ঃ** 'এ' লিমিটেডের বইতে জাবেদা দাখিলা

| বিষয়সমূহ | | | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|---|---|
| | | | টাকা | টাকা |
| 1. আদায়করণ হিসাব (Realisation A/c ......... Dr.) | ডেবিট | | 2,07,500 | |
| সুনাম হিসাব (To Goodwill A/c) | ক্রেডিট | | | 10,000 |
| জমি ও বাড়ির হিসাব (To Land & Building A/c) | ক্রেডিট | | | 47,500 |
| যন্ত্রপাতি ও কলকব্জা হিসাব (To Plant & Machinary) | ক্রেডিট | | | 62,500 |
| মজুত হিসাব (To Stock A/c) | ক্রেডিট | | | 30,000 |
| দেনাদার হিসাব (To Debtors A/c) | ক্রেডিট | | | 42,500 |
| ব্যাঙ্ক জমার হিসাব (To Bank A/c) | ক্রেডিট | | | 15,000 |

[ 'সি' লিমিটেডের গৃহীত সম্পত্তিগুলিকে স্থানান্তর করা হ'ল]

| বিষয়সমূহ | | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|---|
| | | টাকা | টাকা |
| 2. পাওনাদারসমূহের হিসাব ডেবিট<br>(Sundry Creditors A/c .............. Dr.) | | 45,000 | |
| আদায়করণ হিসাব ক্রেডিট<br>(To Realisation A/c.)<br>[ 'সি' লিমিটেড কর্তৃক পাওনাদারসমূহের হিসাবকে স্থানান্তরিত করা হল ] | | | 45,000 |
| 3. 'সি' লিমিটেডের হিসাব ডেবিট<br>('C' Limited A/c ........ Dr.) | | 1,75,000 | |
| আদায়করণ হিসাব ক্রেডিট<br>(To Realisation A/c.)<br>[ ক্রয়-প্রতিদান হিসাবে ক্রয়কারী কোম্পানীর কাছ থেকে প্রাপ্য অর্থের জন্য দাখিলা করা হল ] | | | 1,75,000 |
| 4. আদায়করণ হিসাব ......... ডেবিট<br>(Realisation A/c ................. Dr.) | | 12,500 | |
| শাশ্বত বা ইকুইটি শেয়ার স্বত্বাধিকারীদের হিসাব......ক্রেডিট<br>(To Equity Shareholders A/c.)<br>[ আদায়করণ হিসাবের লাভকে ইকুইটি শেয়ারহোল্ডারদের ব্যক্তিগত হিসাবে স্থানান্তরিত করা হল ] | | | 12,500 |
| 5 ইকুইটি শেয়ার স্বত্বাধিকারীদের হিসাব ......... ডেবিট<br>(Equity Shareholders A/c ....... Dr.) | | 7,500 | |
| প্রারম্ভিক খরচের হিসাবকে ক্রেডিট<br>(To Preliminary expenses)<br>[ প্রারম্ভিক খরচের অঙ্ককে ইকুইটি শেয়ারহোল্ডারদের ব্যক্তিগত হিসাবে স্থানান্তর করা হল ] | | | 7,500 |

| বিষয়সমূহ | | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|---|
| | | টাকা | টাকা |
| 6. ইকুইটি শেয়ার মূলধন হিসাব ডেবিট<br>(Equity Share Capital A/c ...........Dr.) | | 1,25,000 | |
| সঞ্চিতির হিসাব ডেবিট<br>(Reserve Fund A/c ............. Dr.) | | 25,000 | |
| লাভ ও ক্ষতির হিসাব ডেবিট<br>(Profit & Loss A/c ...............Dr.) | | 20,000 | |
| ইকুইটি শেয়ারহোল্ডারগণের হিসাব ক্রেডিট<br>(To Equity Shareholders' A/c) | | | 1,70,000 |
| [ ইকুইটি শেয়ার মূলধন, সঞ্চিতির এবং লাভ-লোকসানের হিসাবের অঙ্ককে ইকুইটি শেয়ার-হোল্ডারগণের হিসাবে স্থানান্তরকরণ করা হল। ] | | | |
| 7. 'সি' লিমিটেডের শেয়ার হিসাব ডেবিট<br>(Shares in 'C' Limited ...........Dr.) | | 1,75,000 | |
| 'সি' লিমিটেডের হিসাবকে ক্রেডিট<br>(To 'C' Limited A/c) | | | 1,75,000 |
| [ ক্রয়-প্রতিদাম হিসাবে প্রাপ্য অর্থ 'সি' লিমিটেডের কাছ থেকে 1750 শেয়ার প্রতিটি 100 টাকা মূল্যের পাওয়ার জন্য দাখিলা লিপিবদ্ধ করা হল। ] | | | |
| 8. ইকুইটি শেয়ার হোল্ডারগণের হিসাব ডেবিট<br>(Equity Shareholders A/c ............ Dr.) | | 1,75,000 | |
| 'সি' লিমিটেডের শেয়ার হিসাব ক্রেডিট<br>(To Shares in 'C' Limited) | | | 1,75,000 |
| ['সি' লিমিটেডের কাছ থেকে পাওয়া শেয়ারগুলিকে ইকুইটি শেয়ার স্বত্বাধিকারীদের মধ্যে বণ্টন করে দেওয়া হল। ] | | | |

## 'বি' লিমিটেডের বইতে জাবেদা দাখিলা

| বিষয়সমূহ | | | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|---|---|
| | | | টাকা | টাকা |
| 1. আদায়করণ হিসাব (Realisation A/c .......... Dr.) | ডেবিট | | 1,37,500 | |
| সুনাম হিসাব (To Goodwill A/c) | ক্রেডিট | | | 5,000 |
| যন্ত্রপাতি ও কলকব্জা হিসাব (To Plant & Machinery A/c) | ক্রেডিট | | | 40,000 |
| জমি ও বাড়ির হিসাব (To Land & Building) | ক্রেডিট | | | 45,000 |
| মজুত হিসাব (To Stock A/c) | ক্রেডিট | | | 20,000 |
| দেনাদারগণের হিসাব (To Debtors A/c) | ক্রেডিট | | | 17,500 |
| ব্যাঙ্ক হিসাব (To Bank A/c) | ক্রেডিট | | | 10,000 |
| [ 'সি' লিমিটেড কর্তৃক গৃহীত সমস্ত সম্পত্তি সমূহের হিসাবকে স্থানান্তর করা হল। ] | | | | |
| 2. পাওনাদারগণের হিসাব (Sundry Creditors A/c ...........Dr.) | ডেবিট | | 12,500 | |
| আদায়করণ হিসাব (To Realisation A/c) | ক্রেডিট | | | 12,500 |
| [ 'সি' লিমিটেড কর্তৃক গৃহীত দায় পাওনাদারের হিসাবকে স্থানান্তরিত করা হল। ] | | | | |
| 3. 'সি' লিমিটেডের হিসাব ('C' Limited A/c ............. Dr.) | ডেবিট | | 1,10,000 | |
| আদায়করণ হিসাব (To Realisation A/c) | ক্রেডিট | | | 1,10,000 |
| [ ক্রয়-প্রতিদান হিসাবে, ক্রয়কারী কোম্পানী থেকে প্রাপ্য অর্থের পরিমাণকে দাখিলার মাধ্যমে লিপিবদ্ধ করা হল। ] | | | | |

| বিষয়সমূহ | | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|---|
| | | টাকা | টাকা |
| 4. ইকুইটি শেয়ারহোল্ডারগণের হিসাব ডেবিট<br>(Equity Shareholders A/c ......... Dr.)<br>আদায়করণ হিসাব ক্রেডিট<br>(To Realisation A/c)<br>[ আদায়করণ হিসাবে উদ্ভূত ক্ষতি বা লোকসানে স্থানান্তরিত করা হল। ] | | 15,000 | 15,000 |
| 5. ইকুইটি শেয়ার মূলধন ডেবিট<br>(Equity Share Capital ............ Dr.)<br>সঞ্চিতি ফাণ্ড ডেবিট<br>(Reserve Fund ........... Dr.)<br>লাভ ও ক্ষতির হিসাব ডেবিট<br>(Profit and Loss A/c ............ Dr.)<br>ইকুইটি শেয়ারগণের হিসাব ক্রেডিট<br>(To Equity Shareholders A/c)<br>[ ইকুইটি শেয়ার মূলধন, সঞ্চিতি ফাণ্ড, লাভ ও ক্ষতির জেরকে ইকুইটি শেয়ারহোল্ডারগণের ব্যক্তিগত হিসাবে স্থানান্তরিত করা হল। ] | | 1,12,500<br>5,000<br>7,000 | 1,25,000 |
| 6. 'সি' লিমিটেডের শেয়ার হিসাব ডেবিট<br>(Shares in 'C' Limited A/c ............ Dr.)<br>'সি' লিমিটেডের হিসাব ক্রেডিট<br>(To 'C' Limited A/c)<br>[ ক্রয়-প্রতিদান হিসাবে 'সি' লিমিটেডের কাছ থেকে 1100 শেয়ার প্রতিটি 100 মূল্যে পাওয়া গেল। ] | | 1,10,000 | 1,10,000 |
| 7. ইকুইটি শেয়ারহোল্ডারগণের হিসাব ডেবিট<br>(Equity Shareholders A/c Dr.)<br>'সি' লিমিটেডের শেয়ার হিসাব ক্রেডিট<br>(To Shares in 'C' Limited A/c Cr.)<br>[ 'সি' লিমিটেডের কাছ থেকে ক্রয়-প্রতিদান হিসাবে পাওয়া শেয়ারগুলি ইকুইটি শেয়ারহোল্ডারগণের ব্যক্তিগত হিসাবে স্থানান্তর করা হল। ] | | 1,10,000 | 1,10,000 |

### 'সি' লিমিটেডের বইতে জাবেদা দাখিলা

| | | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|---|
| | | টাকা | টাকা |
| জমি ও দালাল হিসাব ডেবিট<br>(Land & Building A/c .......... Dr.) | | 92,500 | |
| যন্ত্রপাতি ও কলকব্জা হিসাব ডেবিট<br>(Plant & Machinery A/c ............. Dr.) | | 1,02,500 | |
| মজুত হিসাব ডেবিট<br>(Stock A/c ............ Dr.) | | 50,000 | |
| দেনাদার হিসাব ডেবিট<br>(Debtors A/c ............ Dr.) | | 60,000 | |
| ব্যাঙ্ক হিসাব ডেবিট<br>(Bank A/c ............ Dr.) | | 25,000 | |
| সুনামের হিসাব (জের) ডেবিট<br>(Goodwill A/c Balance ............ Dr.) | | 12,500 | |
| পাওনাদারদের হিসাব ক্রেডিট<br>(To Sundry Creditors A/c) | | | 57,500 |
| লিকুইডেটর অফ 'এ' লিমিটেড ক্রেডিট<br>(Liquidator of 'A' Limited A/c) | | | 1,75,000 |
| লিকুইডেটর অফ 'বি' লিমিটেড ক্রেডিট<br>(To Liquidator of 'B' Limited A/c) | | | 1,10,000 |
| [ বিক্রেতা কোম্পানীগুলির থেকে বিভিন্ন সম্পত্তিসমূহ ও দায়সমূহ গ্রহণ করা হল, এবং নীট সম্পত্তি ও ক্রয় প্রতিদানের পার্থক্যকে সুনামের (Goodwill) হিসাবে স্থানান্তরিত করা হল ] | | | |
| লিকুইডেটর অফ 'এ' কোম্পানী লিমিটেডের হিসাব ডেবিট<br>(Liquidator of A Company Limited ........ Dr.) | | 1,75,000 | |
| লিকুইডেটর অফ 'বি' কোম্পানী লিমিটেডের হিসাব ডেবিট<br>(Liquidator of 'B' Company Limited ....... Dr.) | | 1,10,000 | |
| ইকুইটি শেয়ার মূলধন হিসাব ক্রেডিট<br>(To Equity Share Capital A/c.) | | | 2,85,000 |
| (বিক্রয়কারী কোম্পানীর জন্য 2850 শেয়ার প্রতিটি, 100 টাকা মূল্যে ক্রয়-প্রতিদানের পরিবর্তে তলব করা হল।) | | | |

## 'সি' কোম্পানী লিমিটেড, নির্দিষ্ট তারিখের উর্দ্ধতপত্র

| দায়সমূহ (Liabilities) | টাকা Rs. | সম্পত্তিসমূহ (Assets) | টাকা Rs. |
|---|---|---|---|
| শেয়ার মূলধন (Share Capital) | | **স্থায়ী সম্পত্তিসমূহ** (Fixed Assets) : | |
| বিলিকৃত : (Subscribed) | | সুনাম (Goodwill) | 12,500 |
| 2850 শেয়ার প্রতিটি 100 টাকা মূল্যে বিক্রেতা কোম্পানীগুলির জন্য (2850 equity shares of Rs. 100 each for vendors companies) | 2,85,000 | জমি ও দালান (Land & Building) | 92,500 |
| | | যন্ত্রপাতি ও কলকব্জা (Plant & Machinery) | 1,02,500 |
| | | **চলতি সম্পত্তি** (Current Assets) : | |
| **চলতি দায়সমূহ** (Current Liabilities) | | মজুত (Stock) | 50,000 |
| পাওনাদারগণ (Sundry Creditors) | 57,500 | দেনাদার (Debtors) | 60,000 |
| | | ব্যাঙ্ক জমা (Bank balance) | 2,500 |
| | 3,42,500 | | 3,42,500 |

'সি' লিমিটেডের সুনামের মূল্য নিম্নলিখিতভাবে হিসাব করা হয়েছে।

| | | 'এ' লিমিটেড | 'বি' লিমিটেড |
|---|---|---|---|
| গৃহীত বিভিন্ন সম্পত্তিসমূহ (সুনাম এবং প্রাথমিক ব্যয় বাদে) | | 1,97,500 | 1,32,500 |
| বাদ — | পাওনাদারগণের হিসাব | 45,000 | 12,500 |
| | নীট সম্পত্তির পরিমাণ | 1,52,500 | 1,20,000 |
| | সুনাম ক্রয়-প্রতিদান | 1,75,000 | 1,10,000 |
| | মূলধনী রিজার্ভ | 22,500 | 10,000 |

সুতরাং, নীট সুনাম = 22,500 টাকা – 10,000 টাকা = 12,500 টাকা।

**উদাহরণ — 2**

31শে ডিসেম্বর 2000 তারিখে P এবং Q কোম্পানীর লিমিটেডের উদ্বর্তপত্রগুলির নিম্নরূপ ছিল।

**P কোম্পানী লিমিটেড নির্দিষ্ট তারিখের উদ্বর্তপত্র**

| দায়সমূহ (Liabilities) | টাকা Rs. | সম্পত্তিসমূহ (Assets) | টাকা Rs. |
|---|---|---|---|
| শেয়ার মূলধন (Share Capital) | | সুনাম (Goodwill) | 35,000 |
| 1500 শেয়ার প্রতিটি 20 টাকা মূল্যে | 3,00,000 | জমি ও দালান (Land & Building) | 89,000 |
| সাধারণ সঞ্চিতি (General Reserve) | 90,000 | যন্ত্রপাতি ও কলকব্জা (Plant & Machinery) | 96,000 |
| পাওনাদারগণ (Sundry Creditors) | 40,000 | মজুত (Stock) | 1,04,000 |
| | | দেনাদার (Debtors) | 95,000 |
| প্রদেয় বিল (Bills Payable) | 25,000 | প্রাপ্য বিল (Bills Receivable) | 30,000 |
| লাভ ও ক্ষতির হিসাব (Profit & Loss A/c) | 20,000 | নগদ জমা (Cash in hand) | 10,000 |
| অপ্রদত্ত ব্যয়সমূহ (Outstanding expenses) | 15,000 | ব্যাঙ্ক জমা (Cash at Bank) | 31,000 |
| | 4,90,000 | | 4,90,000 |

'Q' কোম্পানী লিমিটেডের নির্দিষ্ট তারিখের উদ্বর্তপত্র

| দায়সমূহ (Liabilities) | টাকা Rs. | সম্পত্তিসমূহ (Assets) | টাকা Rs. |
|---|---|---|---|
| শেয়ার মূলধন (Share Capital) | | সুনাম (Goodwill) | 20,000 |
| 10,000 শেয়ার প্রতিটি 25 টাকা মূল্যের | 2,50,000 | জমি ও দালান(Land & Building) | 1,25,000 |
| সাধারণ সঞ্চিতি (General Reserve) | 40,000 | যন্ত্রপাতি ও কলকব্জা (Plant & Machinery) | 90,000 |
| দেয় বিল (Bills Payable) | 25,000 | মজুত পণ্য (Stock) | 50,000 |
| পাওনাদারগণ (Sundry Creditors) | 65,000 | দেনাদারগণ (Sundry Debtors) | 65,000 |
| লাভ ও ক্ষতির হিসাব (Profit & Loss A/c) | 10,000 | ব্যাঙ্ক জমা (Cash at Bank) | 40,000 |
| | 3,90,000 | | 3,90,000 |

31 শে ডিসেম্বর 2000 তারিখে উপরের দুটি কোম্পানী (P ও Q) 'R' কোম্পানী লিমিটেড নামে একটি নতুন কোম্পানীতে একীকরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং 'R' কোম্পানী লিমিটেড নিম্নের বিভিন্ন শর্তে পুরানো কোম্পানীগুলোর সম্পত্তিসমূহ ও দায়সমূহকে গ্রহণ করবে।

(1) 'P' কোম্পানীর প্রতি একটি শেয়ারের ধারক নতুন কোম্পানীর কাছ থেকে পূর্ণমূল্য আদায়ীকৃত প্রতিটি 10 টাকা মূল্যের 3 টি করে ইকুইটি শেয়ার পাবে।

(2) 'P' কোম্পানীর সম্পত্তির মূল্য নিম্নলিখিত মূল্যে পুনর্মূল্যায়ন (Revaluation) করতে হবে

| | টাকা |
|---|---|
| জমি ও দালান<br>(Land & Building) | 95,000 |
| যন্ত্রপাতি ও কলকব্জা<br>(Plant & Machinery) | 1,10,000 |
| মজুত<br>(Stock) | 1,20,000 |
| দেনাদারগণ<br>(Sundry Debtors) | 90,000 |

(3) 'Q' লিমিটেডের সম্পত্তির মূল্য নিম্নলিখিত অঙ্কে পুনর্মূল্যায়ন (Revaluation) করতে হবে।

| | টাকা |
|---|---|
| জমি ও দালান<br>(Land & Building) | 1,40,000 |
| যন্ত্রপাতি ও কলকব্জা<br>(Plant & Machinery) | 1,00,000 |
| দেনাদারগণ<br>(Sundry Debtors) | 50,000 |

(4) 'P' লিমিটেড ও Q লিমিটেডের সমাপন-সংক্রান্ত ব্যয় যথাক্রমে 2,000 টাকা ও 1,500 নতুন কোম্পানী (R) বহন করবে।

(5) 'Q' লিমিটেডের প্রতি একটি শেয়ারের ধারক নতুন কোম্পানীর কাছ থেকে পূর্ণমূল্য আদায়ীকৃত প্রতিটি 10 টাকা মূল্যের একটি ইকুইটি শেয়ার ও একটি 20 টাকা মূল্যের পূর্ণ আদায়ীকৃত 7% প্রেফারেন্স (অগ্রাধিকারযুক্ত) শেয়ার পাবে।

নতুন কোম্পানী 'R' জনসাধারণের কাছে প্রতিটি 10 টাকা মূল্যের 25,000 ইকুইটি শেয়ার এবং প্রতিটি 20 টাকা মূল্যের 5,000 7% প্রেফারেন্স শেয়ার বিলি করলো এবং এইগুলি সম্পূর্ণভাবে আদায়ীকৃত হল। নতুন কোম্পানীর অনুমোদিত মূলধনের পরিমাণ ছিল 15,00,000 টাকা এবং তা প্রতিটি 10 টাকা মূল্যের 1,00,000 ইকুইটি শেয়ার ও অবশিষ্টাংশ 20 টাকা মূল্যের 7% প্রেফারেন্স শেয়ারে বিভক্ত ছিল।

'P' লিমিটেড এবং 'Q' লিমিটেডের বইতে হিসাববন্ধের প্রয়োজনীয় জাবেদার দাখিলাগুলি দেখান ও 'R' লিমিটেডের বইতে প্রয়োজনীয় প্রারম্ভিক জাবেদার দাখিলাগুলি এবং একীকরণের পর নতুন কোম্পানীর উর্দ্বতপত্রটি দেখান।

**সমাধান ঃ**

**'P' লিমিটেডের ক্রয়-প্রতিদানের বিবরণ**

| | | টাকা | |
|---|---|---|---|
| | **সম্পত্তিসমূহ** | | |
| | জমি ও দালান | 95,000 | |
| | যন্ত্রপাতি ও কলকব্জা | 1,10,000 | |
| | মজুত পণ্য | 1,20,000 | |
| | দেনাদারগণ | 90,000 | |
| | প্রাপ্য বিল | 30,000 | |
| | ব্যাঙ্ক জমা | 31,000 | |
| | নগদ জমা | 10,000 | |
| বাদ ঃ | **দায়সমূহ —** | | 4,86,000 |
| | পাওনাদারগণ | 40,000 | |
| | দেয় বিল | 25,000 | |
| | অপ্রদত্ত খরচ | 15,000 | 80,000 |
| | নীট সম্পত্তি | | 4,06,000 |
| | সুনাম (জের, Balance) | | 46,000 |
| | | | 4,52,000 * |

'R' লিমিটেড এর প্রতিটি 10 টাকা

মূল্যের ( 15,000 × 3) বা 45,000 ইকুইটি

| | | |
|---|---|---|
| | শেয়ারের মূল্য | 4,50,000 |
| যোগ — | সমাপন-সংক্রান্ত | |
| | ব্যয় | 2,000 |
| | ক্রয়-প্রতিদান | 4,52,000 * |

## 'Q' লিমিটেডের ক্রয়-প্রতিদানের বিবরণ

| | | টাকা | |
|---|---|---|---|
| | সম্পত্তিসমূহ — | | |
| | জমি ও দালান | 1,40,000 | |
| | যন্ত্রপাতি ও কলকব্জা | 1,00,000 | |
| | দেনাদারগণ | 50,000 | |
| | মজুত পণ্য | 50,000 | |
| | ব্যাঙ্ক জমা | 40,000 | |
| | | | 3,80,000 |
| বাদ ঃ | দায়সমূহ — | | |
| | দেয় বিল | 25,000 | |
| | পাওনাদারগণ | 65,000 | |
| | | | 90,000 |
| | নীট সম্পত্তি | | 2,90,000 |
| | সুনাম (জের, Balance) | | 11,500 |
| | ক্রয়-প্রতিদান | ** | 3,01,500 |

| | টাকা |
|---|---|
| 'R' লিমিটেড-এর প্রতিটি 10 টাকা মূল্যের 1000 টি ইকুইটি শেয়ারের মূল্য | 1,00,000 |
| এবং প্রতিটি 20 টাকা মূল্যের 10,000 টি 7% প্রেফারেন্স শেয়ারের মূল্য | 2,00,000 |
| | 3,00,000 |
| + সমাপন-খরচের জন্য | 1,500 |
| ক্রয়-প্রতিদান | 3,01,500 ** |

ইংরাজি আকারে

## 'P' লিমিটেডের বইতে জাবেদাগুলি

| বিষয়সমূহ | | | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|---|---|
| | | | টাকা | টাকা |
| 1. আদায়করণ হিসাব (Realisation A/c | ডেবিট Dr.) | | 4,90,000 | |
| সুনাম হিসাব (To Goodwill A/c) | ক্রেডিট | | | 35,000 |
| জমি ও দালান হিসাব (To Land & Building A/c) | ক্রেডিট | | | 89,000 |
| যন্ত্রপাতি ও কলকব্জা হিসাব (To Plant & Machinery A/c) | ক্রেডিট | | | 96,000 |
| মজুত পণ্য হিসাব (To Stock A/c) | ক্রেডিট | | | 1,04,000 |
| দেনাদারগণের হিসাব (To Sundry Debtors A/c) | ক্রেডিট | | | 95,000 |
| প্রাপ্য বিল হিসাব (To Bills Receivable A/c) | ক্রেডিট | | | 30,000 |
| ব্যাঙ্ক জমা হিসাব (To Bank A/c) | ক্রেডিট | | | 31,000 |
| নগদ হিসাব (To Cash A/c) | ক্রেডিট | | | 10,000 |
| [সমস্ত সম্পত্তিসমূহকে আদায়করণ হিসাবে স্থানান্তরিত করা হল।] | | | | |
| 2. পাওনাদারগণের হিসাব (Sundry Creditors A/c.... | ডেবিট Dr.) | | 40,000 | |
| প্রদেয় বিল হিসাব (Bills Payable A/c.... | ডেবিট Dr.) | | 25,000 | |
| অপ্রদত্ত খরচ হিসাব (Outstanding expenses A/c... | ডেবিট Dr.) | | 15,000 | |
| আদায়করণ হিসাব (To Realisation A/c) | ক্রেডিট | | | 80,000 |
| [ ক্রেতা কোম্পানী কর্তৃক গৃহীত দায়সমূহকে আদায়করণ হিসাবে স্থানান্তরকরণের দাখিলা লিপিবদ্ধ করা হল। ] | | | | |

| বিষয়সমূহ | | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|---|
| | | টাকা | টাকা |
| 3. 'Q' লিমিটেডের হিসাব ডেবিট | | 4,52,000 | |
| ('Q' Limited A/c Dr.) | | | |
| আদায়করণ হিসাব ক্রেডিট | | | 4,52,000 |
| (To Realisation A/c) | | | |
| [ক্রয়-প্রতিদান হিসাবে ক্রেতা-কোম্পানীর কাছে পাওনা হল। ] | | | |
| 4. 'Q' Limited-এর ইকুইটি শেয়ার হিসাব ডেবিট | | 4,50,000 | |
| (Equity Shares in 'Q' Limited Dr.) | | | |
| নগদ (Cash / Bank A/c) | | 2,000 | |
| 'Q' লিমিটেডের হিসাব ক্রেডিট | | | 4,52,000 |
| (To 'Q' Limited A/c) | | | |
| [ ক্রয়-প্রতিদান স্বরূপ 45,000 ইকুইটি শেয়ার প্রতিটি 10 টাকা মূল্যের 'Q' লিমিটেডের কাছ থেকে পাওয়া গেল। ] | | | |
| 5. আদায়করণ হিসাব ডেবিট | | 2,000 | |
| (Realisation A/c Dr.) | | | |
| নগদ হিসাব ক্রেডিট | | | 2,000 |
| (To Cash / Bank A/c) | | | |
| [ ক্রেতা কোম্পানী সমাপন-সংক্রান্ত ব্যয় বহন করবে। ] | | | |
| 6. আদায়করণ হিসাব ডেবিট | | 40,000 | |
| (Realisation A/c Dr.) | | | |
| ইকুইটি শেয়ারহোল্ডারগণের হিসাব ক্রেডিট | | | 40,000 |
| (To Equity Shareholders A/c) | | | |
| [ আদায়করণ হিসাবে লাভকে স্থানান্তর করা হল। ] | | | |
| 7. ইকুইটি শেয়ার মূলধন হিসাব ডেবিট | | 3,00,000 | |
| (Equity Share Capital A/c Dr.) | | | |
| সাধারণ সঞ্চিতি হিসাব ডেবিট | | 90,000 | |
| (General Reserve A/c Dr.) | | | |
| লাভ ও ক্ষতির হিসাব ডেবিট | | 20,000 | |
| (Profit & Loss A/c Dr.) | | | |
| ইকুইটি শেয়ারহোল্ডারগণের হিসাব ক্রেডিট | | | 4,10,000 |
| (To equity Shareholders A/c) | | | |
| [ ইকুইটি শেয়ার মুলধন, সাধারণ সঞ্চিতি, লাভ ও ক্ষতির হিসাব প্রভৃতির জেরকে ইকুইটি শেয়ারহোল্ডারগণের হিসাবে স্থানান্তরিত করা হল।] | | | |
| 8. ইকুইটি শেয়ার হোল্ডারগণের হিসাব ডেবিট | | 4,50,000 | |
| (Equity Shareholders A/c Dr.) | | | |
| 'R' লিমিটেডের ইকুইটি শেয়ার হিসাব ক্রেডিট | | | |
| (To Equity Shares on 'R' Limited A/c) | | | 4,50,000 |
| [ক্রেতা কোম্পানী 'R' লিমিটেডের ইকুইটি শেয়ারগুলিকে বিক্রেতা কোম্পানীর ইকুইটি শেয়ারহোল্ডারগণের হিস্যবের মধ্যে বণ্টন করা হল। ] | | | |

## 'Q' লিমিটেডের বইতে জাবেদা দাখিলা

| বিষয়সমূহ | | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|---|
| | | টাকা | টাকা |
| 1. আদায়করণ হিসাব ডেবিট<br>(Realisation A/c Dr.) | | 3,90,000 | |
| সুনাম হিসাব ক্রেডিট<br>(To Goodwill A/c) | | | 20,000 |
| জমি ও দালান হিসাব ক্রেডিট<br>(To Land & Building A/c) | | | 1,25,000 |
| যন্ত্রপাতি ও কলকব্জা হিসাব ক্রেডিট<br>(To Plant & Machinery A/c) | | | 90,000 |
| মজুত হিসাব ক্রেডিট<br>(To Stock A/c) | | | 50,000 |
| দেনাদারগণের হিসাব ক্রেডিট<br>(To Sundry Debtors A/c) | | | 65,000 |
| ব্যাঙ্ক জমা হিসাব ক্রেডিট<br>(To Bank A/c) | | | 40,000 |
| [ ক্রেতা কোম্পানী 'R' কর্তৃক গৃহিত সমস্ত সম্পত্তি-সমূহকে আদায়করণ হিসাবে স্থানান্তর করা হল। ] | | | |
| 2. দেয় বিল হিসাব ডেবিট<br>(Bill Payable A/c Dr.) | | 25,000 | |
| পাওনাদারগণের হিসাব ডেবিট<br>(Sundry Creditors A/c Dr.) | | 65,000 | |
| আদায়করণ হিসাব ক্রেডিট<br>(To Realisation A/c) | | | 90,000 |
| [ ক্রেতা কোম্পানী 'R' কর্তৃক গৃহীত সমস্ত দায়সমূহকে আদায়করণ হিসাবে স্থানান্তর করা হল। ] | | | |
| 3. 'R' লিমিটেডের হিসাব ডেবিট<br>(R Ltd. A/c Dr.) | | 3,01,500 | |
| আদায়করণ হিসাব ক্রেডিট<br>(To Realisation A/c) | | | 3,01,500 |
| [ ক্রয়-প্রতিদান হিসাবে ক্রেতা কোম্পানীর কাছ থেকে প্রাপ্য অর্থের পরিমাণের জন্য দাখিলা লিপিবদ্ধ করা হল। ] | | | |

| বিষয়সমূহ | | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|---|
| | | টাকা | টাকা |
| 4. 'R' লিমিটেডের ইকুইটি শেয়ার হিসাব ডেবিট (Equity Shares in 'R' Limited A/c Dr.) | | 1,00,000 | |
| 'R' লিমিটেডের 7% প্রেফারেন্স শেয়ার হিসাব ডেবিট (7% Preference Shares in 'R' Limited A/c Dr.) | | 2,00,000 | |
| নগদ হিসাব Dr. (Cash / Bank A/c) | | 1,500 | |
| 'R' লিমিটেডের হিসাব ক্রেডিট (To 'R' Ltd. A/c) | | | 3,01,500 |
| [ ক্রয়-প্রতিদান হিসাবে ক্রেতা কোম্পানী 'R' লিমিটেডের কাছ থেকে ইকুইটি শেয়ার বাবদ 10,000 ইকুইটি শেয়ার প্রতিটি 10 টাকা মূল্যের এবং 10,000, 7% প্রেফারেন্স শেয়ার প্রতিটি 20 টাকা মূল্যের পাওয়া গেল। ] | | | |
| 5. আদায়করণ হিসাব ডেবিট (Realisation A/c Dr.) | | 1,500 | |
| নগদ হিসাব ক্রেডিট (To Cash / Bank) | | | 1,500 |
| [ আদায়করণ সমস্ত ব্যয়সমূহকেই ক্রেতা কোম্পানী 'R' বহন করবে বলে দাখিল্লায় লিপিবদ্ধ করা হল। ] | | | |
| 6. ইকুইটি শেয়ার মূলধন হিসাব ডেবিট (Equity Share Capital A/c Dr.) | | 2,50,000 | |
| সাধারণ সঞ্চিতি হিসাব ডেবিট (General Reserve A/c Dr.) | | 40,000 | |
| লাভ ও ক্ষতির হিসাব ডেবিট (Profit & Loss A/c Dr.) | | 10,000 | |
| ইকুইটি শেয়ার হোল্ডারগণের হিসাব ক্রেডিট (To Equity Shareholders A/c) | | | 3,00,000 |
| [ ইকুইটি শেয়ার মূলধন সাধারণ সঞ্চিতি, লাভ ও ক্ষতি হিসাবের জেরকে ইকুইটি শেয়ারহোল্ডারগণের ব্যক্তিগত হিসাবে স্থানান্তর করা হল। ] | | | |

| বিষয়সমূহ | | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|---|
| | | টাকা | টাকা |
| 7. ইকুইটি শেয়ারহোল্ডারগণের হিসাব ডেবিট<br>(Equity Shareholders A/c. Dr.) | | 3,00,000 | |
| 'R' লিমিটেডের ইকুইটি শেয়ার হিসাব ক্রেডিট<br>(Equity Shares in 'R' Ltd. A/c.) | | | 1,00,000 |
| 'R' লিমিটেডের 7% প্রেফারেন্স শেয়ার হিসাব ক্রেডিট<br>(To 7% Preference Shares in 'R' Ltd. A/c) | | | 2,00,000 |
| [ ক্রেতা কোম্পানীর কাছ থেকে পাওয়া ইকুইটি শেয়ারগুলো এবং 7% প্রেফারেন্স শেয়ারকে বিক্রেতা কোম্পানীর ইকুইটি শেয়ারহোল্ডারগণের ব্যক্তিগত হিসাবে বণ্টন করা হল।] | | | |

**'R' লিমিটেডের বইতে জাবেদাগুলি**

| বিষয়সমূহ | | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|---|
| | | টাকা | টাকা |
| সুনাম হিসাব ডেবিট<br>(Goodwill A/c Dr.) | | 57,500 | |
| জমি ও দালান হিসাব ডেবিট<br>(Land & Building A/c Dr.) | | 2,35,000 | |
| যন্ত্রপাতি ও কলকব্জা হিসাব ডেবিট<br>(Plant & Machinery A/c Dr.) | | 2,10,000 | |
| মজুত হিসাব ডেবিট<br>(Stock A/c Dr.) | | 1,70,000 | |
| দেনাদারগণের হিসাব ডেবিট<br>(Sundry Debtors A/c Dr.) | | 1,60,000 | |
| প্রাপ্য বিল হিসাব ডেবিট<br>(Bills Receivable A/c Dr.) | | 30,000 | |
| ব্যাঙ্ক জমার হিসাব ডেবিট<br>(Bank A/c Dr.) | | 71,000 | |
| নগদ জমার হিসাব ডেবিট<br>(To Cash A/c Dr.) | | 10,000 | |

| বিষয়সমূহ | | | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|---|---|
| | | | টাকা | টাকা |
| সন্দেহজনক ঋণের জন্য সঞ্চিতির হিসাব<br>(To Provision for Doubtful Debts A/c) | ক্রেডিট | | | 20,000 |
| অপ্রদত্ত খরচের হিসাব<br>(To Outstanding Expenses A/c) | " | | | 15,000 |
| পাওনাদারগণের হিসাব<br>(To Sundry Creditos A/c) | " | | | 1,05,000 |
| দেয় বিল হিসাব<br>(To Bills Payable A/c) | " | | | 50,000 |
| লিকুইডেটর অফ 'P' লিমিটেডের হিসাব<br>(To Liquidator of 'P' Ltd. A/c) | " | | | 4,52,000 |
| লিকুইডেটর অফ 'Q' লিমিটেডের হিসাব<br>(Liquidator of 'Q' Ltd. A/c) | " | | | 3,01,500 |
| [ বিক্রেতা কোম্পানী 'P' লিমিটেড এবং 'Q' লিমিটেডের সমস্ত সম্পত্তি ও দায়সমূহকে অধিগ্রহণ করা হল এবং নীট সম্পত্তি ও ক্রয়-প্রতিদানের পার্থক্যকে সুনাম (Goodwill) হিসাব স্থানান্তরিত করা হল।] | | | | |
| ব্যাঙ্ক হিসাব<br>(Bank A/c | ডেবিট<br>Dr.) | | 3,50,000 | |
| ইকুইটি শেয়ার মূলধন হিসাব<br>(To Equity Share Capital A/c) | ক্রেডিট | | | 2,50,000 |
| 7% প্রেফারেন্স শেয়ার মূলধন হিসাব<br>(To 7% Preference Share Capital A/c) | " | | | 1,00,000 |
| [ 25,000 ইকুইটি শেয়ার প্রতিটি 10 টাকা মূল্যে এবং 5000 প্রেফারেন্স শেয়ার প্রতিটি 20 টাকা মূল্যে (পূর্ণমূল্যে — Fully Paid up) বাজারে ছাড়া হল।] | | | | |
| লিকুইডেটর অফ 'P' লিমিটেড হিসাব<br>(Liquidator of 'P' Ltd. A/c | ডেবিট<br>Dr.) | | 4,52,000 | |
| লিকুইডেটর অফ 'Q' লিমিটেড হিসাব<br>(Liquidator of 'Q' Ltd. A/c | ডেবিট<br>Dr.) | | 3,01,500 | |

| বিষয়সমূহ | | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|---|
| | | টাকা | টাকা |
| ইকুইটি শেয়ার মূলধন হিসাব ক্রেডিট<br>(To Equity Share Capital A/c) | | | 5,50,000 |
| 7% প্রেফারেন্স শেয়ার মূলধন হিসাব ,,<br>(To 7% Preferece Share Capital A/c) | | | 2,00,000 |
| ব্যাঙ্ক হিসাব<br>(To Bank A/c) ,, | | | 3,500 |
| [ ক্রয়-প্রতিদান হিসাবে 55,000 ইকুইটি শেয়ার প্রতিটি 10 টাকা মূল্যে এবং 10,000, 7 % প্রেফারেন্স শেয়ার প্রতিটি 20 টাকা মূল্যে ছাড়া হল। ] | | | |

**'R' লিমিটেডের বই নির্দিষ্ট তারিখের উর্দ্বত পত্র**

| দায়সমূহ (Liabilities) | টাকা Rs. | টাকা Rs. | সম্পত্তিসমূহ (Assets) | টাকা Rs. | টাকা Rs. |
|---|---|---|---|---|---|
| শেয়ার মূলধন ঃ (Share Capital) | | | স্থায়ী সম্পত্তি ঃ (Fixed Assets) | | |
| অনুমোদিত (Authorised) | | | সুনাম (Goodwill) | | 57,500 |
| 1,00,000 ইকুইটি শেয়ার প্রতিটি 10 টাকা মূল্যে | 10,00,000 | | জমি ও দালান (Land & Building) | | 2,35,000 |
| [1,00,000 Equity Shares of Rs. 10 each.] | | | যন্ত্রপাতি ও কলকব্জা (Plant & Machinery) | | 2,10,000 |
| 25,000 7% প্রেফারেন্স শেয়ার প্রতিটি 20 টাকা মূল্যে | 5,00,000 | 15,00,000 | | | |
| [2500 7% Preference Shares of Rs. 20 each.] | | | | | |

| দায়সমূহ<br>(Liabilities) | টাকা<br>Rs. | টাকা<br>Rs. | সম্পত্তিসমূহ<br>(Assets) | টাকা<br>Rs. | টাকা<br>Rs. |
|---|---|---|---|---|---|
| বিলি ও বণ্টিত ঃ<br>(Issued & Subscribed) | | | চলতি মূলধন, ধার এবং অগ্রিম ঃ<br>(Current Assets, Loans, Advances:) | | |
| 80,000 ইকুইটি শেয়ার প্রতিটি 10 টাকা মূল্যে পূর্ণ আদায়ীকৃত (তার মধ্যে 55,000 শেয়ার বিক্রেতা কোম্পানীগুলিকে | | | মজুত পণ্য (Stock) | | 1,70,000 |
| প্রতিদান হিসাবে দেওয়া হল নগদ অর্থ ছাড়া।) | 8,00,000 | | দেনাদারগণ<br>(Sundry debtors) | 1,60,000 | |
| 1,500 7% প্রেফারেন্স শেয়ার প্রতিটি 20 টাকা হিসাবে পূর্ণ আদায়ীকৃত [ যার মধ্যে 10,000 শেয়ার একটি বিক্রেতা | | | বাদ—সন্দেহজনক ঋণের জন্য ভবিষ্যনিধি<br>Less Provision for doubtful debts. | 20,000 | 1,40,000 |
| কোম্পানীকে প্রতিদান স্বরূপ দেওয়া হল নগদ অর্থ ছাড়া। ] | 3,00,000 | | প্রাপ্য বিল<br>(Bills Receivable) | | 30,000 |
| [ 80,000 Equity Shares of Rs. 10 each fully paid up | | | হস্তস্থ নগদ জমা<br>(Cash in hand) | | 10,000 |
| (out of which 55,000 shares issued to vendor companies for consideration other than cash.) | | | * ব্যাঙ্ক জমা<br>(Cash at Bank) | | 4,17,500* |
| (1,500 7% Pref. Shares of Rs. 20 each fully paid (of which 10,000 shares issued to a vendor company for consideration other than capital.) | | 11,00,000 | | | |

| দায়সমূহ (Liabilities) | টাকা Rs. | টাকা Rs. | সম্পত্তিসমূহ (Assets) | টাকা Rs. | টাকা Rs. |
|---|---|---|---|---|---|
| চলতি দায় এবং ভবিষ্যনিধি ঃ (Current Liabilities to Provisions) | | | | | |
| দেয় বিল (Bills Payable) | | 50,000 | | | |
| পাওনাদারগণ (Sundry Creditors) | | 1,05,000 | | | |
| অপ্রদত্ত খরচসমূহ (Outstanding expenses) | | 15,000 | | | |
| | | 12,70,000 | | | 12,70,000 |

* ব্যাঙ্ক জমা নিম্নলিখিতভাবে বার করা হয়েছে।

P লিমিটেডের অংশ + Q লিমিটেডের অংশ – সমাপনীয় খরচের অংশ + নতুন শেয়ার বিক্রীত মূল্য

31,000 + 40,000 – 3,500 + 3,50,000

= 71,000 – 3,500 + 3,50,000

= 4,17,500

**উদাহরণ—3 :**

'X' লিমিটেড এবং 'Y' লিমিটেড নিজেদের মধ্যে একীকরণের মাধ্যমে 'Z' লিমিটেড নামে একটি কোম্পানী খুলবার জন্য পরস্পরের মধ্যে সিদ্ধান্তগ্রহণ করল। এই কোম্পানীর মূলধন 10,00,000 টাকা প্রতিটি 100 টাকা মূল্যের ইকুইটি শেয়ারে বিভক্ত ছিল। ইহা দ্বারা উক্ত দুটি কোম্পানী অধিগ্রহণ করা হবে। 31 শে ডিসেম্বর 2000 তারিখে 'X' লিমিটেড এবং 'Y' লিমিটেডের উর্দ্বতপত্র (Balance Sheet) নিম্নরূপ ছিল।

| দায়সমূহ ঃ | 'X' লিমিটেড (টাকা) | 'Y' লিমিটেড (টাকা) |
|---|---|---|
| **শেয়ার মূলধন** : Share Capital | | |
| 'X' লিমিটেড : 50,000 ইকুইটি শেয়ার প্রতিটি 10 টাকা মূল্যে | 5,00,000 | |
| 'Y' লিমিটেড : 25,000 ইকুইটি শেয়ার প্রতিটি 10 টাকা মূল্যে | | 2,50,000 |
| [ 'X' Limited : 50,000 equity shares of Rs. 10 each<br>'Y' Ltd : 25,000 equity share of Rs.10 each ] | | |

| দায়সমূহ ঃ | 'X' লিমিটেড (টাকা) | 'Y' লিমিটেড (টাকা) |
|---|---|---|
| 7% ঋণপত্র / ডিবেঞ্চার [7% Debentures] | 80,000 | 60,000 |
| সঞ্চিতি ফাণ্ড [Reserve Fund] | 40,000 | 20,000 |
| লাভ ও ক্ষতির হিসাব [Profit & Loss A/c] | 25,000 | 20,000 |
| পাওনাদারগণ [Sundry Creditors] | 55,000 | 35,000 |
| | 7,00,000 | 3,85,000 |
| **সম্পত্তিসমূহ** (Assets) : | | |
| সুনাম (Goodwill) | 40,000 | |
| যন্ত্রপাতি ও কলকব্জা (Plant & Machinery) | 1,25,000 | 85,000 |
| জমি ও দালান (Land & Building) | 1,85,000 | 63,000 |
| মজুত (Stock) | 95,000 | 55,000 |
| দেনাদারগণ (Sundry Debtors) | 95,000 | 87,000 |
| প্রাপ্য বিল (Bills Receivable) | 65,000 | 25,000 |
| ব্যাঙ্ক জমা (Cash at Bank) | 70,000 | 60,000 |
| হস্তস্থ নগদ জমা (Cash in hand) | 25,000 | 10,000 |
| | 7,00,000 | 3,85,000 |

দুটি কোম্পানী অধিগ্রহণের ক্ষেত্রে প্রতিদান হিসাবে নিম্নের শর্তগুলি ছিল ঃ

1. 'X' লিমিটেড প্রত্যেকটি 100 টাকা মূল্যের পূর্ণ আদায়ীকৃত 6,000 ইকুইটি শেয়ার এবং নগদ 1,00,000 টাকা পাবে এবং তাদেরকে ডিবেঞ্চার হিসাবে দেনা 10% অধিহারে পরিশোধ করতে হবে।
2. 'Y' লিমিটেড প্রত্যেকটি 100 টাকা মূল্যের পূর্ণ-আদায়ীকৃত 2,000 ইকুইটি শেয়ার পাবে এবং তাদের ডিবেঞ্চার বাবদ দেনা 5% অধিহারে 'Z' কোম্পানী তার নতুন কোম্পানীর নতুন ডিবেঞ্চার দ্বারা পরিশোধ করবে।
3. 'X' লিমিটেডের অবলুপ্তির খরচ 3500 টাকা তাদের নিজেদেরকেই বহন করতে হবে কিন্তু 'Y' কোম্পানীর অবলুপ্তি খরচ 2,000 টাকা 'Z' কোম্পানী বহন করবে।
4. 'Z' কোম্পানী তার অতিরিক্ত মূলধনের জন্য 500 টি ইকুইটি শেয়ার প্রতিটি 100 টাকা মূল্যে জনসাধারণের মধ্যে বিলি করেছিল এবং এইগুলি সবই পূর্ণ আদায়ীকৃত হয়েছিল। নতুন কোম্পানী 'Z' গঠনের খরচ হয়েছিল 4,000 টাকা।
5. 'X' লিমিটেড ও 'Y' লিমিটেডের বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলাগুলি সমেত লেজারের বিভিন্ন হিসাবগুলি দেখাও। 'Z' লিমিটেডের বইতে ও জাবেদা দাখিলা ও 1 জানুয়ারি 2001-এর হিসাবে প্রারম্ভিক উর্দ্বতপত্র দেখাও।

সমাধান :

ক্রয়- প্রতিদানের বিবরণ

Statement of Purchase Consideration

| বিষয়সমূহ | 'X' লিমিটেড টাকা | 'Y' লিমিটেড টাকা | বিষয়সমূহ | 'X' লিমিটেড টাকা | 'Y' লিমিটেড টাকা |
|---|---|---|---|---|---|
| ইকুইটি শেয়ার হোল্ডারগণকে ঃ (To Equity Shareholders) | | | অধিগৃহীত সম্পত্তিসমূহ ঃ | | |
| ইকুইটি শেয়ার 6000 প্রতিটি 100 টাকা মূল্যে— X লিমিটেডের | 6,00,000 | | যন্ত্রপাতি ও কলকব্জা (Plant & Machinery) | 1,25,000 | 85,000 |
| | | | জমি ও দালান (Land & Building) | 1,85,000 | 63,000 |
| ইকুইটি শেয়ার 2000 প্রতিটি 100 টাকা মূল্যের Y লিমিটেডের | | 2,00,000 | মজুত (Stock) | 95,000 | 55,000 |
| | | | দেনাদারগণ (Sundry Debtors) | 95,000 | 87,000 |
| নগদ (Cash) | 1,00,000 | | প্রাপ্য বিল (Bills Receivable) | 65,000 | 25,000 |
| 7% ডিবেঞ্চার হোল্ডারগণ ঃ (To Debenture-holders) | | | ব্যাঙ্ক জমা (Cash in hand) | 70,000 | 60,000 |
| ডিবেঞ্চার 60,000 টাকা + 5% অতিরিক্ত 60,000 টাকার ওপর [Rs. 60,000 + 5% of Rs. 60,000] | | 63,000 | নগদ জমা (Cash in hand) | 25,000 | 10,000 |
| | | | | 6,60,000 | 3,85,000 |
| অবলুপ্তির খরচ [Liquidation expenses] | | 2,000 | বাদ-পাওনাদারগণের হিসাব (Sundry Creditor) | 55,000 | 35,000 |
| ক্রয়-প্রতিদান (Purchase consideration) | 7,00,000 | 2,65,000 | | 6,05,000 | 3,50,000 |
| মূলধনী সঞ্চিতি (Capital Reserve) [ জের ] (Balancing figures) | | 85,000 | সুনাম (Goodwill) জের (Balancing figures) | 95,000 | |
| | 7,00,000 | 3,50,000 | | 7,00,000 | 3,50,000 |

## ‘X’ লিমিটেডের বইতে জাবেদা দাখিলাগুলি

| বিষয়সমূহ | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|
| 1. আদায়করণ হিসাব ডেবিট (Realisation A/c Dr.) | | 7,00,000 | |
| সুনাম হিসাব ক্রেডিট (To Goodwill A/c) | | | 40,000 |
| যন্ত্রপাতি ও কলকব্জা হিসাব ক্রেডিট (To Plant & Machinery A/c) | | | 1,25,000 |
| জমি ও দালান হিসাব ক্রেডিট (To Land & Building A/c) | | | 1,85,000 |
| মজুত হিসাব ক্রেডিট (To Stock A/c) | | | 95,000 |
| দেনাদারগণের হিসাব ক্রেডিট (To Sundry Debtors A/c) | | | 95,000 |
| প্রাপ্য বিল হিসাব ক্রেডিট (To Bills Receivable A/c) | | | 65,000 |
| ব্যাঙ্ক জমার হিসাব ক্রেডিট (To Bank A/c) | | | 70,000 |
| নগদ জমার হিসাব ক্রেডিট (To Cash A/c) | | | 25,000 |
| [ অধিগৃহীত সমস্ত সম্পত্তিগুলিকে আদায়করণ হিসাবে স্থানান্তরিত করা হল।] | | | |
| 2. পাওনাদারগণের হিসাব ডেবিট (Sundry Creditors A/c.... Dr.) | | 55,000 | |
| আদায়করণ হিসাব ক্রেডিট (To Realisation A/c) | | | 55,000 |
| [ অধীগৃহীত সমস্ত দায়সমূহকে আদায়করণ হিসাবে স্থানান্তরিত করা হল।] | | | |
| ‘Z’ লিমিটেড হিসাব ডেবিট (‘Z’ Ltd. A/c.... Dr.) | | 7,00,000 | |
| আদায়করণ হিসাব ক্রেডিট (To Realisation A/c Cr.) | | | 7,00,000 |
| [ক্রয়-প্রতিদান হিসাবে Z কোম্পানী লিমিটেডের কাছ থেকে প্রাপ্য অর্থের জন্য দাখিলা লিপিবদ্ধ করা হল। ] | | | |

| বিষয়সমূহ | | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| 7% ডিবেঞ্চার হিসাব<br>(7% Debenture A/c | ডেবিট<br>Dr) | | 80,000 | |
| আদায়করণ হিসাব<br>(Realisation A/c | ডেবিট<br>Dr.) | | 8,000 | |
| ডিবেঞ্চার হোল্ডারগণের হিসাব<br>(To Debenture-holders A/c) | ক্রেডিট | | | 88,000 |
| [ডিবেঞ্চারের অর্থকে ডিবেঞ্চার-হোল্ডারগণের হিসাবে স্থানান্তর করা হল তৎসহ ডিবেঞ্চারের অধিহারকে (Premium) আদায়করণ হিসাবে স্থানান্তর করা হল।] | | | | |
| 'Z' লিমিটেডের ইকুইটি শেয়ারে হিসাবকে<br>(Equity Shares in Z Ltd A/c | ডেবিট<br>Dr.) | | 6,00,000 | |
| ব্যাঙ্ক জমা হিসাব<br>(Bank A/c | ডেবিট<br>Dr.) | | 1,00,000 | |
| 'Z' লিমিটেডের হিসাবকে<br>(To Z Ltd. A/c) | ক্রেডিট | | | 7,00,000 |
| [ ক্রেতা কোম্পানীর কাছ থেকে 6000 ইকুইটি শেয়ার প্রতিটি 100 টাকা মূল্যের এবং তৎসহ নগদ অর্থ ক্রয়-প্রতিদান হিসাবে পাওয়া গেল। ] | | | | |
| আদায়করণ হিসাব<br>(Realisation A/c | ডেবিট<br>Dr.) | | 3,500 | |
| ব্যাঙ্ক জমার হিসাব<br>(To Bank A/c) | ক্রেডিট | | | 3,500 |
| [ অবলুপ্তির খরচ প্রদান করা হল ] | | | | |
| আদায়করণ হিসাব<br>(Realisation A/c | ডেবিট<br>Dr.) | | 43,500 | |
| ইকুইটি শেয়ারহোল্ডারগণের হিসাব<br>(To Equity Shareholders A/c) | ক্রেডিট | | | 43,500 |
| [আদায়করণ হিসাবের লাভকে স্থানান্তরিত করা হল।] | | | | |
| ইকুইটি শেয়ার মূলধন হিসাব<br>(Equity Share Capital A/c | ডেবিট<br>Dr.) | | 5,00,000 | |

| বিষয়সমূহ | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|
| সঞ্চিতি ফান্ড হিসাব ডেবিট<br>(Reserve Fund A/c Dr.) | | 40,000 | |
| লাভ ও ক্ষতি হিসাব ডেবিট<br>(Profit & Loss A/c Dr.) | | 25,000 | |
| ইকুইটি শেয়ারহোল্ডারগণের হিসাব ক্রেডিট<br>(To Equity Shareholders A/c) | | | 5,65,000 |
| [ ইকুইটি শেয়ার মূলধন, সঞ্চিতি ফান্ড, লাভ ও ক্ষতির হিসাবের জেরকে ইকুইটি শেয়ারহোল্ডারগণের হিসাবে স্থানান্তর করা হল।] | | | |
| ডিবেঞ্চার-হোল্ডারগণের হিসাব ডেবিট<br>(Debenture-holders A/c Dr.) | | 88,000 | |
| ব্যাঙ্ক হিসাব ক্রেডিট<br>(To Bank A/c) | | | 88,000 |
| [ 10% অধিহারে (Premium) ডিবেঞ্চারের অর্থ ডিবেঞ্চার-হোল্ডারগণকে দেওয়া হল। ] | | | |
| ইকুইটি শেয়ারহোল্ডারগণের হিসাব ডেবিট<br>(Equity Shareholders A/c Dr.) | | 6,08,500 | |
| 'Z' লিমিটেডের ইকুইটি শেয়ার হিসাব ক্রেডিট<br>('To Equity Shares in Z Ltd. A/c) | | | 6,00,000 |
| ব্যাঙ্ক হিসাব ক্রেডিট<br>(To Bank A/c) | | | 8,500 |
| [ ইকুইটি শেয়ারহোল্ডারগণের মধ্যে নগদ অর্থ এবং ইকুইটি শেয়ারগুলি বণ্টন করা হল। ] | | | |

## খতিয়ান (Ledger)

### আদায়করণ হিসাব (Realisation A/c)

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| বিভিন্ন সম্পত্তিসমূহ<br>[ যেগুলি গ্রহণ করা হয়েছে ]<br>To Sundry Assets<br>[Assets taken over] | | 7,00,000 | | পাওনাদারদের হিসাব<br>By Sundry creditors | | 55,000 |

| | | | |
|---|---|---|---|
| 7% ডিবেঞ্চার হোল্ডারগণের হিসাব — অধিহার (7% Debenture-holders A/c –Premium) | 8,000 | | |
| ব্যাঙ্ক জমা — অবলুপ্তির খরচ (To Bank – Expenses) | 3,500 | 'Z' কোম্পানী লিমিটেড — ক্রয় প্রতিদান | 7,00,000 |
| ইকুইটি শেয়ারহোল্ডারগণের হিসাব— আদায়করণ হিসাবের লাভকে ইকুইটি শেয়ারহোল্ডারগণের হিসাবে স্থানান্তর করা হল। (To Equity Shareholders A/c – Profit on realisation transfered to equity shareholders A/c) | 43,500 | By Z Co. Ltd. –purchase consideration. | |
| | 7,55,000 | | 7,55,000 |

**(Z Co Ltd. A/c) Z কোম্পানী লিমিটেডের হিসাব**

| | | | |
|---|---|---|---|
| আদায়করণ হিসাব (To Realisation A/c) | 7,00,000 | Z Ltd. -এর ইকুইটি শেয়ারের হিসাব (By Equity Shares in Z Ltd. A/c) | 6,00,000 |
| | | ব্যাঙ্ক জমার হিসাব (By Bank A/c) | 1,00,000 |
| | 7,00,000 | | 7,00,000 |

**'Z' লিমিটেডের ইকুইটি শেয়ারের হিসাব**
**(Equity Shares in 'Z' Ltd Account)**

| | | | |
|---|---|---|---|
| 'Z' লিমিটেডের হিসাব (To Z Ltd. A/c) | 6,00,000 | ইকুইটি শেয়ারহোল্ডারগণের হিসাব (By Equity Share-holders A/c) | 6,00,000 |
| | 6,00,000 | | 6,00,000 |

ডিবেঞ্চার-হোল্ডারগণের হিসাব
**Debenture-holders A/c**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ব্যাঙ্ক জমার হিসাব (To Bank A/c) | | 88,000 | 7% ডিবেঞ্চার হিসাব (By 7% Debentures A/c) | | 80,000 |
| | | | আদায়করণ হিসাব — অধিহার (Premium) (By Realisation A/c) –Premium | | 8,000 |
| | | 88,000 | | | 88,000 |

**ইকুইটি শেয়ারহোল্ডারগণের হিসাব**
**(Equity Shareholders A/c)**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 'Z' লিমিটেডের শেয়ারের হিসাব (To Shares in 'Z' Ltd A/c) | | 6,00,000 | শেয়ার মূলধন হিসাব (By Share Capital A/c) | | 5,00,000 |
| ব্যাঙ্ক জমার হিসাব (To Bank A/c) | | 8,500 | সঞ্চিতি ফান্ড হিসাব (By Reserve Fund A/c) | | 40,000 |
| | | | লাভ ও ক্ষতির হিসাব (By Profit & Loss A/c) | | 25,000 |
| | | | আদায়করণ হিসাব — আদায়করণের লাভ (By Realisation A/c – Profit on Realisation A/c) | | 43,500 |
| | | 6,08,500 | | | 6,08,500 |

**ব্যাঙ্ক জমার হিসাব**
**(Bank A/c)**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| জের টানা (To Balance b/d) | | 70,000 | আদায়করণ হিসাব – Z লিমিটেডের নিকট স্থানান্তর (By Realisation A/c – Transfer to Z Ltd.) | | 70,000 |

### ব্যাঙ্ক জমার হিসাব
### (Bank A/c)

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 'Z' লিমিটেডের হিসাব<br>(To Z Ltd. A/c) | | 1,00,000 | আদায়করণ হিসাব<br>—অবলুপ্তির ব্যয়<br>(By Realisation A/c<br>– liquidative expenses) | | 3,500 |
| | | | ডিবেঞ্চার-হোল্ডারগণের হিসাব<br>(By Debentures-<br>holders A/c) | | 88,000 |
| | | | ইকুইটি শেয়ারহোল্ডারগণের<br>হিসাব (By Equity<br>Shareholders A/c) | | 8,500 |
| | | 1,70,000 | | | 1,70,000 |

### 'Y' কোম্পানী লিমিটেডের বইতে জাবেদাগুলি

| বিষয়সমূহ | | | ডেবিট<br>টাকা | ক্রেডিট<br>টাকা |
|---|---|---|---|---|
| আদায়করণ হিসাব<br>(Realisation A/c | ডেবিট<br>Dr.) | | 3,85,000 | |
| যন্ত্রপাতি ও কলকব্জা হিসাব<br>(To Plant & Machinery A/c) | ক্রেডিট | | | 85,000 |
| বাড়ি ও দালান হিসাব<br>(To Lands & Building A/c) | ক্রেডিট | | | 63,000 |
| মজুত হিসাব<br>(To Stock A/c) | ক্রেডিট | | | 55,000 |
| দেনাদারগণের হিসাব<br>(To Sundry Debtors A/c) | ক্রেডিট | | | 87,000 |
| প্রাপ্য বিলের হিসাব<br>(To Bills Receivable A/c) | ক্রেডিট | | | 25,000 |
| ব্যাঙ্ক জমার হিসাব<br>(To Bank A/c) | ক্রেডিট | | | 60,000 |
| নগদ জমার হিসাব<br>(To Cash A/c) | ক্রেডিট | | | 10,000 |
| [ 'Z' লিমিটেড কর্তৃক গৃহীত সমস্ত সম্পত্তিসমূহকে আদায়করণ হিসাবে স্থানান্তরিত করা হল। ] | | | | |

| বিষয়সমূহ | | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| পাওনাদারগণের হিসাব (Sundry Creditors A/c | ডেবিট Dr.) | | 35,000 | |
| আদায়করণ হিসাব (To Realisation A/c) | ক্রেডিট | | | 35,000 |
| ['Z' লিমিটেড কর্তৃক গৃহীত পাওনাদারগণের হিসাবকে আদায়করণ হিসাবে স্থানান্তরিত করা হয়েছে।] | | | | |
| 'Z' লিমিটেডের হিসাব ('Z' Ltd. A/c | ডেবিট Dr.) | | 2,65,000 | |
| আদায়করণ হিসাব (To Realisation A/c) | ক্রেডিট | | | 2,65,000 |
| [ 'Z' লিমিটেড ক্রয়-প্রতিদান হিসাবে এবং বৈধ অর্থ দিতে সম্মত হয়েছে। ] | | | | |
| আদায়করণ হিসাব (Realisation A/c | ডেবিট Dr.) | | 2,000 | |
| 'Z' লিমিটেডের নগদ হিসাব (To Cash / Bank A/c) | ক্রেডিট | | | 2,000 |
| (অবলুপ্তির খরচ ) | | | | |
| 'Z' লিমিটেডের ইকুইটি শেয়ার হিসাব (Equity Shares in 'Z' Ltd. A/c | ডেবিট Dr.) | | 2,00,000 | |
| 'Z' লিমিটেডের ডিবেঞ্চার হিসাব (Debentures 'Z' Ltd. A/c | ডেবিট Dr.) | | 63,000 | |
| নগদ হিসাব (Cash / Bank A/c) | ডেবিট | | 2,000 | |
| 'Z' লিমিটেডের হিসাব (To 'Z' Ltd. A/c) | ক্রেডিট | | | 2,65,000 |
| [ ক্রয়-প্রতিদান হিসাবে 'Z' কোম্পানী লিমিটেডের কাছ থেকে 2000 ইকুইটি শেয়ার প্রতিটি 100 টাকা মূল্যে এবং ডিবেঞ্চার পাওয়া গেল। ] | | | | |
| 7% ডিবেঞ্চার হিসাব (7% Debentures A/c | ডেবিট Dr.) | | 60,000 | |
| আদায়করণ হিসাব (Realisation A/c | ডেবিট Dr.) | | 3,000 | |

| বিষয়সমূহ | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|
| ডিবেঞ্চার হোল্ডারগণের হিসাব ক্রেডিট<br>(To Debenture-holders A/c Cr.)<br>[ ডিবেঞ্চারগুলিকে ডিবেঞ্চার-হোল্ডারগণের হিসাবে স্থানান্তরিত করা হল এবং 5% অধিহার (Premium) -কে আদায়করণ হিসাবে দেখানো হয়েছে। ] | | | 63,000 |
| ইকুইটি শেয়ারহোল্ডারগণের হিসাব ডেবিট<br>(Equity Shareholders A/c Dr.) | | 90,000 | |
| আদায়করণ হিসাব ক্রেডিট<br>(To Realisation A/c)<br>[ আদায়করণ হিসাবের ক্ষতিকে স্থানান্তরিত করা হল। ] | | | 90,000 |
| ইকুইটি শেয়ার মূলধন হিসাব ডেবিট<br>(Equity Share Capital A/c Dr.) | | 2,50,000 | |
| সঞ্চিতি ফান্ড হিসাব ডেবিট<br>(Reserve Fund A/c Dr.) | | 20,000 | |
| লাভ ও ক্ষতির হিসাব ডেবিট<br>(Profit & Loss A/c Dr.) | | 20,000 | |
| ইকুইটি শেয়ারহোল্ডারগণের হিসাব ক্রেডিট<br>(To Equity Shareholders A/c Cr.<br>[ ইকুইটি শেয়ার মূলধনের হিসাব সঞ্চিতি ফান্ড লাভ ও ক্ষতির হিসাবের জেরকে স্থানান্তরিত করা হয়েছে। ] | | | 2,90,000 |
| ডিবেঞ্চার হোল্ডারগণের হিসাব ডেবিট<br>(Debenture-holders A/c Dr.) | | 63,000 | |
| 'Z' লিমিটেডের ডিবেঞ্চারের হিসাব ক্রেডিট<br>(To Debentures in 'Z' Ltd. A/c Cr.)<br>[ ডিবেঞ্চার-হোল্ডারগণের ডিবেঞ্চার পরিশোধ করা হল। ] | | | 63,000 |
| ইকুইটি শেয়ারহোল্ডারগণের হিসাব ডেবিট<br>(Equity Shareholders A/c Dr.) | | 2,00,000 | |
| 'Z' লিমিটেডের শেয়ারের হিসাব ক্রেডিট<br>(To Shares in 'Z' Ltd. A/c Cr.)<br>[ ক্রেতা কোম্পানী 'Z' Ltd.-এর শেয়ারগুলিকে শেয়ার হোল্ডারগণের হিসাবে বন্টন করা হয়েছে। ] | | | 2,00,000 |

## খতিয়ান (Ledger)

### আদায়করণ হিসাব (Realisation A/c)

| [ ব্যবসা বিক্রয়হেতু আদায়করণের হিসাবের নির্বাচিত (Determined) লাভকে শেয়ারহোল্ডারগণের হিসাবে স্থানান্তরিত করা হল। ] | | | |
| $5\frac{1}{2}$% ডিবেঞ্চার হিসাব ডেবিট<br>($5\frac{1}{2}$% Debentures A/c) | | 24,000 | |
| ডিবেঞ্চার-হোল্ডারগণের হিসাব ক্রেডিট<br>(Debenture holders A/c) | | | 24,000 |
| [ ডিবেঞ্চার হিসাবের জেরকে অর্থ পরিশোধের অগ্রাধিকার বলে ডিবেঞ্চার-হোল্ডারগণের হিসাবে স্থানান্তরিত করা হল। ] | | | |
| ডিবেঞ্চার-হোল্ডারদের হিসাব ডেবিট<br>(Debenture-holders A/c) | | 24,000 | |
| 'K' লিমিটেডের ডিবেঞ্চার হিসাব ক্রেডিট<br>(Debentures in 'K' Ltd. A/c) | | | 24,000 |
| [ 'K' লিমিটেড থেকে পাওয়া গেল ডিবেঞ্চারের অর্থ এবং তা ডিবেঞ্চার হোল্ডারগণের মধ্যে বিতরণ করা হল। ] | | | |
| পাওনাদারগণের হিসাব (Creditors A/c) ডেবিট | | 18,170 | |
| ব্যাঙ্ক জমাতিরিক্ত হিসাব (Bank overdraft) ,, | | 1,330 | |
| নগদ হিসাব (Cash A/c) ক্রেডিট | | | 19,500 |
| [পাওনাদারগণ, ব্যাঙ্ক জমাতিরিক্ত প্রভৃতি দায়গুলিকে পরিশোধ করা হল। ] | | | |
| শেয়ার মূলধন হিসাব (Share Capital A/c) ডেবিট | | 80,000 | |
| সাধারণ সঞ্চিতি হিসাব (General Reserve A/c) ,, | | 15,000 | |
| লাভ ও ক্ষতির হিসাব (Profit & Loss A/c) ,, | | 4,500 | |

| বিষয়সমূহ | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|
| শেয়ারহোল্ডারগণের হিসাব ক্রেডিট<br>(Shareholders A/c)<br>[ শেয়ার মূলধন, সাধারণ সঞ্চিতি, লাভ ও ক্ষতির প্রভৃতির জেরকে শেয়ারহোল্ডারগণের হিসাবে স্থানান্তর করা হল। ] | | | 99,500 |
| শেয়ারহোল্ডারগণের হিসাব ডেবিট<br>(Shareholders A/c) | | 1,06,050 | |
| নগদ হিসাব (Cash A/c) ক্রেডিট | | | 31,050 |
| 'K' লিমিটেডের শেয়ার হিসাব ,,<br>(Shares in 'K' Ltd A/c)<br>['K' লিমিটেডের কাছ থেকে পাওয়া শেয়ার এবং নগদ অর্থের জের (50,550 টাকা – 19,500)-কে শেয়ার হোল্ডারগণের মধ্যে বিতরণ করা হল। ] | | | 75,000 |

**'K' লিমিটেডের বইতে জাবেদাগুলি**

| বিষয়সমূহ | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|
| যন্ত্রপাতি ও কলকব্জা হিসাব ডেবিট<br>(Plant & Machinery A/c) | | 80,000 | |
| মজুত পণ্য হিসাব (Stock A/c) ,, | | 27,500 | |
| দেনাদারগণের হিসাব ,,<br>(Debtors A/c) | | 25,000 | |
| সুনাম হিসাব (Goodwill A/c) ,, | | 17,050 | |
| লিকুইডেটর অফ 'B' লিমিটেড ক্রেডিট<br>(Liquidator of 'B' Ltd.)<br>[ বিবিধ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করা হল এবং ক্রয়-প্রতিদান এর অতিরিক্ত জেরকে (নীট সম্পত্তির থেকে) সুনামের হিসাবে স্থানান্তরিত করা হল। ] | | | 1,49,550 |

| বিষয়সমূহ | | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ব্যাঙ্ক হিসাব (Bank A/c) | ডেবিট | | 1,25,000 | |
| ইকুইটি শেয়ার মূলধন হিসাব | ক্রেডিট | | | 1,00,000 |
| ইকুইটি শেয়ার প্রিমিয়াম হিসাব | ,, | | | 25,000 |
| [ 10,000 ইকুইটি শেয়ার প্রতিটি 10 টাকা মূল্যে 2.50 টাকা অধিহারে (Premium) বিক্রি করে অর্থ পাওয়া গেল। ] | | | | |
| লিকুইডেটর অফ 'B' লিমিটেডের হিসাব | ডেবিট | | 1,49,550 | |
| ডিবেঞ্চারের বিলির ওপর অবহারের হিসাব (Discount on issue of Debenture A/c) | ,, | | 1,000 | |
| নগদ হিসাব (Cash A/c) | ক্রেডিট | | | 50,550 |
| শেয়ার মূলধন হিসাব (Share Capital A/c) | ,, | | | 60,000 |
| শেয়ার প্রিমিয়াম (অধিহার) হিসাব (Share Premium A/c) | ,, | | | 15,000 |
| 5% ডিবেঞ্চার হিসাব (5% Debenture A/c) | ,, | | | 25,000 |
| [ ক্রয়- প্রতিদানের অর্থ পরিশোধ বাবদ নগদ অর্থ পূর্ণ আদায়ীকৃত প্রতিটি 10 টাকা মূল্যের 2.50 টাকা অধিহারে এবং 5% ডিবেঞ্চার 25,000 টাকার 4% অবহারে দেওয়া হল। ] | | | | |

**'K' লিমিটেডের বইতে ......... তারিখের উদ্বর্তপত্র**

| দায়সমূহ (Liabilities) | টাকা Rs. | সম্পত্তিসমূহ (Assets) | টাকা Rs. |
|---|---|---|---|
| **শেয়ার মূলধন (Share Capital) :** | | **স্থায়ী সম্পত্তি :** | |
| অনুমোদিত (Authorised) : | | (Fixed Assets) | |
| 50,000 ইকুইটি শেয়ার প্রতিটি 10 টাকা মূল্যের | 5,00,000 | সুনাম (Goodwill) | 17,050 |
| (50,000 equity shares Rs. 10 each) | | যন্ত্রপাতি ও কলকব্জা (Plant & Machinery) | 80,000 |

| দায়সমূহ Liabilities | টাকা Rs. | সম্পত্তিসমূহ (Assets) | টাকা Rs. |
|---|---|---|---|
| **বিলি এবং বণ্টিত মূলধন ঃ (Issued & Subscribed)** | | **চলতি সম্পত্তি ঃ (Current Assets)** | |
| 16,000 ইকুইটি শেয়ার প্রতিটি 10 টাকা মূল্যে পূর্ণ আদায়ীকৃত [ উপরের শেয়ারগুলির মধ্য থেকে 6,000 শেয়ার 'B' লিমিটেডকে চুক্তি অনুযায়ী দেওয়া হয়েছিল। ] | 1,60,000 | মজুত (Stock) | 27,500 |
| | | দেনাদারগণ (Debtors) | 25,000 |
| | | ব্যাঙ্ক নগদ অর্থ (Cash at Bank) | 74,450 |
| (16,000 equity shares of Rs.10 each fully paid.) | | **বিবিধ খরচ ঃ** (Misc. Expenditures) | |
| [Out of the above share 6,000 equity shares are allotted as fully paid up pursuent to contact] | | ডিবেঞ্চার বিলিতে অবহার অবহার (Discount on issue of Debenture.) | 1,000 |
| **সঞ্চিতি এবং উদ্বৃত্ত ঃ (Reserve & Surplus)** | | | |
| অধিহার (Premium) | 40,000 | | |
| **অবন্ধকী ঋণ (Unsecured Loan)** | | | |
| 5% ডিবেঞ্চার | 25,000 | | |
| | 2,25,000 | | 2,25,000 |

উদাহরণ —

31শে ডিসেম্বর, 2000 সালে 'AB' কোম্পানি লিমিটেডের উদ্বর্তপত্র নিম্নরূপ ঃ

| | টাকা | | টাকা |
|---|---|---|---|
| ইকুইটি শেয়ার মূলধন (Equity Share Capital) | 60,000 | বাড়ি (Buildings) | 4,00,000 |
| | | যন্ত্রপাতি ও কলকব্জা (Plant & Machinery) | 2,00,000 |
| 5% প্রেফারেন্স শেয়ার মূলধন (5% Preference Share Capital) | 4,00,000 | চলতি সম্পত্তি (Current Assets) | 2,00,000 |
| দায়সমূহ (Liabilities) | 1,50,000 | লাভ ও ক্ষতির হিসাব (Profit & Loss A/c) | 3,50,000 |
| | 11,50,000 | | 11,50,000 |

বাড়ি 3,00,000 টাকায়, যন্ত্রপাতি ও কলকব্জা 1,40,000 টাকায় এবং মজুত পণ্য 60,000 টাকায় গ্রহণের জন্য 'CD' লিমিটেড নামে একটি কোম্পানি গঠিত হয় 'CD' লিমিটেডের 7% প্রেফারেন্স শেয়ার (100 টাকা) এবং ইকুইটি শেয়ার (10 টাকা) 3 : 2 অনুপাতে গৃহীত সম্পত্তির জন্য ক্রয়-প্রতিদান স্বরূপ দেওয়া হবে. এবং প্রেফারেন্স শেয়ারহোল্ডারগণকে অতিরিক্ত নতুন প্রেফারেন্স শেয়ার প্রদান করে সম্পূর্ণভাবে পরিশোধ করা হবে। দেনাদারগণের কাছ থেকে 1,50,000 টাকা পাওয়া গেল এবং 1,10,000 টাকা প্রদান করে পাওনাদারগণের সম্পূর্ণ পাওনা পরিশোধ করা হয়। মজুত পণ্য এবং দেনাদার ছাড়া আর কোন চলতি সম্পত্তি ছিল না। সমাপন খরচের পরিমাণ ছিল 10,000 টাকা।

AB লিমিটেডের খতিয়ানের হিসাব এবং CD কোম্পানির বইতে জাবেদা সহকারে উদ্বর্তপত্রটি প্রস্তুত করুন।

**সমাধান :**

| ক্রয়-প্রতিদান : | টাকা |
|---|---|
| বাড়ি (Building) | 3,00,000 |
| যন্ত্রপাতি ও কলকব্জা (Plant & Machinery) | 1,40,000 |
| মজুত (Stock) | 60,000 |
| ইকুইটি শেয়ারহোল্ডারগণকে দেয় অর্থ | 5,00,000 |

| | | |
|---|---|---|
| (1) | চুক্তি অনুযায়ী 5,00,000 টাকার 3/5 অংশ পরিশোধ করতে হবে 7% প্রেফারেন্স প্রতিটি 100 টাকা মূল্যে | 3,00,000 |
| | বাকি $\frac{2}{5}$ অংশ দেওয়া হবে ইকুইটি শেয়ারে প্রতিটি 10 টাকা মূল্যের | 2,00,000 |
| | | 5,00,000 |
| (2) | প্রেফারেন্স শেয়ার হোল্ডারদের নতুন প্রেফারেন্স শেয়ারে তাদের অর্থ পরিশোধ করা হবে অর্থাৎ, 7% প্রেফারেন্স শেয়ার প্রতিটি 100 টাকা মূল্যে | 4,00,000 |
| | ক্রয় প্রতিদান | 9,00,000 |
| | ক্রয়-প্রতিদান | 9,00,000 |
| | বাদ — ইকুইটি শেয়ারহোল্ডারগণ প্রকৃত দেয় অর্থ | 5,00,000 |
| | সুনাম (Goodwill) | 4,00,000 |

খতিয়ানগুলি

**AB লিমিটেডের বইতে আদায়করণ হিসাব**

Dr. Cr.

| দায়সমূহ Liabilities | টাকা Rs. | সম্পত্তিসমূহ (Assets) | টাকা Rs. |
|---|---|---|---|
| বাড়ীর হিসাব (To Buildings A/c) | 4,00,000 | দায়সমূহের হিসাব (By Liabilities) | 1,50,000 |
| যন্ত্রপাতি ও কলকব্জা হিসাব (To Plant & Machinery A/c) | 2,00,000 | ব্যাঙ্ক হিসাব (By Bank A/c) | 1,50,000 |
| চলতি সম্পত্তির হিসাব (To Current A/c) | 2,00,000 | 'CD' লিমিটেডের হিসাব (By 'CD' Ltd. A/c) | 9,00,000 |
| ব্যাঙ্ক হিসাব —দায় পরিশোধ (To Bank A/c –Payment of Liabilities) | 1,10,000 | ক্রয়-প্রতিদান –Purchase Considerations | |
| ব্যাঙ্ক হিসাব — অবসায়ন ব্যয় প্রদান (To Bank A/c – Liquidation expenses) | 10,000 | | |
| ইকুইটি শেয়ারহোল্ডারগণের হিসাব আদায়করণ হিসাবের লাভ (To Equity Shareholders A/c – Profit on Realisation) | 2,80,000 | | |
| | 12,00,000 | | 12,00,000 |

**CD লিমিটেডের হিসাব**

| | | | |
|---|---|---|---|
| আদায়করণ হিসাব (To Realisation A/c) | 9,00,000 | CD লিমিটেডের ইকুইটি শেয়ার হিসাব (By Equity Shares in 'CD' Ltd. A/c | 2,00,000 |
| | | CD লিমিটেডের 7% প্রেফারেন্স শেয়ার হিসাব (By 7% Pref. Shares in CD Ltd. A/c) | 7,00,000 |
| | 9,00,000 | | 9,00,000 |

### ইকুইটি শেয়ারহোল্ডারগণের হিসাব

| দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| লাভ ও ক্ষতির হিসাব (To P/L A/c) | 3,50,000 | ইকুইটি শেয়ার মূলধন হিসাব (By Equity Share Capital A/c) | 6,00,000 |
| 'CD' লিমিটেডের ইকুইটি শেয়ার হিসাব (To Equity Shares in 'CD' Ltd.) | 2,00,000 | | |
| 'CD' লিমিটেডের 7% প্রেফারেন্স হিসাব (7% Pref. Shares in 'CD' Ltd. A/c) | 3,00,000 | আদায়করণ হিসাব (By Realisation A/c) | 2,80,000 |
| | 30,000 | | |
| | 8,80,000 | | 8,80,000 |

### ব্যাঙ্ক হিসাব (Bank A/c)

| | | | |
|---|---|---|---|
| আদায়করণ হিসাব (দেনাদারগণ) (To Realisation A/c.) দেনাদারগণ (Debtors) | 1,50,000 | আদায়করণ হিসাব (পাওনাদার) (By Realisation A/c. creditors) | 1,10,000 |
| | | আদায়করণ হিসাব —অবসায়ন খরচ (By Realisation –liquidation exp.) | 10,000 |
| | | ইকুইটি শেয়ার— হোল্ডারগণের হিসাব (By Equity Share–holders A/c) | 30,000 |
| | 1,50,000 | | 1,50,000 |

### 'CD' লিমিটেডের বইতে জাবেদা দাখিলা

| বিষয়সমূহ | | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| সুনাম হিসাব (Goodwill A/c) | ডেবিট | | 4,00,000 | |
| বাড়ির হিসাব (Building A/c) | ,, | | 3,00,000 | |
| যন্ত্রপাতি ও কলকব্জা হিসাব (Plant & Machinery A/c) | ,, | | 1,40,000 | |

| বিষয়সমূহ | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|
| মজুত হিসাব (Stock A/c) ,, | | 60,000 | |
| লিকুইডেটর অফ 'AB' লিমিটেডের হিসাব ক্রেডিট (Liquidator of 'AB' Ltd. A/c) | | | 9,00,000 |
| [সমস্ত সম্পত্তিসমূহকে 'AB' লিমিটেডের কাছ থেকে গ্রহণ করা হল এবং নিট সম্পত্তির মূল্যের অতিরিক্ত ক্রয়-প্রতিদানের অর্থকে সুনাম হিসাবে ডেবিট করা হল। ] | | | |
| লিকুইডেটর অফ 'AB' লিমিটেডের হিসাব ডেবিট (Liquidator of AB Ltd) | | 9,00,000 | |
| ইকুইটি শেয়ার মূলধন হিসাব ক্রেডিট (Equity Share Capital A/c) | | | 2,00,000 |
| 7% প্রেফারেন্স শেয়ার মূলধন হিসাব ,, (7% Preference Share Capital A/c) | | | 7,00,000 |
| [ ক্রয়-প্রতিদান স্বরূপ 'AB' লিমিটেডকে পরিশোধ করা হল। ] | | | |

## 'CD' লিমিটেড
### (১লা জানুয়ারী ২০০১ তারিখের উর্দ্ধতপত্র)

| দায়সমূহ (Liabilities) | টাকা Rs. | সম্পত্তিসমূহ (Assets) | টাকা Rs. |
|---|---|---|---|
| **শেয়ার মূলধন** (Share Capital) : | | **স্থায়ী সম্পত্তি :** (Fixed Assets) | |
| 7,000 7% প্রেফারেন্স শেয়ার প্রতিটি 100 টাকা পূর্ণ আদায়ীকৃত বিক্রেতা কোম্পানিকে নগদ অর্থের পরিবর্তে দেওয়া হল। | 7,00,000 | সুনাম (Goodwill) | 4,00,000 |
| | | বাড়ি (Buildings) | 3,00,000 |
| | | যন্ত্রপাতি ও কলকব্জা (Plant & Machinery) | 1,40,000 |
| [7,000 7% Preference shares of Rs. 100 each fully paid issued to vendor company otherwise than cash.] | | **চলতি সম্পত্তি :** (Current Assets) | |
| | | মজুত (Stock) | 60,000 |

| দায়সমূহ (Liabilities) | টাকা Rs. | সম্পত্তিসমূহ (Assets) | টাকা Rs. |
|---|---|---|---|
| 20,000 ইকুইটি শেয়ার প্রতিটি 10 টাকা মূল্যের পূর্ণ আদায়ীকৃত বিক্রেতা কোম্পানিকে নগদ অর্থের পরিবর্তে প্রদান করা হল। [20,000 Equity Shares Rs.10 each issued to vendor company otherwise than cash.] | 2,00,000 | | |
| | 9,00,000 | | 9,00,000 |

## ১১৩.৬ সারাংশ

পুনর্গঠন বলতে কোনও জোটবন্ধনকে বোঝায় না। পুনর্গঠন বলতে কোনও কোম্পানির অত্যধিক লোকসান বা অত্যধিক মূলধনের কারণ ঘটলে তাদের অবলুপ্তিকে বোঝায়। পুনর্গঠনের ক্ষেত্রে কোনও কোম্পানির লোকসানের অবলোপনের জন্য চালু কোম্পানিকে অধিগ্রহণ করা হয় এবং এই অধিগ্রহণের ফলে অধিগৃহীত কোম্পানীর শেয়ারহোল্ডারগণ সাধারণত ক্ষতিগ্রস্ত হন। এককথায় পুনর্গঠন বলতে বাহ্যিক পুনর্গঠন ও অভ্যন্তরীণ পুনর্গঠন দুই ধরনের পুনর্গঠনকে বোঝায়। বাহ্যিক পুনর্গঠনের ক্ষেত্রে একটি পুরাতন কোম্পানিকে একটি নতুন কোম্পানিতে রূপান্তরিত করা হয়।

## ১১৩.৭ অনুশীলনী

(1) **সংক্ষেপে 50টি শব্দ থেকে 200 শব্দের মধ্যে উত্তর লিখুন ঃ**

(ক) পুনর্গঠনের সংজ্ঞা এবং উদাহরণ সহকারে উদ্দেশ্য লিখুন।

(খ) পুনর্গঠনের সাথে গ্রসনের তুলনামূলক আলোচনা করুন।

(গ) পুনর্গঠনের শ্রেণীবিভাগ ও হিসাবরক্ষণের পদ্ধতি বিষয়ে আলোচনা করুন।

(ঘ) বাহ্যিক পুনর্গঠন কাকে বলে উদাহরণ সহকারে আলোচনা করুন।

(2) **শূন্যস্থান পূরণ করুন ঃ**

(ক) পুনর্গঠনের ক্ষেত্রে দুই ধরনের পুনর্গঠনের চিন্তা করা যেতে পারে যথা (অ) ____________ এবং (আ) ____________।

(খ) পুনর্গঠনের ক্ষেত্রে অধিগৃহীত কোম্পানির শেয়ারহোল্ডারগণ ____________ হন।

(গ) পুনর্গঠনের ক্ষেত্রে সাধারণত কোনও চালু কোম্পানির ____________ অবলোপনের জন্য পুনর্গঠন করা হয়।

(ঘ) বাহ্যিক পুনর্গঠনের ক্ষেত্রে ____________ কোম্পানিকে ____________ রূপান্তরিত করা হয়।

(3) Fox কোম্পানি লিমিটেডের ব্যবসায় অধিগ্রহণের উদ্দেশ্যে CAT কোম্পানি লিমিটেড গঠিত হয়। Fox কোম্পানি লিমিটেডের উদ্বর্তপত্রটি নিম্নরূপ ছিল।

| দায়সমূহ Liabilities | টাকা Rs. | সম্পত্তিসমূহ (Assets) | টাকা Rs. |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | | জমি ও দালান | 1,75,000 |
| (40,000 ইকুইটি শেয়ার প্রতিটি | | যন্ত্রপাতি ও কলকব্জা | 1,25,000 |
| 10 টাকা মূল্যে পূর্ণ আদায়ীকৃত) | 4,00,000 | আসবাবপত্র | 10,000 |
| সঞ্চিতি | 1,00,000 | দেনাদারগণ | 2,15,000 |
| পাওনাদারগণ | 80,000 | মজুত | 45,000 |
| লাভ ও ক্ষতির হিসাব | 20,000 | নগদ এবং ব্যাঙ্ক জমা | 30,000 |

ক্রয় প্রতিদানের 1,00,000 টাকা নগদে, 1,00,000 টাকা প্রতিটি 100 টাকা মূল্যের 1000 4% ডিবেঞ্চারে এবং Fox কোম্পানি লিমিটেডের 4টি পূর্ণ আদায়ীকৃত 10 টাকা মূল্যের শেয়ারের জন্য CAT কোম্পানি লিমিটেডের তিনটি পূর্ণ আদায়ীকৃত 10 টাকা মূল্যের শেয়ার প্রদত্ত হবে। সম্পত্তিসমূহ তাদের বইতে লিখিত মূল্য অনুসারেই গৃহীত হবে। CAT কোম্পানির অভিহিত মূলধনের পরিমাণ ছিল 10,00,000 টাকা। তা প্রতিটি 10 টাকা মূল্যের 1,00,000টি ইকুইটি শেয়ারে বিভক্ত ছিল। এর মধ্যে 30,000 শেয়ার জনসাধারণের মধ্যে বণ্টিত হয়েছে এবং সমস্ত অর্থ সম্পূর্ণভাবে নগদেই পাওয়া গেছে। দেয় তারিখে নগদ প্রতিদান প্রদত্ত হয়েছে, চুক্তি অনুযায়ী সম্পূর্ণ মূল্য আদায়ীকৃত ডিবেঞ্চার বিলি করা হয়েছে এবং বিক্রেতাগণকে, শেয়ারগুলি বিলি করা হয়েছে। প্রাথমিক খরচের অংক দাঁড়ায় 10,000 টাকা। CAT কোম্পানি লিমিটেড-এর বইগুলি খুলবার জন্য প্রয়োজনীয় জাবেদা দাখিলা এবং প্রারম্ভিক উদ্বর্তপত্র দেখান।

[ক্রয় প্রতিদান → 5,00,000 টাকা
উদ্বর্তপত্র → 7,90,000 টাকা]

(4) 1লা জানুয়ারি 2000 থেকে নিম্নলিখিত উদ্বর্তপত্রের ভিত্তিতে Fox লিমিটেডের ব্যবসা গ্রহণ করার জন্য প্রতিটি 10 টাকা মূল্যের ইকুইটি শেয়ারে বিভক্ত 2,50,000 টাকার অনুমোদিত মূলধন নিয়ে CAT লিমিটেড গঠিত হল।

**Fox লিমিটেডের 1লা জানুয়ারী 2000 তারিখের উর্দ্বতপত্র**

| দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | 40,000 | সুনাম | 5,000 |
| সাধারণ সঞ্চিতি | 7,500 | যন্ত্রপাতি ও কলকব্জা | 37,800 |
| লাভ ও ক্ষতির হিসাব | 2,250 | মজুত | 14,175 |
| $5\frac{1}{2}$% ডিবেঞ্চার | 12,000 | দেনাদারগণ | 14,525 |
| পাওনাদারগণ | 9,085 | | |
| ব্যাঙ্ক জমাতিরিক্ত | 665 | | |
| | 71,500 | | 71,500 |

চুক্তির শর্তাদি নিম্নরূপ ছিল ঃ

(ক) Fox লিমিটেডকে CAT লিমিটেড প্রতিটি 10 টাকা মূল্যের পূর্ণ আদায়ীকৃত 3,000 ইকুইটি শেয়ার প্রতিটি 12.50 টাকা স্বীকৃত মূল্য হিসাবে বিলি করবে।

(খ) Fox লিমিটেডকে CAT লিমিটেড 25,275 টাকা নগদ অর্থ দেবে।

(গ) CAT লিমিটেড 4% বাট্টায় (অবহারে) এমন অর্থাঙ্কের 5% ডিবেঞ্চার বিলি করবে যাতে Fox লিমিটেডের ডিবেঞ্চার সমমূল্যে পরিশোধ হতে পারে।

(ঘ) Fox লিমিটেড নিজের দায় নিজেই পরিশোধ করবে।

(ঙ) Fox লিমিটেডের যন্ত্রপাতি 40,000 টাকায় মজুত পণ্য 13,750 টাকায় ও দেনাদারগণ 12,500 টাকায় মূল্যায়ন করা হবে।

CAT লিমিটেড জনসাধারণের নিকট 5000 ইকুইটি শেয়ার প্রতিটি 10 টাকা মূল্যের 2.50 টাকা অধিহারে বিলি করল। শেয়ার বিলির সমস্ত অর্থ পাওয়া গেল।

Fox লিমিটেডের বইতে প্রয়োজনীয় জাবেদাগুলি দেখান এবং CAT লিমিটেডের বইতে প্রারম্ভিক জাবেদা দাখিলা সহকারে উদ্বর্তপত্র দেখান।

[ক্রয় প্রতিদান → 74,775 টাকা
উদ্বর্তপত্র → 1,12,500 টাকা]

(5) চুক্তি অনুসারে চালু ব্যবসা B লিমিটেডকে গ্রহণ করে A লিমিটেড গঠিত হল। 2000 সালের 30শে জুন এবং ঐ তারিখে B লিমিটেডের সম্পত্তি ও দায়ের অঙ্ক ছিল নিম্নরূপ :

**30শে জুন, 2000, B লিমিটেডের উদ্বর্তপত্র**

| দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| 30,000 ইকুইটি শেয়ার | | সুনাম | 50,000 |
| প্রতিটি 10 টাকা মূল্যে | 3,00,000 | জমি ও দালান | 1,50,000 |
| 1000 5% প্রেফারেন্স শেয়ার | | যন্ত্রপাতি ও কলকব্জা | 1,50,000 |
| প্রতিটি 100 টাকা মূল্যের | 1,00,000 | দেনাদারগণ | 40,000 |
| পাওনাদারগণ | 40,000 | মজুত | 40,000 |
| দেয় বিল | 20,000 | ব্যাঙ্ক জমা | 30,000 |
| সাধারণ সঞ্চিতি | 20,000 | লাভ ও ক্ষতির হিসাব | 20,000 |
| | 4,80,000 | | 4,80,000 |

**চুক্তির শর্তগুলি ছিল ঃ**

(ক) 'B' লিমিটেডের প্রতি 10টি ইকুইটি শেয়ারের জায়গায় 'A' লিমিটেড 12টি পূর্ণমূল্য আদায়ীকৃত 10 টাকা মূল্যের ইকুইটি শেয়ার এবং নগদ 10 নগদ টাকা প্রদান করল।

(খ) 'B' লিমিটেডের প্রেফারেন্স শেয়ারহোল্ডারগণকে A লিমিটেড 1100টি 100 টাকা মূল্যের 6% সমহারে প্রবর্তিত প্রেফারেন্স শেয়ার বিলি করল।

(গ) অবসায়ন-খরচ 3000 টাকা. B লিমিটেড বহন করল এবং তদনুসারে নগদ টাকা রেখে দিল।

(i) ব্যবসায়ের ক্রয়-প্রতিদান নির্ধারণ;

(ii) নীট সম্পত্তির হিসাব নির্ধারণ;

(iii) সুনাম / মূলধন সঞ্চিতি নির্ণয়;

(iv) B লিমিটেডের বইতে প্রয়োজনীয় জাবেদা সহকারে খতিয়ানের হিসাবগুলি এবং A লিমিটেডের হিসাবের বইয়ের প্রারম্ভিক জাবেদা দাখিলাগুলি দেখান।

[ক্রয়- প্রতিদান → 5,00,000 টাকা ;
সুনাম → 1,53,000 টাকা]

## ১১৩.৮ গ্রন্থপঞ্জী

১) N. C. Sukhla & T.S. Grewal : Advance Accounts, (S. Chand & Co.)

২) S. P. Jain & K. L. Narayan : Advance Accountancy, (Kalyani Publishers)

৩) Hrishikes Chakraborty : Advance Accountancy, (Naba Bharat Publishers)

৪) সুধাংশু শেখর ভট্টাচার্য : হিসাবশাস্ত্র, (ইন্ডিয়ান প্রোগ্রেসিভ পাবলিশিং কো. প্রাইভেট লিমিটেড).

# একক ১১৪ □ মূলধন হ্রাস (Capital Reduction)

গঠন

১১৪.০ উদ্দেশ্য

১১৪.১ প্রস্তাবনা

১১৪.২ সংজ্ঞা

১১৪.৩ কোম্পানী আইনের বিধানসমূহ

১১৪.৪ পুঁজিবাদ-সংক্রান্ত লেনদেনের হিসাব-নিকাশকরণ

১১৪.৫ উদাহরণমালা

১১৪.৬ সারাংশ

১১৪.৭ অনুশীলনী

১১৪.৮ গ্রন্থপঞ্জী

## ১১৪.০ উদ্দেশ্য

- এই এককের উদ্দেশ্য হল মূলধন হ্রাস সম্পর্কীয় হিসাব-নিকাশ কীভাবে করা হবে তা নির্দেশ করা।

## ১১৪.১ প্রস্তাবনা

কোম্পানীর পুনর্গঠন দু'রকমের হতে পারে, যথা বাহ্যিক পুনর্গঠন এবং আভ্যন্তরীণ পুনর্গঠন। এখানে আমরা আভ্যন্তরীণ পুনর্গঠন অর্থাৎ মূলধন হ্রাস (Capital Reduction) সম্পর্কে আলোচনা করব।

## ১১৪.২ সংজ্ঞা

কোম্পানীর সংগঠনগত বা সত্ত্বাগত কোনও পরিবর্তন না করে যদি পুঁজি বা দায়ের কাঠামোর পরিবর্তন করা হয়, তাকে আভ্যন্তরীণ পুনর্গঠন বলে। আভ্যন্তরীণ পুনর্গঠনের ফলে পুঁজির কাঠামোর পরিবর্তন বা পুঁজি হ্রাস ঘটতে পারে। পুঁজির পরিবর্তন বলতে শেয়ারের স্টক পরিবর্তন ; পুঁজি বৃদ্ধি ; অবিলিকৃত শেয়ার বাতিল করে অনুমোদিত পুঁজি হ্রাস ; স্বল্পমূল্যের শেয়ারসমূহকে অধিক মূল্যের শেয়ারে রূপান্তরকরণ অথবা অধিক মূল্যের শেয়ারকে স্বল্পমূল্যের শেয়ারে রূপান্তরকরণকে বোঝায়।

**পুঁজি-হ্রাস :**

পুঁজি- হ্রাস বলতে নিম্নলিখিত বিষয়সমূহকে বোঝায় :

(ক) বিলিকৃত শেয়ারের অনাদায়ী অংশের জন্য দায়ের পরিমাণ-হ্রাস কিংবা তা বাতিল করা।

(খ)  আদায়ীকৃত পুঁজির কোনও অংশ বিনষ্ট হয়ে থাকলে অথবা যে পুঁজির সমপরিমাণ সম্পত্তি কোম্পানীর বর্তমান নেই, তা বাতিল করা।

(গ)  আদায়ীকৃত শেয়ারপুঁজির প্রয়োজনের অতিরিক্ত অংশ কোম্পানীর শেয়ারহোল্ডারগণকে ফেরত দেওয়া।

## ১১৪.৩ কোম্পানী আইনের বিধানসমূহ

যদি কোনও কোম্পানীর দায় শেয়ারের দ্বারা সীমাবদ্ধ থাকে তবে ঐ কোম্পানীর শেয়ার পুঁজি প্রয়োজন হলে হ্রাস করা যেতে পারে, কিন্তু এই শেয়ার পুঁজির হ্রাস কোম্পানী আইনের 100–105 ধারায় উল্লিখিত শেয়ার-পুঁজি সংক্রান্ত বিধান অনুসারে করতে হবে। পুঁজি-হ্রাস সংক্রান্ত যে সমস্ত বিধি-নিষেধ অনুসরণ করতে হবে তা নিম্নরূপ—

(ক) কোম্পানীর পরিমেল নিয়মাবলী অর্থাৎ আর্টিক্‌ল সে পুঁজি-হ্রাস সংক্রান্ত বিধান দেওয়া থাকলে তবেই পুঁজি-হ্রাস করা সম্ভব।

(খ) পুঁজি-হ্রাস করতে হলে সেই মর্মে একটি বিশেষ প্রস্তাব কোম্পানী শেয়ার হোল্ডারগণের সভায় গ্রহণ করতে হবে।

(গ) পুঁজি হ্রাসের প্রস্তাব সম্পর্কে আদালতের অনুমোদন নিতে হবে।

শেয়ার-পুঁজি হ্রাসের আবেদন পাওয়ার পর আদালত সাধারণত যে সমস্ত পাওনাদারের স্বার্থ ক্ষুন্ন হওয়ার সম্ভাবনা থাকে তাদের মতামত যাচাই করে। এই উদ্দেশ্যে, আদালতের মতে যে সমস্ত পাওনাদারদের পুঁজি হ্রাসের প্রস্তাবে আপত্তি করার সঙ্গত কারণ থাকতে পারে তাদের একটি তালিকা প্রস্তুত করা হয়। প্রয়োজন হলে আদালত, তালিকায় অন্তর্ভুক্ত থাক বা না থাক, সমস্ত পাওনাদারদের আপত্তি জানানোর সময়-সীমা নির্দিষ্ট করে দিয়ে নোটিশ প্রকাশ করতে পারে। যদি কোনও পাওনাদার এই পুঁজি হ্রাসের প্রস্তাবে রাজি না হয় তবে তার পাওনা মিটিয়ে দিতে হবে অথবা সংশ্লিষ্ট পাওনা অর্থের জন্য কোম্পানীকে উপযুক্ত জামিনের ব্যবস্থা করতে হবে।

পাওনাদারদের সম্মতি প্রাপ্তির পর অথবা অসম্মত পাওনাদারদের পাওনা পরিশোধের ব্যবস্থার পর আদালত সন্তুষ্ট হলে পুঁজি হ্রাসের প্রস্তাব অনুমোদনজ্ঞাপক আদেশ প্রদান করতে পারে। এই অনুমোদনজ্ঞাপক আদেশ প্রদানের সময় আদালত প্রয়োজন মনে করলে কোম্পানীকে নিম্নলিখিত বিষয়সমূহ পালনের নির্দেশ দিতে পারে ঃ

(ক) আদালত যতদিন মনে করবে সংশ্লিষ্ট কোম্পানীকে ততদিন তার নামের শেষে ''and reduced'' – এই কথা যোগ করতে হবে।

(খ) পুঁজি হ্রাসের কারণসমূহ অথবা আদালত সংশ্লিষ্ট অন্যান্য তথ্যাদি জনসাধারণকে জানানো প্রয়োজন মনে করলে কোম্পানীকে জনসাধারণের জ্ঞাতার্থে তা প্রকাশ করতে হবে।

(গ) আদালতে আদেশের একটি প্রতিলিপি ও কোম্পানীর সভার কার্য-বিবরণীর একটি প্রতিলিপি রেজিস্ট্রারের নিকট কোম্পানীকে দাখিল করতে হবে।

## ১১৪.৪ পুঁজিবাদ-সংক্রান্ত লেনদেনের হিসাব-নিকাশকরণ

পুঁজি-হ্রাস সংক্রান্ত লেনদেনগুলি হিসাবে লিপিবদ্ধকরণের জন্য নিম্নলিখিত জাবেদা দাখিলা প্রয়োজন ঃ

(ক) আদায়ীকৃত শেয়ার-পুঁজি অপরিবর্তিত রেখে অনাদায়ী অংশ বাতিল করা হলে ঃ (শেয়ার মূলধন হিসাব আংশিক)

Share Capital (Partly paid up) Account Dr.

(শেয়ার মূলধন হিসাব — পূর্ণমুল্য)

To Share Capital Account (Fully paid up)

(তলবী পুঁজির মোট অর্থ)

(খ) যদি আদায়ীকৃত মূলধনের কোনও অংশ শেয়ার হোল্ডারগণকে ফেরত দেওয়া হয় ঃ

(শেয়ার মূলধন হিসাব)

(i) Share Capital Account ..... Dr. ] যে অর্থ প্রত্যর্পণ করা হবে।
To, Shareholders Account ]
(শেয়ারধারক হিসাব)

(শেয়ার ধারক)

(ii) Shareholder Account ..... Dr. ] নগদ অর্থ
To Bank Account ] প্রত্যর্পণের জন্য।
(ব্যাঙ্ক হিসাব)

(গ) কোম্পানীর ক্ষতির পরিমাণ অত্যধিক হয়ে পড়লে পুঁজি-হ্রাসের প্রয়োজন হয়। এরূপ ক্ষেত্রে জাবেদার দাখিলাটি নিম্নরূপ হবে।

Share Capital A/c Dr. ] শেয়ার পুঁজির হ্রাসপ্রাপ্ত
(শেয়ার মূলধন) ] অঙ্ক।
To Capital Reduction Account ]
(মূলদন হ্রাস হিসাব)

Capital Reduction Account -এর ক্রেডিট জের অলীক সম্পত্তি। যেমন, লাভ-লোকসান হিসাবের ডেবিট জের, প্রাথমিক খরচ ইত্যাদি অবলোপনের জন্য এবং সুনামসহ অন্যান্য স্থায়ী সম্পত্তির মূল্য হ্রাসের জন্য ব্যবহৃত হয়। এর পরেও Capital Reduction Account-এর যদি কোনও জের থাকে তবে তাকে Capital Reserve Account-এ স্থানান্তরিত করতে হবে।

তৎসংক্রান্ত জাবেদার দাখিলা নিম্নরূপ হবে ঃ

Capital Reduction Account ..... Dr. → মূলধন হ্রাস হিসাব

To Profit & Loss Account → লাভ ও ক্ষতি হিসাব

To Discount on Issue of Debentures Account → ঋণগত বিলির পর বাট্টা হিসাব

To Preliminary Expenses Account → প্রাথমিক খরচ হিসাব

To Goodwill Account → সুনাম হিসাব

To Stock Account → মজুত হিসাব

To Plant & Machinery Account → যন্ত্রপাতি ও কলকব্জা হিসাব

To Patent Account etc → পেটেন্ট হিসাব

To Capital Reserve Account → (যদি কোন জের থাকে তবে নতুবা নয়।)

(মূলধনী রিজার্ভ হিসাব)

কোনও কোনও সময় পাওনাদারগণ এবং ডিবেঞ্চার-হোল্ডারগণ তাদের স্বত্ব কিছু পরিমাণে ত্যাগ করতে রাজি হয়। সেক্ষেত্রে তাদের দাবি হ্রাস করা হয় এবং এ অঙ্কও নিম্নলিখিত জাবেদা দাখিলার সাহায্যে Capital Reduction Account-এ স্থানান্তরিত করা হয় ঃ

(পাওনাদার বা ডিবেঞ্চার ধারক হিসাব)

Creditors / Debenture-holders Account ....... Dr.

To Capital Reduction Account (মূলধন-হ্রাস হিসাব)

এইরূপ ব্যবস্থায় Capital Reduction Account-কে অনেকে Reorganisation Account নামেও অভিহিত করে থাকে।

নিম্নে পুঁজি-হ্রাস সংক্রান্ত কিছু উদাহরণ দেওয়া হল ঃ

## ১১৪.৫ উদাহরণমালা

নিম্নে এ লিঃ-এর উদ্বর্তপত্র দেওয়া হল।

**উদ্বর্তপত্র**

**31শে ডিসেম্বর, 2000 তারিখে**

| দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| **শেয়ার মূলধন :** | | পেটেন্ট (ক্রয়মূল্যে) | 16,00,000 |
| 15000 প্রেফারেন্স শেয়ার প্রতিটি 100 টাকা পূর্ণমূল্যে। | 15,00,000 | জমি ও দালান | 3,10.000 |
| | | যন্ত্রপাতি ও কলকব্জা | 1,36,000 |
| | | দেনাদার | 1,30,000 |
| 10,000 ইকুইটি শেয়ার | | মজুত | 1,00.000 |
| প্রতিটি 1,00 টাকা পূর্ণমূল্যে। | 10,00,000 | প্রাথমিক খরচ | 50,000 |
| পাওনাদার | 60,000 | লাভ ও লোকসান হিসাব | 2,10,000 |
| ব্যাঙ্ক ঋণ | 40,000 | নগদ | 64,000 |
| | 26,00,000 | | 26,00,000 |

বিগত কয়েক বৎসর ব্যাপী কোম্পানীটি প্রচুর ক্ষতি স্বীকার করায় নিম্নলিখিত পুনর্গঠনের পরিকল্পনা গ্রহণ করা হল ঃ

ক) প্রতিটি প্রেফারেন্স শেয়ারের মূল্য 50 টাকায় হ্রাস করা হবে।

খ) প্রতিটি ইকুইটি শেয়ারের মূল্য 25 টাকায় হ্রাস করা হবে।

গ) পুঁজি হ্রাসের ফলে প্রাপ্ত অর্থ জমি ও দালান 60,000 টাকা, মজুত পণ্যের 20,000 টাকা, যন্ত্রপাতি, 15% এবং দেনাদারগণের 10% অবলোপনের জন্য ব্যবহার করা হবে এবং বাকি অর্থ যথাসম্ভব পেটেন্ট থেকে অবলোপন করা হবে।

উপরোক্ত লেনদেনসমূহ জাবেদায় লিপিবদ্ধ করুন এবং পুনর্গঠন পরিকল্পনা কার্যকরী করার পরে উদ্বর্তপত্র দেখান।

**সমাধান ঃ**

**এ লিঃ-এর বইতে জাবেদা দাখিলা**

| তারিখ | বিবরণ | এল.এফ (L.F.) | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| 2000 31শে ডিসেম্বর | Preference Share Capital A/c ........ Dr. ( প্রেফারেন্স শেয়ার মূলধন হিসাব) | | 7,50,000 | |
| | Equity Share Capital A/c ...Dr. (ইকুইটি শেয়ার মূলধন হিসাব) | | 7,50,000 | |
| | To Capital Reduction A/c (মূলধন হ্রাস হিসাব) | | | 15,00,000 |
| | [ কোর্টের আদেশ এবং বিশেষ প্রস্তাব বলে প্রেফারেন্স শেয়ারের মূল্য 50 টাকা দ্বারা এবং ইকুইটি শেয়ারের মূল্য 100 টাকা দ্বারা হ্রাস করা হয়েছে। ] | | | |
| | Capital Reduction A/c ..... Dr. (মূলধন হ্রাস হিসাব) | | 15,00,000 | |
| | To Preliminary Expenses A/c (প্রাথমিক খরচ হিসাব) | | | 50,000 |
| | To Profit & Loss A/c (লাভ এবং লোকসান হিসাব) | | | 2,10,000 |

| তারিখ | বিবরণ | এল.এফ (L.F) | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| | To Land & Building A/c (জমি ও দালান হিসাব) | | | 60,000 |
| | To Stock A/c (মজুত হিসাব) | | | 20,000 |
| | To Plant & Machinery A/c (যন্ত্রপাতি ও কলকব্জা হিসাব) | | | 20,400 |
| | To Provision for Bad Debt A/c (কুঋণের ব্যবস্থা হিসাব) | | | 13,000 |
| | To Patents A/c ( পেটেন্ট হিসাব) | | | 11,26,600 |
| | [ বিশেষ প্রস্তাব বলে মূলধন হ্রাসের অর্থ বিভিন্ন কাল্পনিক সম্পত্তি হ্রাস এবং অন্যান্য সম্পত্তি হ্রাসে ব্যবহৃত হল। ] | | | |

**এ লিঃ-এর 31-শে ডিসেম্বর 2000**
**তারিখের উদ্বর্তপত্র (হ্রাসপ্রাপ্ত)**

| দায়সমূহ | টাকা | টাকা | সম্পত্তিসমূহ | টাকা | টাকা |
|---|---|---|---|---|---|
| শেয়ার মূলধন ঃ | | | পেটেন্ট ঃ | 16,00,000 | |
| 15,000 প্রেফারেন্স | | | বাদ : হ্রাস | 11,26,600 | 4,73,400 |
| শেয়ার প্রতিটি 50 | | | জমি ও দালান ঃ | 3,10,000 | |
| টাকা পূর্ণমূল্যে | | 7,50,000 | বাদ : হ্রাস | 60,000 | 2,50,000 |
| 10,000 ইকুইটি | | | যন্ত্রপাতি ও কলকব্জা ঃ | 1,36,000 | |
| শেয়ার প্রতিটি | | | বাদ : হ্রাস | 20,400 | 1,15,600 |
| 25 টাকা পূর্ণমূল্যে | | 2,50,000 | দেনাদার : | 1,30,000 | |
| | | | বাদ : কুঋণ ব্যবস্থা | 13,000 | 1,17,000 |
| পাওনাদার | | 60,000 | মজুত : | 1,00,000 | |
| ব্যাঙ্ক ঋণ | | 40,000 | বাদ : হ্রাস | 20,000 | 80,000 |
| | | | নগদ | | 64,000 |
| | | 11,00,000 | | | 11,00,000 |

**উদাহরণ - 2 ঃ**

কে লিঃ-এর আদায়ীকৃত পুঁজি প্রতিটি 100 টাকা মূল্যের 2000টি 8% সঞ্চয়ী প্রেফারেন্স শেয়ার এবং প্রতিটি 100 টাকা মূল্যের 30,000টি ইকুইটি শেয়ারে বিভক্ত, 5,00,000 টাকা গঠিত। প্রেফারেন্স শেয়ারে 30,000 টাকা লভ্যাংশ বাকি ছিল।

কোম্পানীটি ক্রমান্বয়ে ক্ষতি স্বীকারের ফলে, নিম্নলিখিত কারণে অর্থ সংস্থানের জন্য পরিচালকগণ শেয়ার-হোল্ডারগণের নিকট পুঁজি হ্রাসের প্রস্তাব সুপারিশ করেছিল :

(ক) নিম্নরূপভাবে সম্পত্তি মূল্য অবলোপন করা পেটেন্ট থেকে 70,000 টাকা, যন্ত্রপাতি ও কলকব্জা থেকে 17,000 টাকা এবং খুচরো যন্ত্রপাতি থেকে 2,000 টাকা।

(খ) লাভ-লোকসানের হিসাবের 1,98,000 টাকা ডেবিট জের অবলোপন।

(গ) পুঁজি হ্রাসের ফলে প্রাপ্য অর্থের অবশিষ্ট অংশের সাহায্যে "পরীক্ষা নিরীক্ষা ও গবেষণার" ব্যয় অবলোপন।

গৃহীত ও অনুমোদিত পরিকল্পনায় নিম্নলিখিত বিষয়সমূহ ছিল ঃ

(ক) প্রতি পাঁচটি 8% প্রেফারেন্স শেয়ারের জন্য তিনটি, প্রতিটি 100 টাকা মূল্যের 7% সঞ্চয়ী প্রেফারেন্স শেয়ার এবং কুড়িটি, প্রতিটি 2 টাকা মূল্যের ইকুইটি শেয়ার ;

(খ) প্রতি 10 টাকা বকেয়া প্রেফারেন্স লভ্যাংশের জন্য প্রতিটি 2 টাকা মূল্যের ইকুইটি শেয়ার ; এবং

(গ) প্রতি 5 টি পুরাতন ইকুইটি শেয়ারের জন্য একটি 2 টাকা মূল্যের নতুন ইকুইটি শেয়ার।

কোম্পানীর বইতে উপরোক্ত লেনদেনসমূহের জাবেদা দাখিলা লিপিবদ্ধ করুন এবং লেজারে পুঁজির হিসাব ও পুঁজি হ্রাসের হিসাব প্রস্তুত করুন।

**সমাধান ঃ**

**কে লিঃ-এর বইতে জাবেদা**

| তারিখ | বিবরণ | এল.এফ. (L.F) | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| | 8% Cummulative Preference Share Capital A/c....... Dr.<br>(8% সঞ্চয়ী প্রেফারেন্স শেয়ার মূলধন হিসাব) | | 2,00,000 | |
| | To 7% Cummlative Preference Share Capital<br>(7% সঞ্চয়ী প্রেফারেন্স শেয়ার মূলধন হিসাব) | | | 1,20,000 |
| | To Equity Share Capital A/c<br>(ইকুইটি শেয়ার মূলধন হিসাব) | | | 16,000 |
| | To Capital Reduction A/c<br>(মূলধন হ্রাস হিসাব) | | | 64,000 |
| | [কোর্টের নির্দেশ এবং বিশেষ প্রস্তাব বলে প্রতিটি 8% সঞ্চয়ী প্রেফারেন্স শেয়ারের জন্য একটি 7% সঞ্চয়ী প্রেফারেন্স শেয়ার, কুড়িটি ইকুইটি শেয়ার বণ্টন করা হয়েছে এবং বাকি মূলধন হ্রাসে দেখানো হয়েছে ] | | | |

| তারিখ | বিবরণ | এল.এফ. (L.F.) | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| | Equity Share Capital A/c (Rs. 10 each)<br>(ইকুইটি শেয়ার মূলধন হিসাব, প্রতিটি 10 টাকা) | | 3,00,000 | |
| | To Equity Share Capital A/c (Rs. 2 each)<br>(ইকুইটি শেয়ার মূলধন হিসাব, প্রতিটি 2 টাকা) | | | 12,000 |
| | To Capital Reduction A/c<br>(মূলধন হ্রাস হিসাব) | | | 2,88,000 |
| | [ কোর্টের নির্দেশ এবং বিশেষ প্রস্তাব বলে প্রতিটি 10 টাকা মূল্যের, 30,000 ইকুইটি শেয়ারকে প্রতিটি 2 টাকা মূল্যের 6,000 ইকুইটি শেয়ারে হ্রাস করা হয়েছে। ] | | | |
| | Capital Reduction A/c ...... Dr.<br>(মূলধন হ্রাস হিসাব) | | 6,000 | |
| | To Equity Share Capital A/c (Rs. 2 each)<br>(ইকুইটি শেয়ার মূলধন হিসাব, প্রতিটি 2 টাকা) | | | 6,000 |
| | [বিশেষ প্রস্তাব বলে প্রেফারেন্স শেয়ার ডিভিডেন্ড প্রদানের জন্য প্রতিটি 2 টাকা মূল্যের 3000টি ইকুইটি শেয়ার বিলি করা হয়েছে।] | | | |
| | Capital Reduction A/c ...... Dr.<br>(মূলধন হ্রাস হিসাব) | | 3,46,000 | |
| | To Patents A/c<br>(পেটেন্টস হিসাব) | | | 70,000 |
| | To Plant & Machinery A/c<br>(যন্ত্রপাতি ও কলকব্জা হিসাব) | | | 17,000 |
| | To Tools & Impliments A/c<br>(খুচরা যন্ত্রাপতি হিসাব) | | | 2,000 |
| | To Profit & Loss A/c<br>(লাভ ও লোকসান হিসাব) | | | 1,98,000 |
| | To Experiment & Research Expenses A/c<br>(পরীক্ষা-নিরীক্ষা ও গবেষণা খরচ হিসাব) | | | 59,000 |
| | [ বিশেষ প্রস্তাব বলে মূলধন হ্রাসের অর্থ দিয়ে বিভিন্ন সম্পত্তি ও লাভ-লোকসান হিসাব অবলোপন করা হয়েছে এবং অবশিষ্ট অর্থের সাহায্যে 'পরীক্ষা-নিরীক্ষা ও গবেষণার' ব্যয় অবলোপন করা হয়েছে। ] | | | |

**ঃ খতিয়ান ঃ**

**8% সঞ্চয়ী প্রেফারেন্স শেয়ার মূলধন হিসাব**

**(8% Cum. Preference Share Capital A/c)**

**Dr.** **Cr.**

| বিষয়সমূহ | টাকা | বিষয়সমূহ | টাকা |
|---|---|---|---|
| To 7% Cum. Preference Share Capital A/c (7% সঞ্চয়ী প্রেফারেন্স শেয়ার মূলধন হিসাব) | 1,20,000 | By Balance b/d (জের) | 2,00,000 |
| To Equity Share Capital A/c (Rs. 2) (ইকুইটি শেয়ার মূলধন হিসাব) (2 টাকা) | 16,000 | | |
| To Capital Reduction A/c (মূলধন হ্রাস হিসাব) | 64,000 | | |
| | 2,00,000 | | 2,00,000 |

**7% সঞ্চয়ী প্রেফারেন্স শেয়ার মূলধন হিসাব**

**(7% Cum. Preference Share Capital A/c)**

**Dr.** **Cr.**

| বিষয়সমূহ | টাকা | বিষয়সমূহ | টাকা |
|---|---|---|---|
| To Balance c/d (জের) | 1,20,000 | By 8% Cum. Preference Share Capital A/c (8% সঞ্চয়ী প্রেফারেন্স শেয়ার মূলধন হিসাব) | 1,20,000 |
| | 1,20,000 | | 1,20,000 |

**ইকুইটি শেয়ার মূলধন হিসাব (2 টাকা)**

**Equity Share Capital A/c (Rs. 2)**

**Dr.** **Cr.**

| বিষয়সমূহ | টাকা | বিষয়সমূহ | টাকা |
|---|---|---|---|
| To Balance c/d (জের) | 34,000 | By Equity Share Capital Rs.10 ইকুইটি শেয়ার মূলধন হিসাব (10 টাকা) | 12,000 |
| | | By 8% Cum. Preference Capital A/c (8% সঞ্চয়ী প্রেফারেন্স শেয়ার মূলধন হিসাব) | 16,000 |
| | | By Capital Reduction A/c (মূলধন হ্রাস হিসাব) | 6,000 |
| | 34,000 | | 34,000 |

মূলধন হ্রাস হিসাব

**(Capital Reduction A/c)**

Dr. Cr.

| বিষয়সমূহ | টাকা | বিষয়সমূহ | টাকা |
|---|---|---|---|
| To Equity Share Capital A/c (Rs. 2) (ইকুইটি শেয়ার মূলধন হিসাব - 2 টাকা) | 6,000 | By 8% Cum. Preference Share Capital A/c (8% সঞ্চয়ী প্রেফারেন্স শেয়ার মূলধন হিসাব) | 64,000 |
| To Patents A/c (পেটেন্ট হিসাব) | 70,000 | By Equity Share Capital A/c Rs. 10 (ইকুইটি শেয়ার মূলধন হিসাব-10 টাকা) | 2,88,000 |
| To Plant & Machinery A/c (যন্ত্রপাতি ও কলকব্জা হিসাব) | 17,000 | | |
| To Tools & Implements A/c (খুচরো যন্ত্রপাতি হিসাব) | 2,000 | | |
| To Profit & Loss A/c (লাভ ও ক্ষতি হিসাব) | 1,98,000 | | |
| To Experiment & Research Expenses A/c (পরীক্ষা-নিরীক্ষা ও গবেষণা খরচ হিসাব) | 59,000 | | |
| | 3,52,000 | | 3,52,000 |

**উদাহরণ ঃ 3**

**31.12.2000 তারিখে এ লিঃ-এর উদ্বর্তপত্র নিম্নরূপ ঃ**

| দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| ইকুইটি শেয়ার মূলধন | 10,00,000 | সুনাম | 80,000 |
| মূলধন প্রতিটি 10 টাকা মূল্যে | | জমি ও দালান | 2,00,000 |
| 6% প্রেফারেন্স শেয়ার মূলধন | 2,00,000 | যন্ত্রপাতি ও কলকব্জা | 8,00,000 |
| প্রতিটি 100 টাকা মূল্যে | | দেনাদারগণ | 2,00,000 |
| 7% ডিবেঞ্চার | 2,00,000 | মজুত | 1,20,000 |
| পাওনাদার | 10,00,000 | প্রাথমিক খরচ | 20,000 |
| | | লাভ ও ক্ষতি | 9,80,000 |
| | 24,00,000 | | 24,00,000 |

**সম্ভাব্য দায় ঃ**

প্রেফারেন্স ডিভিডেন্ড তিন বৎসরের বকেয়া আছে।

নিম্নলিখিতরূপে একটি পুনর্গঠনের পরিকল্পনা অনুমোদিত হল

(ক) ইকুইটি শেয়ার 90% কমান হবে।

(খ) প্রেফারেন্স শেয়ারহোল্ডারগণদের বর্তমান শেয়ারের পরিবর্তে প্রতিটি 10 টাকা মূল্যের সাতটি 7% প্রেফারেন্স শেয়ার বিলি করা হবে।

এছাড়া সম্পূর্ণ বকেয়া লভ্যাংশের দাবির পরিবর্তে এক তৃতীয়াংশের জন্য অনুরূপ প্রেফারেন্স শেয়ার বিলি করে সম্পূর্ণ দাবি মিটিয়ে দেওয়া হবে।

(গ) 7% ডিবেঞ্চার-হোল্ডারগণ সুদের হার 10% করার শর্তে 20% দাবি পরিত্যাগ করতে রাজি হল।

(ঘ) ক্ষতি ও অবাস্তব সম্পত্তিসমূহ অবলোপন করা হবে।

(ঙ) জমি ও দালানের মূল্য 3,00,000 টাকা করা হয়েছে।

উপরোক্ত পরিকল্পনা কার্যে পরিণত করার জন্য জাবেদা দাখিলা ও উদ্বর্তপত্র প্রস্তুত করুন।

**সমাধান ঃ**

**এ লিঃ-এর বইতে জাবেদা দাখিলা**

| তারিখ | বিবরণ | এল.এফ (L.F) | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| 2000 31শে ডিসেম্বর | Equity Share Capital A/c ..... Dr. (ইকুইটি শেয়ার মূলধন হিসাব) | | 9,00,000 | |
| | To Capital Reduction A/c (মূলধন হ্রাস হিসাব) | | | 9,00,000 |
| | [ কোর্টের আদেশ এবং বিশেষ প্রস্তাব বলে ইকুইটি শেয়ার মূলধন 90% কমানো হয়েছে। ] | | | |
| | 6% Preference Share Capital A/c........ Dr. (6% প্রেফারেন্স শেয়ার মূলধন হিসাব) | | 2,00,000 | |
| | To 7% Preference Share Capital A/c (7% প্রেফারেন্স শেয়ার মূলধন হিসাব) | | | 1,40,000 |
| | To Capital Reduction A/c (মূলধন হ্রাস হিসাব) | | | 60,000 |
| | [কোর্টের নির্দেশ এবং বিশেষ প্রস্তাব বলে বর্তমান 6% প্রেফারেন্স শেয়ার প্রতিটি 100 টাকার পরিবর্তে প্রতিটি 10 টাকা মূল্যের সাতটি 7% প্রেফারেন্স শেয়ার বিলি করা হল।] | | | |
| | 7% Debenture A/c........ Dr. (7% ডিবেঞ্চার হিসাব) | | 2,00,000 | |

| তারিখ | বিবরণ | এল.এফ (L.F) | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| | To 10% Debenture A/c<br>(10% ডিবেঞ্চার হিসাব) | | | 1,60,000 |
| | To Capital Reduction A/c<br>(মূলধন হ্রাস হিসাব) | | | 40,000 |
| | [ কোর্টের আদেশ এবং বিশেষ প্রস্তাব বলে 7% ডিবেঞ্চার-হোল্ডারগণ সুদের হার 10% করার শর্তে 20% দাবি পরিত্যাগ করতে রাজি হওয়ায় তাদের নতুন 10% ডিবেঞ্চার বিলি করা হল।] | | | |
| | Capital Reduction A/c...... Dr.<br>(মূলধন হ্রাস হিসাব) | | 12,000 | |
| | To 7% Preference Share Capital A/c<br>(7% প্রেফারেন্স শেয়ার মূলধন হিসাব) | | | 12,000 |
| | [ কোর্টের আদেশ এবং বিশেষ প্রস্তাব বলে প্রেফারেন্স শেয়ারহোল্ডারগণদের সম্পূর্ণ বকেয়া লভ্যাংশের পরিবর্তে এক-তৃতীয়াংশের জন্য 7% প্রেফারেন্স শেয়ার বিলি করা হল। ] | | | |
| | Land & Building A/c....... Dr.<br>(জমি ও দালান হিসাব) | | 1,00,000 | |
| | To Capital Reduction A/c<br>(মূলধন হিসাব হ্রাস) | | | 1,00,000 |
| | [ কোর্টের আদেশ এবং বিশেষ প্রস্তাব বলে জমি ও দালানের মূল্য বৃদ্ধি করা হয়েছে। ] | | | |
| | Capital Reduction A/c ........Dr.<br>(মূলধন হ্রাস হিসাব) | | 10,88,000 | |
| | To Preliminary Expenses A/c.<br>(প্রাথমিক খরচ হিসাব) | | | 20,000 |
| | To Profit & Loss A/c<br>(লাভ ও ক্ষতির হিসাব) | | | 9,80,000 |
| | To Goodwill A/c (সুনাম হিসাব) | | | 80,000 |
| | To Capital Reserve A/c<br>(মূলধন রিজার্ভ হিসাব) | | | 8,000 |
| | [ কোর্টের আদেশ এবং বিশেষ প্রস্তাব বলে মূলধন হ্রাসের অর্থ দিয়ে বিভিন্ন অবাস্তব সম্পত্তি ও ক্ষতি অবলোপন করা হয়েছে এবং অবশিষ্ট অংশ মূলধন রিজার্ভ হিসাবে স্থানান্তরিত করা হল। ] | | | |

**31.12.2000 তারিখে এ লিঃ এর**
**উদ্বর্তপত্র (হ্রাসপ্রাপ্ত)**

| দায়সমূহ | টাকা | টাকা | সম্পত্তিসমূহ | টাকা | টাকা |
|---|---|---|---|---|---|
| ইকুইটি শেয়ার মূলধন | | | জমি ও দালান | 2,00,000 | |
| (প্রতিটি 1 টাকা পূর্ণমূল্যে) | | 1,00,000 | যোগ : বৃদ্ধি | 1,00,000 | 3,00,000 |
| 7% প্রেফারেন্স শেয়ার মূলধন | | 1,52,000 | যন্ত্রচালিত ও কলকব্জা | | 8,00,000 |
| (15,200টি শেয়ার প্রতিটি 10 টাকা মূল্যের) | | | দেনাদারগণ | | 2,00,000 |
| | | | মজুত | | 1.20,000 |
| 10% ডিবেঞ্চার | | 1,60,000 | | | |
| মূলধন রিজার্ভ | | 8,000 | | | |
| পাওনাদারগণ | | 10,00,000 | | | |
| | | 14,20,000 | | | 14,20,000 |

উদাহরণ — 4

**31 শে মার্চ, 2001 তারিখে জে. লিঃ-এর উদ্বর্তপত্র নিম্নরূপ ঃ**

| দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| বিলি ও প্রাপ্ত শেয়ার মূলধন ঃ | | সুনাম | 28,000 |
| | | পেটেন্ট | 12,000 |
| 30,000 ইকুইটি শেয়ার প্রতিটি 10 টাকা পুর্ণমূল্যে | 3,00,000 | জমি ও দালান | 1,80,000 |
| | | যন্ত্রপাতি ও কলকব্জা | 1,60,000 |
| 2000 প্রেফারেন্স শেয়ার প্রতিটি 100 টাকা মূল্যে | 2,00,000 | মজুত | 60,000 |
| | | দেনাদারগণ | 1,00,000 |
| পাওনাদারগণ | 40,000 | লাভ ও ক্ষতি | 1,00,000 |
| ব্যাঙ্ক ওভারড্রাফ্ট | 1,00,000 | | |
| | 6,40,000 | | 6,40,000 |

প্রেফারেন্স শেয়ারের তিন বৎসরের ডিভিডেন্ড বকেয়া আছে। নিম্নলিখিত পরিকল্পনা অনুযায়ী পুঁজি-হ্রাসের জন্য বিশেষ প্রস্তাব গৃহীত হয় এবং তা আদালত কর্তৃক স্বীকৃত হয় ঃ

ক) প্রেফারেন্স শেয়ার প্রতিটি 75 টাকায় হ্রাস করতে হবে এবং ইকুইটি শেয়ার প্রতিটি 5 টাকায় হ্রাস করতে হবে — উভয় শেয়ারই পূর্ব আদায়ীকৃত হবে।

খ) প্রেফারেন্স শেয়ারের বকেয়া ডিভিডেন্ড বাতিল করতে হবে।

গ) লাভ-ক্ষতির হিসাবের ডেবিট -জের এবং সুনামের হিসাব সম্পূর্ণরূপে অবলোপন করতে হবে।

ঘ) জমি ও দালান এবং যন্ত্রপাতি ও কলকব্জা তাদের বইতে লিখিত মূল্যের যথাক্রমে ৪5% এবং ৪0% -এ পুনর্মূল্যায়ন করতে হবে।

ঙ) 2,400 টাকার পাওনা অনাদেয় হওয়ায় তাকে অবলোপন করতে হবে।

চ) পুঁজি-হ্রাসের অবশিষ্ট জের পেটেন্টের মূল্যকে হ্রাস করার জন্য ব্যবহৃত হবে।

ছ) ব্যাঙ্কের জমাতিরিক্ত জের পরিশোধ করার জন্য এবং অতিরিক্ত কার্যকরী মূলধন (Working Capital) সরবরাহের উদ্দেশ্যে নগদ অর্থের সংস্থান করার জন্য স্পর্শনীয় সম্পত্তি বন্ধক দিয়ে বার্ষিক 6% সুদে 1,80,000 টাকার বন্ধকী ঋণ গ্রহণ করা হবে।

উপরিউক্ত পরিকল্পনা কার্যকরী করে জাবেদা দাখিলাগুলি লিখুন এবং এর উপর ভিত্তি করে কোম্পানীর একটি সংশোধিত উদ্বর্তপত্র প্রস্তুত করুন।

## জে লিঃ-এর বইতে জাবেদা

| তারিখ | বিবরণ | এল.এফ. (L.F.) | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| 2001 মার্চ | Equity Share Capital A/c ....Dr. (ইকুইটি শেয়ার মূলধন হিসাব) | | 1,50,000 | |
| | Preference Share Capital A/c .... Dr. (প্রেফারেন্স শেয়ার মূলধন হিসাব) | | 50,000 | |
| | To Capital Reduction A/c (মূলধন হ্রাস হিসাব) | | | 2,00,000 |
| | [ কোর্টের নির্দেশ এবং বিশেষ প্রস্তাব বলে ইকুইটি শেয়ার 5 টাকা এবং প্রেফারেন্স শেয়ার 25 টাকা দ্বারা হ্রাস করা হয়েছে। ] | | | |
| ” | Capital Reduction A/c ...... Dr. (মূলধন হ্রাস হিসাব) | | 2,00,000 | |
| | To Profit & Loss A/c (লাভ ও ক্ষতি হিসাব) | | | 1,00,000 |
| | To Goodwill A/c (সুনাম হিসাব) | | | 28,000 |
| | To Land & Building A/c (জমি ও দালান হিসাব) | | | 27,000 |
| | To Plant & Machinery A/c (যন্ত্রপাতি ও কলকব্জা হিসাব) | | | 32,000 |
| | To Debtors A/c (দেনাদারগণ হিসাব) | | | 2,400 |

| তারিখ | বিবরণ | এল.এফ. (L.F.) | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| | To Patents A/c (পেটেন্ট হিসাব) | | | 10,600 |
| | [মূলধন হ্রাসের অর্থ দ্বারা বিভিন্ন সম্পত্তি, লোকসান এবং অন্যান্য সম্পত্তি অবলোপন করা হয়েছে, অবশিষ্ট অর্থ দিয়ে পেটেন্ট অবলোপন করা হয়েছে।] | | | |
| ,, | Bank A/c ....... Dr. (ব্যাঙ্ক হিসাব) | | 1,80,000 | |
| | To 6% Mortgage Loan A/c (6% বন্ধকী ঋণ হিসাব) | | | 1,80,000 |
| | [ ব্যাঙ্কে জমাতিরিক্ত জের পরিশোধের এবং অতিরিক্ত কার্যকরী মূলধন সরবরাহের জন্য 6% বন্ধকী ঋণ গ্রহণ করা হয়েছে।] | | | |
| ,, | Bank Overdraft A/c (ব্যাঙ্ক ওভারড্রাফ্ট হিসাব) | | 1,00,000 | |
| ,, | To Bank A/c (ব্যাঙ্ক হিসাব) | | | 1,00,000 |
| | [ ব্যাঙ্কে জমাতিরিক্ত অর্থ পরিশোধ করা হয়েছে।] | | | |

**31 শে মার্চ, 2001 তারিখে জে লিঃ এর**
**উদ্বর্তপত্র (হ্রাসপ্রাপ্ত)**

| দায়সমূহ | টাকা | টাকা | সম্পত্তিসমূহ | টাকা | টাকা |
|---|---|---|---|---|---|
| **শেয়ার মূলধন ঃ** | | | **পেটেন্ট ঃ** | 12,000 | |
| (বিলি এবং প্রাপ্ত) | | | বাদ ঃ হ্রাস | 10,600 | 1,400 |
| 30,000 ইকুইটি শেয়ার | | | জমি ও দালান ঃ | 1,80,000 | |
| প্রতিটি 5 টাকা পূর্ণমূল্যে | | 1,50,000 | বাদ ঃ হ্রাস | 27,000 | 1,53,000 |
| 2000 প্রেফারেন্স শেয়ার প্রতিটি 75 টাকা | | | যন্ত্রপাতি ও কলকব্জা ঃ | 1,60,000 | |
| পূর্ণমূল্যে | | 1,50,000 | বাদ ঃ হ্রাস | 32,000 | 1,28,000 |
| পাওনাদার | | 40,000 | মজুত ঃ | | 60,000 |
| | | | দেনাদারগণ | 1,00,000 | |
| 6% বন্ধকী ঋণ | | 1,80,000 | বাদ ঃ অনাদেয় | 2,400 | 97,600 |
| | | | নগদ ঃ | | 80,000 |
| | | 5,20,000 | | | 5,20,000 |

উদাহরণ — 5 **31 শে মার্চ, 2001 তারিখে এ লিঃ-এর উদ্বর্তপত্রটি নিম্নরূপ**

| দায়সমূহ | টাকা | টাকা | সম্পত্তিসমূহ | টাকা | টাকা |
|---|---|---|---|---|---|
| অনুমোদিত শেয়ার | | | সুনাম | | 10,000 |
| মূলধন ঃ | | | জমি ও দালান | | 20,500 |
| 20,000 ইকুইটি শেয়ার | | | যন্ত্রপাতি ও কলকব্জা | | 50,850 |
| প্রতিটি 10 টাকা মূল্যের | | 2,00,000 | প্রাথমিক খরচ | | 1,500 |
| বিলিকৃত এবং প্রাপ্ত | | | মজুত | | 10,275 |
| মূলধন ঃ | | | দেনাদারগণ | | 15,000 |
| 12,000 ইকুইটি শেয়ার | | | নগদ | | 1,500 |
| প্রতিটি 10 টাকা মূল্যের | 1,20,000 | | লাভ ও ক্ষতি | | 20,800 |
| বাদ : তলব বাবদ বকেয়া | 9,000 | | | | |
| (প্রতি শেয়ারে 3 টাকা) | | 1,11,000 | | | |
| পাওনাদারগণ | | 15,425 | | | |
| করের ভবিষ্যৎ ব্যবস্থা | | 4,000 | | | |
| | | 1,30,425 | | | 1,30,425 |

পরিচালকমণ্ডলী যন্ত্রপাতি ও কলকব্জা মূল্যায়ন করে দেখেছেন যে তার মূল্যায়ন 10,000 টাকা অধিক করা আছে। এই সম্পত্তির প্রকৃত মূল্যে মূল্য হ্রাস করার প্রস্তাবনা নেওয়া হয়েছিল এবং লাভ ও ক্ষতির ঘাটতি মেটাবার এবং সুনাম ও প্রাথমিক খরচ অবলোপন করার প্রস্তাবও নেওয়া হয়েছিল নিম্নলিখিত কার্যবিধি গ্রহণ করে —

(ক) তলব বাবদ বকেয়া শেয়ারগুলি বাজেয়াপ্তকরণ করা হবে।

(খ) পূর্ণ আদায়ীকৃত শেয়ার-মূলধন প্রতিটি মূল্য 3 টাকা হ্রাস করা হবে।

(গ) বাজেয়াপ্ত শেয়ার প্রতিটি 5 টাকায় পুনর্বিলি করা হবে।

(ঘ) প্রয়োজনে কর সঞ্চিতির অর্থ ব্যবহার করা যাবে।

যে সব শেয়ারের তলবী অর্থ বকেয়া ছিল, সেগুলি বাজেয়াপ্ত করা হল এবং প্রতি শেয়ার 5 টাকায় পুনর্বিলি করা হল।

প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখান এবং কোম্পানীর নতুন উদ্বর্তপত্র তৈরি করুন।

**সমাধান ঃ**

**এ লিঃ-এর বইতে জাবেদা দাখিলা**

| তারিখ | বিবরণ | এল.এফ (L.F) | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| 2001 মার্চ, 31 | Equity Share Capital A/c ....Dr. (ইকুইটি শেয়ার মূলধন হিসাব) | | 30,000 | |
| | To Calls-in Arrears A/c (বকেয়া তলব হিসাব) | | | 9,000 |

| তারিখ | বিবরণ | এল.এফ (L.F) | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| | To Forfeited Shares A/c<br>(শেয়ার বাজেয়াপ্ত হিসাব)<br>[ বোর্ডের প্রস্তাব অনুযায়ী যে শেয়ারের ওপর 3 টাকা হারে পাওয়া যায়নি সেগুলি বাজেয়াপ্ত করা হল। ] | | | 21,000 |
| ,, | Bank A/c ......... Dr.<br>(ব্যাঙ্ক হিসাব) | | 15,000 | |
| | Forfeited Shares A/c ..... Dr.<br>(বাজেয়াপ্ত শেয়ার হিসাব) | | 15,000 | |
| | To Equity Share Capital A/c<br>( শেয়ার মূলধন হিসাব)<br>[ বোর্ডের প্রস্তাব অনুযায়ী বাজেয়াপ্ত শেয়ারগুলি প্রতিটি 5 টাকা মূল্যে পুনরায় বিলি করা হল এবং ঘাটতি অর্থ শেয়ার বাজেয়াপ্ত হিসাব থেকে ধার্য করা হল। ] | | | 30,000 |
| ,, | Forfeited Shares A/c ..... Dr.<br>(শেয়ার বাজেয়াপ্ত হিসাব) | | 6,000 | |
| | To Capital Reserve A/c<br>(মূলধন রিজার্ভ হিসাব)<br>[পুনরায় শেয়ার বিলি করার পর শেয়ার বাজেয়াপ্ত হিসাবের লাভ মূলধন রিজার্ভ হিসাবে স্থানান্তরিত করা হল। ] | | | 6,000 |
| ,, | Equity Share Capital A/c .... Dr.<br>(ইকুইটি শেয়ার মূলধন হিসাব) | | 36,000 | |
| | To Capital Reduction A/c<br>(মূলধন হ্রাস হিসাব)<br>[ কোর্টের আদেশ এবং বিশেষ প্রস্তাব বলে প্রতিটি ইকুইটি শেয়ারের ক্ষেত্রে 3 টাকা হ্রাস করা হল। ] | | | 36,000 |
| ,, | Capital Reduction A/c ..... Dr.<br>(মূলধন হ্রাস হিসাব) | | 36,000 | |
| | Capital Reserve A/c ...... Dr.<br>(মূলধন রিজার্ভ হিসাব) | | 6,000 | |

| তারিখ | বিবরণ | এল.এফ (L.F) | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| | Provision for Tax A/c .... Dr.<br>(করের ভবিষ্যৎ ব্যবস্থা হিসাব) | | 300 | |
| | To Plant & Machinery A/c<br>(যন্ত্রপাতি ও কলকব্জা হিসাব) | | | 10,000 |
| | To Profit & Loss A/c<br>(লাভ ও ক্ষতি হিসাব) | | | 20,800 |
| | To Goodwill A/c (সুনাম হিসাব) | | | 10,000 |
| | To Preliminary Expenses A/c<br>(প্রাথমিক খরচ হিসাব) | | | 1,500 |
| | [ মূলধন হ্রাস হিসাব, মূলধন রিজার্ভ এবং করের ভবিষ্যৎ ব্যবস্থা হিসাব থেকে প্রাপ্ত অর্থ থেকে বিভিন্ন সম্পত্তি এবং ক্ষতির হিসাব অবলোপন করা হল। ] | | | |

**31 শে মার্চ, 2001 তারিখে এ লিঃ এর**
**উদ্বর্তপত্র**

| দায়সমূহ | টাকা | টাকা | সম্পত্তিসমূহ | টাকা | টাকা |
|---|---|---|---|---|---|
| শেয়ার মূলধন ঃ | | | জমি ও দালান | | 20,500 |
| অনুমোদিত মূলধন ঃ | | | যন্ত্রপাতি ও কলকব্জা | 50,850 | |
| 20,000 শেয়ার প্রতি | | | বাদ ; হ্রাস | 10,000 | 40,850 |
| 10 টাকা মূল্যের কিন্তু 7 টাকা মূল্যে হ্রাসপ্রাপ্ত | | 1,40,000 | মজুত | | 10,275 |
| বিলিকৃত এবং প্রাপ্ত : | | | দেনাদারগণ : | | 15,000 |
| 12,000 শেয়ার প্রতিটি 7 টাকা মূল্যে হ্রাসপ্রাপ্ত | | 84,000 | নগদ এবং ব্যাঙ্ক : | | |
| পাওনাদার | | 15,425 | (15,000 টাকা + 1,500 টাকা) | | 16,500 |
| কর-ব্যবস্থা | 4,000 | | | | |
| বাদ : হ্রাস | 300 | 3,700 | | | |
| | | 1,03,125 | | | 1,03,125 |

## ১১৪.৬ সারাংশ

বিভিন্ন রকম পুনর্গঠনের মধ্যে মূলধন হ্রাসকে আভ্যন্তরীণ পুনর্গঠন হিসাবে গণ্য করা হয়। আভ্যন্তরীণ পুনর্গঠনের ফলে পুঁজির কাঠামোর পরিবর্তন বা পুঁজি-হ্রাস ঘটতে পারে। পুঁজির পরিবর্তন আবার বিভিন্ন রকমের হতে পারে। শেয়ারের দ্বারা সীমাবদ্ধ কোম্পানীর ক্ষেত্রে অবশ্যই কোম্পানী আইনের 100–105 ধারা অনুসারে শেয়ার পুঁজি-হ্রাস করতে হবে। শেয়ার পুঁজিহ্রাসের বিষয়টি অবশ্যই আদালতের অনুমোদন সাপেক্ষ, আদালত শেয়ার পুঁজি হ্রাসের অনুমোদন দেবার সময় পাওনাদারদের বিষয়গুলি অবশ্যই বিচার-বিশ্লেষণ করে দেখেন।

## ১১৪.৭ অনুশীলনী

1. **সংক্ষেপে 50 থেকে 200 শব্দের মধ্যে উত্তর দিন ঃ**
   (i) শেয়ার পুঁজি-হ্রাস বলতে আপনি কি বোঝেন?
   (ii) কোন শেয়ার পুঁজি-হ্রাস কার্যকরী করবার পূর্বে কি কি শর্ত পূরণ অত্যাবশ্যক ?
   (iii) শেয়ার পুঁজি-হ্রাস সম্পর্কে কোম্পানী আইনের বিধানগুলি বর্ণনা করুন।
   (iv) লিমিটেড কোম্পানীর ক্ষতির অংশ এবং অবাস্তব সম্পত্তি অবলোপনের জন্য আভ্যন্তরীণ পুনর্গঠন পরিকল্পনা রূপায়ণে সাধারণত কি নীতি অবলম্বন করা হয়?
   (v) পুনর্গঠন শব্দটি বলতে কি বোঝেন?

2. **শূন্যস্থান পূরণ করুন ঃ**
   (i) মূলধন হ্রাস একপ্রকার আভ্যন্তরীণ _______।
   (ii) মূলধন হ্রাসের ক্ষেত্রে আদালতের অনুমোদন _______।
   (iii) পুঁজি-হ্রাসের জন্য একটি _______ প্রস্তাব গ্রহণ করতে হয়।
   (iv) পুঁজি-হ্রাস কোম্পানী আইনের _______ ধারায় লিখিত আছে।
   (v) আভ্যন্তরীণ পুনর্গঠনের ক্ষেত্রে কোম্পানীর স্বত্বাগত কোন _______ হয় না।

3. **31 শে মার্চ, 2001 তারিখে বি লিঃ উদ্বর্তপত্রটি নিম্নরূপ ঃ**

| দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| অনুমোদিত মূলধন ঃ | | সুনাম | 70,000 |
| 6,000 শেয়ার প্রতিটি | 6,00,000 | জমি ও দালান | 80,000 |
| 100 টাকা মূল্যে | | যন্ত্রপাতি ও কলকব্জা | 1,50,000 |
| বিলিকৃত এবং প্রাপ্ত মূলধন ঃ | | মজুত | 50,000 |
| 2000 শেয়ার প্রতিটি 100 টাকা পূর্ণমূল্যে | 2,00,000 | দেনাদারগণ | 40,000 |
| | | নগদ | 5,500 |
| 200 6% ডিবেঞ্চার প্রতিটি 1,000 টাকা পূর্ণমূল্যে | 2,00,000 | প্রাথমিক খরচ | 4,500 |
| | | লাভ ও ক্ষতি | 1,00,000 |

| দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| পাওনাদারগণ | 50,000 | | |
| প্রদেয় বিল | 5,000 | | |
| ব্যাঙ্ক জমাতিরিক্ত | 45,000 | | |
| | 5,00,000 | | 5,00,000 |

পুনর্গঠনের জন্য নিম্নলিখিত পরিকল্পনাটি অনুমোদিত এবং কার্যকরী হয় ঃ

(ক) অনুমোদিত অথবা বিলিকৃত ও প্রাপ্ত মূলধনের সংখ্যা অপরিবর্তিত রেখে লিখিত মূল্য এবং আদায়ীকৃত মূল্য শেয়ার প্রতি 50 টাকায় হ্রাস করতে হবে।

(খ) বর্তমান ডিবেঞ্চারগুলির প্রতিটিতে 1,000 টাকা মূল্যের 100টি পূর্ণ আদায়ীকৃত 7% ডিবেঞ্চারে পরিবর্তিত করতে হবে।

(গ) সম্পত্তিগুলিকে নিম্নরূপে পুনর্মূল্যায়ন করা হবে ঃ জমি ও দালান 72,000 টাকা ; যন্ত্রপাতি ও কলকব্জা 1,40,000 টাকা; মজুত 45,000 টাকা। দেনাদারগণের ওপর অনাদেয় বাকির সঞ্চিতি বাবদ 2,000 টাকা।

(ঘ) সুনাম, প্রাথমিক খরচ এবং লাভ ও ক্ষতির ডেবিট জের অবলোপ করতে হবে।

উপরিউক্ত পুনর্গঠন কার্যকরী করে কোম্পানীর বইতে জাবেদার দাখিলা এবং উদ্বর্তপত্র দেখান।

**উত্তর ঃ** মোট মূলধন হ্রাস → 2,00,000 টাকা ;

মোট উদ্বর্তপত্র → 3,00,000 টকা

ব্যবসায়ে ক্রমাগত ক্ষতির জন্য এ লিঃ তার মূলধন প্রতিটি 5 টাকা মূল্যের 50,000 টি পূর্ণ আদায়ীকৃত শেয়ারে হ্রাস এবং তার শেয়ার প্রিমিয়াম হিসাবকে অবলোপন করবে বলে সিদ্ধান্ত নিল। পরিকল্পনা কার্যকরী করার আগে কোম্পানীর উদ্বর্তপত্রটি নিম্নরূপ ছিল ঃ

| দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন ঃ | | সুনাম | 1,00,000 |
| 50,000 পূর্ণমূল্যের | | জমি ও দালান | 1,62,000 |
| শেয়ার প্রতিটি 10 টাকা মূল্যে | 5,00,000 | যন্ত্রপাতি ও কলকব্জা | 2,07,000 |
| শেয়ার প্রিমিয়াম | 50,000 | মজুত | 92,000 |
| পাওনাদারগণ | 62,000 | দেনাদারগণ | 74,000 |
| ব্যাঙ্ক জমাতিরিক্ত | 73,000 | লাভ ও ক্ষতি | 50,000 |
| | 6,85,000 | | 6,85,000 |

**এই পরিকল্পনা কার্যকরী করে প্রাপ্ত অর্থ ঃ**

ক) সুনামের হিসাব অবলোপনের জন্য ;

খ) লাভ ও ক্ষতি অবলোপনের জন্য ;

গ) নিম্নলিখিত অঙ্কগুলির দ্বারা সম্পত্তির মূল্য হ্রাস করার জন্য :

| | |
|---|---|
| জমি ও দালান | 42,000 টাকা |
| যন্ত্রপাতি ও কলকব্জা | 67,000 টাকা |
| মজুত | 33,600 টাকা |

ঘ) বইতে উল্লিখিত দেনাদারগণের মূল্যের 10% অনাদেয় বাকির সঞ্চিতি সৃষ্টির জন্য ব্যবহৃত হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল।

জাবেদা দাখিলা দেখান এবং পরিকল্পনা কার্যকরী হবার পর সংশোধিত উদ্বর্তপত্রটি দেখান।

উত্তর — মোট সংশোধিত উদ্বর্তপত্র 3,85,000 টাকা

5. **এ লিঃ এর 31 শে ডিসেম্বর 2000 তারিখের উদ্বর্তপত্রটি নিম্নরূপ :**

| দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| মূলধন ঃ | | জমি ও দালান | 90,000 |
| 15,000 ইকুইটি শেয়ার প্রতিটি | | যন্ত্রপাতি ও কলকব্জা | 40,000 |
| 10 টাকা মূল্যের | 1,50,000 | মজুত | 20,000 |
| 1,500 8% প্রেফারেন্স | | দেনাদারগণ | 42,000 |
| শেয়ার প্রতিটি 100 টাকা | 1,50,000 | আসবাবপত্র | 4,000 |
| পাওনাদারগণ | 25,000 | নগদ | 4,000 |
| প্রদেয় বিল | 25,000 | লাভ ও ক্ষতি | 1,50,000 |
| | 3,50,000 | | 3,50,000 |

সিদ্ধান্ত গৃহীত হল যে, ইকুইটি ও প্রেফারেন্স শেয়ারগুলিকে যথাক্রমে 4 টাকা ও 40 টাকা মূল্যের সমসংখ্যক শেয়ারে হ্রাস করা হবে। এইভাবে প্রাপ্ত অর্থ ঃ (ক) মজুত মূল্য 10,000 টাকা হ্রাস করে, (খ) লাভ ও ক্ষতির ডেবিট জের অবলোপন এবং যন্ত্রপাতি ও কলকব্জার মূল্য 10,000 টাকা হ্রাস করতে ব্যবহৃত হবে ; (গ) অবশিষ্ট জের দেনাদারগণের ওপর একটি সঞ্চিতি সৃষ্টির জন্য ব্যবহৃত হবে।

**কোম্পানীর বইতে উপরিউক্ত লেনদেনগুলি লিপিবদ্ধ করে জাবেদা দাখিলা দেখান এবং পুঁজি-হ্রাসের পর কোম্পানীর সংশোধিত উদ্বর্তপত্রটি প্রস্তুত করুন। উত্তর — মোট উদ্বর্তপত্র 1,70,000 টাকা।**

## ১১৪.৮ গ্রন্থপঞ্জী


১) N. C. Sukhla & T.S. Grewal : Advance Accounts, (S. Chand & Co.)

২) S. P. Jain & K. L. Narayan : Advance Accountancy, (Kalyani Publishers)

৩) Hrishikes Chakraborty : Advance Accountancy, (Naba Bharat Publishers)

৪) সুধাংশু শেখর ভট্টাচার্য : হিসাবশাস্ত্র, (ইন্ডিয়ান প্রোগ্রেসিভ পাবলিশিং কোং. প্রাইভেট লিমিটেড)

# ই. সি. ও. - ৪

# বাণিজ্য বিষয়ের

# ঐচ্ছিক পাঠ্যক্রম

## পর্যায়

## ২৬

# একক ১১৫ ☐ হোল্ডিং কোম্পানী

গঠন

১১৫.০ উদ্দেশ্য

১১৫.১ প্রস্তাবনা

১১৫.২ হোল্ডিং কোম্পানীর সুবিধা এবং অসুবিধা

১১৫.৩ আইনের সংশ্লিষ্ট বিধানসমূহ

১১৫.৪ অনুশীলনী

১১৫.৫ গ্রন্থপঞ্জী

## ১১৫.০ উদ্দেশ্য

এই একক পঠন-পাঠনের মাধ্যমে নিম্নলিখিত বিষয়গুলি সম্বন্ধে সম্যক্ জ্ঞান লাভ করা যাবে।

(ক) হোল্ডিং কোম্পানী কাকে বলে?

(খ) সহায়ক বা অধীনস্থ কোম্পানী কাকে বলে?

## ১১৫.১ প্রস্তাবনা

কারবারী জোটের বিবিধরূপের ক্রমবিকাশের বিশেষ স্তরে এই হোল্ডিং কোম্পানীর আবির্ভাব। হোল্ডিং কোম্পানী হল এমন এক ধরনের কারবারী সংগঠন যা অধীনস্থ কোম্পানী সমূহের নিয়ন্ত্রণকারী শেয়ার ক্রয় করে ঐ কোম্পানী সমূহকে একই পরিচালনার অঙ্গীভূত করে। ভারতীয় কোম্পানী আইনে হোল্ডিং কোম্পানীর কোনও সংজ্ঞা দেওয়া নেই, তবে সহায়ক কোম্পানীর (Subsidiary Company) সংজ্ঞার মাধ্যমে হোল্ডিং কোম্পানীর সংজ্ঞা দেওয়া হয়েছে। কোম্পানী আইনের 4(1) ধারায় বলা হয়েছে যে, একটি কোম্পানীকে অপর একটি কোম্পানীর সহায়ক কোম্পানী বলে তখনই গণ্যকরা হবে, যখন শেষোক্ত কোম্পানীটি ঃ

(ক) প্রথমোক্ত কোম্পানীর পরিচালক সংসদ সংগঠনের ব্যাপার নিয়ন্ত্রণ করে; অথবা

(খ) প্রথমোক্ত কোম্পানীর মোট ভোটের অর্ধেকের বেশি সংখ্যক ভোট নিয়ন্ত্রণ করে; অথবা

(গ) যে ক্ষেত্রে অগ্রাধিকারযুক্ত শেয়ারের ভোটদানের অধিকার নেই, সেক্ষেত্রে প্রথমোক্ত কোম্পানীর মোট শাশ্বত শেয়ারের অর্ধেকের বেশি সংখ্যক শেয়ারের স্বত্বাধিকারী হয়; অথবা

(ঘ) প্রথমোক্ত কোম্পানী যদি শেষোক্ত কোম্পানীর কোনও সহায়ক কোম্পানীর সহায়ক কোম্পানী হয়। উদাহরণস্বরূপ বলা যায় যে, ধরা যাক A কোম্পানী একটি হোল্ডিং কোম্পানী। তার সহায়ক কোম্পানীটি হল B। B কোম্পানীটি আবার C কোম্পানীর হোল্ডিং কোম্পানী, এক্ষেত্রে C কোম্পানীটি B কোম্পানীর মাধ্যমে A কোম্পানীর সহায়ক কোম্পানী হিসাবে গণ্য হবে।

কোম্পানী আইনের 4(4) ধারায় বলা হয়েছে যে, কোনও একটি কোম্পানীকে অপর একটি কোম্পানীর হোল্ডিং কোম্পানী বলে তখনই গণ্য করা হবে, যখন শেষোক্ত কোম্পানীটি প্রথমোক্ত কোম্পানীটির সহায়ক কোম্পানী বলে বিবেচিত হবে। অতএব, সহজ কথা বলা যায় যে, যখন একটি কোম্পানী অপর একটি কোম্পানীর পরিচালক সংসদ সংগঠনের ব্যাপার নিয়ন্ত্রণ করে, অথবা সেই কোম্পানীর ভোটদানে অধিকার আছে, এমন বিভিন্ন শ্রেণীর মোট শেয়ারের 50%-এর বেশি শেয়ারের অধিকারী হয়, তখন প্রথমোক্ত কোম্পানীকে হোল্ডিং কোম্পানী এবং শেষোক্ত কোম্পানীটিকে সহায়ক কোম্পানী বলে' এই প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে যে, কোনও হোল্ডিং কোম্পানী কখনও তার সহায়ক কোম্পানীর সমস্ত শেয়ারের অধিকারীও হতে পারে।

## ১১৫.২ হোল্ডিং কোম্পানীর সুবিধা এবং অসুবিধা

**সুবিধা**

১. এই জাতীয় জোটের ফলে সহায়ক কোম্পানী সমূহের পৃথক অস্তিত্ব অবলুপ্ত হয় না। ফলে তারা তাদের নিজস্ব মুনাফা অক্ষুণ্ণ রাখতে পারে।

২. হোল্ডিং কোম্পানী ও উহার সহায়ক কোম্পানী বা কোম্পানীগুলির মধ্যে জোটের অস্তিত্ব জনসাধারণের নিকট প্রকাশিত হয় না বলে সংশ্লিষ্ট কোম্পানীগুলি জনসাধারণের ক্ষোভের কারণ বা বিরাগভাজন না হয়ে একচেটিয়া কারবারের সমস্ত সুবিধাগুলি সম্পূর্ণভাবে ভোগ করার সুযোগ পায়।

৩. অপেক্ষাকৃত স্বল্প অর্থ বিনিয়োগ করে সহায়ক কোম্পানী সমূহকে নিয়ন্ত্রণাধীনে আনা যেতে পারে।

৪. সহায়ক কোম্পানীর শেয়ার হোল্ডারদের অনুমতি ছাড়াই শেয়ার বাজার থেকে সরাসরি সংখ্যাগরিষ্ঠ শেয়ার ক্রয় করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে নিয়ন্ত্রণাধীনে আনা যায়।

৫. সহায়ক কোম্পানীগুলির প্রত্যেককে নিজ নিজ হিসাব প্রস্তুত করিতে হয়। ফলে উহাদের প্রত্যেকের আর্থিক অবস্থা ও মুনাফা অর্জনের ক্ষমতা সম্বন্ধে অবগত হওয়া যায়।

৬. সংশ্লিষ্ট কোম্পানী সমূহ বৃহদায়তন উৎপাদনের সকল সুবিধাই পরিপূর্ণভাবে ভোগ করতে পারে।

৭. সহায়ক কোম্পানী সমূহ হোল্ডিং কোম্পানী মারফত অধিক পুঁজির সুবিধা ভোগ করতে পারে।

৮. পরিচালনার কেন্দ্রীকরণের দ্বারা পরিচালন ব্যয় সংকোচ করে উৎপাদিত পণ্য সমূহের উৎপাদন ব্যয় তথা বাজার মূল্য হ্রাস করা যায়।

৯. বিভিন্ন অঞ্চলে প্রতিষ্ঠিত কোম্পানী সমূহকে হোল্ডিং কোম্পানীর অধীনে এনে সহজেই তাদের মধ্যে বাজার বণ্টন করা ও প্রতিযোগিতা দূর করা যায়।

**অসুবিধা ঃ**

১. হোল্ডিং কোম্পানীও উহার অধীনস্থ কোম্পানী-গোষ্ঠীর হিসাবপত্রের কারচুপি হওয়ার সম্ভাবনা থাকে। বিশেষতঃ যে ক্ষেত্রে হোল্ডিং কোম্পানী ও উহার অধিকারস্থ কোম্পানী বা কোম্পানীগুলির কালান্তিক হিসাবপত্রগুলি একই সময়কালের জন্য প্রস্তুত করা না হইলে এরূপ কারচুপির ঘটনার সংখ্যা অধিক হয়।

২. হোল্ডিং কোম্পানীর পরিচালন পর্ষদের স্বার্থ সংশ্লিষ্ট আন্তঃকোম্পানী লেনদেনগুলি প্রায়ই ন্যায্যমূল্যে সম্পাদিত হয় না।

৩. সংখ্যাগুরু শেয়ার হোল্ডারগণের দ্বারা সংখ্যালঘু শেয়ার হোল্ডারগণের নিপীড়নের সম্ভাবনা থাকে।

৪. হোল্ডিং কোম্পানীর হাতে অনেক সময় প্রয়োজনের অতিরিক্ত পুঁজি জমে গিয়ে বিনিয়োগের সমস্যার সৃষ্টি করে।

৫. যদি অতি উচ্চ বা নিম্নদরে আন্তঃকোম্পানী লেনদেন সম্পাদিত হয়, তবে সেক্ষেত্রে হোল্ডিং কোম্পানীর শেয়ার হোল্ডারগণ তাদের কোম্পানীর যথাযথ আর্থিক অবস্থা জানতে পারে না।

৬. হোল্ডিং কোম্পানীর নির্দেশে সহায়ক কোম্পানীর পরিচালক, কর্মচারীরা অন্যায্যভাবে উচ্চ বেতনে নিযুক্ত হতে পারে; ফলে সহায়ক কোম্পানী আর্থিক ক্ষতির সম্মুখীন হতে পারে।

## ১১৫. ৩ আইনের সংশ্লিষ্ট বিধানসমূহ

কোম্পানী আইনের 212 থেকে 214 ধারাসমূহ হোল্ডিং কোম্পানী ও সহায়ক কোম্পানী সমূহের চূড়ান্ত হিসাবমালা উপস্থাপনা নিয়ন্ত্রণ করে। 212 ধারা অনুযায়ী হোল্ডিং কোম্পানীর উদ্বর্তপত্রের (Balance Sheet) সহিত নিম্নলিখিত বিষয়সমূহ সন্নিবেশিত করতে হবে ঃ—

ক. সহায়ক কোম্পানী বা কোম্পানীসমূহের সর্বশেষ উদ্বর্তপত্রের একটি প্রতিলিপি;

খ. সহায়ক কোম্পানী বা কোম্পানীসমূহের সর্বশেষ লাভ-ক্ষতির হিসাবের একটি প্রতিলিপি

গ. সহায়ক কোম্পানী বা কোম্পানীসমূহের পরিচালক পর্ষদের সর্বশেষ বিবরণীর একটি প্রতিলিপি;

ঘ. সহায়ক কোম্পানী বা কোম্পানীসমূহের নিরীক্ষকের (Auditor) সর্বশেষ বিবরণের একটি প্রতিলিপি ;

ঙ. সহায়ক কোম্পানী বা কোম্পানীসমূহের হিসাব কালান্তে উক্ত কোম্পানীসমূহে হোল্ডিং কোম্পানীর স্বার্থের পরিমাণ ;

চ. (১) যে ক্ষেত্রে হোল্ডিং কোম্পানী ও সহায়ক কোম্পানী বা কোম্পানীসমূহ একই হিসাবকালের ভিত্তিতে হিসাবরক্ষা করে না, সেক্ষেত্রে সহায়ক কোম্পানীর বিগত হিসাবকালের পরে উক্ত কোম্পানীতে হোল্ডিং কোম্পানীর স্বার্থের পরিবর্তন ঘটলে তার বিবরণী ;

(২) সহায়ক কোম্পানীর হিসাব কালান্তিক তারিখ থেকে হোল্ডিং কোম্পানীর হিসাব কালান্তিক তারিখ পর্যন্ত সময়ের মধ্যে সহায়ক কোম্পানীর স্থায়ী সম্পত্তির বিনিয়োগ, প্রদত্ত ঋণ এবং চলতি দায় পরিশোধ ছাড়া অন্য উদ্দেশ্যে গৃহীত ঋণ ইত্যাদির উল্লেখযোগ্য পরিবর্তন হয়ে থাকলে, সেই পরিবর্তনের বিবরণী।

উক্ত ধারা অনুযায়ী হোল্ডিং ও সহায়ক কোম্পানীর হিসাব কালান্তিক তারিখের মধ্যে পার্থক্য ছয় মাসের অধিক হওয়া নিষিদ্ধ। 213 ধারা অনুযায়ী, কেন্দ্রীয় সরকার কোনও সহায়ক কোম্পানীকে তার হিসাবকাল হোল্ডিং কোম্পানী হিসাব কালান্তিক তারিখে সমাপ্ত করার নির্দেশ দিতে পারে।

উপরোক্ত বিধানসমূহ থেকে স্পষ্টতই প্রতীয়মান হয় যে কোনও হোল্ডিং কোম্পানী ও তার সহায়ক কোম্পানী বা কোম্পানীসমূহের পৃথক পৃথক উদ্বর্তপত্র নিয়ে একটি সংবদ্ধ (Consolidated) উদ্বর্তপত্র প্রস্তুতের বাধ্যবাধকতা নেই। কারণ উপরের বিধানসমূহ অনুযায়ী হোল্ডিং কোম্পানীর নিজস্ব চূড়ান্ত হিসাবমালার সহিত সহায়ক কোম্পানীর সর্বশেষ হিসাবমালা সন্নিবেশিত করলেই চলবে। কিন্তু হোল্ডিং কোম্পানী ও সহায়ক কোম্পানীর সম্পর্ক বিচার-বিশ্লেষণ করলে দেখা যাবে যে, সহায়ক কোম্পানীর

কারবারের ভবিষ্যৎ হোল্ডিং কোম্পানীর সিদ্ধান্তের উপরই নির্ভরশীল। অপরপক্ষে, হোল্ডিং কোম্পানীর কারবারের আর্থিক অবস্থা বলতে কেবলমাত্র তার বিভিন্ন সম্পত্তি ও দায় বোঝায় না, সহায়ক কোম্পানীর সম্পত্তি ও দায়সমূহও তার মধ্যে অন্তর্ভুক্ত। অতএব এই পরস্পর নির্ভরশীল অবস্থার চিত্র পরিষ্কারভাবে প্রকাশ করতে হলে হোল্ডিং কোম্পানী ও সহায়ক কোম্পানীর সংবদ্ধ চূড়ান্ত হিসাবমালা প্রকাশ করা অবশ্যই উচিত।

## ১১৫. 8 অনুশীলনী

সংক্ষেপে উত্তর দিন 50 থেকে 200 শব্দের মধ্যে ঃ—

(ক) হোল্ডিং কোম্পানী কাকে বলে?

(খ) অধীনস্থ কোম্পানী বলতে আপনি কী বোঝেন?

(গ) হোল্ডিং কোম্পানী ও অধিকারস্থ কোম্পানীর মধ্যে কোনও পার্থক্য আছে কী?

(ঘ) হোল্ডিং কোম্পানীর কোনও সুবিধা আছে কী?

(ঙ) হোল্ডিং কোম্পানীর অসুবিধাগুলি কী কী?

শূন্যস্থান পূরণ করুন ঃ—

ক. হোল্ডিং কোম্পানী হল এমন এক ধরনের সংগঠন যা অধীনস্থ কোম্পানী সমূহের ——— শেয়ার ক্রয় করে।

খ. হোল্ডিং কোম্পানী হল এক ধরনের কারবারী ———।

গ. কারবারী জোটের ফলে সহায়ক কোম্পানী সমূহের পৃথক অস্তিত্ব অবলুপ্ত ——।

## ১১৫. ৫ গ্রন্থপঞ্জী

Principles and Applicaitons of Accounting. vol-II
(Fourth Edition) - 2001
By Prof. Amitabha Basu.

Modern Accountancy vol-II
(Second Edition - 2001)
By Mukherjee & Haniff

Practice in Accountancy - vol II
(Tenth Edition)
By Basu & Das

# একক ১১৬ ☐ সংবদ্ধ উদ্বর্তপত্র

গঠন

১১৬.০ উদ্দেশ্য

১১৬.১ সংবদ্ধ উদ্বর্তপত্র

১১৬.২ সংবদ্ধ উদ্বর্তপত্র প্রস্তুতকরণ

১১৬.২.১ বিনিয়োগ হিসাবের বিলোপ

১১৬.২.২ সুনাম বা নিয়ন্ত্রণাধিকার ব্যয়

১১৬.২.৩ সংখ্যালঘু শেয়ার হোল্ডারগণের স্বার্থ

১১৬.২.৪ অধীনস্থ কোম্পানীর লাভ ও সঞ্চিতি

১১৬.২.৫ অধিকারোত্তর লাভ ও সঞ্চিতি

১১৬.২.৬ সুনাম ও মূলধনী সঞ্চিতির মিলকরণ

১১৬.২.৭ বোনাস শেয়ার

১১৬.২.৮ আন্তঃকোম্পানী লেনদেন

১১৬.২.৯ সম্ভাব্য দায়

১১৬.২.১০ লভ্যাংশ প্রাপ্তি

১১৬.২.১১ প্রস্তাবিত লভ্যাংশ

১১৬.৩. পারস্পরিক পণ্য ক্রয়-বিক্রয় সংক্রান্ত সমাপ্তি সম্ভারের উপর অনাদায়ী লাভ

১১৬.৩.১ কোম্পানীর সম্পত্তির পুনর্মূল্যায়ন

১১৬.৪. চলতি হিসাব

১১৬.৪.১ অধিকারস্থ কোম্পানীতে প্রেফারেন্স শেয়ার

১১৬.৫. সারাংশ

১১৬.৬. অনুশীলনী

১১৬.৭. গ্রন্থপঞ্জী

## ১১৬.০ উদ্দেশ্য

এই একক পঠন-পাঠনের মাধ্যমে নিম্নলিখিত বিষয়গুলি সম্বন্ধে সম্যক্ জ্ঞান লাভ করা যাইবে ঃ—

• সংবদ্ধ উদ্ধৃতপত্র কাহাকে বলে? • ইহা তৈরী করিবার নানা গুরুত্বপূর্ণ দিক। এবং • ইহা কিভাবে তৈরী করা হয়?

## ১১৬.১ সংবদ্ধ উদ্বর্তপত্র

হোল্ডিং কোম্পানী ও উহার অধীনস্থ কোম্পানী হিসাবশাস্ত্রের নীতি অনুসারে নিজেদের হিসাবের বই রেখে থাকে এবং 1956 সালের কোম্পানী আইনের বিধান অনুযায়ী উহাদের লাভ-লোকসানের হিসাব ও উদ্বর্তপত্র প্রস্তুত করে থাকে। কিন্তু অনেক ক্ষেত্রে দেখা যায় যে, হোল্ডিং কোম্পানীর ও উহার অধীনস্থ কোম্পানীর কালান্তিক সামগ্রিক আর্থিক অবস্থা প্রকাশ করার উদ্দেশ্যে হোল্ডিং কোম্পানী উহার নিজের উদ্বর্তপত্র ও সংশ্লিষ্ট অধীনস্থ কোম্পানী বা কোম্পানীগুলির উদ্বর্তপত্রে লিপিবদ্ধ বিভিন্ন বিষয়গুলিকে একত্রিত করে একটি অতিরিক্ত উদ্বর্তপত্র প্রস্তুত করে থাকে। হোল্ডিং কোম্পানী কর্তৃক নিজের উদ্বর্তপত্র এবং সংশ্লিষ্ট এক বা একাধিক অধীনস্থ কোম্পানীর উদ্বর্তপত্রের সম্পত্তি ও দায়ের দিকে প্রদর্শিত বিভিন্ন বিষয়গুলিকে একত্র করে যে উদ্বর্তপত্র প্রস্তুত করা হয় তাকে সংবদ্ধ উদ্বর্তপত্র বা Consolidated Balance Sheet বলা হয়। সংবদ্ধ উদ্বর্তপত্রে সংশ্লিষ্ট প্রতিটি কোম্পানীর স্বতন্ত্র সত্তার স্বীকৃতি থাকে না এবং সবকটি কোম্পানীকে সম্মিলিতভাবে একটি কোম্পানী হিসেবে গণ্য করে এই উদ্বর্তপত্র প্রস্তুত করা হয়। কোন ব্যবসায় প্রতিষ্ঠানের শাখা থাকলে উহার হেড অফিস নিজের ও সংশ্লিষ্ট শাখা-অফিসের বিভিন্ন সম্পত্তি ও দায়গুলি একত্রিত করে যে সম্মিলিত উদ্বর্তপত্র প্রস্তুত করে, হোল্ডিং কোম্পানীও সেইভাবে সংবদ্ধ উদ্বর্তপত্র প্রস্তুত করে।

সংবদ্ধ উদ্বর্তপত্র ও সংবদ্ধ লাভ-লোকসানের হিসাবের সুবিধাগুলি নিম্নে উল্লেখ করা হল ঃ

(ক) হোল্ডিং কোম্পানী ও উহার অধীনস্থ কোম্পানী বা কোম্পানীগুলির প্রত্যেকের সত্তা ও অস্তিত্ব পৃথক হলেও প্রকৃতপক্ষে সমষ্টিগতভাবে উহারা সকলেই একই ব্যবসার অন্তর্ভুক্ত। ফলে উহাদের ব্যবসায়-সংক্রান্ত সামগ্রিক ফলাফল ও উহাদের কালান্তিক আর্থিক অবস্থা একসঙ্গে দেখানো যুক্তিযুক্ত ও সঙ্গত। সংবদ্ধ উদ্বর্তপত্র ও সংবদ্ধ লাভ-লোকসানের হিসাব প্রস্তুত করে উক্ত ফলাফল ও আর্থিক অবস্থা একসাথে প্রকাশ করা যায়।

(খ) সংবদ্ধ উদ্বর্তপত্রের পরিবর্তে কেবলমাত্র হোল্ডিং কোম্পানীর নিজের উদ্বর্তপত্র এককভাবে প্রস্তুত করা হলে হোল্ডিং কোম্পানীর আর্থিক অবস্থার প্রকৃত ও ন্যায়সঙ্গত চিত্র আংশিকভাবে প্রকাশিত হয় মাত্র — সম্পূর্ণরূপে নহে।

(গ) সংবদ্ধ উদ্বর্তপত্র ও সংবদ্ধ লাভ-লোকসানের হিসাবের দ্বারা হোল্ডিং কোম্পানী ও তার গোষ্ঠিভুক্ত কোম্পানীগুলির সামগ্রিক আর্থিক অবস্থার চিত্র প্রকাশিত হয়। ফলে শেয়ার-গ্রহীতা ও সাধারণ লোকের নিকট এইরূপ কোম্পানী-গোষ্ঠীর সামগ্রিক আর্থিক অবস্থা সহজেই বোধগম্য হয়।

(ঘ) সংবদ্ধ হিসাবগুলির উপর নির্ভর করে হোল্ডিং কোম্পানীর শেয়ারের যথাযথ মূল্যায়ন করা সম্ভব।

(ঙ) সংবদ্ধ উদ্বর্তপত্র প্রস্তুতের সময় সুনাম অর্থাৎ নিয়ন্ত্রণাধিকার ব্যয় নির্ণয় করতে হয়। ফলে হোল্ডিং কোম্পানীর শেয়ার গ্রহীতাগণ সহজে জানতে পারে যে, অধীনস্থ কোম্পানীর শেয়ার ক্রয়ের জন্য হোল্ডিং কোম্পানী কর্তৃক ন্যায়সঙ্গত মূল্য প্রদান করা হয়েছে কিনা।

(চ) হোল্ডিং কোম্পানী সহ কোম্পানী-গোষ্ঠীর পরিচালনার সফলতা ও সুষ্ঠুতা নির্ণয় ও বিচার করার ক্ষেত্রে সংবদ্ধ হিসাবগুলি প্রস্তুত করা অত্যাবশ্যক।

এই প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে যে ইংল্যান্ড, যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া প্রভৃতি দেশে হোল্ডিং কোম্পানী কর্তৃক সংবদ্ধ লাভ-লোকসানের হিসাব ও সংবদ্ধ উদ্বর্তপত্র প্রস্তুত করা আইনতঃ বাধ্যতামূলক কিন্তু ভারতীয় কোম্পানী আইনে তেমন কোনও নির্দেশ নেই, তথাপি শেয়ার হোল্ডারগণের সুবিধার্থে এদেশেও অনেক হোল্ডিং কোম্পানীকে সংবদ্ধ উদ্বর্তপত্র প্রকাশ করতে দেখা যায়।

## ১১৬.২ সংবদ্ধ উদ্বর্তপত্র প্রস্তুতকরণ

হোল্ডিং কোম্পানী ও তার অধীন কোম্পানী প্রকৃতপক্ষে একই কর্তৃত্বাধীন পৃথক অস্তিত্বসহ দুটি বিভিন্ন কারবার। সুতরাং মালিকানাগতভাবে একই পরিবারের অন্তর্ভুক্ত বিভিন্ন কারবারের আর্থিক অবস্থা অধিকতর স্পষ্টভাবে প্রকাশ করার জন্যই সংবদ্ধ উদ্বর্তপত্রের প্রয়োজন। ইহা কিভাবে প্রস্তুত করা হয় তাহা বিস্তারিতভাবে নিম্নে আলোচনা করা হল ঃ

### ১১৬.২.১ বিনিয়োগ হিসাবের বিলোপন ঃ

হোল্ডিং কোম্পানী উহার অধীনস্থ কোম্পানীর শেয়ার ক্রয় করার উদ্দেশ্যে ব্যয়িত অর্থ হোল্ডিং কোম্পানীর নিজের উদ্বর্তপত্রে 'Investment' এবং সংশ্লিষ্ট অধিকারস্থ কোম্পানীর উদ্বর্তপত্রে 'Share Capital' নামে দেখানো হয়। মনে করিলাম হোল্ডিং কোম্পানী উহার অধীনস্থ কোম্পানীর সব শেয়ারগুলি সমহারে (at par) ক্রয় করেছে। এক্ষেত্রে যদি হোল্ডিং কোম্পানীর উদ্বর্তপত্র হইতে 'Investment' এবং অধীনস্থ কোম্পানীর উদ্বর্তপত্র হইতে 'Share Capital' এই হিসাব দুইটির বিলোপ সাধন করা হয় এবং উভয় কোম্পানীর উদ্বর্তপত্রের অবশিষ্ট বিষয়গুলি Assets ও Liabilities -এর দিকে যথাযথ উপ-বিভাগ অনুসারে যোগ করে একটি সংযুক্ত উদ্বর্তপত্র প্রস্তুত করা হয়, তা হলে নতুন উদ্বর্তপত্রটির উভয় দিকের যোগফলও অবশ্যই সমান হবে। অতএব নতুনভাবে প্রস্তুত এই সংযুক্ত উদ্বর্তপত্রটি সংবদ্ধ উদ্বর্তপত্র হিসেবে পরিগণিত হবে। নিম্নে এই ধরনের একটি সংবদ্ধ উদ্বর্তপত্রের উদাহরণ দেওয়া হইল।

**উদাহরণ ঃ 1 শেয়ার সমহারে ক্রয় ঃ—**

31 শে ডিসেম্বর, 2000 তারিখে একটি হোল্ডিং কোম্পানী ও উহার অধীনস্থ কোম্পানীর উদ্বর্তপত্রগুলি নিম্নে দেওয়া হল।

**A Limited (হোল্ডিং কোম্পানী)**

| **দায়সমূহ (Liabilities)** | **Rs.** | **সম্পত্তিসমূহ (Assets)** | **Rs.** |
|---|---|---|---|
| শেয়ার মূলধন ঃ | | যন্ত্রপাতি ও কলকব্জা ঃ | |
| (Share Capital) | | (Plant & Machinery) | 1,00,000 |
| 10,000 Equity Shares | 1,20,000 | বিনিয়োগ | |
| of Rs. 12 each | | [Investment in B. Limited. | |
| পাওনাদারগণ (Creditors) | 35,000 | 2,000 Shares of Rs. 10 | |
| | | each (at par সমাহারে) | 20,000 |
| | | মজুত (Stock) | 10,000 |
| | | দেনাদারগণ (Debtors) | 15,000 |
| | | নগদ (Cash) | 10,000 |
| | 1,55,000 | | 1,55,000 |

### B Limited (অধীনস্থ কোম্পানী)

| দায়সমূহ (Liabilities) | Rs. | সম্পত্তিসমূহ (Assets) | Rs. |
|---|---|---|---|
| শেয়ার মূলধন (Share Capital) | | যন্ত্রপাতি ও কলকব্জা (Plant & Machinery) | 15,000 |
| 2000 Equity shares of Rs. 10 each | 20,000 | মজুত (stock) | 10,000 |
| পাওনাদারগণ (creditors) | 20,000 | দেনাদারগণ (debtors) | 10,000 |
| | | নগদ (cash) | 5,000 |
| | 40,000 | | 40,000 |

হোল্ডিং কোম্পানী (A Limited) কর্তৃক উহার শেয়ার হোল্ডারগণের নিকট উপস্থাপিত করার উদ্দেশ্যে 31শে ডিসেম্বর, 2000 তারিখে একটি সংবদ্ধ উদ্বর্তপত্র (Consolidated Balance Sheet) প্রস্তুত কর।

**সমাধান :**

Consolidated Balance Sheet of A Limited and its subsidiary B Limited as at 31st December, 2000 (31 শে ডিসেম্বর, 2000 তারিখে A Limited এবং তার অধীনস্থ B Limited এর সংবদ্ধ উদ্বর্তপত্র)

| দায়সমূহ (Liabilities) | | Rs. | সম্পত্তিসমূহ (Assets) | | Rs. |
|---|---|---|---|---|---|
| শেয়ার মূলধন (Share Capital) | | | স্থায়ী সম্পত্তি (Fixed Assets) | | |
| 10,000 Equity shares of Rs. 12 each | | 1,20,000 | যন্ত্রপাতি ও কলকব্জা (Plant & Mechinery) | | |
| | | | A Limited | 1,00,000 | |
| | | | B Limited | 15,000 | 1,15,000 |
| | | | চলতি সম্পত্তি (Current Assets) | | |
| | | | মজুত (Stock) | | |
| চলতি দায় (Current Liabilities) | | | A Limited | 10,000 | |
| A Limited | 35,000 | | B Limited | 10,000 | 20,000 |
| B Limited | 20,000 | 55,000 | দেনাদার (Debtors) | | |
| | | | A Limited | 15,000 | |
| | | | B Limited | 10,000 | 25,000 |
| | | | নগদ (Cash) | | |
| | | | A Limited | 10,000 | |
| | | | B Limited | 5,000 | 15,000 |
| | | 1,75,000 | | | 1,75,000 |

## ১১৬.২.২ সুনাম নিয়ন্ত্রণাধিকার ব্যয় (Goodwill or Cost of Control) :

উপরের উদাহরণে হোল্ডিং কোম্পানী উহার অধীনস্থ কোম্পানীর শেয়ারগুলি সমহারে (at par) ক্রয় করেছিল। কিন্তু যখন হোল্ডিং কোম্পানী উহার অধীনস্থ কোম্পানীর শেয়ারগুলি অধিহারে (at premium) ক্রয় করে তখন সংবদ্ধ উদ্বর্তপত্র প্রস্তুতের সময় হোল্ডিং কোম্পানীর অধীনস্থ শেয়ারগুলির আদায়ীকৃত মূল্য (paid up value) অধীনস্থ কোম্পানীর উদ্বর্তপত্র হইতে এবং উহার সমান পরিমাণ অর্থই হোল্ডিং কোম্পানীর উদ্বর্তপত্রে দেখানো 'Investment' হইতে বিলোপসাধন করিতে হয়। অধিকারের অর্থকে সংবদ্ধ উদ্বর্তপত্রের Assets-এর দিকে Goodwill রূপে দেখাতে হয় এবং উভয় কোম্পানীর অন্যান্য বিষয়গুলিতে যুক্ত করে সংবদ্ধ উদ্বর্তপত্র প্রস্তুত করিতে হয়।

অধিহারে ক্রয়ের মতই হোল্ডিং কোম্পানী উহার অধীনস্থ কোম্পানীর শেয়ারগুলি অবহারে (at a discount) ক্রয় করিতে পারে। অবহারে ক্রয় করলে সংবদ্ধ উদ্বর্তপত্র প্রস্তুত করিবার সময় হোল্ডিং কোম্পানীর অধীনস্থ শেয়ারগুলির আদায়ীকৃত মূল্য অধীনস্থ কোম্পানীর উদ্বর্তপত্র হইতে এবং হোল্ডিং কোম্পানীর উদ্বর্তপত্র হইতে বিলোপসাধন করিতে হয়। অবহারের অর্থকে সংবদ্ধ উদ্বর্তপত্রের দায়ের দিকে 'Reserve and Surplus' শিরোনামায় Capital Reserve নামে দেখাতে হয়। তারপর উভয় কোম্পানীর উদ্বর্তপত্রের অন্যান্য বিষয়গুলিকে যোগ করে সংবদ্ধ উদ্বর্তপত্র প্রস্তুত করা হয়। নিম্নে প্রথমে অধিহারে (at a premium) এবং পরে অবহারে (at a discount) শেয়ার ক্রয়ের ক্ষেত্রে সংবদ্ধ উদ্বর্তপত্র কেমন হবে তার দুটি উদাহরণ দেওয়া হল।

**উদাহরণ ঃ 2 অধিহারে শেয়ার ক্রয় ঃ**

31 শে ডিসেম্বব, 2000 তারিখে হোল্ডিং কোম্পানী (X Limited) এবং অধীনস্থ কোম্পানীর (Y Limited) উর্দ্বতপত্রদ্বয় দেওয়া হল। 31 শে ডিসেম্বর, 2000 তারিখে X Limited এবং উহার অধীনস্থ কোম্পানী Y Limited এর সংবদ্ধ উদ্বর্তপত্র প্রস্তুত কর।

| দায়সমূহ (Liabilities) | X Limited (হোল্ডিং কোম্পানী) | Y Limited (অধীনস্থ কোম্পানী) | সম্পত্তিসমূহ (Assets) | X Limited ( হোল্ডিং কোম্পানী) | Y Limited (অধীনস্থ কোম্পানী) |
|---|---|---|---|---|---|
| | Rs. | Rs. | | Rs. | Rs. |
| **শেয়ার মূলধন** | | | **যন্ত্রপাতি ও কলকব্জা** | | |
| (Share Capital) | | | (Plant & Machinery) | 60,000 | 20,000 |
| 10,000 Equity | | | | | |
| Shares of Rs. 10 each | 1,00,000 | | বিনিয়োগ | | |
| 10,000 Equity Shares | | 20,000 | (Investments) | | |
| of Rs. 2 each. | | 5,000 | 1000 Equity | | |
| পাওনাদার | | | Shares of Y Limited | | |
| (Creditors) | 10,000 | | @ Rs.3 per share | 30,000 | |
| | | | চলতি সম্পত্তি | | |
| | | | (Curent asstes) | 20,000 | 5,000 |
| | 1,10,000 | 25,000 | | 1,10,000 | 25,000 |

সমাধান :

31শে ডিসেম্বর, 2000 তারিখে X.Ltd. এবং তার অধীনস্থ কোম্পানী Y Ltd এর সংবদ্ধ উদ্বর্তপত্র

| দায়সমূহ (Liabilities) | টাকা | টাকা | সম্পত্তিসমূহ (Assets) | টাকা | টাকা |
|---|---|---|---|---|---|
| শেয়ার মূলধন : | | | স্থায়ী সম্পত্তি (Fixed assets) : | | |
| 10,000 ইকুইটি শেয়ার প্রতিটি 10 টাকা মূল্যের | | 1,00,000 | সুনাম (Goodwill) | | 10,000 |
| চলতি দায় | | | যন্ত্রপাতি ও কলকব্জা | | |
| X. Ltd. | 10,000 | | X Ltd. | 60,000 | |
| Y. Ltd. | 5,000 | 15,000 | Y Ltd. | 20,000 | 80,000 |
| | | | চলতি সম্পত্তি | | |
| | | | X Ltd. | 20,000 | |
| | | | Y Ltd | 5,000 | 25,000 |
| | | 1,15,000 | | | 1,15,000 |

**মন্তব্য :** সংবদ্ধ উদ্বর্তপত্রে সুনাম (Goodwill) বাবদ যে 10,000 টাকা দেখানো হয়েছে তা নিম্নলিখিতভাবে হিসাব করা হয়েছে :

| | টাকা |
|---|---|
| Y Ltd. এর শেয়ারগুলির ক্রয়মূল্য | 30,000 |
| **বাদ** : উক্ত শেয়ারগুলির | |
| আদায়ীকৃত মূল্য | 20,000 |
| সুনাম (Goodwill) | 10,000 |

**উদাহরণ : 3 অবহারে শেয়ার ক্রয় :**

31 শে মার্চ, 2001 তারিখে হোল্ডিং কোম্পানী (এ লিঃ) এবং অধীনস্থ কোম্পানীর (বি লিঃ) উদ্বর্তপত্রদ্বয় দেওয়া হল। 31 শে মার্চ, 2001 তারিখে এ লিঃ ও তার অধীনস্থ বি লিঃ -এর সংবদ্ধ উদ্বর্তপত্র তৈরি করুন।

উদ্বর্তপত্রদ্বয়

| দায়সমূহ | এ লিঃ টাকা | বি লিঃ টাকা | সম্পত্তিসমূহ | এ লিঃ টাকা | বি লিঃ টাকা |
|---|---|---|---|---|---|
| **শেয়ার মূলধন ঃ** | | | **যন্ত্রপাতি ও কলকব্জা** | 20,000 | 10,000 |
| 10,000 ইকুইটি শেয়ার | | | বিনিয়োগ | | |
| প্রতিটি 5 টাকা মূল্যের | 50,000 | | (বি লিঃ -এর 15,000 | 30,000 | |
| 15,000 ইকুইটি শেয়ার | | 37,500 | ইকুইটি শেয়ারে প্রতিটি | | |
| প্রতিটি 2.50 টাকা মূল্যে | | | 2 টাকা মূল্যের) | | |
| পাওনাদারগণ | 5,000 | 4,500 | চলতি সম্পত্তি | 5,000 | 32,000 |
| | 55,000 | 42,000 | | 55,000 | 42,000 |

**সমাধান ঃ**

31 শে মার্চ 2001 তারিখে এ লিঃ ও তার অধীনস্থ বি লিঃ-এর সংবদ্ধ উদ্বর্তপত্র।

| দায়সমূহ | টাকা | টাকা | সম্পত্তিসমূহ | টাকা | টাকা |
|---|---|---|---|---|---|
| শেয়ার মূলধন : | | | যন্ত্রপাতি ও কলকব্জা ঃ | | |
| 10,000 ইকুইটি শেয়ার | | | এ লিঃ | 20,000 | |
| প্রতিটি 5 টাকা মূল্যের | | 50,000 | বি লিঃ | 10,000 | 30,000 |
| | | | চলতি সম্পত্তি ঃ | | |
| | | | এ লিঃ | 5,000 | |
| মূলধনী সঞ্চিতি (Capital Reserve) | | 7,500 | বি লিঃ | 32,000 | 37,000 |
| পাওনাদারগণ ঃএ লিঃ | 5,000 | | | | |
| বি লিঃ | 4,500 | 9,500 | | | |
| | | 67,000 | | | 67,000 |

**মন্তব্য :** উপরের সংবদ্ধ উদ্বর্তপত্রে দেখানো মূলধনী রিজার্ভ নিম্নলিখিতভাবে নিরূপণ করা হয়েছে।

| | টাকা |
|---|---|
| বি লিঃ -এর শেয়ারগুলির আদায়ীকৃত মূল্য | 37,500 |
| **বাদ ঃ** উক্ত শেয়ারগুলির ক্রয়মূল্য | 30,000 |
| মূলধনী সঞ্চিতি | 7,500 |

### ১১৬.২.৩ সংখ্যালঘু শেয়ার হোল্ডারগণের স্বার্থ (Minority Interest) :

হোল্ডিং কোম্পানী উহার অধীনস্থ কোম্পানীর সমগ্র মূলধন নাও গ্রহণ করতে পারে। এক্ষেত্রে বহিরাগত শেয়ার গ্রাহকদের স্বার্থকে গণনা করা হয় যা আনুপাতিক শেয়ার মূলধন, প্রাক্-অধিকার লাভের শেয়ার এবং বহিরাগতদের অধিকারোত্তর লাভের যোগফলের সমান। এই সংখ্যালঘু শেয়ার হোল্ডারগণের স্বার্থকে সংবদ্ধ উর্দ্বত পত্রের দায়ের দিকে পাওনাদার হিসাবে সংখ্যালঘুর স্বার্থ (Minority Interest) শিরোনামায় পৃথকভাবে দেখান হয়।

### ১১৬.২.৪ অধীনস্থ কোম্পানীর লাভ ও সঞ্চিতি (Profits and Reserves of Subsidiary Company) :

অধীনস্থ কোম্পানীর উদ্বর্তপত্রে প্রদর্শিত লাভ এবং লোকসান হিসাব ও সঞ্চিতি হিসাবের ক্রেডিট জের নিম্নলিখিত দুভাগে ভাগ করে সংবদ্ধ উদ্বর্তপত্রে উল্লেখ করতে হবে।

**প্রাক্অধিকার লাভ ও সঞ্চিতি (Pre-aequisition Profits and Reserve) :**

হোল্ডিং কোম্পানী কর্তৃক অধিকৃত হওয়ায় পূর্ববর্তীকালে অধীনস্থ কোম্পানী উহার সাধারণ ব্যবসায় থেকে যে মুনাফা অর্জন করে বা এইরূপ মুনাফায় যে অংশ সঞ্চিতি হিসাবে প্রদর্শিত হয়েছে, উহাকে সংখ্যাগুরু শেয়ার হোল্ডারগণের স্বার্থের অনুপাতে বণ্টন করে দিতে হবে। তারপরে হোল্ডিং কোম্পানীর ভাগের অংশকে Capital Reserve হিসাবে ও সংখ্যালঘু শেয়ার হোল্ডারগণের ভাগের অঙ্ককে সংখ্যালঘুর স্বার্থ (Minority Interest) হিসাবে সংবদ্ধ উদ্বর্তপত্রের দায়ের দিকে দেখাতে হবে। অপরপক্ষে, অধীনস্থ কোম্পানীর উদ্বর্তপত্রে যদি প্রাক্-অধিকার সময়ের কোনও লোকসানের অঙ্ক প্রদর্শিত হয়, তবে তা উপরিউক্তভাবে সংখ্যাগরিষ্ঠ শেয়ার হোল্ডারগণের ও সংখ্যালঘু শেয়ার হোল্ডারগণের স্বার্থের অনুপাতে বণ্টন করে দিতে হবে। পরে হোল্ডিং কোম্পানীর লোকসানের অংশকে সুনাম (Goodwill) হিসাবে অন্তর্ভুক্ত করে এবং সংখ্যালঘু শেয়ার হোল্ডারগণের লোকসানের অংশকে সংখ্যালঘুর স্বার্থ (Minority Interest) হতে বাদ দিয়ে দেখাতে হবে।

### ১১৬.২.৫ অধিকারোত্তর লাভ ও সঞ্চিতি (Post-acquisition Profits and Reserve) :

হোল্ডিং কোম্পানী অধীনস্থ কোম্পানীর শেয়ারগুলি অধিকার করার পরবর্তীকালে অধীনস্থ কোম্পানী তার ব্যবসায় থেকে মুনাফা অর্জন করে বা এরূপ মুনাফার যে অংশ সঞ্চিতিরূপে প্রদর্শিত হয় তাকে সংখ্যাগুরুর স্বার্থ ও সংখ্যালঘুর স্বার্থ-এর অনুপাতে বণ্টন করতে হবে। পরে সংখ্যাগুরুর অর্থাৎ হোল্ডিং কোম্পানীর স্বার্থের অংশ হিসাবে General Reserve হিসাবে এবং সংখ্যালঘুর অর্থাৎ বহিরাগত শেয়ারহোল্ডারগণের স্বার্থের অংশ 'সংখ্যালঘুর স্বার্থ' হিসাবে সংবদ্ধ উদ্বর্তপত্রে দায়ের দিকে দেখাতে হবে। অপরপক্ষে, অধীনস্থ কোম্পানীর উদ্বর্তপত্রে যদি অধিকারোত্তর কালের কোন ব্যবসায়িক লোকসান প্রদর্শিত হয়, তবে তাকেও উপরিউক্তভাবে সংখ্যাগুরু শেয়ার হোল্ডারগণের ও সংখ্যালঘু শেয়ার হোল্ডারগণের স্বার্থের অনুপাতে বণ্টন করতে হবে। পরে হোল্ডিং কোম্পানীর লোকসানের অংশকে সুনাম (Goodwill) হিসাবে এবং সংখ্যালঘু শেয়ার হোল্ডারগণের লোকসানের অংশকে 'সংখ্যালঘুর স্বার্থ' হিসাবে বাদ দিয়ে দেখাতে হবে।

## ১১৬.২.৬ সুনাম ও মূলধনী সঞ্চিতির মিলকরণ (Adjustment of Goodwill and Capital Reserve) :

উপরের আলোচনার ভিত্তিতে একথা উল্লেখ করা যায় যে সকল বিষয়গুলি সুনাম (Goodwill) অথবা মূলধন সঞ্চিতি (Capital Reserve) হিসাবে লেখা হয়েছে, সেগুলিকে যোগ-বিয়োগ করার পর যে নীট অঙ্ক থাকবে তা সংবদ্ধ উদ্বর্তপত্রে দেখাতে হবে — Goodwill-এর অঙ্ক বড় হলে সম্পত্তির (Assets) দিকে এবং Capital Reserve-এর অঙ্ক বড় হলে উহা সংবদ্ধ উর্দ্বতপত্রের দায়ের (Liabilities) দিকে বসবে। নিম্নে উপরিউক্ত আলোচনার উপর ভিত্তি করে একটি উদাহরণ দেওয়া হল।

উদাহরণ : 4

বি লি: 1 লা জানুয়ারী, 2000 তারিখে এ লিঃ-এর 4000 শেয়ার ক্রয় করল। উভয় কোম্পানীর 31 শে ডিসেম্বর, 2000 তারিখে উদ্বর্তপত্র নিম্নে দেওয়া হল।

| দায়সমূহ | (B Ltd) বি লিঃ Rs. | (A Ltd) এ লিঃ Rs. | সম্পত্তিসমূহ | (B Ltd) বি লিঃ Rs. | (A Ltd.) এ লিঃ Rs. |
|---|---|---|---|---|---|
| শেয়ার মূলধন : (Share Capital) | | | স্থায়ী সম্পত্তি (Fixed Assets) | 2,28,000 | 2,44,000 |
| 20,000 Equity Shares of Rs. 10 each fully paid | 2,00,000 | | বিনিয়োগ (Investments) : 4,000 Equity Shares of A Ltd – at par | 80,000 | |
| 6,000 Equity Shares of Rs 20 each fully paid | | 1,20,000 | চলিত সম্পত্তি (Current Assets) | 1,56,000 | 64,000 |
| সাধারণ সঞ্চিতি (General resenve) (as on 1.1.2000) | 78,000 | 66,000 | | | |
| লাভ ও ক্ষতির হিসাব (Profit & Loss Account) | 1,00,000 | | | | |
| লাভ ও ক্ষতির হিসাব (Profit & Loss Account) (including profit of Rs. 12,000 for the year 1999) | | 39,000 | | | |
| পাওনাদার (creditors) | 86,000 | 83,000 | | | |
| | 4,64,000 | 3,08,000 | | 4,64,000 | 3,08,000 |

2000 সালের 31শে ডিসেম্বর তারিখে বি লিঃ ও উহার অধীনস্থ এ লিঃ-এর একটি সংবদ্ধ উদ্বর্তপত্র প্রস্তুত করুন।

**সমাধান ঃ**

**গণনা (Working) :**

(i) অধীনস্থ কোম্পানীতে হোল্ডিং কোম্পানীর (বি লিঃ) স্বার্থ $= \frac{4000}{6000} = \frac{2}{3}$

সুতরাং, অধীনস্থ কোম্পানীতে সংখ্যালঘু শেয়ার হোল্ডারগণের স্বার্থ $= 1 - \frac{2}{3} = \frac{1}{3}$

(ii) প্রাক্-অধিকার লাভ ও সঞ্চিতি (Pre-acquisition Profit and Reserve) :

| | টাকা | টাকা |
|---|---|---|
| General Reserve (1.1.2000) | 66,000 | |
| Profit & Loss Account (1999 সালের ) | 12,000 | 78,000 |

হোল্ডিং কোম্পানীর প্রাপ্য অংশ $\frac{78,000 \times 2}{3} = 52,000$ টাকা

সংখ্যালঘু শেয়ার হোল্ডারগণের প্রাপ্য অংশ $\frac{78,000 \times 1}{3} = 26,000$ টাকা

(iii) অধিকারোত্তর লাভ (Post-acquisition profits) :

2000 সালের Profit & Loss = 39,000–12,000 = 27,000 টাকা

হোল্ডিং কোম্পানীর প্রাপ্য অংশ $= 27,000 \times \frac{2}{3} = 18,000$ টাকা

সংখ্যালঘু শেয়ার হোল্ডারগণের প্রাপ্য অংশ $27,000 \times \frac{1}{3} = 9,000$ টাকা

(iv) সংখ্যালঘুর স্বার্থ (Minority Interest) :

| | টাকা | টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন $\left(1,20,000 \text{ টাকা} \times \frac{1}{3}\right)$ | 40,000 | |
| প্রাক্-অধিকার লাভ ও সঞ্চিতি | 26,000 | |
| অধিকারোত্তর লাভ | 9,000 | 75,000 |

উপরিউক্ত গণনার এবং অন্যান্য বিষয়ের সাহায্যে নিম্নে সংবদ্ধ উদ্বর্তপত্র প্রস্তুত করা হল;

বি লিঃ এবং তার অধীনস্থ এ লিঃ এর 31শে ডিসেম্বর, 2000 তারিখে সংবদ্ধ উদ্বর্তপত্র ঃ

| দায়সমূহ | টাকা | টাকা | সম্পত্তিসমূহ | টাকা | টাকা |
|---|---|---|---|---|---|
| শেয়ার মূলধন (Share Capital) : | | | স্থায়ী সম্পত্তি (Fixed Assets) : | | |
| 20,000 Equity Shares | | 2,00,000 | B Ltd. | 2,28,000 | |
| of Rs. 10 each fully paid | | | A Ltd. | 2,44,000 | 4,72,000 |
| সংখ্যালঘু স্বার্থ (Minority Interest) গণনা অনুসারে (iv নং) | | 75,000 | চলতি সম্পত্তি (Current Assets) : | | |
| | | | B Ltd. | 1,56,000 | |
| | | | A Ltd. | 64,000 | 2,20,000 |
| মূলধনী সঞ্চিতি (Capital Reserve) [ ii নং গণনা অনুসারে ] | | 52,000 | | | |
| সাধারণ সঞ্চিতি (General Reserve) | | 78,000 | | | |
| লাভ ও ক্ষতির হিসাব (Profit and Loss Account) | | | | | |
| B Ltd. | 1,00,000 | | | | |
| A Ltd. | 18,000 | 1,18,000 | | | |
| চলতি দায় ও ব্যবস্থা (Current Liabilities and Provisions) : | | | | | |
| B Ltd. | 86,000 | | | | |
| A Ltd. | 83,000 | 1,69,000 | | | |
| | | 6,92,000 | | 6,92,000 | |

## ১১৬.২.৭ বোনাস শেয়ার (Bonus Share) :

অধীনস্থ কোম্পানীর বোনাস শেয়ারের বিলি কেবলমাত্র মুনাফার মূলধনায়িতকরণকে বোঝায়, এক্ষেত্রে সম্পত্তিগুলিতে কোনও পরিবর্তন আনা হয় না। অতএব, যদি একটি অধীনস্থ কোম্পানী বোনাস শেয়ারের

আকৃতিতে ডিভিডেন্ড প্রদান করে তার ফলে অর্জিত কোম্পানীর (হোল্ডিং কোম্পানী) শেয়ার ধারণ বৃদ্ধি পেলেও আর্থিক লাভ কিছু হয় না। এর ফলে অধীনস্থ কোম্পানীতে হোল্ডিং কোম্পানীর ইক্যুটি অপরিবর্তিত থাকে।

বোনাস শেয়ার বিলির মাধ্যমে অধীনস্থ কোম্পানী উহার মুনাফা বা সঞ্চিতি মূলধনে রূপান্তরিত করে থাকলে, হোল্ডিং কোম্পানীর অধিকৃত শেয়ারগুলির সংখ্যা বৃদ্ধি পাবে এবং Goodwill এর অঙ্ক প্রভাবিত হবে। সঙ্গে সঙ্গে Minority Interest-ও বৃদ্ধি পাবে। এক্ষেত্রে Capital Reserve এর অঙ্ক (প্রাক্-অধিকার মুনাফা থেকে বোনাস শেয়ার বিলি করা হলে) বা Revenue Reserve এর অঙ্ক (অধিকারোত্তর মুনাফা থেকে বোনাস শেয়ার বিলি করা হলে) বিলিকৃত বোনাস শেয়ারের মূল্যের সমপরিমাণ অঙ্কের দ্বারা হ্রাস পাবে।

## ১১৬.২.৮ আন্তঃকোম্পানী লেনদেন

হোল্ডিং কোম্পানী ও উহার অধীনস্থ কোম্পানীর মধ্যে সংঘটিত ব্যবসায়-সংক্রান্ত পারস্পরিক লেনদেনগুলিকে সংবদ্ধ উদ্বর্তপত্রে কেমন করে দেখানো হবে তা নিম্নে পরপর আলোচনা করা হল।

(i) ঋণপত্র (Debenture) :

হোল্ডিং কোম্পানী এবং তার অধীনস্থ কোম্পানীর মধ্যে এক পক্ষ অপর পক্ষের ডিবেঞ্চার হোল্ডার হয়ে থাকলে, একপক্ষের উদ্বর্তপত্রে 'ঋণপত্র'কে দায়ের দিকে এবং অপরপক্ষের উদ্বর্তপত্রে সম্পত্তির দিকে বিনিয়োগ (Investment) রূপে দেখাতে হবে। সংবদ্ধ উদ্বর্তপত্র প্রস্তুতের সময় এই বিষয়টিকে উহাদের সম্পত্তি ও দায় — উভয় দিক থেকেই বিলোপ করে দেখাতে হবে। ঋণপত্রগুলি যদি উহাদের নামিক মূল্য (Nominal Value) অপেক্ষা বেশি বা কমমূল্যে লেনদেন হয়ে থাকে তবে উহাদের নামিক মূল্য ও আদায়কৃত মূল্যের অন্তরফলকে Goodwill অথবা Capital Reserve-এর সঙ্গে মিলকরণ করতে হবে।

(ii) অগ্রিম (Advances) :

হোল্ডিং কোম্পানী ও তার অধীনস্থ কোম্পানীর উদ্বর্তপত্রগুলির একটিতে 'অগ্রিম'কে সম্পত্তি হিসাবে দেখানো হলে অপর কোম্পানীর উদ্বর্তপত্রে উহা দায়রূপে দেখাতে হবে। সংবদ্ধ উদ্বর্তপত্র প্রস্তুতের সময় অগ্রিমকে সম্পত্তি ও দায়-এর উভয় দিক থেকেই বিলোপ করতে হবে।

(iii) ঋণ (Loans)

হোল্ডিং কোম্পানী ও তার অধীনস্থ কোম্পানীর উদ্বর্তপত্রগুলির একটিতে 'ঋণ'কে সম্পত্তি হিসাবে দেখানো হলে অপর কোম্পানীর উদ্বর্তপত্রে উহা দায় হিসাবে দেখাতে হবে। সংবদ্ধ উদ্বর্তপত্র প্রস্তুতের সময় ঋণকে সম্পত্তি ও দায়-এর উভয় দিক থেকেই বিলোপ করতে হবে।

(iv) বিনিময়ের হুণ্ডি (Bills of Exchange) :

হোল্ডিং কোম্পানী ও তার অধীনস্থ কোম্পানীর মধ্যে বিনিময়ের হুণ্ডি-সংক্রান্ত লেনদেন পরে একপক্ষের উদ্বর্তপত্রে Bills Receivable-এর সঙ্গে এবং অপরপক্ষের উদ্বর্তপত্রে Bills Payble-এর সঙ্গে যুক্ত থাকে। সংবদ্ধ উদ্বর্তপত্র প্রস্তুতের সময় সংশ্লিষ্ট অঙ্ককে সম্পত্তি ও দায়ের উভয় দিক থেকেই বিলোপ করতে হবে। অবশ্য হোল্ডিং কোম্পানী ও তার অধীনস্থ কোম্পানী কর্তৃক প্রাপ্ত ও স্বীকৃত কোনও পারস্পরিক হুণ্ডি যদি ব্যাঙ্ক বা অপর কোনও ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট বাট্টা দিয়ে ভাঙানো হয়, তবে তা সংবদ্ধ উদ্বর্তপত্রে বাদ দিয়ে দেখানো দরকার হয় না কারণ এইরূপ হুণ্ডির অর্থ সংবদ্ধ উদ্বর্তপত্রে একটি কোম্পানীর Bills Payable হিসাবে আগেও অন্তর্ভুক্ত আছে। ইহাকে সম্ভাব্য দায় (Contingent liability) হিসাবেও দেখানোর কোনও দরকার নেই।

(v) দেনাদারগণ ও পাওনাদারগণ (Debtors and Creditors) :

পণ্যের ক্রয়বিক্রয় সংক্রান্ত কোনও পারস্পরিক লেনদেন হোল্ডিং কোম্পানী ও উহার অধীনস্থ কোম্পানীর মধ্যে সংঘটিত হলে, উহা তাদের একপক্ষের উর্দ্বতপত্রে সম্পত্তির দিকে দেনাদারগণের (Debtors) এবং অপর পক্ষের উদ্বর্তপত্রে দায়ের দিকে পাওনাদারগণের (Creditors) অর্ন্তভুক্ত করে দেখানো হয়। সংবদ্ধ উদ্বর্তপত্র প্রস্তুতের সময় সংশ্লিষ্ট অঙ্ককে সম্পত্তি ও দায়-এর উভয় দিক থেকে বিলোপ করে দেখাতে হবে।

উপরিউক্ত আলোচনার উপর ভিত্তি করে নিম্নে একটি উদাহরণ দেওয়া হল। 30 শে জুন, 2000 তারিখে Y Ltd এর 6,250 টি শেয়ার X Ltd অধিকার করেছিল। 31 শে ডিসেম্বর, 2000 তারিখে কোম্পানী দুইটির উদ্বর্তপত্রগুলি নিম্নে দেওয়া হল।

**উদাহরণ ঃ 5**

**X Ltd (হোল্ডিং কোম্পানী)**

Balance Sheet as at 31st December, 2000

| দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | | দালান | |
| (Share Capital) | | (Building) | 18,500 |
| 10,000 Equity Shares | 50,000 | যন্ত্রপাতি ও কলকব্জা | |
| of Rs. 5 each | | (Plant & Machinery) | 5,500 |
| fully paid | | মজুত | |
| সঞ্চিতি | | (Stock) | 21,000 |
| (Reserves) | 22,000 | বিনিয়োগ | |
| লাভ ও ক্ষতি হিসাব | | (Investment) : | |
| (Profit & Loss A/c) | 20,000 | 6,250 equity shars | |
| প্রদেয় বিল | | of Y Ltd. @ Rs. 10 each | 62,500 |
| (Bills Payable) | 29,500 | দেনাদার (Debtors) | 25,000 |
| | | প্রাপ্য বিল | |
| পাওনাদার | | (Bills Receivable) | 15,000 |
| (Creditors) | 28,500 | ব্যাঙ্কে নগদ অর্থ | |
| | | Cash at Bank | 2,500 |
| | 1,50,000 | | 1,50,000 |

## Y Ltd (অধীনস্থ কোম্পানী)
### Balance Sheet as at 31st December, 2000

| দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন (Share Capital) 10,000 Equity Share of Rs. 4 each fully paid | 40,000 | যন্ত্রপাতি ও কলকব্জা (Plant & Machinery) | 42,000 |
| | | মজুত (Stock) | 12,000 |
| | | দেনাদার (Debtors) | 16,000 |
| সঞ্চিতি (Reserves) | 12,000 | প্রাপ্য বিল (Bills Receivable) | 11,000 |
| লাভ ও ক্ষতি হিসাব (Profit & Loss A/c) | 24,000 | ব্যাঙ্কে নগদ (Cach at Bank) | 18,000 |
| প্রদেয় বিল (Bills Payable) | 6,000 | | |
| পাওনাদার (Creditors) | 17,000 | | |
| | 99,000 | | 99,000 |

Y Ltd এর নিকট থেকে প্রাপ্য 10,000 টাকা X Ltd এর দেনাদারগণের অন্তর্ভুক্ত ছিল এবং Y Ltd এর অনুকূলে স্বীকৃত 2,400 টাকার একটি হুণ্ডি X Ltd এর প্রদেয় হুণ্ডির অন্তর্ভুক্ত ছিল। X Ltd কর্তৃক Y Ltd-কে প্রদত্ত ঋণ 5,000 টাকা উহাদের যথাক্রমে দেনাদারগণ ও পাওনাদারগণের অন্তর্ভুক্ত ছিল।

31 শে ডিসেম্বর, 2000 তারিখে X Ltd এর সংবদ্ধ উদ্বর্তপত্র প্রস্তুত করতে হবে। চলতি বৎসরের মুনাফা থেকে Y Ltd কর্তৃক 2000 টাকা সঞ্চিতি (reserve) হিসাবে স্থানারিত করা হয়েছিল।

**সমাধান ঃ** গণনা (working) :

(i) অধীনস্থ কোম্পানীতে হোল্ডিং কোম্পানীর অধিকার $= \frac{6,250}{10,000} = \frac{5}{8}$

অতএব, সংখ্যালঘু শেয়ার হোল্ডারগণের অধিকার $= 1 - \frac{5}{8} = \frac{3}{8}$

(ii) প্রাক্ অধিকার লাভ ও সঞ্চিতি (Pre-acquisition Profits and Reserves অথবা Capital Profits):

| | টাকা | টাকা |
|---|---|---|
| **Reserve** | 12,000 | |
| বাদ : Profit & Loss A/c থেকে সঞ্চিতিতে স্থানান্তরিত অঙ্ক | 2,000 | 10,000 |
| Profit & Loss A/c (31.12.2000 তারিখের জের) | 24,000 | |
| যোগ : সঞ্চিতিতে স্থানান্তরিত অঙ্ক | 2,000 | |
| | 26,000 | |
| সুতরাং, 1.1.2000 হইতে 30.6.2000 পর্যন্ত মুনাফা $\left(26,000 \times \frac{1}{2}\right)$ | | 13,000 |
| | | 23,000 |

হোল্ডিং কোম্পানীর প্রাপ্য অংশ $23,000 \times \frac{5}{8}$ = 14,375 টাকা

সংখ্যালঘু শেয়ার হোল্ডারগণের প্রাপ্য অংশ = $23,000 \times \frac{3}{8}$ = 8,625 টাকা

23,000 টাকা

(iii) অধিকারোত্তর লাভ (Post-acquisition Profits
অথবা Revenue Profits)

Profit & Loss A/c (1.7.2000 থেকে31.12.200 পর্যন্ত)

$26,000$ টাকা $\times \frac{1}{2}$ = 13,000 টাকা

হোল্ডিং কোম্পানীর প্রাপ্য অংশ $= 13,000 \times \frac{5}{8}$ = 8,125 টাকা

সংখ্যালঘু শেয়ার হোল্ডারগণের প্রাপ্য অংশ $= 13,000 \times \frac{3}{8}$ = 4,875 টাকা

13,000 টাকা

(iii) সংখ্যালঘু শেয়ার হোল্ডারগণের স্বার্থ (Minority Interest) :

| | টাকা | টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন $\left(40,000\text{টাকা} \times \frac{3}{8}\right)$ | = 15,000 | |
| মূলধনী লাভ (Capital Profits) [(ii) নম্বর গণনা অনুসারে] | 8,625 | |
| অধিকত্তোর লাভ [(iii) নম্বর গণনা অনুসারে] | 4,875 | 28,500 |

(iv) সুনাম (Goodwill) / মূলধনী সঞ্চিতি (Capital Reserve)

| | |
|---|---|
| X Ltd কর্তৃক ক্রয় করা 6,250 শেয়ারের ক্রয়মূল্য | 62,500 টাকা |
| বাদ : 6,250 শেয়ারের আদায়ীকৃত মূল্য | 25,000 টাকা |
| (6,250 × 4 টাকা) | 37,500 টাকা |
| বাদ : প্রাক অধিকার লাভ ও সঞ্চিতি | |
| (হোল্ডিং কোম্পানীর অংশ — ii নম্বর গণনা অনুযায়ী | 14,375 টাকা |
| সুনাম (Goodwill) | 23,125 টাকা |

উপরিউক্ত গণনা এবং অন্যান্য বিষয়ের উপর ভিত্তি করে একটি সংবদ্ধ উদ্বর্তপত্র প্রস্তুত করা হল।

X Ltd এবং তার অধীনস্থ Y Ltd এর 31 শে ডিসেম্বর 2000 তারিখের সংবদ্ধ উদ্বর্তপত্র

| দায়সমূহ | টাকা | টাকা | সম্পত্তিসমূহ | টাকা | টাকা |
|---|---|---|---|---|---|
| শেয়ার মূলধন | | | সুনাম | | |
| (Share Capital) : | | | (Goodwill) : | | 23,125 |
| 10,000 Equity Shares of | | | 50,000 | দালান | |
| Rs. 5 each fully paid | | | | | |
| সঞ্চিতি | | | (Building) : | | |
| (Reserve) | | 22,000 | X Ltd. | 18,500 | 18,500 |
| লাভ ও ক্ষতির হিসাব | | | যন্ত্রপাতি ও কলকব্জা | | |
| Profit and Loss Account : | | | (Plant & Machinery) | | |
| X Ltd. | 20,000 | | X Ltd | 5,500 | |
| Y Ltd. | 8,125 | 28,125 | Y Ltd | 42,000 | 47,500 |
| (iii গননা অনুযায়ী) | | | মজুত | | |
| পাওনাদার | | | (Stock) : | | |
| (Creditors) : | | | | | |
| X Ltd | 28,500 | | X Ltd | 21,000 | |
| Y Ltd | 17,000 | | Y Ltd | 12,000 | 33,000 |
| | 45,500 | | দেনাদার | | |
| Less Mtual | | | (Debtors) : | | |
| indebtedness | 10,000 | | X Ltd | 25,000 | |
| | 35,500 | | Y Ltd | 16,000 | |
| Less Inter Company | | | | 41,000 | |
| transaction | 5,000 | | Less (Mutual | | |
| (Loan) | | 30,500 | Indebtedness | 10,000 | |
| সংখ্যালঘুস্বার্থ | | | or Inter Company | | |
| | | | transaction | 31,000 | |
| (Minority Interest) | | 28,500 | Less Inter Company | | |
| (iv নম্বর গণনা অনুযায়ী) | | | transaction | 5,000 | |
| প্রদেয় বিল | | | Bills Receivable : | | 26,000 |
| (Bills Payable :) | | | X Ltd | 15,000 | |
| X Ltd | 29,500 | | Y Ltd | 11,000 | |
| Y Ltd | 6,000 | | | 26,000 | |
| | 35,500 | | Less Inter Company | | |
| Less Inter Company | | | transcation | 2,400 | 23,600 |
| transcation | 2,400 | 33,100 | ব্যাঙ্কে নগদ | | |
| | | | (Cash and Bank) : | | |
| | | | X Ltd. | 2,500 | |
| | | | Y Ltd. | 18,000 | 20,500 |
| | | 1,92,225 | | | 1,92,225 |

## ১১৬.২.৯ সম্ভাব্য দায় (Contingent Liabilities) :

হোল্ডিং কোম্পানী ও তার অধীনস্থ কোম্পানীর নিজ নিজ উদ্বর্তপত্রে মন্তব্যের আকারে সাধারণ নিয়মেই সম্ভাব্য দায়ের অর্থ দেখানো হয়। আবার সংবদ্ধ উদ্বর্তপত্র প্রস্তুতের সময় সম্ভাব্য দায়কে বাহ্যিক সম্ভাব্য দায় এবং আভ্যন্তরীন সম্ভাব্য দায় — এই দুভাগে ভাগ করা হয়। বাহ্যিক সম্ভাব্য দায়কে মন্তব্যের আকারে সংবদ্ধ উদ্বর্তপত্রে প্রকাশ করতে হবে আর আভ্যন্তরীন সম্ভাব্য দায়কে সংবদ্ধ উদ্বর্তপত্রে দেখাতে হবে না।

## ১১৬.২.১০ লভ্যাংশ-প্রাপ্তি (Dividends) :

অধীনস্থ কোম্পানী থেকে হোল্ডিং কোম্পানী যদি কোনও লভ্যাংশ পায়, তবে প্রথমেই দেখতে হবে যে, প্রাপ্ত লভ্যাংশ প্রাক্ অধিকার লাভ থেকে নাকি অধিকারোত্তর লাভ থেকে দেওয়া হয়েছে। যদি প্রাক্-অধিকার লাভ থেকে লভ্যাংশ দেওয়া হয় তবে প্রাপ্ত লভ্যাংশ মূলধনী লাভ (Capital Profit) বলে গণ্য করা হয় এবং তা হোল্ডিং কোম্পানীর লাভ এবং ক্ষতির হিসাবে (Profit and Loss Account) ডেবিট করতে হবে কারণ এই লভ্যাংশ পাওয়ার সময়ে সাধারণত: ঐ হিসাবেই ক্রেডিট করা হয় আর Capital Reserve Account অথবা Goodwill Account-এ ক্রেডিট করতে হবে। অপরপক্ষে, লভ্যাংশ যদি অধিকারোত্তর লাভ থেকে দেওয়া হয়, তবে তা মুনাফাজাতীয় লাভ (Revenue Profit) বলে গণ্য করা হয় এবং হোল্ডিং কোম্পানীর লাভ ও ক্ষতি হিসাবে (Profit and Loss Account) ক্রেডিট করা হয়।

অন্তবর্তিকালীন লভ্যাংশের (Interim Dividend) ক্ষেত্রেও উপরিউক্ত একই নিয়ম প্রযোজ্য।

## ১১৬.২.১১ প্রস্তাবিত লভ্যাংশ (Proposed Dividend) :

অধীনস্থ কোম্পানী কোনও লভ্যাংশ দেবার প্রস্তাব করলে, এরূপ লভ্যাংশের অঙ্ককে উক্ত কোম্পানীর লাভ ও ক্ষতি হিসাবে (Profit and Loss Account) ডেবিট এবং প্রস্তাবিত লভ্যাংশ হিসাবে (Proposed Dividend Account) ক্রেডিট করা হয়। অধীনস্থ কোম্পানীর উদ্বর্তপত্রে প্রস্তাবিত লভ্যাংশের অঙ্ককে দায় রূপে দেখানো হয় কিন্তু হোল্ডিং কোম্পানীর বইতে এতৎসংক্রান্ত কোন দাখিলা লিপিবদ্ধ করার প্রয়োজন নেই। সংবদ্ধ উদ্বর্তপত্র প্রস্তুতের সময় প্রস্তাবিত লভ্যাংশ-এর অঙ্ককে প্রস্তাবিত লভ্যাংশ হিসাবে পৃথকভাবে না দেখিয়ে অধীনস্থ কোম্পানীর Profit & Loss Account এর জেরের (Balance) সহিত যোগ করতে হবে।

হোল্ডিং কোম্পানীর বইতে প্রস্তাবিত লভ্যাংশের অঙ্ক ইতিপূর্বেই ক্রেডিট করা হয়ে থাকলে (অর্থাৎ Profit and Loss Account-কে ক্রেডিট ও Accrued Dividend-কে ডেবিট করা হলে), কিন্তু তখনও উহা অধীনস্থ কোম্পানীর নিকট থেকে পাওয়া না গেলে সংবদ্ধ উদ্বর্তপত্র প্রস্তুত করার সময় হোল্ডিং কোম্পানীর প্রাপ্য লভ্যাংশের সমপরিমাণ অঙ্ক প্রস্তাবিত লভ্যাংশ (Proposed Dividend) থেকে এবং Accrued Dividend-এর সম্পূর্ণ অঙ্ককে বিলোপ করতে হবে। অবশ্য এটা স্বীকার্য যে প্রস্তাবিত লভ্যাংশের যে অংশটুকু সংখ্যালঘু শেয়ার হোল্ডারগণের প্রাপ্য হয় তা সংখ্যালঘু স্বার্থ (Minority Interest) হিসাবে দেখাতে হবে।

উপরের লভ্যাংশ সম্পর্কে আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নে একটি উদাহরণ দেওয়া হল।

**উদাহরণ ঃ 6**

30–06–2000 তারিখে ক লি: কর্তৃক 1,04,000 টাকা মূল্যে খ লি:–এর প্রতিটি 10 টাকা মূল্যের 8,000 শেয়ার ক্রয় করা হয়েছিল। ক লি: 1999 সালের জন্য 10% হারে লভ্যাংশ লাভ করল কিন্তু উক্ত লভ্যাংশের অঙ্ক ক লি:–এর লাভ-লোকসান হিসাবে ক্রেডিট করা হয়েছিল। 31.12.2000 তারিখে উভয় কোম্পানীর উদ্বর্তপত্রগুলি নিম্নরূপ ছিল :

| দায়সমূহ | ক লি: টাকা | খ লি: টাকা | সম্পত্তিসমূহ | ক লি: টাকা | খ লি: টাকা |
|---|---|---|---|---|---|
| শেয়ার মূলধন | | | স্থায়ী সম্পত্তি | | |
| Share Capital | 1,20,000 | 1,00,000 | (Fixed assets) | 1,28,000 | 1,92,000 |
| in Rs. 10 shares | | | বিনিয়োগ | | |
| সাধারণ সঞ্চিতি | | | (Investments) | | |
| (General Reserve) | 24,000 | 20,000 | (খ লি: এ 8,000 | 1,04,000 | |
| (1.1.2000) | | | শেয়ার বিনিয়োগ) | | |
| লাভ ও ক্ষতি হিসাব | | | | | |
| (Profit & Loss A/c) | | | | | |
| Balance on 1.1.2000 | 8,000 | 16,000 | | | |
| Balance of 2000 Profit | 60,000 | 40,000 | | | |
| পাওনাদারগণ এবং ব্যবস্থা | | | | | |
| (Sundry Creditors and | | | | | |
| Provisions) | 20,000 | 16,000 | | | |
| | 2,32,000 | 1,92,000 | | 2,32,000 | 1,92,000 |

31-12-2000 তারিখে একটি সংবদ্ধ উদ্বর্তপত্র প্রস্তুত করুন।

**সমাধান ঃ**

**গণনা (workings)**

(i) অধীনস্থ কোম্পানীতে (খ লি:) হোল্ডিং কোম্পানীর (ক লি:) অধিকার $= \frac{8,0(}{10,000} = \frac{4}{5}$

অতএব সংখ্যালঘু শেয়ার হোল্ডারগণের অধিকার $= 1 - \frac{4}{5} = \frac{1}{5}$

| **(ii) প্রাক্-অধিকার লাভ ও সঞ্চিতি :** | **টাকা** |
|---|---|
| General Reserve (1.1.2000) | 20,000 |
| Profit & Loss A/c (1.1.2000) | 16,000 |
| Profit & Loss A/c | |
| (1.1.2000 থেকে 30.6.2000 পর্যন্ত) | |
| 4,000 টাকার $\frac{1}{2}$ অংশ | 20,000 |
| | 56,000 |

হোল্ডিং কোম্পানীর অংশ $56{,}000 \times \frac{4}{5} = 44{,}800$ টাকা

সংখ্যালঘু শেয়ার হোল্ডারদের অংশ $56{,}000 \times \frac{1}{5} = 11{,}200$ টাকা

**(ii) অধিকারোত্তর লাভ :**

Profit & Loss A/c – (40,000 টাকার $\frac{1}{2}$ অংশ) = 20,000 টাকা

(1.7.2000 থেকে 31.12.2000 তারিখ পর্যন্ত)

হোল্ডিং কোম্পানীর অংশ $20{,}000 \times \frac{4}{5} = 16{,}000$ টাকা

সংখ্যালঘু শেয়ার হোল্ডারদের অংশ $20{,}000 \times \frac{1}{5} = 4{,}000$ টাকা

| **(iv) সুনাম / মূলধনী সঞ্চিতি ঃ** | **টাকা** | **টাকা** |
|---|---|---|
| ক লি : কর্তৃক 8,000 শেয়ারের ক্রয়মূল্য | | 1,04,000 |
| বাদ : 8,000 শেয়ারের আদায়ীকৃত মূল্য | | |
| (8,000 × 10 টাকা) | 80,000 | |
| প্রাক্-অধিকার লাভ ও সঞ্চিতি | 44,800 | |
| 1999 সালের জন্য প্রাপ্ত লভাংশ | | |
| (80,000 টাকার 10%) | 8,000 | 1,32,800 |
| মূলধনী সঞ্চিতি (Capital Reserve) | | 28,800 |

(v) **সংখ্যালঘু শেয়ার হোল্ডারদের স্বার্থ (Minority Interest) :**

| | টাকা |
|---|---|
| শেয়ার মূলধন $\left(1,00,000 \text{ টাকার } \frac{1}{5} \text{ অংশ}\right)$ | 20,000 |
| প্রাক্ অধিকার লাভ ও সঞ্চিতি (ii নম্বর গণনা অনুযায়ী) | 11,200 |
| অধিকারোত্তর লাভ (iii নম্বর গণনা অনুযায়ী) | 4,000 |
| | 35,200 |

(vi) সংবদ্ধ লাভ ও ক্ষতি (Consolidated Profit & Loss Account)

| ক লিঃ | টাকা | টাকা |
|---|---|---|
| Balance on 1.1.2000 | 8,000 | |
| Profit of 2000 | 60,000 | |
| | 68,000 | |
| বাদ : 1999 সালের জন্য খ লিঃ হইতে প্রাপ্ত লাভ | 8,000 | 60,000 |
| যোগ : খ লিঃ-এর অধিকারোত্তর লাভে ক লি এর অংশ 20,000 টাকা $\times \frac{4}{5}$ অংশ | | 16,000 |
| | | 76,000 |

(vii) **সংবদ্ধ সঞ্চিতি (Consolidated Reserve)**

| | টাকা |
|---|---|
| 1.1.2000 তারিখে ক লিঃ এর সঞ্চিতি | 2,40,000 |
| যোগঃ অধিকারোত্তর সঞ্চিতিতে ক লিঃ এর অংশ (খ লিঃ এর সঞ্চিতিতে) | — |
| | 2,40,000 |

পরের বিভিন্ন গণনা এবং অন্যান্য বিষয়সমূহের সাহায্যে নিম্নে ক লিঃ এবং তার অধীনস্থ কোম্পানী খ লিঃ -এর সংবদ্ধ উদ্বর্ত পত্র প্রস্তুত করা হল।

### সংবদ্ধ উদ্বর্তপত্র (Consolidated Balance Sheet)
31 শে ডিসেম্বর, 2000 তারিখে

| দায়সমূহ | টাকা | টাকা | সম্পত্তিসমূহ | টাকা | টাকা |
|---|---|---|---|---|---|
| শেয়ার মূলধন (Share Capital) (Rs. 10 each fully paid) | | 1,20,000 | স্থায়ী সম্পত্তি (Fixed Assets) : | | |
| | | | ক লি: | 1,28,000 | |
| | | | খ. লি: | 1,92,000 | 3,20,000 |
| সংবদ্ধ সঞ্চিতি (Consolidated Reserve) (vii নং গণনা অনুযায়ী) | | 24,000 | | | |
| সংবদ্ধ লাভ ও ক্ষতি (Consolidated Profit & Loss A/c) (vi নং গণনা অনুযায়ী) | | 76,000 | | | |
| মূলধনী সঞ্চিতি (Capital Reserve) (iv নং গণনা অনুযায়ী) | | 28,800 | | | |
| Minority Interest (v নং গণনা অনুযায়ী) | | 35,200 | | | |
| চলতি দায় ও ব্যবস্থা (Current Liabilities & Provisions) : | | | | | |
| ক লি: | 20,000 | | | | |
| খ লি: | 16,000 | 36,000 | | | |
| | | 3,20,000 | | | 3,20,000 |

## ১১৬.৩ পারস্পরিক পণ্য ক্রয়-বিক্রয় সংক্রান্ত সমাপ্তি সম্ভারের উপর অনাদায়ী লাভ

হোল্ডিং কোম্পানী ও অধীনস্থ কোম্পানীর মধ্যে যদি কেউ একে অপরের নিকট ভারযুক্ত মূল্যে (Loaded Price) পণ্য বিক্রয় করে থাকে এবং তার মধ্যে যদি উদ্বর্তপত্র প্রস্তুতের সময় পর্যন্ত অবিক্রীত রয়েছে এরূপ কোনও পণ্য ভারযুক্ত মূল্যে ক্রেতা কোম্পানীর উদ্বর্তপত্রে Stock-in-Trade এর অন্তর্ভুক্ত থাকে, তাহলে সংবদ্ধ উদ্বর্তপত্রে সম্পত্তিসমূহের দিকে Stock-in-Trade থেকে এবং দায়সমূহের দিকে পণ্য বিক্রেতা কোম্পানীর Profit and Loss Account থেকেএই অনার্জিত মুনাফার অঙ্ককে বিয়োগ করে দেখাতে হবে। কিন্তু পণ্য-ক্রেতা কোম্পানীটি যদি অধীনস্থ কোম্পানী হয় এবং উহার সমস্ত শেয়ারগুলি হোল্ডিং কোম্পানী যদি অধিকার না করে, তবে অপ্রাপ্ত মুনাফার যে আনুপাতিক অংশের সঙ্গে সংখ্যাগুরু শেয়ার হোল্ডারগণের স্বার্থ যুক্ত, কেবলমাত্র

উহাকে সংবদ্ধ উদ্বর্তপত্রের সম্পত্তিসমূহের দিকে Stock-in-Trade থেকে এবং দায়সমূহের দিকে পণ্য বিক্রেতা হোল্ডিং কোম্পানীর Profit and Loss Account থেকে বিয়োগ করে দেখাতে হবে। এই ক্ষেত্রে সংখ্যালঘু শেয়ার হোল্ডারগণের স্বার্থ সংক্রান্ত কোনও মিলকরণের প্রয়োজন হয় না।

হোল্ডিং কোম্পানী গোষ্ঠীর কোনও কোম্পানী একে অপরের নিকট থেকে কোনও স্থায়ী সম্পত্তি মুনাফাসহ ক্রয় করলে সংবদ্ধ উদ্বর্তপত্র প্রস্তুতের সময় সংশ্লিষ্ঠ সম্পত্তি থেকে সম্পত্তির বিক্রেতা-কোম্পানীর মূলধনী মুনাফার অঙ্ক থেকে এরূপ অপ্রাপ্ত মুনাফার অঙ্ক বিয়োগ করে দেখাতে হবে।

উপরের আলোচনার উপর ভিত্তি করে একটি উদাহরণ দেওয়া হল।

**উদাহরণ ঃ 7**

কেকা লিঃ (Keka Ltd) প্রতিটি 10 টাকা মূল্যের 6,000 টি শেয়ার একা লিঃ (Eka Ltd.) থেকে ক্রয় করেছিল। তাদের উদ্বর্তপত্রদ্বয় নিম্নরূপ :

**কেকা লিঃ**

**(Keka Ltd)**

**Balance Sheet as at 31st December 2000**

| দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | | যন্ত্রপাতি ও কলকব্জা | 2,50,000 |
| (Share Capital): | 3,00,000 | (Plant & Machinery) | |
| [ প্রতিটি 10 টাকা পূর্ণ মূল্যে ] | | বিনিয়োগ | |
| (Reserve) সঞ্চিতি | 20,000 | (Investment) : | |
| লাভ ও ক্ষতি হিসাব | | 6000 Shares of Eka Ltd | |
| (Profit & Loss A/c) | 20,000 | at Cost | 1,00,000 |
| পাওনাদারগণ | | মজুত | |
| (Creditors) | 40,000 | (Stock in Trade) | 20,000 |
| প্রস্তাবিত লভ্যাংশ | | (Debtors) দেনাদারগন | 20,000 |
| (Proposed Dividend) | 30,000 | (Cash at Bank) ব্যাঙ্কে নগদ | 15,000 |
| সম্ভাব্য দায় | | প্রাপ্ত বিল (Bill Receivable) | 5,000 |
| (Continent Liability) : | | [ একা লি: ইহতে প্রাপ্ত 700 টাকা | |
| [ বিল ভাঙানোর জন্য 1,200 টাকা ] | | অন্তর্ভুক্ত আছে] | |
| | 4,10,000 | | 4,10,000 |

একা লিঃ

**(Eka Ltd)**

**Balance Sheet as at 31st December, 2000**

| দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন (Share Capital): | | যন্ত্রপাতি ও কলকব্জা (Plant & Machinery) | 1,20,000 |
| [ 8,000 শেয়ার প্রতিটি 10 টাকা মূল্যের ] | 80,000 | মজুত (Stock-in-Trade) | 20,000 |
| মূলধনী সঞ্চিতি | | দেনাদারগণ (Debtors) | 15,000 |
| (Capital Reserve) | 30,000 | ব্যাংকে নগদ | |
| সঞ্চিতি (Reserve) | 10,000 | (Cash at Bank) | 5,000 |
| লাভ ও ক্ষতি হিসাব (Profit & Loss A/c) | 2,000 | | |
| প্রদেয় বিল (Bills Payable) | 4,000 | | |
| (কেকা লি: থেকে প্রাপ্ত 1,000 টাকা অন্তর্ভুক্ত) | | | |
| পাওনাদারগণ Creditors) | 26,000 | | |
| প্রস্তাবিত লভ্যাংশ (Proposed Dividend) | 8,000 | | |
| | 1,60,000 | | 1,60,000 |

(ক) 1 লা জানুয়ারী, 2001 তারিখে প্রতি চারটি শেয়ারের ধারককে একটি করে বোনাস শেয়ার বিলি করার জন্য একা লি: তার মূলধনী সঞ্চিতির কিছু অংশ কাজে লাগাল।

(খ) একা লি: থেকে ক্রীত 4,800 টাকার পণ্য কেকা লিঃ এর মজুত পণ্যের অন্তর্ভুক্ত আছে। কেকা লিঃ এর মজুত পণ্যের অন্তর্ভুক্ত আছে। কেকা লিঃ এর নিকট প্রেরিত পণ্যের জায় প্রস্তুতের সময় একা লিঃ উহার ক্রয়মূল্যের সাথে 20% যুক্ত করে থাকে।

1 লা জানুয়ারী, 2001 তারিখে কেকা লিঃ ও তার অধীনস্থ একা লিঃ এর সংবদ্ধ উদ্বর্তপত্র প্রস্তুত করুন।

**সমাধান ঃ**

গণনা (Workings)

(i) অধীনস্থ কোম্পানীতে হোল্ডিং কোম্পানীর অধিকার $= \frac{6,000}{8,000} = \frac{3}{4}$

সুতরাং, সংখ্যালঘু শেয়ার হোল্ডারগণের অধিকার $= 1 - \frac{3}{4} = \frac{1}{4}$

(ii) Eka Ltd. কর্তৃক বিলিকৃত বোনাস শেয়ারের সংখ্যা $= 8,000 \times \frac{1}{4} = 2,000$ শেয়ার

উক্ত শেয়ারগুলির আদায়ীকৃত মূল্য $= 2,000$ শেয়ার $\times 10$ টাকা

$= 20,000$ টাকা

অতএব হোল্ডিং কোম্পানী কর্তৃক প্রাপ্ত বোনাস শেয়ারের সংখ্যা $= 2,000$ শেয়ার $\times \frac{3}{4} = 1,500$ শেয়ার

1,500শেয়ারের আদায়ীকৃত মূল্য $= 1,500$ শেয়ার $\times 10$ টাকা

$= 15,000$ টাকা

সংখ্যালঘু শেয়ার হোল্ডারগণ কর্তৃক প্রাপ্ত বোনাস শেয়ারের সংখ্যা

$= 2,000$ শেয়ার $\times \frac{1}{4} = 500$ শেয়ার।

500 শেয়ারের আদায়ীকৃত মূল্য $= 500$ শেয়ার $\times 10$ টাকা

$= 5,000$ টাকা

iii) প্রাক্-অধিকার লাভ ও সঞ্চিতি :

| | | |
|---|---|---|
| Capital Reserve | 30,000 | |
| বাদ : বোনাস শেয়ার রূপে বণ্টিত অঙ্ক | 20,000 | 10,000 |
| Reserve | | 10,000 |
| Profit and Loss Account | 2,000 | |
| যোগ: Proposed Dividend | 8,000 | 10,000 |
| | | 30,000 |

হোল্ডিং কোম্পানীর (Keka Ltd) অংশ $= 30,000 \times \frac{3}{4} = 22,500$ টাকা

সংখ্যালঘু শেয়ার হোল্ডারগণের প্রাপ্য $= 30{,}000 \times \frac{1}{4} = 7{,}500$ টাকা

**iv) অধিকারোত্তর লাভ ঃ**

কালান্তিক হিসাবগুলি (Final Accounts) প্রস্তুত করার দিন অর্থাৎ 31.12.2000 তারিখে অধীনস্থ কোম্পানীর শেয়ারগুলি ক্রয় করা হয়েছিল বলে ইহা এখানে অপ্রাসঙ্গিক।

**v) সংখ্যালঘু শেয়ার হোল্ডারগণের স্বার্থ**

| | টাকা |
|---|---|
